শ্রীযুত মৌলবী ওয়াহীউদ্দীন সারণের সদর আমীন এবং ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন এবং ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৫৫ সাল ২১ মার্চ।

শ্রীযুত এচ বি বেলি সাহেব (Mr. H. V. Bayley,) বোর্ড রেবিনিউর দ্বিতীয় সেক্রেটারীর কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৫ সাল ২২ মার্চ।

শ্রীযুত বি এচ কুপর সাহেব (Mr. B. H. Cooper,) ময়মনসিংহের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ রোজ সাহেব (Mr. H. Rose,) মাজিষ্ট্রেটের কর্ম্মের ভার স্বহস্তে রাখিয়া কিঞ্চিৎ কালের নিমিত্তে বীরভূমের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত বাবু দ্বারকানাথ রায় ত্রিপুরার প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ মিত্র বগুড়ার সদর আমীন এবং ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

লোহারডগার মুনসেফ শ্রীযুত বাবু লোকনাথ সহায় প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৫ সাল ২০ মার্চ।

মুরশিদাবাদের সিবিল চিকিৎসক শ্রীযুত ডাক্তর এ কীন সাহেব (Dr. A. Kean,) ঐ স্থানের চিকিৎসকতা কর্ম্মের ভার এদেশীয় পদাতিক ৭ পল্টনের ডাক্তর শ্রীযুত সাণ্ডর্স সাহেবের (Dr. Saunders,) প্রতি অর্পণ করিয়া দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৫ সাল ২১ মার্চ।

কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট শ্রীযুত আর পি হারিসন সাহেব (Mr. R. P. Harrison,) গত জানুআরি মাসের ৩০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত পনেরো দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৫ সাল ২২ মার্চ।

সারণের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর এ ফ্লেমিং সাহেব (Dr. A. Fleming,) ঐ স্থানের চিকিৎসকতা কর্ম্মের ভার এদেশীয় চিকিৎসকের প্রতি অর্পণ করিয়া এক মাসের ছুটী পাইয়াছেন।

শান্তিপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র ঘোষাল আপনার কর্ম্মের ভার শান্তিপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ বসুর প্রতি অর্পণ করিয়া বর্ত্তমান মাসের ২৮ তারিখঅবধি ৩১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানে শ্রীযুত বাবু গোপীনাথ বসু তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৪৮২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ২৪ মার্চ।

নীচের লিখিত মহাশয়েরা সেরাজগঞ্জে বিদ্যাধ্যাপনের কমিটিস্বরূপ নিযুক্ত হইয়াছেন।

যিনি যে সময়ে জাইণ্ট মাজিষ্ট্রেট হন তিনি।
শ্রীযুত বাবু মদনমোহন তর্কালঙ্কার।
„ „ ব্রজনাথ কারফর্ম্মা।
„ জি আর বারি সাহেব। (Mr. G. R. Barry,)
„ এ মাকে সাহেব। (Mr. A. Mackay,)

১৮৫৫ সাল ২৬ মার্চ।

মানভূমে রঘুনাথপুরের মুনসেফ শ্রীযুত বাবু ব্রজনাথ বসু প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৫ সাল ২৪ মার্চ।

পাটনার জজ শ্রীযুত ডবলিউ ট্রাবর্স সাহেব (Mr. W. Travers,) গত জানুআরি মাসের ২২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত আগামি মাসের ৩ তারিখঅবধি "ওরিএণ্টল" নামক বাষ্পীয় জাহাজের না গমনের তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

ত্রিপুরার কালেক্টর শ্রীযুত এচ সি হালকেট সাহেব (Mr. H. C. Halkett,) গত মাসের ১৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত বারো দিনের ছুটী পাইয়াছেন।

ত্রিপুরার মাজিষ্ট্রেট শ্রীযুত এ আবরক্রম্বি সাহেব (Mr. A. Abercrombie,) আপনার কর্ম্মস্থানে পঁহুছিবার মিয়াদের অতিরিক্ত বর্ত্তমান মাসের ৩ তারিখঅবধি ১৪ তারিখপর্য্যন্ত ঐ দুই দিন লইয়া ছুটী পাইয়াছেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে জেলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্নের লিখিত মাহাল সকল প্রকাশ্য ও অব্যর্থরূপে এই কালেক্টরীতে নীলামে উপস্থিত হইবেক বৃহস্পতিবার ২৬ আপ্রিল সন ১৮৫৫ সাল ১৪ বৈশাখ সন ১২৬২ সাল বাকী মালগুজারির জন্য।

১ ছেগা মাহাল কাএমি বন্দোবস্ত।

নং ৫৮ মাহাল হজুরী মৌজে খলসি পরগনে কুলবেড়িয়া তালুক বেচুলাল সিংহ ও ত্রিপুরাসুন্দরী সদর জমা ১০৮৫৷৶১১

নং ১২৫ মৌজে জাখনিস্তব্দীপুর পরগনে দয়ানগর তালুক রাধাকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় সদর জমা ৪৭২৶৮

নং ৩৫৫ কিশমত পরগনে মহনন্দ পরগনে মহনন্দ তালুক যুগলকিশোর সদর জমা ২৬১৶১০

নং ৩৯২ জলা রামচন্দ্রপুর পরগনে মুরারিপুর তালুক রাণী ফুলকুণ্ডরী ও দুর্গাবিবি ও ফুলকোণ্ডরি বিবি ও লক্ষ্মীমণি গুপ্তা সদর জমা ৩১৩৮৷৶৩ — এই মাহাল বাঁটওয়ারার অধীন আছে মতে বাকীদার সরিকের অংশ নীলাম হইবেক।

নং ৪৩৩ জলা সৈদপুর পরগনে আসরফ ভাগ তালুক রামলাল সরকার সদর জমা ১১৫৪৷৶১১

নং ৭৬৭ কিশমত রামরায়পুর পরগনে গয়শাবাদ তালুক চন্দ্রমোহন ঘোষ সদর জমা ১১৮৷১০

নং ৯২০ কিশমত দেবীপুর পরগনে ফতেসিংহ তালুক লক্ষ্মীনারায়ণ ঘোষ সদর জমা ৮৩৷৬

নং ১৪৮৪ চর ঘনশ্যাম পাকা খোশালপুর পরগনে কুঞ্জরপ্রতাপ তালুক রাইমোহন বিশ্বাস সদর জমা ১০৩৷৶১

নং ১৭০৬ কিং কাশীমহাজার পঃ চুনাখালী তাং ঘনশ্যাম দাস ১৷৶৬

নং ১৮০০ কিশমত বালাড়া পরগনে অশরফ ভাগ তালুক রামদুলাল ও শিবগোপাল মুখুয্যা সদর জমা ৮৶২

নং ১৮০৬ কিশমত বালাড়া পরগনে আশরফ ভাগ তালুক লোহারাম লাই সদর জমা ২৸৮

নং ১৯৬৭ বাত্তে নজীমুদ্দী পরগনে আশদ নগর মোকররি তালুক লালা কানাইয়ান ও লালা বনওয়ারিলাল ও লালা মহাদেব দত্ত সদর জমা ৫৮৶৫

R. ABERCROMBIE, *Offg. Collector.*

জিলা যশোহর।

এত্তলানামা কাছারী কালেকটরী জেলা যশোর।

সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলার মোতালক নিম্নের লিখিত মহালাত বাকী মালগুজারী আদায় কারণ সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার বিধানক্রমে ইঙ্গরেজী সন ১৮৫৫ সালের ২৭ আপ্রিল মোতাবেক বাঙ্গলা সন ১২৬২ সালের ১৫ বৈশাখ রোজ শুক্রবার অত্র কালেকটরীতে শ্রীযুত কালেক্টর সাহেবের হুজুরে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৫৫ সাল তারিখ ৫ আপ্রিল বাঙ্গল। সন ১২৬১ সাল তারিখ ২৪ চৈত্র।

৪ চতুর্থ শ্রেণী এস্তমুরারী জমা ধার্য্যহওয়া মহাল।

১০০ নং তৌজী পরগনে হোগলা তালুক গঙ্গানারায়ণ রায় ও রাধিকা চৌধুরাণী সদর জমা ১৫৫৭৩ ৩ টাকা তাহার ৷৶ আনা রকমের অর্দ্ধাংশের সদর জমা ৪৮৬৬৷৷৶০৷৷ টাকা মৃত কালীপ্রসন্ন মুখোপাধ্যায়ের ইষ্টেট পং চিরুনিয়াদিগরের ইজারদার দুর্গাপ্রসাদ রায় চৌধুরীর জামিনীতে দয়াময়ী চৌধুরাণী ও জগদম্বা চৌধুরাণী জামিনদারান আবদ্ধ রাখিয়াছে ও তাহাই নীলামে ধরা যাইবেক ইতি।

অন্য মহাল চক কুলহাতাদিগরের ইজারদার নন্দকুমার বাগীশের জামিনীতে তিলকচন্দ্র বসু জামিনদার আর এই ৪ চাইর মহালের ৶১২৷৷ গণ্ডা আবদ্ধ রাখাতে তাহাই নীলামে ধরা যাইবেক ইতি।

১০১ নং কিশমত পরগনে হাবেলী খনকথে আবাদ তালুক গোবিন্দচন্দ্র রায় সদরজমা ১৬২৷৷৶৬৸ টাকা

১০৩ নং কিং পং ঐ তালুক ঐ জন সদর জমা ৫২৩৷৷/১০ টাকা

১০৪ নং কিং পং ঐ তালুক গোবিন্দচন্দ্র বসু সদর জমা ২৬৩৷৷/৯ টাকা

১০৭ নং কিং পং ঐ তালুক কৃষ্ণচন্দ্র রায় সদর জমা ৪৫০৸৭। টাকা

১ প্রথম শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

তৌজীর নম্বর	মহালের নম্বর	
১০০৮	৩৬	কিং ব্রাহ্মণডাঙ্গা পরগনে হাবেলী তালুক হরেকৃষ্ণ সেন দং লক্ষ্মীনারায়ণ সেন সদর জমা ৫৫৶২ তঙ্কা
১৭৭২	৫	কিং গজগহা পরগনে কাশীমনগর গর তপ্পে বিনোদপুর তালুক নরোত্তম শিকদার সদর জমা ৪৸৮
১৯৪৯	১০৮	কিং ঘোপঘাট পং সাতৈর তালুক চাঁদ চক্রবর্ত্তী দং রামশরণ চক্রবর্ত্তী সদর জমা ১৯ ।৶৩ টাকা
১৯৫২	১১১	কিং ঘোটঘাট পং সাতৈর তালুক চামু চক্রবর্ত্তী দং রামশরণ চক্রবর্ত্তী সদর জমা ২৮৶১০
১৯৫৫	১১৪	কিং জাবড়া পং সাতৈর তালুক হারাণচন্দ্র গুপ্ত সদর জমা ৸৶১০
১৯৫৬	১১৫	কিং জাবড়া পং সাতৈর তালুক হারাণচন্দ্র গুপ্ত সদর জমা ৸৶৪
২০০৭	১৭১	কিং মহীশালা পং সাতৈর তালুক গোরাচাঁদ চক্রবর্ত্তী সদর জমা ৩ ।৪ তঙ্কা
২০৪৬ নং	২১৬	কিং রাঙ্গাবাড়িয়া পরগনে সাতৈর তালুক বৈদ্যনাথ ভূমিক সদর জমা ১০৶২ তঙ্কা
২১৬৯	১২৯	কিং ব্রাহ্মণডাঙ্গা পরগনে তেলিহাটী তালুক জালমামুদ সরদার দং রমজান উল্লা সদর জমা ১০৷৷/১১ তঙ্কা
২৩৫০	৬৭	কিং চর ভেলাবাদ পরগনে নসীরসাহী তালুক জীবনকৃষ্ণ বসু দং গঙ্গাধর শাহা সদর জমা ৭ ।৶৬ তঙ্কা
২৪৬৬	৩	কিং মাণিকপুর পরগনে সাতৈর মং ৷৷/ আনি তালুক সৃষ্টিধর দালাল সদর জমা ।/১
৩০৪২	১০২০	কিং রামনগরদিগর পং খলিসখালী তালুক হরিমোহন বসু সদর জমা ১২ ।৶৫

২ দ্বিতীয় শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল।

৩৬৫৬	৭৪৩	কিং চর কবতর্ক নদী লক্ষ উথনি পং খলিসখালী মিয়াদী ইজারা ভগবানচন্দ্র ঘোষওগয়রহ সদর জমা ৩৩৶ তঙ্কা

১ প্রথম শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৩৬৮২	১৮০৯	চর চিত্রানদী পং সুলতানপুর খড়রিয়া তালুক রাধামোহন ও রামচন্দ্র ও হরচন্দ্র ও শ্রীনাথ রায় ও ঈশানচন্দ্র সেন সদর জমা ১৩৸৶৬ তঙ্কা

২ দ্বিতীয় শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল।

৩৭৪১	২৮৬	চক কলমিবুনিয়া মোতালকে সুন্দরবন মিয়াদী ইজারা উমাচরণ চৌধুরী সদর জমা ১৬৬৸৩ তঙ্কা

১ প্রথম শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

৪২৩৫	২৪২৩	কিং হরিদাসবাটী পং মলই বাজেআপ্তী তালুক মৌলবী গোলাম ছবদার সদর জমা ২৶৪ তঙ্কা

২ দ্বিতীয় শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল।

৪২৮৯	৫৪১	কিং বিলবর্ণী পং সিলিমাবাদ মিয়াদী ইজারা গণপচন্দ্র বসু সদর জমা ২৭ ।১০ তঙ্কা

১ প্রথম শ্রেণীর মহাল।

৪৩৪৪	২২৬৫	কিং রামনগর পরগনে খলিসখালী বাজেআপ্তী তালুক চণ্ডীচরণ ঘোষ সদর জমা ২৶ তঙ্কা
৪৩৪৬	২০৬৫	কিং জনার্দ্দনপুর পরগনে সৈজপুর বাজেআপ্তী তালুক বালকচন্দ্র কুণ্ডু সদর জমা ২ ।২ তঙ্কা

৪৩৪৯ ২১২৭ কিৎ সুভনাড়াদিগর পৎ ইস্রফপুর বাজেআপ্ত

২ দ্বিতীয় শ্রেণীর মহাল।

৪৪৯৮ ২১৩০ কিৎ জুগীপুখরিয়া পৎ দাঁতিয়া মিয়াদী ইজারা

৪ চতুর্থ শ্রেণী জমা ধার্য্য না হওয়া মহাল।

অন্য মহাল কিৎ শ্রীকোলদিগরের ইজারদার ভুবন

নীচের লিখিত জায়দাদ মৌজে খাসস্থখনা পরগনে মহিমসাহী মৌরাশী গাঁতি জম

F. BEA

জিলা ভাগলপুর।

সয়াদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের আক্‌ট ১ আওল দফা ৬ অনুস

সকল মোতালকে ভাগলপুরের সন ১৮৫৫ সালের ২৫ আপ্রিল বুধবার দিবসে অত্র কালেক্‌টরি

অন্যান্য বাকীর জন্য প্রচলিত আইনানুযায়িক ২৮ মার্চ সন ১৮৫৫ সালে আদায়হওয়া কর্ত্তব্য

প্রযুক্ত নীলামে ধরা যাইবেক ইতি।

প্রথম শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

৭১ নৎ তৌজি মৌজে শোভনাথপুর পৎ ভাগলপুর লিখিত মালিক রঙ্গলাল রাওত ও বেচ

রাম রায় ও জমরণ রায় ও রামদয়াল রায় ও গরবু রাওত ও বুনিয়াদ রাওত ও জওয়াহের রাওত ও

ভৈরব শাহু জমা সদর মৎ ২৩৫৷৵৫৷৷ পাইক

৪৮৯ নৎ তৌজী তালুক মোহনপুর চৌমুক পৎ নরসিৎপুর কুবা মহাল জের বাঁটওয়ারা দেওয়া

ভোলানাথ ঝা ও গোকুলনাথ ঝা ও রেয়াজমেছা বওতা পালমুত ও নন্দলাল সিৎহ ও নন্দকিশোর সিৎহ ও

সিৎহ ও নরসিৎনারায়ণ সিৎহ ওরফে বর্চা সিৎহ ও ঠাকুরমন সিৎহ ও জগতমন সিৎহ ও রূপনারায়ণ

উদ্দিতনারায়ণ সিৎহ ও ভোলানাথ মিছীর ও নন্দকুমার মিছীর ও মুতিলাল মিছীর ও গোপাল মিছীর ও

মিছীর ও বাবুনাথ মিছীর ও নরেন্দ্র সিৎহ ও শ্যাম সিৎহ ও রামদয়াল সিৎহ ও সিমন চৌধুরী ও মথুরানাথ

বদরিনাথ ঝা ও বালানন্দ সিৎহ ও কোতওয়ারু রামভকত ও দেবীরতি কোঁওরি বাকী ৷৷০ আট আনা মৌজে ভবানীপু

ঝেলারি হক হিস্যা মুতিলাল মিছীর ও বন্দু ঝা বাকিদারান সদর জমা তালুক মজকুর মৎ ৩২২৩৸৶৭ পাই কো

স্পানি

৬৯৭ নৎ তৌজি লছমিপুর চরিয়া পৎ ভাগলপুর লিখিত মালিক গুরুদয়াল সিৎহ ও গিরিধারি সিৎহ ও লছমন

সিৎহ ও অমরতলাল সিৎহ ও শঙ্কর শাহু ও গোপীনাথ শাহু ও মোছম্মাত রোকমন ও রামসহায় ও পারশনাথ

শাহু ও বিবি কছীদা ও মিরআরসদালি ও নঙ্গিনা সদর জমা মৎ ৩৭০৬।৵৯ কোৎ

২২৭০ নৎ তৌজি জাএগীর লস্করিলস্কর থানে উদ্ধবানালা দৎ মৌজে সেকপাড়া পৎ এনাএতনগর লিখিত

মালিক জুমুন ও ফকরু ও নজু ওগএরহ জমা সদর ।৵৭ পাই কোৎ

২৪০৪ নৎ জাএগীর নশকরীনশকর থানে উদ্ধবানালা দিৎ মৌৎ কাজিপাড়া পৎ এনাএতনগর লিখিত মালিক

জুমুন ও ফকরু ও নজুগএরহ সদর জমা ৸৫৸ পাই কোৎ

দ্বিতীয় শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল।

২৭৯৭ নৎ তৌজী আগীয়াবিলাস পৎ সাইটারি লিখিত মালিক ভিকামণ্ডর সদর জমা ১২৯৶৯ পাই কো

স্পানি

ভাগলপুর তারিখ ৫ আপ্রিল সন ১৮৫৫ সাল।

E. F. LAUTOUR, *Collector.*

জিলা দিনাজপুর।

সৎবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারানুসারে জেলা দিনাজপুরের নীচের লিখিত মাহালাত বাকী মালগুজারির নিমিত্ত ইংরেজী ১৮৫৫ সনের আপরেল মাসের ২৮ মোতাবেক বাঙ্গলা ১২৬২ সনের বৈশাখ মাসের ১৬ তারিখ রোজ শনিবার ঐ জেলার কালেক্‌টরীতে বিনা ওজরে নীলাম করা যাইবেক ইতি তাৎ ৩ আপরেল ১৮৫৫ মোৎ ২২ চৈত্র ১২৬১।

প্রথম শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মাহাল।

নৎ তৌজী ৫৮ মৌজে ফয়জল্যাপুর ওগয়রহ পরগনে রাজনগর মিলকিয়ত পার্ব্বতী চৌধুরাণী সদর জমা ১০৪৸৵১০

নৎ তথা ১৫২ মৌজে দিউড়ী ওগয়রহ পরগনে করদহা মিলকিয়ত ৺ লক্ষ্মীজনার্দ্দন ঠাকুর সেবাইত রাইমণি দেব্যা সদর জমা ২৫৩৯৸৶৬৸

নৎ ...২১৩ মৌজে সন্তোরা ওগয়রহ পরগনে মহশো মিলকিয়ত কমলাকান্ত ঘোষ ও নন্দমোহন ও ধ্রুবনারায়ণ নারায়ণ সদর জমা ৫০৪৬৷৷৵৬৷৷

নৎ ... ৪৬৮ মৌজে চণ্ডীপুর ওগয়রহ পরগনে শীলাহবাজ মিলকিয়ত তবিকুল্যা ও নজর মাহামদ চৌধুরী সদর জমা ১৭৪৫৵৬

নৎ ... ৫১৪ মৌজে দেওগাঁও ওগয়রহ পরগনে আপৈল মিলকিয়ত ভৈরবী চৌধুরাণী সদর জমা ৬৭৬৷৷৵৩।

নৎ ৫৩৭ মৌজে শোকগ্রাম ওগয়রহ পরগনে চাল্যন মিলকিয়ত পরমানন্দ ভট্টাচার্য্য সদর জমা ৪৯৸৵১

নৎ ৫৮৬ মৌজে আশোরু পরগনে সন্তোষ মিলকিয়ত দিনবন্ধু ঘোষ সদর জমা ৯।৵১৷৷

নৎ ৬২০ মৌজে সতিয়ালী ওরফে ছয় ঘাটী পরগনে শুবহবমান কোবা মিলকিয়ত ও কানু মোল্লা ওগয়রহ সদর জমা ৫০৲

নৎ ৬৫১ মৌজে দেউড় পরগনে ঝাপড়তল মিলকিয়ত ইংশামণী দেব্যা সদর জমা ৮৩৸৯৸

নৎ ৬৫৩ মৌজে মথুরাপুর পরগনে চালুন মিলকিয়ত পরমানন্দ ভট্টাচার্য্য সদর জমা ৪০৸৵৩৷৷

নৎ ৬৮৯ মৌজে শঙ্করপুর ওগয়রহ পরগনে চালুন মিলকিয়ত পরমানন্দ ভট্টাচার্য্য সদর জমা ৩২।৵৮৷৷

নৎ ৭০৭ মৌজে মধুপুর পরগনে শুজানগর মিলকিয়ত কৃষ্ণমোহন ভট্টাচার্য্য ওগয়রহ সদর জমা ৩১৸০৸

F. A. E. DALRYMPLE, *Offg. Collector.*

[*Government Gazette*, 17*th April*, 1855.]

জিলা পূরণিয়া।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলা পূরণিয়ার নীচের লিখিত মহাল বাকী রাজস্বের নিমিত্তে ১৮৫৫ সালের ২৬ আপ্রিল মোতাবেক বাঙ্গলা ১২৬২ সালের ১৪ বৈশাখ মোতাবেক ফসলী ১২৬২ সালের ২৪ বৈশাখ বৃহস্পতিবারে ঐ জিলার কালেকটর সাহেবের কাছারিতে বিনা ওজরে নীলাম হইবেক।

প্রথম শ্রেণী। ১০০৲ টাকার অধিক ইস্তমরারী জমা ধার্য্যহওয়া মহাল।

২৭৩ নম্বর। মৌজা হনুমাননগর জিলা বীরনগর পং ধর্ম্মপুর। লিখিত মালিক গুরুদত্ত চৌধুরী। সদর জমা ১৩৭৷৷৶৪ টাকা।

৪৫৪ নং। মৌং ফুলকাহী জিলা নাথপুর পং হরাওথ। লিখিত মালিক গোপাল ঝা ও বাবুনাথ ঝাপ্রভৃতি সদর জমা ২১২৸৶৬ টাকা।

৫৩৪ নং। মৌং মাহিনগাঁও পং সূর্য্যপুর। লিখিত মালিক সেক মসীতুল্লা। সদর জমা ১৫০৸১ টাকা।

দ্বিতীয় শ্রেণী। ১০০৲ টাকার অনধিক ইস্তমরারী জমা ধার্য্যহওয়া মহাল।

৫৫ নম্বর। মৌং দুমরাইল দরপ জিলা ভবানীপুর, পং ধর্ম্মপুর। লিখিত মালিক ফতেচাঁদ সাহু। সদর জমা ৫১৸৶১০ টাকা।

১২ নং। মৌজা জয়নগরা রকবা বরদাহা জিলা নাথপুর পং হরাওথ। লিখিত মালিক ঐ। সদর জমা ৫৯৶৭ টাকা।

২২৮ নং। মৌজা শাহাপুর ধর্ম্মী জিলা ভবানীপুর পং ধর্ম্মপুর। লিখিত মালিক বেহারীদাস। সদর জমা ৫০৲ টাকা।

২৭২ নং। মৌং চাবেছা জিলা বীরনগর পং ঐ। লিখিত মালিক গুরুদত্ত চৌধুরী। সদর জমা ৮১৷৷৯ টাকা।

৫১১ নং। মৌং গহমা পং হাবেলী, ও ফাসুত ক্ষীরদহ পং সুলতানপুর। লিখিত মালিক মসম্মৎ মন্নাজান ও অন্যেরা। সদর জমা ৩৮৸৶৭ টাকা।

৫৫৩ নং। মৌং দহগমা পং ফতেপুর সিংহিয়া। লিখিত মালিক গিরিবরনারায়ণ। সদর জমা ২১৷৷৶১ টাকা।

৮৬২ নং। মৌং কম্মরসাল পং বাদৌর। লিখিত মালিক মুরলীধর ও অন্যেরা। সদর জমা ১২৸৶৫ টাকা।

৮৯৬ নং। মৌং মালিনগাঁও পং সূর্য্যপুর। লিখিত মালিক মসম্মৎ ফুলমরী। সদর জমা ৫৫৲৫ টাকা।

৯৩৮ নম্বর। মৌং বৈরগাছী পং সূর্য্যপুর। লিখিত মালিক বন্ন ও অন্যেরা। সদর জমা ৬৯৲ টাকা।

৯৭২ নং। মৌং বর্দ্দবত্তা পং শ্রীপুর। লিখিত মালিক জয়েশ্বরী লাল। সদর জমা ৩২৷৷৶২ টাকা।

১১১৮ নং। মৌং তুরলাইল পং কুমারীপুর। লিখিত মালিক সেবক মণ্ডল ও অন্যেরা। সদর জমা ১২ ৷৶৩ টাকা।

তৃতীয় শ্রেণী। মিয়াদী বন্দোবস্তের কি ইজারা দেওয়া মহাল।

২৯৩ নং। মৌং ভাগপুখুর পং সুলতানপুর। লিখিত মালিক শাহ রহমৎ আলী ও অন্যেরা। সদর জমা ২১৲৩ টাকা।

৭৪৩ নং। মৌং মধুবনি মর্ত্যজাপুর ওগয়রহ পং হাবেলি ওগয়রহ। লিখিত মালিক এল ই বরফোর্ড সাহেব ও অন্যেরা। সদর জমা ১৫৬৸৶৮ টাকা।

৯৯৬ নং। মৌং সুরগাঁও পং সুলতানপুর। লিখিত মালিক রাণী লজ্জাবতী। সদর জমা ৮৲ টাকা।

চতুর্থ শ্রেণী। অন্য মহালের বাকীর নিমিত্তে যে মহাল নীলাম হইবেক।

মৌং ডাকাইতা তালুক উরলাহা পং শ্রীপুরে। হনুমান দত্তদাস ও অন্যেরদের বাজেয়াপ্ত না হওয়া ২৫ বিঘা জমী।

জিলা পূরণিয়া কালেক্টরী কাছারী ১৮৫৫ সাল ৭ আপ্রিল।

G. Balfour, *Offg. Collector.*

NOTICE is hereby given, that the Sale of the landed Property of Gourmoney Dossee, widow of Nubkissen Sing, deceased, the particulars of which property have already appeared in previous Advertisements, will take place on Monday, the 23rd instant, when the same will be positively sold pursuant to the Decree of 6th September, 1853, in the cause of Roy Hurrochunder Ghose and Sreemutty Tyluckomoheenee Dossee, Executor and Executrix of the last will and Testament of Nundololl Sing, deceased, complainants and the said Sreemutty Gourmoney Dossee, widow, heiress and legal representative of Nubkissen Sing, deceased, and Duncan Stewart, Defendants.

John Cochrane, *Master.*

Messrs. Allan and Judge, Attornies.

Calcutta, Supreme Court, Master's Office, the 13th April, 1855.

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, যে মোকদ্দমায় মৃত নন্দলাল সিংহের শেষ লিখিত উইল ও দানপত্রক্রমের অছি শ্রীরায় হরচন্দ্র ঘোষ ও অছিনী শ্রীমতী ত্রৈলোক্যমোহিনী দাসী ফরিয়াদী ও মৃত নবকৃষ্ণ সিংহের বিধবা ও উত্তরাধিকারিণী ও আইনমতের হলাভিষিক্তা শ্রীমতী গৌরমণি দাসী ও ডনকান ষ্টিউআর্ট সাহেব আসামী আছেন সেই মোকদ্দমায় ১৮৫৩ সালের ৬ সেপ্টেম্বর তারিখে যে ডিক্রী হয় তদনুসারে মৃত নবকৃষ্ণ সিংহের বিধবা উক্ত গৌরমণি দাসীর ভূমি সম্পত্তি বর্ত্তমান মাসের ২৩ তারিখ সোমবারে নিতান্তই নীলাম করা যাইবেক। এ সম্পত্তির বেওরা পূর্ব্বে ইশ্তিহার প্রকাশ করা গিয়াছে।

আলেন ও জজ। উকীল। জান কাক্রেন্। মাষ্টর।

কলিকাতা। সুপ্রিম কোর্ট। মাষ্টরের দফ্তরখানা। ১৮৫৫ সাল ১৩ আপ্রিল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ১৭ আপ্রিল।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 793 ৭৯৩)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRI 4, 1855.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৫ সাল ২৪ আ

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL.

THE 10TH MARCH, 1855.

THE following Bill was read a second time in the Legislative Council on the 10th March, 1855 and referred to a Select Committee who are to report thereon after the 14th of June next :—

A Bill to enable the Banks of Bengal, Madras and Bombay to transact certain business in respect of Government Securities and Shares in the said Banks.

[Preamble.]

WHEREAS it is expedient to authorize the several Banks of Bengal, Madras and Bombay to transact the kinds of business hereinafter mentioned. It is enacted as follows :—

[Banks of Bengal, Madras and Bombay empowered to transact certain business in respect of Government Securities and Shares in the said Banks.]

I. In addition to the kinds of business in which the Bank of Bengal, the Bank of Madras, and the Bank of Bombay may now by law be respectively engaged, it shall be lawful for any of the said Banks to transact all or any of the following kinds of business either with or without receiving commission or payment for the transaction thereof, that is to say :

First.—To take charge of any Government Securities, or shares in any of the said Banks.

Second.—To receive the interest or dividends on any such securities or shares.

Third.—To sell or transfer any such securities or shares deposited with them; or to receive any principal money that may become payable thereon.

আইন

ব্যবস্থা [illegible]সেল।

ইঙ্গরেজী ১ [illegible] ১০ মার্চ।

আইনের নীচের লি [illegible]বিদা ইঙ্গরেজী ১৮৫৫ সালের ১০ মার্চ তারিখে [illegible] কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও নি [illegible] প্রতি অর্পিত হইল। আগামি জুন মাসের [illegible]র তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবে।

বাঙ্গাল ও মান্দ্রাজ ও বোম্বা [illegible] ব্যাঙ্কেতে গবর্ণমেণ্টের নিদর্শনপত্র ও স্যারের ম [illegible]তক কার্য্য নির্ব্বাহ করিতে ঐ২ ব্যাঙ্কের প্রতি শক্তি [illegible] আইনের মুসাবিদা।

[হেতুবাদ।

যেহেতুক বাঙ্গাল ও মান্দ্রাজ ও [illegible]য়াইয়ের ব্যাঙ্কের প্রতি নীচের লিখিত কার্য্য নির্ব্বাহ [illegible]বার ক্ষমতা দেওয়া বিহিত হইয়াছে অতএব নীচের লি [illegible]মতে হুকুম হইল।

[বাঙ্গাল ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের [illegible]াঙ্কেতে গবর্ণমেণ্টের নিদর্শনপত্র ও স্যারের সম্পর্কে কতক [illegible] কার্য্য নির্ব্বাহ করিবার ক্ষমতা ঐ২ ব্যাঙ্কের প্রতি অর্পণ [illegible]রণ।]

১ ধারা। বাঙ্গাল ব্যাঙ্কে ও মান্দ্রা [illegible]র ব্যাঙ্কে ও বোম্বাইয়ের ব্যাঙ্কে এইক্ষণে আইনমতে [illegible]২ কার্য্য নির্ব্বাহ হইতে পারে তদতিরিক্ত উক্ত কোন ব্যা [illegible] নীচের লিখিত সকল কি কোন প্রকার কার্য্য নির্ব্বাহ [illegible] করিবার জ কমিস্যান কি মেহনতানা লইয়া কি না লইয়া [illegible] নির্ব্বাহ ক পারিবেন অর্থাৎ।

প্রথম।—উক্ত কোন ব্যাঙ্কেতে গবর্ণমেণ্টে [illegible] র্শনপত্রের কি স্যারের জিম্মা লওন।

দ্বিতীয়।—সেই প্রকারের কোন নিদর্শনপ [illegible] রের সুদ কি ডিবিডেণ্ড গ্রহণ করণ।

তৃতীয়।—তাঁহারদের নিকটে গচ্ছিত [illegible] কোন নিদর্শনপত্র কি স্যার বিক্রয় [illegible] অথবা তাহার উপর যে কিছু [illegible] কি হয় তাহা গ্রহণ করণ। আসল টাকা [illegible]

...erest or ...iuends so received or the p... ...ng from such sale in Government Secu... ...shares in any of the said Banks, or to ho..., pay or remit such principal, interest, dividends or proceeds and to do all acts necessary or proper for the purpose of making any such remittance.

W. MORGAN,
Clerk of the Council.

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 864.

To the Pos... ...sters.

The Government of I... ...ving sanctioned a proposition of the Direc... ...neral of the Post Office in India, to the e... ...hat the Post Masters under the control o... ...Post Master General of Bengal should s... ...their monthly accounts and Returns to... ...officer, who will consolidate them for this ...; I have the honour to request you will dis... ...ue furnishing the accounts and Returns ... ...e submitted to this office from and after ... ...May, 1855, until further orders, with th... ...ons of the monthly Cash Balance Repo... ...ou will continue to afford without inter...

(Signe... ...HARRISON,
Asstt. ... *to the Govt. of Bengal.*

Fort William, Ac... ...ant's Office,
Revenue De... ...ent,
The 31st M... 1855.

No. 865.

To the Collectors ... Land Revenue, Lower Provinces.

The Board of ...evenue Lower Provinces in their Circular lett...er to Commissioners No. 2 of the 19th January ...ast, having ruled that the practice of recoverin... diet money from offenders against the Exci... laws confined in Jail for non-payment of fine... is illegal, I have the honour to request that in ...uture you will have the goodness ...charge payme...nts of diet money under such cir...stances di...ect to the head of "Profit and ..." instead ... of "Advances on account Diet to ... and ... Abkaree Defaulters" in your Trea... counts as heretofore, supporting the de... bills countersigned by the Commissioner ...ision, and audited by the Civil Audi...

(Signed) E. F. HARRISON,
...sstt. Acctt. to the Govt of Bengal.
...tant's Office,
...iam, Accoun...t,
...nue Departmen...
5th April, 1855.

...প্রিল।]

...মেণ্ট গেজেট। ১৮৫৫। ২৪ ...

চতুর্থ।—সেই প্রকারে যে আসল টাকা কি সুদ কি ডিবিডেণ্ড পাওয়া যায়, কিম্বা উক্ত কোন ব্যাঙ্কেতে গবর্ণমেণ্টের কোন নিদর্শনপত্র কি স্যার সেই প্রকারে বিক্রয় হইলে যে টাকা উৎপন্ন হয়, তাহা পুনরায় জমা করণ, কিম্বা সেই প্রকার আসল টাকা কি সুদ কি ডিবিডেণ্ড কি উৎপন্ন টাকা নিকটে রাখণ, কি দেওন, কি পাঠাওন, এবং সেই প্রকারে পাঠাইবার জন্যে আবশ্যক কি উচিত সকল কর্ম্ম করণ ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

আক্কোণ্টেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর অর্ডর।

৮৬৪ নম্বর।

শ্রীযুত সকল টাকাধ্যক্ষ বরাবরেষু।

ভারতবর্ষের ডাকঘরের ডৈরেক্টর জেনরল সাহেব এই মর্ম্মের প্রস্তাব করিয়াছেন, যে বাঙ্গলা দেশের শ্রীযুত পোষ্ট মাষ্টর জেনরল সাহেবের অধীন যে সকল ডাকাধ্যক্ষ আছেন তাঁহারা আপন২ মাসিক হিসাব ও রিটর্ণ তাঁহার নিকটে পাঠান্ ও তিনি এই দফ্তরখানার নিমিত্তে তাহা সংগ্রহ করিবেন, আর ভারতবর্ষের গবর্ণমেণ্ট সেই প্রস্তাবে সম্মত হইয়াছেন। অতএব আদেশ করিতেছি যে তোমরা যে সকল হিসাব ও রিটর্ণ এই দফ্তরখানায় পাঠাইয়া থাক তাহা ১৮৫৫ সালের ১ মে তারিখঅবধি ও তাহার পরে যেপর্য্যন্ত অন্য হুকুম না পাও সেইপর্য্যন্ত আর না পাঠাও। কেবল মাসিক ফাজিল নগদ টাকার রিপোর্ট নিয়ত পাঠাইতে থাকিবা।

ই এফ হারিসন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আক্কোণ্টেণ্ট।
ফোর্ট উলিয়ম।
আক্কোণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৫৫ সাল ৩১ মার্চ

---

৮৬৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত বোর্ড রেবিনিউর সাহেবেরা গত জানুআরি মাসের ১৯ তারিখের ২ নম্বরী যে সরক্যুলর পত্র কমিস্যনর সাহেবেরদের নিকটে পাঠাইয়াছিলেন তাহাতে নির্দ্ধারণ করিয়াছেন যে আবকারী মাসুলের আইনের বিপরীতে যাহারা অপরাধী হইয়া জরীমানার টাকা না দেওয়াপ্রযুক্ত জেলখানায় কয়েদ হয় তাহারদের স্থানে খোরাকী ফিরিয়া লওনের ব্যবহার বেআইনী। অতএব আদেশ করিতেছি যে উত্তর কালে সেইরূপ স্থলে যে খোরাকী দেওয়া যায় তাহার খরচ তুমি আপন খাজানাখানার হিসাবে যেমন পূর্ব্বাবধি "রাজস্বের ও আবকারী বাকীদারের খোরাকীর জন্যে আগাম দেওয়া টাকা" এই শিরনামায় লিখিয়া থাক তেমনি আর না লিখিয়া একেবারে "লাভ নোকসানের" শিরনামায় লিখ। আর তোমার এলাকার কমিস্যনর সাহেবের দস্তখৎকরা ও সিবিল আডিটর সাহেবের আডিটকরা বিলেতে ঐ খরচের প্রমাণ কর।

ই এফ হারিসন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আক্কোণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আক্কোণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা। রেবিনিউ ডিপার্টমেণ্ট। ১৮৫৫ সাল ৫ আপ্রিল।

P. S.—Be good enough to enter the purport of the above in blank page 8 attached to printed Circular "Abkaree" in the following form:—Rule 17, Rules 5 and 7 modified. Payments of diet money to Abkaree prisoners confined for non-payment of fines to be charged to Profit and Loss under audit; bills to be countersigned by Commissioner.

N. B.—Diet allowance to Opium offenders confined for illicit dealings in Opium to be charged to "Opium" upon audit and entered in the Abstract Statement of Receipts and charges prescribed in Circular No. 859 of 10th January, 1855.

পশ্চাল্লিখিত কথা। উক্ত
ছাপা হওয়া সরক্যুলরের
লিখিবা। ১৭ বিধি। ৫
আবকারীর যে কয়েদীরা
প্রযুক্ত কয়েদ হয় তাহারদের
ডিট হইয়া লাভ নোকসানের শি
বেক। ঐ বিলে কমিস্যনর সাহেবও দ

মন্তব্য কথা। আফীনের যে অপ
বেআইনীমতের কার্য্যপ্রযুক্ত কয়েদ
রাকীর খরচ আডিট হইয়া "আফীন"
লিখিতে হইবেক, ও ১৮৫৫ সালের ১৫ জা
খের ৮৫৯ নম্বরী সরক্যুলর অর্ডরে জমা ও
চুম্বক নির্দ্দিষ্ট হইয়াছে তাহাতে লেখা যাইবেক

JOHN ROBINSON, *Bengalee Tra*

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 4.

To the Civil Judges in the Lower Provinces.

At the recommendation of the Judge of Nuddea the Court are pleased to authorise the abolition of the Registers Nos. 3 and 4 mentioned in Circular Order No. 14, dated 10th August, 1838.

2. It will be sufficient in future to enter in column 7 of the Registers Nos. 1 and 2 prescribed by the above Circular, the number of papers entered in the lists marked A. and B. which are required to be prepared by the Circular Order No. 167 of 3rd March, 1852.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 23rd February, 1855.

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর

৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব বরাবরেষু।

১৮৩৮ সালের ১০ আগষ্ট তারিখের ১৪ নম্বরী সরক্যুলর অর্ডরে যে২ রেজিষ্টর নির্দ্দিষ্ট হইয়াছে তাহার ৩ ও ৪ নম্বরী রেজিষ্টর সদর আদালতের সাহেবেরা নদীয়ার জজ সাহেবের পরামর্শমতে রহিত হইবার আজ্ঞা করিতেছেন।

১৮৫২ সালের ৩ মার্চ তারিখের ১৬৭ নম্বরী সরক্যুলর অর্ডরেতে A. ও B. চিহ্নিত যে২ নথী প্রস্তুত করিবার আজ্ঞা হইয়াছে তাহাতে যে২ কাগজপত্রের উলেখ হয় তাহার সংখ্যা পূর্ব্বোক্ত ১০ আগষ্টের সরক্যুলর অর্ডরের নির্দ্দিষ্ট ১ ও ২ নম্বরী রেজিষ্টরের ৭ ঘরে লিখিলে প্রচুর হইবেক।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৫ সাল ২৩ ফেব্রুআরি।

JOHN ROBINSON, *Bengalee Translator*

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

[Concluded from page 306.]

No. 14.

To

The Constable of the
in the Zillah of *and*

To

The Keeper of Her Majesty's
at Calcutta.

WHEREAS

of
profession
convicted by and before me the undersigned
Magistrate of
the Zillah of , for that
the said
did on the day of in the present
year in the Zillah aforesaid

and adjudged by me the said Magistrate to be imprisoned for the space of
These are therefore to require you the said constable to take and forthwith

at Calcutta,
to the said Keeper thereof together with
the said Keeper are hereby commanded to receive the said
the said
oned
and for your so doing, this shall
Warrant.
ven under my hand and Seal the day of
our Lord One Thousand Eight Hundred and Fifty.

Magistrate.

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

---

৩০৬ পৃষ্ঠাহইতে চলিতেছে।

নং ১৪।

জিলা অন্তঃপাতী
সারজন ও মহামান্যা মহারাণীর শহর
কলিকাতাস্থ কারাগার রক্ষক প্রতি আগে।

যেহেতু নিবাসী অজ্ঞাত ব্যবসায় নিম্ন স্বাক্ষরকারক
উক্ত জিলা মাজিষ্ট্রেটের সমীপে এই অপরাধী প্রমাণ হয় যে বর্ত্তমান
সনের তারিখে জিলা অন্তঃপাতি
মোকামের এক

উক্ত

এবং অস্মদ মাজিষ্ট্রেটের বিচারে
পর্য্যন্ত কারাবদ্ধ থাকিবার আদেশ
হইয়াছে এবিধায় এতদ্দ্বারা উক্ত সারজনকে অর্থাৎ তোমাকে আদেশ করা যাইতেছে যে উক্ত
সত্বরে শহর কলিকাতাস্থ উক্ত লইয়া যাইয়া এই আদেশ পত্রের সহিত
তথাকার উক্ত রক্ষককে অর্পণ করহ এবং তোমার অর্থাৎ উক্ত রক্ষকের প্রতি এতদ্দ্বারা আদেশ করা যাইতেছে যে
তুমি উক্ত উক্ত দাখিল করহ
আর তথায় ঐ ব্যক্তি জন্য
কারাবদ্ধ থাকিবেক আর তোমার এ প্রকার আচরণ করণ জন্য অত্র আদেশানুসারে সম্পূর্ণ ক্ষমতা হইবেক ইতি।
অদ্য ১৮৫ সাল তারিখ অস্মদের স্বাক্ষরিত ও মোহর
অঙ্কিত হইয়া প্রচারিত হইল।

মাজিষ্ট্রেট।

No. 15.

To

WHEREAS a petition has been presented to this Court by

inhabitant of
charging you with having on the
forcibly dispossessed him of

situated and bounded as per margin,* and praying that he may be replaced in possession of the same, under the Provisions of Act IV. of 1840, you are hereby required to appear and make defence to the aforesaid charge, in person or by agent within days from the receipt hereof, and to file at the same time a list of such witnesses and documents as you may rely on for your defence, in failure whereof the case will be decided *ex-parte*.

Given under my hand and the Seal of this Court this day of
185 .

Magistrate.

নং ১৫।

প্রতি আগে।

যেহেতু নিবাসী মন বিচারালয়ে
তোমার নামে দরখাস্তের দ্বারা এই নালিশ উপস্থিত করিলেক যে তুমি ১৮৫ সালের
তারিখে উহাকে বিঃ পার্শ্বের

লিখিত চৌহদ্দীর মধ্যস্থিত
হইতে বলপূর্ব্বক বেদখল করিয়াছ এবং তাহার প্রার্থনা এই যে ১৮৪০ সালের ৪ এক্টমতে তাহাকে উক্ত বাটীতে দখল দেওয়ান যায় এবিধায় এতদ্দ্বারা তোমাকে এই আদেশ করা যায় যে তুমি এই আদেশ পাওনের তারিখঅবধি রোজ মেয়াদ মধ্যে স্বয়ং বা মোক্তারের দ্বারা হাজীর হইয়া উক্ত নালিশের জওয়াবদিহী করহ এবং যে২ সাক্ষ্য আর দলীলের প্রতি তোমার নির্ভর হয় তাহার এক ফর্দ্দ দাখিল করহ ইহার অন্যথা হইলে মোকদ্দমা একতরফা বিচার হইবেক ইতি।

অদ্য ১৮৫ সালের তারিখে অস্মদের স্বাক্ষর ও এই আদালতের মোহর অঙ্কিত হইয়া প্রচারিত হইল ইতি।

জিলা
ফৌজদারী আদালত

মাজিষ্ট্রেট।

No. 16.

To

WHEREAS it appears from an inquiry held by me
that

You are hereby required, under the provisions of Act XXI. of 1841, to
and this you shall do within days from the receipt hereof
Fail not.

Given under my hand and the Seal of this Court this day of 184 .

ZILLAH
Foujdaree Adawlut.

Magistrate.

নং ১৬।

প্রতি আগে।

যেহেতু এপক্ষের তদারকে প্রকাশ হইল যে তুমি

অতএব ১৮৪১ সালের ২১ এক্টের মর্ম্মানুসারে তোমাকে আদেশ করা যায় যে আর এই হুকুমনামা পাওনের তারিখঅবধি দিবস মেয়াদ মধ্যে তুমি এইরূপ আচরণ করহ ইহাতে অন্যথা না হয়।

অদ্য ১৮৫ সাল তারিখে আমার স্বাক্ষরিত ও এই আদালতের মোহর অঙ্কিত হইয়া প্রচারিত হইল।

জিলা
ফৌজদারী আদালত

মাজিষ্ট্রেট।

No. 17.

To

WHEREAS an injunction was issued from this Court on the
directing that

and Whereas the said

has replied thereto, and has demanded that the matter should be referred for decision to a Punchayet under the Provisions of Act XXI. of 1841, and has nominated as Members of such Punchayet on his behalf

it is therefore ordered that
be appointed by the Court as Members of the Punchayet on behalf of the public, and that
be President
of the said Punchayet: and it is hereby notified for the information of the President and Members,

[*Government Gazette, 24th April,* 1855.]

uty of this Punchayet is to meet together and visit personally, on a day and at an hour to be , the President, the

to make such inquiries and to take such evidence as they may deem necessary, to satisfy themselves whether the
in question is indeed
and to submit to this Court the result of their investigation in writing, either separately or collectively, within
from the receipt of this notice. And be it further understood, that if any Member of the Punchayet does not attend the Punchayet at the time fixed by the President, it shall not therefore be necessary to postpone the inquiry ; provided always that a majority of the Punchayet be present at such inquiry.

Given under my hand and the Seal of this Court, this day of
185

ZILLAH
Foujdaree Adawlut. } *Magistrate.*

নং ১৭।

নিবাসী

যেহেতু তারিখে অত্র বিচারালয়ের আদেশ এই হুকুম প্রচার
হইয়াছিল যে জিলা

তাহার প্রতি উত্তর দিয়া এই প্রার্থনা করিয়াছে যে সন ১৮৪১ সালের ২১ এক্টের হুকুমঅনুসারে এবিষয় নিষ্পত্তি জন্য পঞ্চাইতকে অর্পণ করা যায় এবং

আপন পক্ষহইতে পঞ্চাইতের মেম্বর নিযুক্ত করিয়াছে এজন্য আদেশ হইল যে সরকারের পক্ষ হইতে

আদালতহইতে উক্ত পঞ্চাইতের মেম্বর নিযুক্ত করা যায়
আর উক্ত পঞ্চাইতের সভাপতি নিযুক্ত হইলে উক্ত সভাপতি ও মেম্বরগণের বিজ্ঞাপনার্থে এতদ্দ্বারা ইশ্তেহার দেওয়া যাইতেছে যে পঞ্চাইতদিগের উচিত যে উক্ত সভাপতি যে দিবস আর সময় ধার্য্য করিবেন তাঁহারা সেই দিবসে ও সময়ে একত্র হইয়া উক্ত

স্বয়ং যাইয়া উক্ত

ফলিতার্থ এ বিষয়ের তদারক জন্য যে যে প্রমাণ আবশ্যক বোধ হয় লইবেন আর ঐ বিজ্ঞাপন পাওনের দিবসাবধি দিবস মেয়াদ মধ্যে আপনাদের তদারকের রোয়দাদ স্বতন্ত্র২ কিম্বা একত্রে অত্র বিচারালয়ে লিখিয়া পাঠান্ আর ইহাও জ্ঞাত হইবেন যে উক্ত সভাপতির নির্দ্ধারিত সময়ে উক্ত পঞ্চাইতের মধ্যে যদি কোন ব্যক্তি পঞ্চাইতী সভাতে হাজীর না হয়েন তবে তজ্জন্য উক্ত পঞ্চাইতদিগের অধিক অংশ উপস্থিত থাকিলে উক্ত তদারক স্থকিত থাকিবেক না ইতি।

অদ্য ১৮৫ সালের তারিখে অস্মদের স্বাক্ষরিত ও এ আদালতের মোহর অঙ্কিত হইয়া প্রচারিত হইল।

জিলা ফৌজদারী আদালতের

মাজিষ্ট্রেট।

No. 18.

To

ZILLAH
TO WIT. } WHEREAS an injunction was issued from this Court on the
directing that you

and whereas you objected thereto and claimed by petition that a Punchayet should be appointed to try and decide the question ; and whereas the Punchayet appointed in consequence of your said petition have decided that

You are hereby required, under the Provisions of Act XXI. of 1841, to

and this you shall do within days from the receipt hereof.

Fail not

Given under my hand and the Seal of this Court this day of 185 .

Magistrate.

নং ১৮।

জিলা

নিবাসী

প্রতি আগে।

যেহেতু সন ১৮৫ সালের তারিখে অত্র বিচারালয়হইতে তোমার প্রতি এই আদেশ হইয়াছিল যে তুমি

এবং যেহেতু তুমি তাহার প্রতি আপত্তি করত দরখাস্তের দ্বারা প্রার্থনা করিয়াছিলে যে উক্ত বিষয়ের বিচার ও নিষ্পত্তির জন্য পঞ্চাইত নিয়োগ করা যায় ও যেহেতু তোমার উক্ত দরখাস্তমতে যে পঞ্চাইত নিযুক্ত হইয়াছিল তদ্দ্বারা এই নিষ্পত্তি হইয়াছে যে উক্ত

এবিধায় ১৮৪১ সালের ২১ এক্টের মর্ম্মানুসারে এতদ্দ্বারায় তোমাকে আদেশ করা যায় যে উক্ত

এবং এই আদেশ পত্র পাওনের দিবসাবধি দিবস মধ্যে ঐরূপ আচরণ করহ ইহাতে অন্যথা না হয় ইতি।

অদ্য ১৮৫ সাল তারিখে অস্মদের স্বাক্ষরিত ও এই আদালতের মোহর অঙ্কিত হইয়া প্রচারিত হইল।

মাজিষ্ট্রেট।

No. 19.

To

ZILLAH } WHEREAS you did on the
TO WIT. }

declare yourself

surety for

of in the

sum of for

that he the said

should not commit any act which could occasion a breach of the peace during the term of from the date aforesaid. And whereas it has been made to appear that the said has made default therein. These are therefore to require you forthwith to pay the aforesaid sum of into this Court, or to show cause why it should not be paid within the space of days from the date hereof.

Given under my hand and the Seal of this Court, this day of in the year of our Lord One Thousand Eight Hundred and Fifty.

Magistrate.

নং ১৯।

জিলা

নিবাসী

যেহেতু সন ১৮৫ সালের তারিখে তুমি নিবাসী পক্ষে টাকার পরিমাণে এই বিষয়ে জামীন হইয়াছিলে যে উক্ত এমত কোন কর্ম্ম করিবেক না যাহাতে উপরোক্ত তারিখ ইস্তক মধ্যে কোন বিরোধ ও কলহ উপস্থিত হয় এবং যেহেতু ইহাও প্রকাশ হইয়াছে যে উক্ত তাহার অন্যথা করিয়াছে অতএব এতদ্দ্বারা তোমাকে আদেশ করা যায় যে তুমি উক্ত টাকা অবিলম্বে অত্র বিচারালয়ে দাখিল করহ অথবা উক্ত আদেশ পত্রের তারিখহইতে দিবসের মধ্যে তাহা আদায় না করণের হেতু দর্শাও ইতি।

অদ্য ১৮৫ সাল তারিখে অস্মদের স্বাক্ষরিত ও মোহর অঙ্কিত হইয়া প্রচারিত হইল।

মাজিষ্ট্রেট।

[*Government Gazette, 24th April*, 1855.]

No. 20.

To

AH
WIT.

WHEREAS

of
hath made
before me
Magistrate of that
of
did on the
at in the said
district

and whereas the said
was this day brought before me to answer the said complaint, and I the said Magistrate have ordered and adjudged, that the said
shall enter into his own recognizance
in the sum of
with two sufficient sureties in the sum of
each, to keep the peace, and not to commit any act which can occasion a breach of the peace for the space of
months now next ensuing, and in so much as the said
hath refused or neglected to enter into such recognizance, and to find such sureties as aforesaid, I do hereby require and command you, the said Constable, forthwith to convey the said
to the Jail at
and to deliver him to the keeper thereof, together with this Warrant; and I do also require and command you the said keeper to receive the said
into your custody, and him there safely to keep for the space of
calendar months, unless he, in the meantime, enter into such recognizance with such sureties as above-mentioned.

Herein fail not.

Given under my hand and the Seal of this Court this day of
in the year of our Lord One Thousand Eight Hundred and Fifty.

Magistrate.

নং ২০।

জিলা সারজন

ও কলিকাতার বড় জেলখানার রক্ষক প্রতি আগে।

যেহেতু জিলা অন্তঃপাতি নিবাসী
অস্মদ উক্ত জিলা মাজিষ্ট্রেটের সমীপে
করিলেক যে নিবাসী
১৮৫ সালের তারিখে উক্ত
উক্ত জিলার অন্তঃপাতি

এবং উক্ত

উক্ত নালিশের জওয়াবদিহী করণ জন্য অস্মদের সমীপে অদ্য হাজীর করা হইয়াছিল আর উক্ত মাজিষ্ট্রেটের বিচারে এই আদেশ প্রকাশ হইয়াছিল যে উক্ত টাকার সম্খ্যায় দুই মাতবর জামীন দিয়া আপন মোচলকা এই মর্ম্মে লিখিয়া দেয় যে আগামি মাহার মধ্যে এমন কিছু করিবেক না যাহাতে কোন বিরোধ ও কলহ উপস্থিত হয় আর যেহেতু উপরের লিখনমতে উক্ত জামীননামা ও মোচলকা লিখিয়া দিতে অস্বীকার ও শৈথিল্য করিয়াছে একারণ উক্ত সারজনের অর্থাৎ তোমার প্রতি এতদ্দ্বারা অস্মদের এই আদেশ হইল যে উক্ত অবিলম্বে উক্ত জেলখানায় লইয়া যাইয়া উহাকে অত্র আদেশ পত্র সহিত উক্ত জেলখানার রক্ষককে সমর্পণ করহ এবং তোমার অর্থাৎ উক্ত রক্ষকের প্রতি আমার এই আদেশ হইল যে উক্ত কে তুমি আপনার চৌকীভুক্ত করহ আর যদি মধ্যে উপরোক্ত জামীন ও মোচলকা লিখিয়া না দেয় তবে তাহাকে উপরোক্ত যেয়াদপর্য্যন্ত তথায় কারাবদ্ধ রাখহ ইহাতে অন্যথা না হয় ইতি।

অদ্য ১৮৫ সাল তারিখে আমার স্বাক্ষরিত ও এই আদালতের মোহর অঙ্কিত হইয়া প্রচারিত হইল।

মাজিষ্ট্রেট।

No. 21.

To

RECEIVE into your Custody the Bod of

herewith sent you the said

being charged before me

on the

and the said

safely keep until day

of when

you are hereby required to bring the said

to the Foujdarry

Court of .ne District of in the Presidency of Fort William

in Bengal before to

be examined and dealt with according to law.—Hereof

fail you not.

Given under my hand and Seal, this day of

Magistrate.

নং ২১।

জিলা জেলখানার রক্ষক

প্রতি আগে।

তোমার জেলে যাহাকে এই আদেশ পত্রের দ্বারা তোমার নিকট পাঠান যাইতেছে

দাখিল করহ উহার অর্থাৎ উক্ত নামে প্রভৃতির

শপথপূর্ব্বক এজহারে অস্মদ জিলা

মাজিষ্ট্রেটের সমীপে এই নালিশ উপস্থিত আছে যে উক্ত

এবং উক্ত কে ১৮৫ সাল

পর্য্যন্ত সাবধানে রাখহ এবং ঐ দিবস অত্র আদেশ পত্র অনুসারে তোমার উচিত যে উক্ত

বাঙ্গালার ফোর্ট উইলিয়ম অন্তর্গত উক্ত জিলা ফৌজদারী আদালতের

নিম্ন সমীপে হাজীর করহ যে তাহার এজহার লইয়া তাহার প্রতি আইনানুসারে

আচরণ করা যায় ইহাতে অন্যথা না হয় ইতি।

অদ্য ১৮৫ সালের তারিখে আমার স্বাক্ষরিত ও

মোহর অঙ্কিত হইয়া প্রচারিত হইল।

জিলা মাজিষ্ট্রেট।

No. 22.

WHEREAS I,

Inhabitant of have complained

against

charging him (her or them) with

I hereby engage to appear before the Magistrate of Zillah of

on or before the

and to attend thereafter from day to day to prosecute the said complaint, and not to depart from the Court without the permission of the Magistrate aforesaid, in default of any, or all of which conditions, I hereby acknowledge myself to be indebted to the Government of Bengal in the sum of

to be levied of my goods and chattels, lands and tenements, to the use of the said Government, by the Magistrate aforesaid.

Acknowledged before me
the day of

Magistrate.

নং ২২।

তু আমি নিবাসী
নামে চুরীর অপবাদে নালিশ করিয়াছি অতএব এই লিপি দ্বারা আমি একরার
করিতেছি যে জিলা মাজিষ্ট্রেট সাহেবের সমীপে ১৮৫ সালের
তারিখে কিম্বা তাহার পূর্ব্বে উপস্থিত হইয়া তৎপরে উক্ত নালিশের তদবির করিবার জন্য প্রতি দিবস হাজীর থাকিব এবং প্রশংসিত মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি ব্যতীত উক্ত বিচারালয়হইতে চলিয়া যাইব না ঐ সকল শরতের কোন এক অথবা সমুদয় শরতের অন্যথা হয় তবে আমি অত্র লিপি দ্বারা স্বীকার করিতেছি যে আমি সরকার বাহাদুরের নিকট কোং টাকার পরিমাণে দেনাদার হইব আর তাহা আমার বস্ত ও অস্থাবর দ্রব্য ও ভূমি ও বাটী হইতে প্রশংসিত মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা উসুল হইয়া সরকারের নিকট আদায় হইবে ইতি।

অদ্য ১৮৫ সালের তারিখে এপক্ষের সমীক্ষায় অঙ্গীকার করিলেক।

মাজিষ্ট্রেট।

No. 23.

WHEREAS
inhabitant of

has been charged before the Magistrate of
with

and I have been named as a witness for the
I hereby engage to appear before the said Magistrate, on or before the

and to attend thereafter from day to day to give such evidence, as I know upon the said charge, and not to depart the Court without the permission of the said Magistrate, in default of all or any of which conditions, I hereby acknowledge myself to be indebted to the Government of Bengal in the sum of

to be levied of my goods and chattels, lands and tenements to the use of the said Government by the Magistrate aforesaid.

Acknowledged before me }
this day of }

Magistrate.

নং ২৩।

যেহেতুক নিবাসী
নামে জিলা মাজিষ্ট্রেট সাহেবের সমীপে
নালিশ উপস্থিত হইয়াছে আর আমাকে
পক্ষে সাক্ষী মানিয়াছে ইহাতে এই লিপির দ্বারা আমি একরার করিতেছি যে প্রশংসিত মাজিষ্ট্রেট সাহেবের সমীপে ১৮৫ সালের তারিখে কিম্বা তাহার পূর্ব্বে আমি হাজীর হইব এবং তাহার পর প্রতি দিবস উপস্থিত থাকিয়া উক্ত নালীশের বিষয় যাহা জ্ঞাত আছি সেইমত সাক্ষ্য দিব এবং প্রশংসিত মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি ব্যতীত উক্ত আদালতহইতে চলিয়া যাইব না যদি এ সকল শরতের মধ্যে কোন এক কিম্বা সমুদয় শরতের অন্যথা হয় তবে আমি এই লিপিদ্বারা স্বীকার করিতেছি যে আমি সরকার বাহাদুরের নিকট কোং টাকার পরিমাণে দেনাদার হইব এবং তাহা আমার বস্ত ও অস্থাবর দ্রব্য ও ভূমি ও বাটী হইতে প্রশংসিত মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা উসুল হইয়া সরকারের নিকট আদায় হইবে ইতি।

অদ্য ১৮৫ সালের তারিখে এপক্ষের
সমীক্ষায় অঙ্গীকার করিলেক।
মাজিষ্ট্রেট।

No. 24.

WHEREAS I,
inhabitant of
have been charged before the Magistrate of with

I hereby engage to appear before the said Magistrate on the

and to attend thereafter from day to day, to answer to the said charge and not to depart from the Court without the permission of the Magistrate aforesaid, in default of any or all of which conditions, I hereby acknowledge myself to be indebted to the Government of Bengal in the sum of Co.'s Rupees
to be levied of my goods and chattels, lands and tenements to the use of the said Government by the Magistrate aforesaid.

Acknowledged before me }
this day of }

Magistrate.

২৪ নং।

যেহেতু নিবাসী আমি
আমার নামে জিলা মাজিষ্ট্রেট সাহেবের সমীপে
নালিশ উপস্থিত আছে ইহাতে আমি এই একরার করিতেছি যে প্রশংসিত মাজিষ্ট্রেট সাহেবের সমীপে ১৮৫ সালের
তারিখে হাজির হইব এবং তৎপরে প্রতি দিবস উক্ত নালীশের জওয়াবদিহী করিবার জন্য হাজীর থাকিব এবং প্রশংসিত মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি ব্যতীত উক্ত আদালতহইতে চলিয়া যাইব না যদি ঐ সকল শরতের মধ্যে কোন এক কিম্বা সমুদয় শরতের অন্যথা হয় তবে আমি এই লিপির দ্বারা স্বীকার করিতেছি যে আমি সরকার বাহাদুরের নিকট কোং টাকার পরিমাণে দেনাদার হইব এবং তাহা আমার বস্ত ও অস্থাবর সম্পত্তি ও ভূমি ও বাটী ইত্যাদিহইতে প্রশংসিত মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা উসুল হইয়া সরকারের নিকট আদায় হইবে ইতি।

অদ্য ১৮৫ সালের
তারিখে অস্মদের
সমীপে অঙ্গীকার করিলেক।

মাজিষ্ট্রেট।

No. 25.

WHEREAS
inhabitant of , was sentenced
by the Magistrate of
on the to

and whereas, he, the said
has appealed against the said sentence to the Sessions Judge of
and the said Judge has directed that he, the said
should be admitted to bail, pending the decision on his
appeal, I, inhabitant of
do hereby engage to produce the said
before the Magistrate of aforesaid on the date
whereupon his appearance may be required either by a general proclamation or a special notice from the said Magistrate to hear and abide the judgment passed upon his appeal by the Judge aforesaid. In default whereof, I hereby acknowledge myself to be indebted to the Government of Bengal in the sum of Co.'s Rupees
to be levied of my goods and chattels, lands and tenements to the use of the said Government by the Magistrate aforesaid.

Acknowledged before me
this day of

Magistrate.

নং ২৫

যেহেতু নিবাসী
প্রতি জিলা মাজিষ্ট্রেট সাহেব ১৮৫ সালের
তারিখে
জন্য
আদেশ করিয়াছেন এবং যেহেতু উক্ত
উক্ত আদেশের অসম্মতিতে উক্ত জিলা
সেশন জজ সাহেবের নিকট আপিল করিয়াছে এবং প্রশংসিত জজ সাহেব এই আদেশ করিয়াছেন যে
উক্ত তাহার আপিল
নিষ্পত্তি পর্য্যন্ত জামীন লইয়া তাহাকে খালাস দেওয়া যায় এবিধায়
আমি এই লিপির দ্বারা একরার
করিতেছি যে যে দিবস প্রশংসিত মাজিষ্ট্রেট সাহেবের কোন ইশ্তিহার অথবা কোন এত্তেলার দ্বারা
উক্ত তাহার আপিলের প্রতি
প্রশংসিত জজ সাহেবের বিচার শ্রবণ ও আমলে আনয়ন জন্য হাজীর হওনের আবশ্যক হইবেক সেই দিবস আমি তাহাতে প্রশংসিত মাজিষ্ট্রেট সাহেবের সমীপে হাজীর করিব ইহাতে অন্যথা হইলে আমি এই লিপির দ্বারা স্বীকার করিতেছি যে কোং টাকার পরিমাণে সরকারের নিকট দেনাদার হইব আর তাহা আমার বস্ত ও অস্থাবর সম্পত্তি ও ভূমি ও বাটী ইত্যাদি হইতে প্রশংসিত মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা উসুল হইয়া সরকারের নিকট আদায় হইবে ইতি।

অদ্য ১৮৫ সালের
তারিখে এপক্ষের সমীপে
অঙ্গীকার করিলেক।

মাজিষ্ট্রেট।

No. 26.

WHEREAS

inhabitant of , was required on the
by the Magistrate of
under the provisions of Regulation VIII. of 1818, to furnish security for his good behaviour during the term of
or in default thereof to be imprisoned with labor and irons for the term aforesaid, I, inhabitant of do hereby for myself, my heirs and assigns become surety that the said
shall be of good behaviour during the term of

and I do engage, that in the event of his taking to bad courses during the term aforesaid, I will give timely information thereof to the said Magistrate and will use every exertion in my power to the satisfaction of the Magistrate for his apprehenrion and surrender. In default whereof and upon conviction of the said
by any Criminal Court, I hereby acknowledge myself, my heirs and assigns to be indebted to the Government of Bengal in the sum of
to be levied of such goods and chattels, lands and tenements as I am now or may hereafter be possessed of, to the use of the said Government, by the Magistrate of aforesaid.

Acknowledged before me }
this day of }

নং ২৬।

যেহেতু জিলা মাজিষ্ট্রেট সাহেব নিবাসী
প্রতি ১৮৫ সালের
তারিখে ১৮১৮ সালের ৮ আইনঅনুসারে পর্য্যন্ত সে উত্তম
চরিত্রে থাকনজন্য জামীন দেওনের নতুবা শ্রম ও বেড়ির সহিত উক্ত মেয়াদ
পর্য্যন্ত কারারুদ্ধ থাকনের আদেশ করিয়াছেন অতএব নিবাসী
এই লিপির দ্বারা আপন পক্ষে এবং
আপন ওয়ারিয়ান ও নিযুক্ত ব্যক্তিগণের পক্ষে এবিষয়ের জামীন হইতেছি যে উক্ত
পর্য্যন্ত উত্তম চরিত্রে থাকিবেক এবং আমি ইহাও একরার করিতেছি যে উক্ত মেয়াদের মধ্যে যদি তাহার কুচরিত্র হয় তবে প্রশংসিত মাজিষ্ট্রেট সাহেবের নিকট আমি সময়ে তাহার সমাচার দিব এবং তাহাকে গ্রেপ্তার ও হাওয়ালা করণ জন্য মাজিষ্ট্রেট সাহেবের অনুরোধরূপে যথাসাধ্য চেষ্টা করিব তাহাতে যদি অন্যথা এবং কোন ফৌজদারী আদালতহইতে উক্ত প্রতি অপরাধ প্রমাণ হয় তবে আমি এই লিপির দ্বারা স্বীকার করিতেছি যে আমি ও আমার ওয়ারিসান ও নিযুক্ত ব্যক্তিগণ কোং টাকা পরিমাণে সরকার বাহাদুরের নিকট দেনাদার হইব এবং তাহা ঐ সকল বস্তু ও অস্থাবর দ্রব্য ও ভূমি ও বাটী ইত্যাদি হইতে যাহা এক্ষণে আমার আছে কিম্বা ইহার পর হইবেক উক্ত
প্রশংসিত মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা উসুল হইয়া সরকারে আদায় হইবেক।
অদ্য ১৮৫ সালের তারিখে এপক্ষের সমীপে
অঙ্গীকার করিলেক।

মাজিষ্ট্রেট।

No. 27.

I,
inhabitant of , being
of the village of
do hereby certify in conformity with the provisions of Clause 5, Section 24, Regulation XX. of 1817, that
inhabitant of the village aforesaid, is at present absent from the said village, and I hereby engage either to cause the attendance of the aforesaid
at the Thanna of on his return to the village, or to give information at the said Thannah of his arrival, in default whereof, I shall subject myself to the penalties prescribed in Clause 5, Section 24, Regulation XX. of 1817, for a failure in this engagement.

Acknowledged before me }
this day of }

Daroga of Thanna

নং ২৭

নিবাসী আমি

এই লিপির

দ্বারা ১৮১৭ সালের ২০ আইনের ২৪ ধারার ৫ প্রকরণানুসারে জ্ঞাপন করিতেছি যে উক্ত গ্রাম নিবাসী

সংপ্রতি উক্ত গ্রামে নাই

আর এতদ্দ্বারা আমি এই একরার করিতেছি যে উক্ত

উক্ত গ্রামে ফিরিয়া আসিলে আমি তাহাকে মোকাম

থানাতে হাজীর করিব অথবা তাহার পৌঁছিবার সমাচার উক্ত থানাতে দিব ইহাতে অন্যথা হইলে ১৮১৭ সালের ২০ আইনের ২৪ ধারার ৬ প্রকরণে যে২ দণ্ড নির্দ্ধারিত আছে তাহা এই প্রতিজ্ঞার অন্যথা হওনপ্রযুক্ত আমলে আনিব ইতি।

অদ্য ১৮৫ সালের

তারিখে এপক্ষের

সমীক্ষায় অঙ্গীকার করিলেক।

থানার দারোগা।

PROCLAMATION.

FORT WILLIAM,
JUDICIAL DEPARTMENT,
THE 12TH APRIL, 1855.

WHEREAS an application was made to the Government for putting in force Act No. XXVI. of 1850, into the Town of Baneebohoo in the Jurisdiction of Thannah Belgatchee in the Furreedpore District; and whereas it has been reported by the Joint Magistrate of Furreedpore, that all the Inhabitants of the said Town, who appeared before him under the notice published under date the 12th February last, have unanimously declared themselves in favor of the adoption of the said Act therein, It is hereby ordered and declared, that the application aforesaid appears to the Lieutenant Governor of Bengal to be wholly according to the wishes of the Inhabitants of the said Town, and that Act No. XXVI. of 1850, shall be henceforth in force in the said Town, of Baneebohoo in the District of Furreedpore for all, or any of the purposes set forth in Section II. of the said Act.

By order of the Lieutenant Governor of Bengal,

W. GREY,
Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম।
জুডিসিয়ল ডিপার্টমেণ্ট।
১৮৫৫ সাল ১২ আপ্রিল।

যেহেতুক ফরিদপুর জিলাতে থানা বেলগাছির অন্তঃপাতি বেণিবহু নগরে ১৮৫০ সালের ২৬ আইন চলন হওনের নিমিত্তে গবর্ণমেণ্টে দরখাস্ত করা গিয়াছিল আর যেহেতুক ফরিদপুরের জাইণ্ট মাজিস্ট্রেট সাহেব রিপোর্ট করিয়াছেন যে গত ফেব্রুআরি মাসের ১২ তারিখের প্রকাশিত বিজ্ঞাপনক্রমে উক্ত নগর নিবাসি যে সকল লোক তাঁহার নিকটে উপস্থিত হইয়াছিলেন তাঁহারা ঐ নগরে উক্ত আইন চলন হওনের বিষয়ে আপনারদের সম্মতি প্রকাশ করিয়াছেন। অতএব ইহার দ্বারা হুকুম ও প্রকাশ করা যাইতেছে যে পূর্ব্বোক্ত দরখাস্ত ঐ নগর নিবাসিরদের সম্পূর্ণ ইচ্ছামতে হইয়াছে বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব এমত বোধ করেন, আর ১৮৫০ সালের ২৬ আইনের ২ ধারার সকল কি কোন কার্য্যের নিমিত্তে ঐ আইন এই সময়াবধি ফরিদপুর জিলার উক্ত বেণিবহু নগরে চলন হইবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুমক্রমে।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 13th April, 1855.

Baboo Gopalchunder Ghose, Moonsiff of Mohumudpore, Zillah East Burdwan, for the 12th instant.

The 14th April, 1855.

Baboo Gourchunder Mujoomdar, Moonsiff of Tallah, Zillah Jessore, for one month.

Baboo Shibpershaud Sing, Moonsiff of Kendraparah, Zillah Cuttack, for eight days, in extension of that granted on the 7th instant.

[*Government Gazette, 24th April*, 1855.]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৫ সাল ১৩ আপ্রিল।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের মহম্মদপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপালচন্দ্র ঘোষ বর্ত্তমান মাসের ১২ তারিখের ছুটী পাইয়াছেন।

১৮৫৫ সাল ১৪ আপ্রিল।

জিলা যশোহরের তালার মুনসেফ শ্রীযুত বাবু গৌরচন্দ্র মজুমদার এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা কটকের কেন্দ্রপাড়ার মুনসেফ শ্রীযুত বাবু শিবপ্রসাদ সিংহ বর্ত্তমান মাসের ৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত আট দিনের ছুটী পাইয়াছেন।

Thr 16th April, 1855.

Baboo Luchmun Pershad, Moonsiff of Kishenpore, Huzareebaugh, for one month, from the 17th instant.

C. T. BUCKLAND, *Register*.

রাজকর্ম্মে নিয়োগ।

৪৮২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫৫ সাল ২৬ মার্চ।

কলিকাতার শ্রীযুত লার্ড বিশপ সাহেব বর্ত্তমান মাসের ২৪ তারিখে দারজিলিঙ্গের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এ গারষ্টিন সাহেবকে (Reverend A. Garstin,) যে এক মাসের ছুটী দেন তাহা মঞ্জুর হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৫৫ সাল ২৭ মার্চ।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত সি এফ কার্ণাক সাহেব (Mr. C. F. Carnac,) "বাঙ্গাল" নামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ আড়কাটি সাহেব বর্ত্তমান মাসের ২৪ তারিখে সমুদ্রে ছাড়িয়া আইসেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১১ নম্বর।

ফোর্ট উলিয়ম।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

১৮৫৫ সাল ২০ মার্চ।

১৮৫৫ সালের ১২ মার্চ তারিখের ৯ নম্বরী বিজ্ঞাপনের ৪ দফার উপলক্ষে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, "১৮৫৪। ৫৫ সালের সাধারণ লোকেরদের উপকারক কার্য্যার্থ কর্জ্জ" নিমিত্তে যে টাকা দেওয়া যাইবেক তাহা অদ্যকার তারিখঅবধি ও অন্য হুকুম না হওনপর্য্যন্ত, ঐ বিজ্ঞাপনের নির্দ্দিষ্ট প্রকারে ও নিয়মানুসারে পাটনা ও ঢাকা ও মুরশিদাবাদের খাজানাখানায় গ্রহণ হইবেক।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেবের হুকুমক্রমে প্রকাশিত হয়।

সি হিউ লশিংটন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৫১৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ১৭ মার্চ।

নীচের লিখিত মহাশয়েরা মুরশিদাবাদে দাতব্য ঔষধালয়ের কার্য্য নির্ব্বাহার্থ কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত কাপ্তান এফ পি লেয়ার্ড সাহেব। (Captain F. P. Layard.)

শ্রীযুত রায় প্রসন্ননারায়ণ দেব বাহাদুর।

শ্রীযুত নবাব নাজির দোরাব আলী খাঁ।

১৮৫৫ সাল ২০ মার্চ।

শ্রীযুত এফ লৌথ সাহেব (Mr. F. Lowth,) বীরভূমের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন। এবং ঐ জিলাতে ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনরের ক্ষমতামতে কার্য্য করিবেন।

for the time being administering the Executive Government of any Presidency or place in which a European has been lawfully sentenced by any Court to be transported, to order such person, instead of being transported, to be kept in penal servitude for the shortest term of penal servitude substituted by this Act for a term of transportation of the same extent as that to which the offender is liable under such sentence or order.

[Persons under sentence of penal servitude where to be sent and how to be dealt with. Intermediate imprisonment. Proviso.]

VI. Every person who, under this Act, shall be sentenced or ordered to be kept in penal servitude, may, during the term of the sentence or order, be confined in any such prison or place of confinement within any part of the said territories as the Governor General of India in Council shall, by any General Order, from time to time direct; and may, during such time, be kept to hard labour; and such person may, until he can conveniently be removed to such prison or place of confinement, be imprisoned, with or without hard labour, and dealt with in all other respects in the same manner as persons sentenced by the convicting Court to imprisonment with hard labour may, for the time being, by law be dealt with. Provided that the time of such intermediate imprisonment, and the time of removal from one prison to another, shall be taken and reckoned in discharge or part discharge of the term of the sentence.

[All Acts, &c., respecting convicts under sentence of transportation or imprisonment with hard labour made applicable for the purposes of this Act.]

VII. All Acts and Regulations now in force within any part of the said territories, with respect to convicts under order or sentence of transportation, or under order or sentence of imprisonment with hard labour, shall, so far as may be consistent with the express provisions of this Act, be construed to extend and be applicable to persons under any order or sentence of penal servitude made or passed under this Act.

[Removal of European convicts under sentence of imprisonment from one prison to another.]

VIII. The person or persons for the time being administering the Executive Government of the Presidency or place in which any European Convict is imprisoned, under a sentence or order of imprisonment for a term exceeding one year, whether with or without hard labour, may, with the consent of the Governor General of India in Council, order the removal of such prisoner from the prison or place in which he is confined to any

দালতের দ্বারা ইউরোপীয় কোন লোকের ন্যায্যমতে দ্বীপান্তর প্রেরণের আজ্ঞা হইয়াছে, সেই রাজধানীর কি স্থানের গবর্ণমেণ্টের কার্য্য যে ব্যক্তি কি ব্যক্তিরা যে সময়ে করিতেছেন, তাঁহারা এই হুকুম করিতে পারিবেন যে, সেই লোক দ্বীপান্তরে প্রেরিত না হইয়া খাটনির দণ্ড পায়, অর্থাৎ ঐ হুকুম কি দণ্ডাজ্ঞাক্রমে অপরাধী যত বৎসর দ্বীপান্তর প্রেরিত হওনের যোগ্য হয়, তত বৎসর দ্বীপান্তর প্রেরণের পরিবর্ত্তে এই আইনক্রমে যত বৎসর নিরূপণ হইয়াছে, তাহার ন্যূন সংখ্যার মিয়াদে খাটনির দণ্ড পায় ইতি।

[যাহারদের প্রতি খাটনির দণ্ডাজ্ঞা হয় তাহারদিগকে যে স্থানে পাঠাইতে হইবেক ও তাহারদের প্রতি যেরূপ আচার করিতে হইবেক। সেইপর্য্যন্ত কয়েদের বিধান। বর্জ্জিত বিধান।]

৬ ধারা। এই আইনানুসারে যে কোন ব্যক্তির প্রতি খাটনির দণ্ডাজ্ঞা কি হুকুম হয় সেই ব্যক্তিকে, হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর কোন সাধারণ হুকুমের দ্বারা, উক্ত দেশের কোন অংশের যে কোন কারাগার কি কয়েদের স্থান সময়ে২ আজ্ঞা করেন, সেই কারাগারে কি কয়েদের স্থানে, ঐ দণ্ডাজ্ঞার কি হুকুমের মিয়াদপর্য্যন্ত, কয়েদ করা যাইতে পারিবেক। আর সেই মিয়াদপর্য্যন্ত তাহাকে কঠিন পরিশ্রম করাণ যাইতে পারিবেক। আর যেপর্য্যন্ত সেই লোককে ঐ কারাগারে কি কয়েদের স্থানে সুবিধামতে পাঠান যাইতে না পারে সেইপর্য্যন্ত তাহাকে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদে রাখা যাইতে পারিবেক। আর ঐ দণ্ডকরণিয়া আদালত যে লোকদিগের কঠিন পরিশ্রমসহিত কয়েদ হইবার হুকুম করেন, তাহারদের প্রতি সেই সময়ে আইনমতে যেরূপ ব্যবহার হইতে পারিবেক ঐ লোকের প্রতিও সর্ব্ববিষয়ে সেইরূপ ব্যবহার হইবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে সেইরূপে স্থানান্তর না হওনপর্য্যন্ত তাহার কয়েদ থাকনের যে সময়, ও এক কারাগারহইতে অন্য কারাগারে তাহাকে লইয়া যাইতে যে সময় লাগে, তাহা ঐ দণ্ডাজ্ঞার মিয়াদের সময়, কি ঐ সময়ের একাংশ, জ্ঞান ও গণ্য হইবেক ইতি।

[যে সকল অপরাধির দ্বীপান্তর প্রেরণের কি কঠিন পরিশ্রমসহিত কয়েদ হওনের দণ্ডাজ্ঞা হয় তাহারদের বিষয়ের সকল আইনপ্রভৃতি এই আইনের অভিপ্রায়ে খাটে।]

৭ ধারা। যে অপরাধিরদের দ্বীপান্তর প্রেরণের হুকুম কি দণ্ডাজ্ঞা হয়, কিম্বা কঠিন পরিশ্রমসহিত কয়েদ হইবার হুকুম কি দণ্ডাজ্ঞা হয়, তাহারদের বিষয়ে পূর্ব্বোক্ত দেশের কোন স্থানে যে সকল আক্ট ও আইন এইক্ষণে চলন আছে তাহার এই অর্থ করিতে হইবেক যে, এই আইনের স্পষ্ট বিধানের সহিত যেপর্য্যন্ত সঙ্গত হয়, সেইপর্য্যন্ত এই আইনানুসারে যে লোকেরদের বিষয়ে খাটনির কোন হুকুম কি দণ্ডাজ্ঞা করা যায় কি জারী হয়, তাহারদের প্রতিও সেই আক্টপ্রভৃতি বিস্তারিত হইয়া খাটিতে পারে ইতি।

[ইউরোপীয় যে বন্দুয়ানেরদের কয়েদ হইবার হুকুম হয় তাহারদিগকে এক কারাগারহইতে অন্য কারাগারে পাঠান।]

৮ ধারা। ইউরোপীয় কোন বন্দুয়ান পরিশ্রমসহিত কিম্বা পরিশ্রমবিনা এক বৎসরের অধিক মিয়াদে কয়েদ থাকনের দণ্ডাজ্ঞা কি হুকুমক্রমে যে রাজধানীতে কি স্থানে কয়েদ হয়, তাহার গবর্ণমেণ্টের কার্য্য যে ব্যক্তি কি ব্যক্তিরা যে সময়ে নির্ব্বাহ করিতেছেন, তিনি কি তাঁহারা, হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের অনুমতি লইয়া, সেই আসামী যে কারাগারে কি স্থানে কয়েদ আছে, তাহাহইতে উক্ত দেশের মধ্যের কোন স্থানে সরকারী অন্য কোন কারা-

other public prison or place of confinement within any part of the said territories, and such order shall be a sufficient authority for imprisoning the convict during the remainder of the term mentioned in the sentence, or any part of such term, in the Jail to which the prisoner is removed.

[Government may grant a license to be at large to any convict under sentence of penal servitude.]

IX. It shall be lawful for the Governor General of India in Council to grant to any convict who may hereafter be sentenced or ordered to be kept in penal servitude, a license to be at large within the said territories, or in such part thereof as in such license shall be expressed, during such portion of his term of servitude, and upon such conditions in all respects as to the Governor General of India in Council shall seem fit; and it shall be lawful for the said Governor General in Council at any time to revoke or alter such license by a like order.

[Holder of such license not to be imprisoned, &c.]

X. So long as such license shall continue in force and unrevoked, such convict shall not be liable to imprisonment or penal servitude by reason of his sentence, but shall be allowed to go and remain at large according to the terms of such license.

[If license revoked, the convict may be apprehended and committed to prison.]

XI. In case of the revocation of any such license as aforesaid, it shall be lawful for one of the Secretaries to the Government of India, by order in writing, to signify to any Justice of the Peace or Magistrate that such license has been revoked, and to require such Justice or Magistrate to issue a warrant for the apprehension of the convict to whom such license was granted, and such Justice or Magistrate shall issue his warrant accordingly; and such warrant may be executed by any officer to whom it may be directed or delivered for that purpose in any part of the said Territories, and shall have the same force and effect in any place within such territories as if the same had been originally issued or subsequently endorsed by a Justice or Magistrate, or other lawful authority having jurisdiction in the place where the same shall be executed; and such convict, when apprehended under such warrant, shall be brought, as soon as he conveniently may be, before the Justice or Magistrate by whom the said warrant shall have been issued, or some other Justice or Magistrate of the same place, or before a Magistrate or Justice having jurisdiction in the zillah or district in which such convict shall be apprehended, and such Justice or Magistrate shall thereupon make out his warrant, under his hand and seal, for the re-commitment of such convict to the prison or place of confinement from which he was released

গারে কি কয়েদ করিবার স্থানে তাহাকে লইয়া যাইবার হুকুম করিতে পারিবেন। আর আসামীকে যে জেলেতে উপস্থিত করা যায় সেই জেলে ঐ দণ্ডাজ্ঞার নির্দ্দিষ্ট মিয়াদের অবশিষ্ট কাল কি ঐ মিয়াদের কোন অংশ ঐ অপরাধিকে কয়েদ করিবার জন্যে ঐ হুকুমই প্রচুর ক্ষমতা হইবেক ইতি।

[খাটনির দণ্ডাজ্ঞাপ্রাপ্ত কোন অপরাধিকে গবর্ণমেণ্ট মুক্ত হইয়া থাকিবার অনুমতিপত্র দিতে পারিবেন।]

৯ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এই ক্ষমতা থাকিবেক যে, ভবিষ্যৎ কালে যে কোন অপরাধির প্রতি খাটনির দণ্ডাজ্ঞা কি হুকুম হয়, তাহার খাটনির মিয়াদের যত কাল ও যে নিয়ম হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর উচিত বোধ করেন, তত কালপর্য্যন্ত ও সর্ব্ব বিষয়ে সেই নিয়মমতে ঐ অপরাধিকে উক্ত দেশের মধ্যে, কিম্বা ঐ অনুমতিপত্রেতে ঐ দেশের যে কোন ভাগ নির্দ্দিষ্ট থাকে সেই ভাগে, মুক্ত হইয়া থাকিবার অনুমতি দেন। আর হজুর কৌন্সেলে উক্ত শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর সেই প্রকারের হুকুম করিয়া সেই অনুমতিপত্র কোন সময়ে অন্যথা কি পরিবর্ত্ত করিতে পারিবেন ইতি।

[সেইরূপ অনুমতিপত্র প্রাপ্ত ব্যক্তি কয়েদপ্রভৃতি হইবেক না।]

১০ ধারা। ঐ অনুমতিপত্র যত কাল বলবৎ থাকে ও অন্যথা না হয়, তত কাল ঐ দণ্ডাজ্ঞাপ্রযুক্ত সে অপরাধী কয়েদ হইবার কি খাটিবার যোগ্য হইবেক না, কিন্তু ঐ অনুমতিপত্রের নিয়মানুসারে তাহাকে মুক্ত হইয়া বেড়াইতে ও থাকিতে অনুমতি হইবেক ইতি।

[ঐ অনুমতিপত্রের অন্যথা হইলে অপরাধিকে গ্রেফ্তার করিয়া কয়েদ করা যাইতে পারে।]

১১ ধারা। যদি পূর্ব্বোক্ত প্রকারের কোন অনুমতিপত্রের অন্যথা হয়, তবে ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন এক জন সেক্রেটারী সাহেবের এই ক্ষমতা থাকিবেক, যে ঐ অনুমতিপত্রের অন্যথা হইবার সম্বাদ হুকুমনামার দ্বারা কোন জুষ্টিস অফ দি পীস কি মাজিষ্ট্রেট সাহেবকে জ্ঞাত করেন, আর যে অপরাধিকে ঐ অনুমতিপত্র দেওয়া গিয়াছিল তাহাকে গ্রেফ্তার করিবার পরওয়ানা জারী করিতে ঐ জুষ্টিস কি মাজিষ্ট্রেট সাহেবকে হুকুম করেন। তাহাতে ঐ জুষ্টিস কি মাজিষ্ট্রেট সাহেব তদনুসারে আপনার পরওয়ানা জারী করিবেন। আর ঐ পরওয়ানা যে কোন কার্য্যকারকের নামে কি যে কোন কার্য্যকারককে জারী হইবার নিমিত্তে দেওয়া যায়, তাঁহার দ্বারা উক্ত দেশের কোন স্থানে তাহা জারী হইতে পারিবেক। আর সেই পরওয়ানা যে স্থানে জারী হয় সেই স্থানে, যে জুষ্টিস কি মাজিষ্ট্রেট সাহেব কি আইনমতের অন্য কার্য্যকারকের এলাকা থাকে তিনি তাহা প্রথমতঃ জারী কিম্বা পরে তাহার পৃষ্ঠে দস্তখৎ করিলে, ঐ পরওয়ানা যেরূপ বলবৎ ও ফলবৎ হইত, উক্ত দেশের মধ্যে কোন স্থানে তাহা সেইরূপ বলবৎ ও ফলবৎ হইবেক। আর যখন সেই পরওয়ানাক্রমে সেই অপরাধিকে গ্রেফ্তার করা যায়, তখন সুবিধামতে যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র তাহাকে, ঐ পরওয়ানা যে জুষ্টিস কি মাজিষ্ট্রেট সাহেব জারী করিয়াছিলেন তাঁহার সম্মুখে, কিম্বা ঐ স্থানের অন্য কোন জুষ্টিস কি মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে, কিম্বা যে জিলাতে কি প্রদেশে ঐ অপরাধিকে গ্রেফ্তার করা যায় তাহাতে যে কোন জুষ্টিস কি মাজিষ্ট্রেট সাহেবের এলাকা থাকে তাঁহার সম্মুখে, উপস্থিত করা যাইবেক। তাহা হইলে ঐ অপরাধিকে ঐ অনুমতিপত্রের শক্তিতে যে কারাগার কি কয়েদের

by virtue of the said license, and such convict shall be re-committed accordingly, and shall thereupon be liable to be kept in penal servitude for such further period as, with the time during which he may have been imprisoned under the original sentence or order, and the time during which he may have been at large under an unrevoked license, shall be equal to the period mentioned in the original sentence or order.

[Penalty for breach of condition of the license.]

XII. If a license be granted under Section IX. of this Act upon any condition specified therein, and the convict to whom the license is granted violate any such condition, or shall go beyond the limits specified in the license, or, knowing of the revocation of such license, shall neglect forthwith to surrender himself, or shall conceal himself or end[illegible] so to avoid being apprehended, he shall be liable upon conviction to be sentenced to penal servitude for a term not exceeding the full term of penal servitude mentioned in the original sentence or order.

[Act not to affect the provisions of certain English Statutes.]

XIII. Nothing in this Act is intended to alter or affect the provisions of the 12 and 13 Vict. Cap. 43, or any Act of Parliament passed in the United Kingdom of Great Britain and Ireland since the 28th of August, 1833, or which may hereafter be passed.

[What to be deemed proof that a person is a European, &c.]

XIV. Any sentence or order upon any person describing him as a European or American shall be deemed, for the purposes of this Act, to be conclusive of the fact that such person is a European or American within the meaning of this Act.

[Construction of Act.]

XV. The Word "European," as used in this Act, shall be understood to include any person usually designated a European British subject, or any European or American. Words in the singular number or the masculine gender shall be understood to include several persons as well as one person, and females as well as males, unless there be something in the context repugnant to such construction.

[Commencement of Act.]

XVI. This Act shall commence from and after two months from the publication thereof in the *Calcutta Gazette*.

W. Morgan,
Clerk of the Council.

[*Government Gazette, 8th May*, 1855.]

স্থানহইতে মুক্ত করা গিয়াছিল তাহাতে পুনরায় সোপর্দ্দ করিবার জন্যে, উক্ত জুষ্টিস কি মাজিষ্ট্রেট সাহেব আপনার দস্তখৎ ও মোহরক্রমে পরওয়ানা লিখিবেন, ও তদনুসারে অপরাধিকে পুনরায় কয়েদ করা যাইবেক। তাহাতে প্রথম দণ্ডাজ্ঞা কি হুকুমক্রমে ঐ অপরাধী যত কাল কয়েদ ছিল তাহা লইয়া, ও অন্যথা না করা অনুমতিপত্রক্রমে অপরাধী যত কাল মুক্ত ছিল তাহা লইয়া, প্রথম দণ্ডাজ্ঞা কি হুকুমেতে যে মিয়াদ লেখা ছিল সেই মিয়াদ পূর্ণ করিতে যত কাল লাগে তত কালপর্য্যন্ত ঐ অপরাধী খাটিবার যোগ্য হইবেক ইতি।

[অনুমতিপত্রের নিয়ম লঙ্ঘন করিবার দণ্ড।]

১২ ধারা। যদি এই আইনের ৯ ধারানুসারে অনুমতিপত্রের নির্দ্দিষ্ট নিয়মমতে অনুমতিপত্র দেওয়া যায়, আর যে অপরাধিকে ঐ অনুমতিপত্র দেওয়া যায় সে যদি সেই প্রকারের কোন নিয়ম লঙ্ঘন করে, কিম্বা ঐ অনুমতিপত্রের নির্দ্দিষ্ট সীমার বাহিরে যায়, কিম্বা ঐ অনুমতিপত্রের অন্যথা হইবার কথা জানিয়া যদি আপনি তৎক্ষণাৎ ধরা না দেয়, কিম্বা গোপনে থাকে, কি যাহাতে গ্রেফ্তার না হয় এমত উদ্যোগ করে, তবে সেই অপরাধির দোষ সাব্যস্ত হইলে, প্রথম দণ্ডাজ্ঞাতে কি হুকুমেতে খাটিবার যে মিয়াদ নির্দ্দিষ্ট ছিল সেই সম্পূর্ণ মিয়াদের অধিক না হয় এমত কালপর্য্যন্ত সে খাটিবার দণ্ডাজ্ঞার যোগ্য হইবেক ইতি।

[এই আইনেতে ইঙ্গলণ্ডীয় কতক ব্যবস্থার বিধানের হ্রাসবৃদ্ধি হইবেক না।]

১৩ ধারা। এই আইনেতে, বিক্টোরিয়া মহারাণীর ১২ ও ১৩ বৎসরের ৪৩ অধ্যায়ের বিধানের কিম্বা ১৮৩৩ সালের ২৮ আগষ্ট তারিখের পর গ্রেটব্রিটন ও ঐর্লণ্ডের সংযুক্ত রাজ্যেতে যে কোন আক্ট পার্লিমেণ্ট জারী হইয়াছে কি উত্তর কালে জারী হইয়া থাকিবেক তাহার বিধানের পরিবর্ত্তন কি হ্রাসবৃদ্ধি হইবার অভিপ্রায় নহে ইতি।

[কোন ব্যক্তি ইউরোপীয় লোকপ্রভৃতি কি না ইহার যাহা প্রমাণ জ্ঞান হইবেক।]

১৪ ধারা। কোন লোকের বিষয়ে কোন দণ্ডাজ্ঞাতে কি হুকুমেতে যদি সেই লোক ইউরোপীয় কি আমেরিকা দেশীয় লোক বলিয়া নির্দ্দিষ্ট হয়, তবে সেই লোক এই আইনের অর্থের সম্পর্কে ইউরোপীয় কি আমেরিকা দেশীয় লোক বটে, আইনের অভিপ্রায়ের নিমিত্তে সেই দণ্ডাজ্ঞাতে কি হুকুমেতে ঐ কথা সিদ্ধান্ত জ্ঞান হইবেক ইতি।

[আইনের অর্থ।]

১৫ ধারা। এই আইনের মধ্যে "ইউরোপীয়" যে শব্দ লেখা আছে সেই শব্দেতে যে কোন ব্যক্তিকে রীতিমতে ইউরোপীয় ব্রিটনীয় প্রজা বলা যায় সে, কি ইউরোপীয়, কি আমেরিকা দেশীয় কোন লোক গণ্য হয় জ্ঞান হইবেক। এক বচনের শব্দেতে যেমন একি ব্যক্তিকে বুঝায় তেমনি বহু ব্যক্তিকে বুঝাইবেক। আর পুংলিঙ্গ শব্দেতে যেমন পুরুষদিগকে বুঝায় তেমনি স্ত্রীদিগকেও বুঝাইবেক। কিন্তু যদি পূর্ব্বাপর কথাতে ঐ অর্থ অসঙ্গত হয় তবে সেই অর্থ হইবেক না ইতি।

[এই আইন আমলে আসিবার কথা।]

১৬ ধারা। এই আইন যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশ হয় তাহার পর দুই মাসঅবধি ও তাহার পরে চলন হইবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

LEGISLATIVE COUNCIL.

THE 31ST MARCH, 1855.

THE following Bill was read a second time in the Legislative Council on the 31st March, 1855, and referred to a Select Committee who are to report thereon after the 4th of June next :—

A Bill for the better regulation of buildings and for the more effectually preventing accidents by fire within the Town of Calcutta.

[Preamble.]

WHEREAS it is expedient to repeal Act XII. of 1837 and to provide for the better regulation of buildings and for the more effectual prevention of accidents by fire within the said Town. It is enacted as follows :—

[Act repealed.]

I. Act XII. of 1837 is hereby repealed, except as to any act or offence done or committed, or to any fine or penalty incurred, or to any proceedings commenced before the passing of this Act.

[Houses built after the passing of this Act not to be covered with an outer roof of combustible materials without the consent of the Commissioners.]

II. No house or out-house which shall be built within the Town of Calcutta after the passing of this Act, shall be covered with an outer roof or covering of thatch or combustible materials, unless the consent of the Commissioners for the Improvement of the Town of Calcutta be obtained for that purpose.

[Houses not to be covered with an outer roof of combustible materials, without such consent, when re-built or repaired after the passing of this Act.]

III. It shall not be lawful for the owner or occupier of any house or out-house, whether built before or after the passing of this Act, or whether at the time covered with an outer roof of thatch or other combustible materials or not, either in re-building, altering, repairing or re-covering the same, or on any occasion, or for any purpose whatever, to cover or cause or permit to be covered any such house or out-house, either wholly or in part, with an outer roof or covering of thatch or other combustible materials, without the consent of the said Commissioners first obtained for that purpose.

[No house to have an outer roof of combustible materials after the 1st of January, 1857.]

IV. It shall not be lawful for the owner or occupier of any house or out-house within the said Town which, at the time of the passing of this Act, has, or is covered with, an outer roof of thatch or other combustible materials, or for any person having control over the same, to suffer such roof or covering or any roof or covering of combustible materials to remain as the outer covering of the said house or out-house after the 1st day of January, 1857.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ৮ মে।]

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৫ সাল ৩১ মার্চ।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৫ সালের ৩১ মার্চ তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। আগামি জুন মাসের ৪ তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

কলিকাতা নগরের মধ্যে গৃহ নির্ম্মাণের আরো উত্তম নিয়ম করিবার এবং অগ্নির দ্বারা দুর্ঘটনা আরো সফলরূপে নিবারণ করিবার আইনের মুসাবিদা।

হেতুবাদ।

যেহেতুক ১৮৩৭ সালের ১২ আইন রদ করা এবং উক্ত নগরের মধ্যে গৃহ নির্ম্মাণের আরো উত্তম নিয়ম করা ও অগ্নির দ্বারা যে দুর্ঘটনা হয় তাহা আরো সফলরূপে নিবারণ করা বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[আইন রদ করণের কথা।]

১ ধারা। ১৮৩৭ সালের ১২ আইন ইহার দ্বারা রদ হইল। কিন্তু এই আইন জারী হওনের পূর্ব্বে যে কোন কার্য্য কি অপরাধ হইয়াছে কি করা গিয়াছে কিম্বা যে কোন জরীমানা কি দণ্ড অর্শিয়াছে কিম্বা যে কোন মোকদ্দমা আরম্ভ হইয়াছে তদ্বিষয়ে ঐ আইন রদ হইবেক না ইতি।

[এই আইন জারী হইবার পরে যে কোন গৃহ নির্ম্মাণ করা যায় কমিস্যনরেরদের অনুমতিবিনা তাহার উপরের চাল জ্বলনীয় দ্রব্যেতে আচ্ছাদিত হইবেক না।

২ ধারা। এই আইন জারী হইবার পরে কলিকাতা নগরের মধ্যে যে কোন ঘর কি উপগৃহ নির্ম্মাণ করা যাইবেক, তাহা খড়প্রভৃতি জ্বলনীয় দ্রব্যের চালে কি আচ্ছাদনে আচ্ছাদিত হইবেক না। কিন্তু যদি কলিকাতা নগর আরো উত্তম করণার্থ কমিস্যনরেরদের অনুমতি পাওয়া যায় তবে সেইরূপ দ্রব্যেতে ছাওয়া যাইতে পারিবেক ইতি।

[এই আইন জারী হইবার পরে কোন ঘর পুনরায় করা গেলে কি মেরামৎ হইলে ঐরূপ অনুমতিবিনা তাহার উপরের চাল জ্বলনীয় দ্রব্যেতে আচ্ছাদিত হইবেক না।]

৩ ধারা। কোন ঘর কি উপগৃহ এই আইন জারী হইবার পূর্ব্বে কিম্বা পরে নির্ম্মাণ করা গেলে, কিম্বা সেই সময়ে তাহার উপরের চাল খড়প্রভৃতি অন্য জ্বলনীয় দ্রব্যেতে আচ্ছাদিত হউক কি না হউক, ঐ ঘরের কি উপগৃহের স্বামী কি দখীলকার সেই ঘর পুনরায় নির্ম্মাণ কি পরিবর্ত্তন কি মেরামৎ করিবার সময়ে কি পুনরায় ছাওয়াইবার সময়ে কি কোন সময়ে কি কোন প্রকার অভিপ্রায়ে, উক্ত কমিস্যনরেরদের অনুমতি প্রথমে না পাইলে সেইরূপ কোন ঘর কি উপগৃহের উপরের চাল কি আচ্ছাদন খড়প্রভৃতি অন্য জ্বলনীয় দ্রব্য দিয়া সম্পূর্ণরূপে কি অংশমতে আচ্ছাদন করিতে কি করাইতে কি করিবার অনুমতি দিতে পারিবেক না ইতি।

[১৮৫৭ সালের ১জানুআরি তারিখের পর কোন ঘরে জ্বলনীয় দ্রব্যের উপরের চাল থাকিবেক না।]

৪ ধারা। এই আইন জারী হইবার সময়ে উক্ত নগরের মধ্যে যে কোন ঘরের কি উপগৃহের খড়প্রভৃতি অন্য জ্বলনীয় দ্রব্যের উপরের চাল থাকে, কিম্বা যে কোন ঘর কি উপগৃহ সেই প্রকার দ্রব্যেতে আচ্ছাদিত থাকে, তাহার স্বামী কি দখীলকার, কিম্বা সেই ঘরপ্রভৃতির উপর যে কোন ব্যক্তির কর্ত্তৃত্ব থাকে সেই ব্যক্তি, ১৮৫৭ সালের ১ জানুআরি তারিখের পর ঐ চাল কি আচ্ছাদন, কিম্বা জ্বলনীয় দ্রব্যের কোন চাল কি আচ্ছাদন, উক্ত ঘরের কি উপগৃহের উপরের চালস্বরূপ রাখিতে পারিবেক না ইতি।

[Penalty. Proviso.]

V. Every person who, without such consent as aforesaid, shall cover or cause or permit to be covered any house or out-house within the said Town wholly or in part with an outer roof of any combustible materials, or suffer an outer roof or covering of such material erected before the passing of this Act, or any roof or covering of combustible materials, to remain as an outer covering of the said house or out-house after the 1st day of January, 1857, contrary to any of the provisions herein contained, and who shall not within one week after notice given to him for that purpose, either remove the same or cover the same with an outer roof of incombustible materials, shall, on conviction before a Justice of the Peace, be liable to a fine not exceeding Company's rupees 100 or, in default of payment thereof, to imprisonment, for any term not exceeding one month. Provided that such notice as aforesaid may be given by any person or persons whatsoever and that service of any such notice upon the said premises shall be deemed sufficient service of such notice.

[Consent of Commissioners—continuance and revocation of consent.]

VI. The said Commissioners are hereby empowered, upon the application of any person, to signify their consent, by any writing signed by their Secretary or Surveyor for the time being, to the covering, either wholly or in part, any house or out-house within the said Town with an outer roof of thatch or other combustible materials or to the continuing of any such outer roof after the period hereinbefore mentioned. But every such consent shall express the time for which it is to remain in force. And, after the expiration of such time, the owner or occupier of the said house or out-house suffering the said outer roof or covering of combustible materials to continue, shall be liable to be proceeded against as if he had originally covered the said house with such roof or suffered the same to continue without such consent as aforesaid. But it shall be lawful for the said Commissioners from time to time to revoke or to renew such consent if they shall think fit.

[Upon conviction under this Act, Justice may direct materials, &c. to be removed. If not removed, the Commissioners may remove such materials. And cause the house, &c. to be properly roofed.]

VII. Upon any conviction under this Act, it shall be lawful for the Justice before whom it shall take place to order that any such roof or covering of combustible materials, or that any building or thing hereby prohibited, to which such conviction shall relate, be removed within a time to be appointed and certified in writing by the said Justice. And if, at the expiration of the said time, the said roof or covering, or the other building or thing directed to be removed, has not been removed, it shall be lawful for the said Commission-

[*Government Gazette, 8th May*, 1855.]

[দণ্ড। বর্জ্জিত বিধান।]

৫ ধারা। পূর্ব্বোক্ত অনুমতি না লইয়া যে কোন ব্যক্তি উক্ত নগরের মধ্যে কোন ঘরের কি উপগৃহের উপরের চাল জ্বলনীয় কোন দ্রব্য দিয়া সম্পূর্ণরূপে কি অংশমতে আচ্ছাদন করে কি করায় কি করিবার অনুমতি দেয়, কিম্বা এই আইন জারী হইবার পূর্ব্বে সেই প্রকার দ্রব্যেতে নির্ম্মিত উপরের চাল কি আচ্ছাদন, কিম্বা জ্বলনীয় দ্রব্যের কোন চাল কি আচ্ছাদন, এই আইনের লিখিত কোন বিধানের বিপরীতে, ১৮৫৭ সালের ১ জানুআরি তারিখের পর, ঐ ঘরের কি উপগৃহের উপরের আচ্ছাদনস্বরূপ রাখে এবং তাহা উঠাইয়া ফেলিতে কিম্বা অজ্বলনীয় দ্রব্যতে ঐ ঘরের উপরের চাল আচ্ছাদন করিবার এত্তেলা পাইলে পর এক সপ্তাহের মধ্যে তাহা উঠাইয়া না ফেলে, কিম্বা অজ্বলনীয় দ্রব্য দিয়া না ছায়, সেই ব্যক্তির দোষ এক জন জুষ্টিস অফ দি পীসের সম্মুখে সাবুদ হইলে সে ব্যক্তি কোম্পানির ১০০৲ টাকার অধিক না হয় এমত জরীমানার যোগ্য হইবেক, কিম্বা সেই টাকা না দিলে এক মাসের অধিক না হয় এমত কোন মিয়াদে কয়েদ হইবার যোগ্য হইবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্ত প্রকারের এত্তেলা কোন ব্যক্তির কি ব্যক্তিরদের দ্বারা দেওয়া যাইতে পারে, আর সেইরূপ কোন এত্তেলা উক্ত বাটীতে জারী হইলে ঐ এত্তেলা প্রচুরমতে জারী হইয়াছে এমত জ্ঞান হইবেক ইতি।

[কমিস্যনরেরদের অনুমতি। ঐ অনুমতি প্রবল থাকা ও রহিত করা।]

৬ ধারা। কমিস্যনরদিগকে ইহার দ্বারা এই ক্ষমতা দেওয়া গেল যে, তাঁহারদের নিকটে কোন ব্যক্তি দরখাস্ত করিলে, তাঁহারা, যিনি যে সময়ে তাঁহারদের সেক্রেটারী কি সরবেয়র হন তাঁহার দস্তখৎকরা কোন লিখনের দ্বারা, উক্ত নগরের মধ্যে কোন ঘরের কি উপগৃহের উপরের চাল খড়প্রভৃতি জ্বলনীয় অন্য দ্রব্যেতে সম্পূর্ণরূপে কি অংশমতে আচ্ছাদন করিতে, কিম্বা সেইপ্রকারের কোন উপরের চাল পূর্ব্বের লিখিত কালের পরেও থাকিতে, আপনারদের সম্মতি জ্ঞাপন করেন। কিন্তু সেই অনুমতি যত কাল প্রবল থাকিবেক তাহা সেইরূপ প্রত্যেক অনুমতিপত্রে নির্দ্দিষ্ট হইবেক। আর সেই কাল অতীত হইলে পর, যদি ঐ ঘরের কি উপগৃহের স্বামী কি দখীলকার জ্বলনীয় দ্রব্যের সেই উপরের চাল কি আচ্ছাদন রাখে তবে সে প্রথমে উক্ত ঘরের সেইরূপ চাল দিলে কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের অনুমতি না পাইয়া ঐ চাল রাখিলে যে প্রকারে তাহার নামে নালিশ হইতে পারিত সেইপ্রকারে হইতে পারিবেক। কিন্তু উক্ত কমিস্যনরেরা যদি উচিত বোধ করেন তবে তাঁহারা সময়ে২ সেই অনুমতি অন্যথা করিতে কিম্বা নূতন করিয়া দিতে পারিবেন ইতি।

[এই আইনমতে দোষ সাবুদ হইলে জুষ্টিস ঐ খড়প্রভৃতি তুলিয়া ফেলিবার হুকুম দিতে পারিবেন। তাহা না তোলা গেলে কমিস্যনরেরা ঐ সরঞ্জাম তুলিয়া ফেলিতে পারিবেন ও সেই ঘরপ্রভৃতির উপযুক্ত চাল দেওয়াইতে পারিবেন।]

৭ ধারা। এই আইনমতে কোন দোষ সাবুদ হইলে যে জুষ্টিসের সম্মুখে ঐ দোষ সাবুদ হয় তিনি আজ্ঞা করিতে পারিবেন যে, জ্বলনীয় দ্রব্যের সেইরূপ কোন চাল কি আচ্ছাদন, কিম্বা এই আইনেতে নিষিদ্ধ যে কোন গাঁথনি কি বিষয়ের সঙ্গে ঐ দোষ সাব্যস্তকরণের কার্য্য সম্পর্ক রাখে তাহা, উক্ত জুষ্টিস যে সময় নিরূপণ করেন ও লিখনের দ্বারা নির্দ্ধার্য্য করেন সেই সময়ের মধ্যে উঠাইয়া দেওয়া যায়। আর যদি সেই সময় অতীত হইলে পর, সেই চাল কি আচ্ছাদন কি অন্য যে গাঁথনি কি বিষয় উঠাইয়া দিবার হুকুম হইয়াছে তাহা উঠাইয়া না দেওয়া যায়, তবে উক্ত কমিস্যনরেরু-

ers, without further reference to such Justice and without any further summons or notice, to remove or cause to be removed the said building or thing, and (if they shall think fit, but not otherwise) to cover or cause to be covered the said house or out-house with an outer roof of incombustible materials and to cause such alteration to be made in the walls as may enable them to support such outer roof.

[Commissioners may sell materials removed—surplus, after payment of expenses, to be paid to owner. Mode of recovering expenses if the money arising from such sale be insufficient.]

VIII. It shall be lawful for the said Commissioners to sell or cause to be sold the materials of such roof or covering, building or thing as in the last preceding Section mentioned, and, out of the monies arising from such sale, to pay the reasonable charges for such removal and of such new covering and alteration when the same shall take place. And the said Commissioners shall pay the surplus, if any, to the occupier of the said house or to the person entitled to the immediate possession thereof. If the monies accruing from such sale be not sufficient to pay such costs and charges, the said occupier, or the person entitled to the immediate possession of the said house, shall be liable to pay the same, and if he shall not, on demand, pay the same, then it shall be lawful for any Justice of the Peace, by warrant under his hand, (upon a summons issued to such occupier or person) to cause the amount thereof, together with the costs of such distress, to be levied by distress and sale of the goods, chattels and effects of such occupier or person, and to cause the amount thereby realized to be paid over to the said Commissioners.

[Houses how to be arranged and with what frontage when re-built after a conflagration or when land is taken for building purposes.]

IX. Whenever any conflagration shall take place in any plot or parcel of land within the said Town wherein any houses or out-houses are built, and more than two of such houses or out-houses near to one another, and not having any other house or out-house between them, shall be burnt down, or whenever any plot of land in the said Town may be let out, or be taken or acquired for building purposes, it shall not be lawful for any person or persons to build, or cause or permit the building of any houses or out-houses on such plot or parcel of land in a confused, scattered or irregular manner, but the houses and out-houses built therein shall be arranged in regular streets or lines, giving a frontage and free passage or way in front of every such house or out-house of at least 10 feet, unless the consent of the Commissioners for the Town of Calcutta (to be obtained and signified in the manner hereinbefore mention-

দের এই ক্ষমতা থাকিবেক যে উক্ত জুষ্টিনকে অধিক কিছু জ্ঞাপন না করিয়া ও অন্য কোন সমন কি এত্তেলা না দিয়া সেই গাঁথনি কি বিষয় উঠাইয়া দেন কিম্বা উঠাইয়া দেওয়ান। আর যদি তাঁহারা উচিত বোধ করেন তবে সেই ঘরের কি উপগৃহের উপরের চাল অজ্বলনীয় দ্রব্যেতে আচ্ছাদন করিয়া কি করাইয়া দেন, আর সেই উপরের চাল টেঁকিতে পারিবার নিমিত্তে দেওয়ালের যেরূপ মতান্তর করিতে হয় তাহা করাইতে পারিবেন। কিন্তু যদি তাঁহারা উচিত বোধ না করেন তবে করিবেন না ইতি।

[যে সরঞ্জাম উঠাইয়া দেওয়া যায় তাহা কমিস্যনরেরা বিক্রয় করিতে পারিবেন। খরচবাদে অবশিষ্ট টাকা স্বামিকে দেওয়া যাইবেক। তাহা বিক্রয় করিলে যদি খরচ না পোষায় তবে খরচ যে প্রকারে আদায় হইবেক।]

৮ ধারা। উক্ত ৭ ধারাতে যে চাল কি আচ্ছাদন কি গাঁথনি কি বিষয়ের সরঞ্জামের কথা লেখা হইয়াছে তাহা উক্ত কমিস্যনরেরা বিক্রয় করিতে কি করাইতে পারিবেন, আর তাহা বিক্রয় করিয়া যে টাকা উৎপন্ন হয় তাহাহইতে ঐ চালপ্রভৃতি উঠাইয়া দেওনের উচিত খরচ, ও যদি নূতন চাল দেওয়া যায় ও দেওয়ালের পরিবর্ত্তন হয় তবে তাহার উচিত খরচ দিতে পারিবেন। আর যদি কিছু অবশিষ্ট থাকে তবে কমিস্যনরেরা সেই টাকা ঐ ঘরের দখীলকারকে কিম্বা যে ব্যক্তির তাহা অব্যবহিতরূপে অধিকার করিবার স্বত্ব আছে তাহাকে দিবেন। ঐ দ্রব্য বিক্রয় করিয়া যে টাকা উৎপন্ন হয় তাহাহইতে যদি ঐ খরচ ও ব্যয় না পোষায় তবে উক্ত দখীলকার, কি যাহার ঐ ঘরের অব্যবহিতরূপে অধিকার করিবার স্বত্ব থাকে সেই ব্যক্তি, ঐ খরচ দিবার যোগ্য হইবেক। আর সেই খরচ তাহার স্থানে চাওয়া গেলে যদি সে না দেয় তবে কোন জুষ্টিন অফ দি পীসের এই ক্ষমতা থাকিবেক যে, (ঐ দখীলকার কি ব্যক্তির নামে সমন জারী করিয়া) আপন দস্তখৎ করা পরওয়ানাক্রমে ঐ দখীলকার কি ব্যক্তির মাল ও জিনিস ও বিষয় ক্রোক ও বিক্রয় করিয়া ঐ খরচ আর এই প্রকার ক্রোকের খরচ আদায় করান, আর তাহাতে যে টাকা আদায় হয় তাহা উক্ত কমিস্যনরদিগকে দেওয়ান ইতি।

[ঘরেতে আগুন লাগিলে পর কিম্বা যখন গৃহ নির্ম্মাণের জন্যে ভূমি লওয়া যায় তখন ঘর করা গেলে তাহা যে নিয়মে নির্ম্মাণ হইবেক ও তাহার সম্মুখভাগ যেরূপ হইবেক।]

৯ ধারা। উক্ত নগরের মধ্যে যে কিতা কি খণ্ড ভূমিতে কোন গৃহ কি উপগৃহ নির্ম্মাণ হইয়াছে তাহাতে যখন আগুন লাগিয়া নিকটানিকটি দুইয়ের অধিক সেইপ্রকারের ঘর কি উপগৃহ পুড়িয়া যায় ও সেই২ ঘরের মধ্যে২ অন্য কোন ঘর কি উপগৃহ না থাকে, কিম্বা যখন উক্ত নগরেতে গৃহ নির্ম্মাণের নিমিত্তে কোন এক কিতা ভূমি খাজানা করিয়া দেওয়া যায় কি লওয়া যায় কি প্রাপ্ত হওয়া যায়, তখন কোন ব্যক্তি কি ব্যক্তিরা সেই কিতা কি খণ্ড ভূমিতে বিশৃঙ্খল কি ছিন্নভিন্ন কি অনিয়মিতরূপে কোন ঘর কি উপগৃহ নির্ম্মাণ করিতে কি করাইতে কি করিবার অনুমতি দিতে পারিবেক না। কিন্তু তাহাতে যে ঘর ও উপগৃহ করা যায় তাহা ধারামতের পথ কি শ্রেণী ভাবে নিয়ম করিয়া নির্ম্মিত হইবেক ও এমত প্রত্যেক ঘর কি উপগৃহের সম্মুখে ন্যূন সংখ্যায় দশ ফুট জায়গা ও খোলা রাস্তা কি সম্মুখের পথ থাকিবেক। কিন্তু যদি তাহা অন্য প্রকারে ও অন্য নিয়মমতে করিবার বিষয়ে কলিকাতা নগরের কমিস্যনরেরদের অনুমতি পাওয়া যায় তবে অন্য প্রকারে নির্ম্মাণ করা যাইতে পারি-

ed) to the building or arranging the same otherwise, be obtained.

[The way in front of a house to be deemed a public way.]

X. Every passage or way in front of any house or out-house so to be constructed as aforesaid, although the same pass over the private property of individuals, shall be deemed to be a public street within the meaning of the Act No. XII. of 1852, and shall be subject to all the provisions of the said Act.

[Penalty for erecting building not according to the directions of this Act.]

XI. If any person shall, after any such conflagration, or after any plot or parcel of land shall have been let out or taken for building purposes, or if any person who intends to build more than one house or hut upon any vacant place of land not enclosed in a compound shall, without the consent of the said Commissioners, to be so signified as aforesaid, build, or cause or permit to be built upon such land, any houses, huts or buildings in a confused, scattered or irregular manner or without arranging the said huts in a regular line or way, giving a frontage or free passage in front of each house or out house, and who shall not, within days after notice given to him or served upon the said premises by any person or persons whatever, pull down and remove the said hut and building, or huts and buildings, shall, on conviction before a Justice of the Peace, be liable to a fine not exceeding Company's rupees one hundred and, in default of payment thereof, to imprisonment not exceeding one month.

[Commissioners empowered to buy land adjoining tanks for the purpose of making pathways.]

XII. It shall be lawful for the said Commissioners to purchase and take absolutely, or on lease for such terms as they may think fit, any land near or adjoining to any tank in the said Town, which the said Commissioners may deem it necessary to purchase or take for the purpose of setting apart such a pathway or space round or near to the said tank as will permit a free passage for fire engines and scavengering carts, regard being had to the compensation of the owners or occupiers of such land.

[Compensation for such lands how to be made.]

XIII. Every such purchase shall be made, and land taken subject to the provisions of the Act No. XII. of 1852 as to lands taken and purchased by the Commissioners under that Act, and subject to the provisions of the Act No. XXII. of 1847 as to compensation of the owner and occupier of the said land, save that, in every case in which a dispute or difference between the said Commissioners and any person whose property they may intend to purchase for the purpose of this Act as to the amount of compensation to be paid for the said property, which difference and dispute either of the

বেক। আর সেই অনুমতি পূর্ব্বের লিখিত প্রকারে পাওয়া যাইবেক ও জ্ঞাপন করা যাইবেক ইতি।

[ঘরের সম্মুখের পথ সরকারী পথ জ্ঞান হইবেক।]

১০ ধারা। পূর্ব্বোক্তমতে যে কোন ঘর কি উপগৃহ নির্ম্মাণ হয় তাহার সম্মুখের প্রত্যেক পথ কি রাস্তা, কোন ব্যক্তির নিজ ভূমির উপর হইলেও, ১৮৫২ সালের ১২ আইনের অর্থের মধ্যের সরকারী রাস্তা জ্ঞান হইবেক ও উক্ত আইনের সকল বিধানের অধীন হইবেক ইতি।

[এই আইনের আদেশমতে ঘর না করিবার দণ্ড।]

১১ ধারা। যদি সেই প্রকারে আগুন লাগিলে পর, কিম্বা ঘর করিবার নিমিত্তে কোন এক কিতা কি খণ্ড জমী খাজানা করিয়া দেওয়া গেলে পর, কি লওয়া গেলে পর, কিম্বা যদি ঘেরা না হওয়া ভূমির কোন শূন্য জমীতে একের অধিক ঘর কি ছোট ঘর বাঁধিবার অভিপ্রায়ে, কোন ব্যক্তি উক্ত কমিস্যনরেরদের, পূর্ব্বোক্ত প্রকারে জ্ঞাপন করা, অনুমতি না লইয়া সেই প্রকার জমীর উপর কোন ঘর কি ছোট ঘর কি ইমারৎ বিশৃঙ্খল কি ছিন্নভিন্ন কি অনিয়মিতরূপে করে, কিম্বা ধারামতে কি শ্রেণীভাবে না করিয়া, ও প্রত্যেক ঘর কি উপগৃহের সম্মুখে জায়গা কি খোলা পথ না রাখিয়া, নির্ম্মাণ করে কি করায় কি করিবার অনুমতি দেয়, আর তাহাকে কোন ব্যক্তি কি ব্যক্তিরা এত্তেলা দিলে কি ঐ জমীর উপর এত্তেলা জারী করিলে পর এত দিবসের মধ্যে যদি সেই ব্যক্তি উক্ত ছোট ঘর ও ইমারৎ কি উক্ত সকল ছোট ঘর ও ইমারৎ ভাঙ্গিয়া ফেলিয়া স্থানান্তর না করে, তবে জুষ্টিস অফ দি পীসের সম্মুখে তাহার দোষ সাবুদ হইলে সেই ব্যক্তি এক শত টাকার অধিক না হয় এমত জরীমানা দিবার যোগ্য হইবেক। আর যদি সেই জরীমানার টাকা না দেয় তবে এক মাসের অধিক না হয় এমত মিয়াদে কয়েদ হইবার যোগ্য হইবেক ইতি।

[কমিস্যনরেরা পথ করিবার নিমিত্তে পুকুরের নিকটের জমী খরীদ করিতে পারিবেন।]

১২ ধারা। উক্ত কমিস্যনরেরা যদি দমকল ও নগরের জঞ্জাল বহিবার গাড়ি যাহাতে অনায়াসে যাইতে পারে ঐ নগরের মধ্যে কোন পুকুরের নিকটে কি লাগাও এমত পথ কি জায়গা রাখিবার জন্যে, ঐ পুকুরের নিকটে কি লাগাও কোন জমী খরীদ করিতে কি লইতে আবশ্যক বোধ করেন, তবে ঐ কমিস্যনরেরা সেই জমী খরীদ করিতে ও বিনাশর্ত্তে লইতে পারিবেন কিম্বা তাঁহারা যে মিয়াদ উচিত বোধ করেন এমত মিয়াদের পাট্টা করিয়া লইতে পারিবেন। কিন্তু ঐ জমীর স্বামির কি দখীলকারের ক্ষতিপূরণের বিষয়ে মনোযোগ করিতে হইবেক ইতি।

[সেই প্রকার জমীর মূল্য যেরূপে দিতে হইবেক।]

১৩ ধারা। ১৮৫২ সালের ১২ আইনানুসারে কমিস্যনরেরদের লওয়া ও খরীদকরা জমীর বিষয়ে ঐ আইনে যে বিধান আছে তদনুসারে, আর উক্ত জমীর স্বামী ও দখীলকারের ক্ষতিপূরণের বিষয়ে ১৮৪৭ সালের ২২ আইনে যে বিধান আছে তদনুসারে, উক্ত প্রকারের জমী খরীদ করা যাইবেক ও লওয়া যাইবেক। কেবল যদি কোন স্থলে উক্ত কমিস্যনরেরা এই আইনের অভিপ্রায়ের নিমিত্তে যে সম্পত্তি খরীদ করিতে চাহেন তাহার জন্যে যে ক্ষতিপূরণ দিতে হইবেক তদ্বিষয়ে উক্ত কমিস্যনরেরদের সঙ্গে সম্পত্তি যাহার হয় তাহার বিবাদ ও অনৈক্য জন্মে, আর উভয় পক্ষের কোন পক্ষ ঐ অনৈক্য ও বিবাদ সালিসের দ্বারা নিষ্পত্তি করিতে অস্বীকার কি

said parties shall refuse, or shall not consent to settle by arbitration, instead of the said dispute being settled by and before the Sheriff and a Jury as in that Act provided, the same shall be settled and determined by a Justice of the Peace of and for the Town of Calcutta, who shall have the same power to ascertain and award the amount of purchase money and of compensation, and shall proceed in the same manner, and shall be vested with the same powers as the Sheriff and the Jury respectively under the said Act: and the proceedings before, and the award of the said Justice of the Peace, shall be of the same force and effect and attended with the same consequences as the proceedings before, and the verdict and judgment respectively of the Jury and Sheriff under the said Act: and the said Commissioners shall have all the powers in respect of lands purchased under this Act as they have or hereafter may have in respect of lands vested in them for public purposes under the said Act. But it shall not be necessary for the said Commissioners to obtain the consent of the Governor or Lieutenant-Governor of Bengal to the purchasing or taking any land under this Act.

[Penalties how to be recovered.]

XIV. All penalties and fines incurred under this Act, except where it is otherwise and specially provided by the Act, shall be imposed and recovered in the manner prescribed by Act No. XII. of 1852 in respect of the penalties and fines incurred under that Act, and shall be applied in the same manner, save that such portion of the said fine as shall be paid over to the said Commissioners shall be applied by them in the first instance for the purposes of this Act, and all powers and authorities given by the said last-mentioned Act to any Justice of the Peace or to the said Commissioners for the Improvement of the Town of Calcutta with respect to any matter or thing done under the said Act, except so far as the power of such Justices or Commissioners are hereby specially limited or defined, shall be applicable to any matter or thing done under this Act.

[Construction of Act.]

XV. The following words and expressions in this Act shall have the meanings hereby assigned to them, unless there be something in the subject and context repugnant to such construction: namely, words importing the singular number shall include the plural number; words importing the masculine gender only shall include females; the word "person" shall include a corporation; the word "street" shall include any public square, street, court, alley, footpath, highway, lane, road, thoroughfare or other public place within the said Town; the word "house" shall include any dwelling house, hut, habitation or building used for a dwelling place; the word "out-house" shall include

অসম্মত হয়, তবে সেই আইনের বিধানমতে ঐ বিবাদ সরিফ সাহেবের ও জুরীর দ্বারা ও সম্মুখে নিষ্পত্তি না হইয়া, কলিকাতা নগরের ও সেই নগরের জন্যে জুষ্টিস অফ দি পীসের দ্বারা নিষ্পত্তি ও পরিষ্কার করা যাইবেক। আর উক্ত আইনানুসারে সরিফ সাহেবের ও জুরীর ঐ খরীদী টাকার ও ক্ষতিপূরণের টাকার সংখ্যা নিশ্চয় করিয়া হুকুম করিবার যে ক্ষমতা আছে ও তাঁহারা যে প্রকারে কার্য্য করেন ও যে২ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন, ঐ জুষ্টিস অফ দি পীসের ঐ টাকার সংখ্যা নিশ্চয় করিয়া হুকুম করিবার সেই ক্ষমতা থাকিবেক, ও তিনি সেই প্রকারে কার্য্য করিবেন ও সেই ক্ষমতা প্রাপ্ত হইবেন। আর উক্ত আইনানুসারে ঐ জুরীর ও সরিফ সাহেবের সম্মুখের রুবকারীর ও তাঁহারদের ফয়সলার ও বিচারের যেরূপ বল ও ফল হয় ও তাহাতে যেরূপ ফল উৎপন্ন হয়, উক্ত জুষ্টিস অফ দি পীসের সম্মুখের রুবকারীর ও তাঁহার ফয়সলারও সেইরূপ বল ও ফল হইবেক ও তাহাতে সেরূপ ফল উৎপন্ন হইবেক। আর কমিস্যনরেরা উক্ত আইনানুসারে সরকারী কার্য্যের নিমিত্তে যে জমী প্রাপ্ত হন তদ্বিষয়ে তাঁহারদের যেরূপ ক্ষমতা আছে কি উত্তর কালে হইতে পারিবেক, এই আইনানুসারে খরীদকরা জমীর বিষয়েও তাঁহারদের সেই সকল ক্ষমতা থাকিবেক। কিন্তু এই আইনানুসারে কোন জমী খরীদ করিবার কি লইবার জন্যে উক্ত কমিস্যনরেরদের বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের কি লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমতি পাওয়া আবশ্যক হইবেক না ইতি।

[জরীমানার টাকা যে প্রকারে আদায় হইবেক।]

১৪ ধারা। এই আইনেতে যে স্থলে অন্যপ্রকার ও বিশেষমতে বিধান করা গিয়াছে তদ্ভিন্ন অন্য২ স্থলে, এই আইনানুসারে যে সকল দণ্ড ও জরীমানা হয়, ১৮৫২ সালের ১২ আইনের দণ্ড ও জরীমানার বিষয়ে সেই আইনে যে প্রকার নির্দ্দিষ্ট হইল সেইপ্রকারে তাহার হুকুম হইবেক ও তাহা আদায় হইবেক ও ঐ টাকা লইয়া সেই প্রকারের কার্য্য হইবেক। কেবল ঐ জরীমানার যে অংশ উক্ত কমিস্যনরদিগকে দেওয়া যাইবেক তাহা তাঁহারা প্রথমে এই আইনের অভিপ্রায়ের কার্য্যে খরচ করিবেন। আর ঐ শেষোক্ত আইনমতে যে কোন ব্যাপার কি কার্য্য করা যায় তদ্বিষয়ে কোন জুষ্টিস অফ দি পীস কি কলিকাতা নগর আরো উত্তম করণার্থ উক্ত কমিস্যনরেরদিগকে যে সকল শক্তি ও ক্ষমতা ঐ আইনক্রমে দেওয়া যায় তাহা এই আইনানুসারে করা কোন ব্যাপার কি বিষয়ের প্রতি খাটিবেক। কিন্তু যে২ স্থলে ঐ জুষ্টিসেরদের কি কমিস্যনরেরদের ক্ষমতার সীমা এই আইনমতে বিশেষরূপে নির্দ্দিষ্ট কি নিরূপণ হইয়াছে সেই২ স্থলে খাটিবেক না ইতি।

[আইনের অর্থ করণ।]

১৫ ধারা। এই আইনের মধ্যে নীচের লিখিত শব্দের ও কথার যে২ অর্থ এই ধারাতে করা গিয়াছে তাহার সেই২ অর্থ হইবেক। কেবল পদের মর্ম্মে কি পূর্ব্বাপর কথাতে যদি সেই অর্থ না খাটে তবে সেই অর্থ হইবেক না। অর্থাৎ এক বচনের শব্দের মধ্যে বহুবচনের শব্দও গণ্য হইবেক। পুংলিঙ্গবাচক শব্দেতে স্ত্রীরাও গণ্য হইবেক। "ব্যক্তি" এই শব্দেতে সমাজভুক্ত লোকও গণ্য হইবেক। "রাস্তা" এই শব্দেতে কোন সরকারী "ইমরুত" অর্থাৎ চৌক ও রাস্তা ও অঙ্গন ও সড়কীপথ ও ছোট পথ ও রাজপথ ও গলি ও বড় রাস্তা ও সকল লোকের গমনাগমনের পথ কি উক্ত নগরের মধ্যে অন্য কোন সরকারী স্থান গণ্য হইবেক। "ঘর" এই শব্দেতে কোন বাটী ও ঘর ও বসতবাটী কি বাস করিবার জন্যে যে কোন বাসাঘর ব্যবহার হয় তাহা গণ্য হইবেক। "উপগৃহ" এই শব্দেতে কোন উপগৃহ কি

any out-house, stable, stall, shed, godown or building not used for a dwelling place.

W. MORGAN,
Clerk of the Council.

NOTIFICATION.

Under Orders from the Secretary to the Government of Bengal, the publication of the new series of the Circular Orders of the Board of Revenue will be discontinued in this *Gazette*. The complete series will be published in a separate form.

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 27th April, 1855.

Baboo Chundee Churn Banerjea, to be Officiating Moonsiff of Ameergaon, Zillah Tipperah, during the deputation of the incumbent or until further orders.

LEAVE OF ABSENCE.

The 30th April, 1855.

Baboo Goluckchunder Rai, Moonsiff of Satkaneeah, Zillah Chittagong, for one week, on Medical Certificate.

C. T. BUCKLAND, *Register.*

রাজকর্ম্মে নিয়োগ।

৭৪৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ২৪ আপ্রিল।

নীচের লিখিত মহাশয়েরা যশোহর ও পাটনা মোকামে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইয়াছেন।

যশোহর।

শ্রীযুত বাবু আনন্দচন্দ্র বাঁড়ুয্যা।

শ্রীযুত বাবু রামনারায়ণ দমাদ্দার।

শ্রীযুত সি বি স্কিনর সাহেব। (Mr. C. B. Skinner,)

পাটনা।

শ্রীযুত এ বি পামর সাহেব। (Mr. A. V. Palmer,)

১৮৫৫ সাল ২৬ আপ্রিল।

শ্রীযুত ডবলিউ টেলর সাহেব (Mr. W. Tayler,) কিঞ্চিৎকালের নিমিত্তে পাটনা এলাকার রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত মৌলবী রুকনুদ্দীন খাঁ কিঞ্চিৎকালের নিমিত্তে শাহাবাদের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৫ সাল ৩১ আপ্রিল।

শ্রীযুত এচ এম রীড সাহেব (Mr. H. M. Reid,) দ্বিতীয় অর্থাৎ দক্ষিণ এলাকার জরীপী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্ম স্বহস্তে রাখিয়া পূর্ব্ব বর্দ্ধমানের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ইস্কাবল কি ঝুঁপড়ি কি চালা কি গুদাম কিম্বা বাস করিবার জন্যে যে ঘর ব্যবহার না হয় তাহা গণ্য হইবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের হুকুমক্রমে, বোর্ড রেবিনিউর সাহেবেরদের যে সরক্যুলর অর্ডর নূতন শ্রেণীমতে প্রস্তুত করা যাইতেছে তাহা এই গেজেটে ছাপা হইবেক না। সমুদয় সরক্যুলর স্বতন্ত্ররূপে ছাপা হইবেক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ২৭ আপ্রিল।

জিলা ত্রিপুরার আমীরগাঁয়ের মুনসেফ অন্য কর্ম্মে নিযুক্ত হওয়াতে তাঁহার অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত বাবু চণ্ডীচরণ বাঁড়ুয্যা ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৫ সাল ৩০ আপ্রিল।

জিলা চাটিগাঁয়ের সাতকানিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গোলোকচন্দ্র রায় চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

১৮৫৫ সাল ১ মে।

শ্রীযুত জি ডবলিউ বাটী সাহেব (Mr. G. W. Battye,) হিজলীর নিমকের এজেণ্ট হইবেন।

শ্রীযুত আর আবরক্রম্বি সাহেব(Mr. R. Abercrombie,) মুরশিদাবাদের কালেক্টর হইবেন।

শ্রীযুত আর এচ রসেল সাহেব (Mr. R. H. Russell,) মালদহের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন। কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত চাটিগাঁয়ের অতিরিক্ত জজের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত এচ নেলসন সাহেব (Mr. H. Nelson,) বগুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত এফ বি সিমসন সাহেব (Mr. F. B. Simson,) যশোহরের মাজিষ্ট্রেট হইবেন। কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত নওয়াখালীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত এচ সি রিচার্ডসন সাহেব (Mr. H. C. Richardson,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

বিজ্ঞাপন।

১৮৫৫ সাল ২০ আপ্রিল।

পাটনার ঔষধালয়ের এদেশীয় ডাক্তর শ্রীযুত রামেশ্বর অবস্থীকে সব-আসিষ্টাণ্ট চিকিৎসক এই উপাধি প্রদান হইয়াছে।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

OPIUM.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

আফিম।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৫ সাল তারিখ ১০ মে বৃহস্পতিবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৩। ৫৪ সালের পয়দায়শী আফিমের পঞ্চম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৪৪৪০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	৩০৪৫
বানারসের পয়দায়শী আফিম	১৩৯৫
জুমলা সিন্দুক	———
	৪৪৪০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫৪ সালের ৬ ডিসেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৫ সালের ১৫ এবং ২৫ মে এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমস্মুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব-ত্রেজরর সাহেবের দস্তখতী ত্রেজুরি রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী যাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৫ সালের ১৫ মে মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসি সববে কিস্মতের পুরা টাকার দরুণ কোন ত্রেজুরি রসিদ সন ১৮৫৫ সালের ২৫ মে শুক্রবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় ইম সন নীচের লিখিত মেকদার সন ১৮৫৩। ৫৪ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক। আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন ইতি।

					বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৫৫ সালের	১১	জুন	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	১০	জুলাই	মঙ্গলবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	১০	আগষ্ট	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	১০	সেপ্টেম্বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	১১	অক্টোবর	বৃহস্পতিবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	১২	নবেম্বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	১০	ডিসেম্বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৫০	১৪২৯	৪৪৭৯
					———	———	———
					২১৩২০	৯৭৯৯	৩১১১৯

বিমৌজির হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৫৫ সাল তারিখ ২৪ আপ্রিল।

এচ বি বেলি। একটিং ছোট সেক্রেটারী।

মাসকাবারী হিসাব মৌজুদ নমক মায় ৪ পরসেণ্ট গোলা শুক্তি বাবৎ লাগাদ ৩০ আপ্রিল সন ১৮৫৫ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলায়।

এজেন্সীর নাম।	সন ১২৫৬ সাল ইং- রাজি ১৮৪৯। ৫০ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪। ৫৫ সাল	মৌজুদ নমকের একুন।
হিজলী।							
পাঙ্গা নমক ঘাট রসুলপুর।	০	০	০	০	০	৩২,৯৬৯/	৩২,৯৬৯/
ঐ ঐ কৃষ্ণনগর।	০	০	০	০	২,১৪৪৸৬॥	২৮,৮৮৯/	৩১,০৩৩৸৬॥
ঐ ঐ রামনগর।	০	০	০	০	৩,৭০৯/	২৬,৬৮৯/	৩০,৩৯৮/
ঐ ঐ উত্তর কালীনগর।	০	০	০	০	০	৫৭,২০৩/	৫৭,২০৩/
ঐ ঐ পুরী ঘাটা	০	০	০	০	১৫,৮০৪/	১৬,৬৭৮/	৩২,৪৮২/
একুন।	০	০	০	০	২১,৬৫৭৸৬॥	১,৬৩,১২৮/	১,৮৪,৭৮৫৸৬॥
তমলুক।							
পাঙ্গা নমক ঘাট নারায়ণপুর।	০	০	০	০	৫,৮৯৮ ।৫ ।/	২,৯৫,৭৪২/	৩,০১,৬৪০ ।৫ ।/
একুন।	০	০	০	০	৫,৮৯৮ ।৫ ।/	২,৯৫,৭৪২/	৩,০১,৬৪০ ।৫ ।/
চট্টগ্রাম।							
পাঙ্গা নমক নেজামপুর ঘাট ডোমখালি।	০	০	০	০	০	০	০
ঐ আরাকিন ঐ	০	০	০	০	০	০	০
ঐ সদর ঘাট এজেন্সী।	০	০	০	০	০	০	০
ঐ ঐ আরাকিন।	০	০	০	০	০	২৸৫	২৸৫
একুন।	০	০	০	০	০	২৸৫	২৸৫

[Government Gazette, 8th May, 1855.]

	সন ১২৫৬ সাল ইং- রাজি ১৮৪৯। ৫০ সাল এবং পূর্ব্ব সনহায়ের।	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪। ৫৫ সাল	মৌজুদ নমকের একুন।
শালিখা।							
পাঙ্গা নমক কুটক।	৭৩৯।০	০	০	০	৩০৭/	১,২২৭/	২,২৭৩।০
ঐ ঐ বালেশ্বর।	০	০	০	০	১৩,০২০/	০	১৩,০২০/
ঐ ঐ খোরদা।	০	০	০	০	৩,১৮৭/	০	৩,১৮৭/
ঐ ঐ চিলকা।	০	০	০	৮৮৪/	২,২০৯/	০	৩,০৯৩/
ঐ হিজলী পুরীঘাটা।	০	০	০	০	০	০	০
ঐ ঐ রসুলপুর।	০	০	০	০	০	০	০
ঐ ২৪ পরগনা নারায়ণপুর নমক।	৩,৪২,৩২১৸২	০	০	০	০	০	৩,৪২,৩২১৸২
ঐ ০ ঐ ডাইমন হারবর।	৭৫,০৩৫/	০	০	০	০	০	৭৫,০৩৫/
ঐ সাগর।	০	০	০	০	০	০	০
মান্দ্রাজ পরমিট নেমক।	০	০	০	০	০	২,৫৯,৮৭৮/	২,৫৯,৮৭৮/
চিলকা করকচ।	০	০	০	০	৯৫,৫৬৩/	০	৯৫,৫৬৩/
একুন।	৪,১৮,০৯৬/২	০	০	৮৮৪/	১,১৪,২৮৬/	২,৬১,১০৫/	৭,৯৪,৩৭১/২
আরাকিন।							
পাঙ্গা ঘাট কৈকফু।	০	০	০	০	৪,১৪৬৸৭০	০	৪,১৪৬৸৭
একুন।	০	০	০	০	৪,১৪৬৸৭	০	৪,১৪৬৸৭
মোট একুন।	৪,১৮,০৯৬/২	০	০	৮৮৪/	১,৪৫,৯৮৯/৮৸/	৭,১৯,৯৭৭৸৫	১২,৮৪,৯৪৭/৫৸/

এচ বি বেলি। একটিং ছোট সেক্রেটারী।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা ভুলুয়া।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা ভুলুয়ার নীচের লিখিত মহাল মালগুজারির বাকীর বাবদ গত ২৩ মার্চ নীলাম হইয়াছিল খরিদদার বাকী পণের টাকা না দেওয়াতে পুনঃ সন ১৮৫৫ সনের ২১ মেই মোতাবেক বাঙ্গলা সন ১২৬২ সনের ৮ জ্যৈষ্ঠ রোজ সোমবার ঐ জিলার কালেক্টরি কাছারিতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৫৫ তাং ২৫ আপ্রিল।

প্রথম শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

২৫৬ নং হুজুরি মহাল পং কাঞ্চনপুর তালুক তনুল্যা লিখিত মালিক মাহামুদ কামীল ও ফজলদ্দী ও কছীমদ্দী সদর জমা ২০৮১০

F. B. Simson, *Offg. Deputy Collector.*

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of GEORGE CANNING JERDAN, an Insolvent.

NOTICE is hereby given, that Saturday, the 5th day of May next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 26th day of June, 1853, until the 1st day of February last has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the Hearing.

Official Assignee's Office, Calcutta, 30th April, 1855.

যোত্রহীন জর্জ কেনিং জারডন সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এই বিষয়ের শুননি আগামি মে মাসের ৫ তারিখ শনিবারে পুনশ্চ হইবেক আর ১৮৫৫ সালের ২৬ জুন তারিখঅবধি গত ফেব্রুআরি মাসের ১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এই বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইস্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনিবার দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনির দফ্তরখানা। কলিকাতা ১৮৫৫ সাল ৩০ আপ্রিল।

The like notice in the matter of CHARLES BLISSETT MELVILLE JACOBS, an Insolvent, wherein the Account of the Assignee is filed from the 11th day of May, 1852, to the 1st day of February last.

যোত্রহীন চার্লস ব্লিসেট মেলবিল জেকবস সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে ১৮৫২ সালের ১১ মে তারিখঅবধি গত ফেব্রুআরি মাসের ১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of GOBERDHONE MULLICK, an Insolvent, wherein the Account of the Assignee is filed from the 13th day of March, 1849, to the 1st day of February last.

যোত্রহীন গোবর্দ্ধন মল্লিকের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে ১৮৪৯ সালের ১৩ মার্চ তারিখঅবধি গত ফেব্রুআরি মাসের ১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের হিসাব দাখিল করা গিয়াছে।

In the matter of HURRINARAIN DAY, an Insolvent.

On Saturday, the 14th day of April instant, upon an application of the Assignee in this matter, It was ordered, that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 6,277-11-11 and Co.'s Paper for Sa. Rs. 90,000 (Ninety Thousand) in his hands pay a dividend at the rate of Co.'s Rs. 50 per Cent. (which will amount to the sum of Co.'s Rs. 46,500) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 30th April, 1855.

যোত্রহীন হরিনারায়ণ দের বিষয়।

আসৈনি সাহেব বর্দ্ধমান আপ্রিল মাসের ১৪ তারিখ শনিবারে প্রার্থনা করিলে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমাতে সাবুদ হইবামাত্রে তাঁহার হাতে কোম্পানির যে ৬২৭৭৷৷৶১১ এবং সিক্কা ৯০০০০৲ নব্বই হাজার টাকার কোম্পানির কাগজ আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শতকরা ৫০৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৪৬,৫০০৲ কোম্পানি টাকা দন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনির দফ্তরখানা। কলিকাতা ১৮৫৫ সাল ৩০ আপ্রিল।

In the matter of FRANCIS BAILEY, and others, Insolvents.

On Saturday, the 14th day of April last, upon an application of the Assignee in this matter, It was ordered, that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 1,86,832-0-0 in his hands, pay a dividend at the rate of Co.'s Rs. Two and Four Annas per Cent. (which will amount to the sum of Co.'s

Rs. 1,67,536-7-5) upon the several claims admitted on the Schedule of the said Insolvents so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 2d May, 1855.

যোত্রহীন ফ্রানসিস বেলি সাহেব ও অন্যেরদের বিষয়ে।

আসৈনি সাহেব গত আপ্রিল মাসের ১৪ তারিখ শনিবারে প্রার্থনা করিলে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফলীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমাতে সাবুদ হইবামাত্রে তাঁহার হাতে কোম্পানির যে ১,৮৬,৮৩২৲ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শতকর ২৲ টাকা ।০ আনার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্বসুদ্ধ ১,৬৭,৫৩৬ ।৶৫ কো৲ টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনির দপ্তরখানা। কলিকাতা ১৮৫৫ সাল ২ মে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ৮ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

PUBLIC LIBRARY

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 15, 1855.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৫ সাল ১৫ মে।

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL.

THE 14TH APRIL, 1855.

THE following Bill was read a second time in the Legislative Council on the 14th April, 1855, and was referred to a Select Committee who are to report thereon after the 18th of July next:—

A Bill for the better prevention of offences against the public tranquillity, and to amend the Law regarding the taking of Bonds for keeping the peace.

[Preamble.]

WHEREAS it is expedient to make provision for the better prevention of offences against the public tranquillity, and whereas diverse laws have been made from time to time regarding the taking of Bonds for keeping the peace in the Presidencies of Fort William in Bengal, Fort St. George and Bombay, and it is expedient to make the law on this subject uniform; It is enacted as follows:—

[What to be deemed a riotous assembly of persons. Every member of such an assembly to be deemed guilty of the offence of rioting.]

I. When five or more persons assemble together under circumstances which may reasonably excite apprehension that it is the object of such assembly to overawe any public servant in the exercise of his lawful powers, or to resist the execution of any law, or of any legal process, or to commit any assault or mischief, or trespass, or to put any person in fear of hurt or assault, or unlawfully to take forcible possession of any property, the assembly shall be deemed a riotous assembly, and every member of it shall be deemed guilty of the offence of rioting.

আইনের মুসাবিদা।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৫ সাল ১৪ আপ্রিল।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৫ সালের ১৪ আপ্রিল তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। আগামি জুলাই মাসের ১৮ তারিখে তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

সাধারণ লোকেরদের শান্তির বিঘ্নজনক অপরাধ আরো উত্তমরূপে নিবারণের, ও শান্তিরক্ষার জন্যে মুচলকা লওনের বিষয়ি আইন সংশোধনের আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

যেহেতুক সাধারণ লোকেরদের শান্তির বিঘ্নজনক অপরাধ আরো উত্তমরূপে নিবারণ করিবার বিধান করা বিহিত হইয়াছে, এবং যেহেতুক বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম, ও ফোর্ট সেণ্ট জর্জ অর্থাৎ মান্দ্রাজ, ও বোম্বাই রাজধানীর মধ্যে, শান্তিরক্ষার জন্যে মুচলকা লওনের বিষয়ি নানা আইন সময়ে২ করা গিয়াছে, ও তদ্বিষয়ের আইন একিপ্রকার করা বিহিত হইয়াছে, অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[লোকের যেরূপ জমায়ত দাঙ্গার জন্যে জমায়ত জ্ঞান হইবেক। সেইরূপে জমাহওয়া প্রত্যেক ব্যক্তি দাঙ্গা করিবার অপরাধের দোষী জ্ঞান হইবেক।]

১ ধারা। যখন পাঁচ কি ততোধিক লোক জমায়ত হয়, ও তাব গতিক বুঝিয়া এই সন্দেহ উচিতমতে হইতে পারে যে, সরকারী কোন কার্য্যকারকের আইনানুযায়ি ক্ষমতামতে কার্য্য করণ কালে তাঁহাকে ভয় দেখাইয়া বারণ করা, কিম্বা কোন আইনমতে কার্য্য হইবার কি আইনমতের কোন পরওয়ানা জারী হইবার বাধা করা, কিম্বা কোন চড়াউ কি অপচয় করা, কি অন্যায়মতে কোন স্থানে প্রবেশ করা, কিম্বা কোন ব্যক্তিকে আঘাত করিবার কি তাহার উপর চড়াউ হইবার ভয় জন্মাওন, কিম্বা বেআইনীমতে কোন সম্পত্তি বলপূর্ব্বক দখল করা, ঐ জমায়ত হওয়ার অভিপ্রায় আছে, তখন ঐ জমায়ত দাঙ্গার জন্যে জমায়ত জ্ঞান হইবেক, ও ঐ জমায়ত লোকেরদের প্রত্যেক ব্যক্তি দাঙ্গা করণ অপরাধের দোষী জ্ঞান হইবেক ইতি।

[Penalty for the offence of rioting.]

II. Whoever commits the offence of rioting shall be punishable with fine, which may amount to two hundred rupees.

[Penalty for the offence of rioting by persons armed.]

III. Whoever commits the offence of rioting, being armed with any weapon for shooting, cutting or stabbing, or with any thing which, used as a weapon of offence, is likely to cause death, shall be punishable with imprisonment, with or without hard labour, which may extend to one year, or with fine, or with both.

[Penalty for continuing in a riotous assembly after it has been commanded to disperse.]

IV. Whoever joins or continues in any such riotous assembly after it has been commanded, in the manner prescribed in Section XII. of this Act, to disperse, shall be punishable with imprisonment, with or without hard labour, for a term which may extend to one year, or with fine, or with both.

[Penalty for the like offence by persons armed.]

V. Whoever commits the offence described in the last preceding Section, being armed with any weapon for shooting, cutting or stabbing, or with any thing which, used as a weapon of offence, is likely to cause death, shall be punishable with imprisonment, with or without hard labour, for a term which may extend to two years, or with fine, or with both.

[Penalty for instigating the commission of riot, in case such offence be afterwards committed.]

VI. Whoever directly, or by the agency of another, instigates any person to commit the offence of rioting, shall, if the offence be committed by that person, be punishable with fine not exceeding two hundred rupees.

[Penalty for the like offence, if the rioter be armed.]

VII. Whoever directly, or by the agency of another, instigates any person to commit the offence of rioting, shall, if that person commit the offence being armed with any weapon used for shooting, cutting or stabbing, or with any thing which, used as a weapon of offence, is likely to cause death, be punishable with imprisonment, with or without hard labour, for one year, or with fine, or with both.

[Penalty for collecting a riotous assembly.]

VIII. Whoever directly, or through the agency of another, collects a riotous assembly, shall be punishable with fine not exceeding one thousand rupees.

[Penalty for collecting a riotous assembly of persons armed.]

IX. Whoever directly, or through the agency of another, collects a riotous assembly composed of persons armed with any weapon for shooting,

[দাঙ্গা করণ অপরাধের দণ্ড।]

২ ধারা। যে কেহ দাঙ্গা করণ অপরাধ করে তাহার জরীমানা হইতে পারে। সেই জরীমানা দুই শত টাকা-পর্য্যন্ত হইতে পারে ইতি।

[হেতিয়ারবন্দ লোকেরদের দাঙ্গা করণ অপরাধের দণ্ড।]

৩ ধারা। যে কেহ গুলি করিবার কি কাটিবার কি খোঁচা মারিবার কোন হেতিয়ারবন্দ হইয়া, কিম্বা আঘাত করিবার হেতিয়ারের মত যে কোন বস্তুর ব্যবহার হইলে মৃত্যু ঘটিতে পারে, এমত কোন বস্তুধারী হইয়া, দাঙ্গা করণ অপরাধ করে, সেই ব্যক্তির কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদের দণ্ড হইতে পারিবেক, সেই দণ্ড এক বৎসর-পর্য্যন্ত হইতে পারে। কিম্বা তাহার জরীমানা হইতে পারিবেক, কি ঐ উভয় দণ্ড হইতে পারিবেক ইতি।

[দাঙ্গার জন্যে জমায়ত লোকের পৃথক্২ হইয়া যাইবার আজ্ঞা হইলে পর, জমায়তের মধ্যে থাকনের দণ্ড।]

৪ ধারা। সেই প্রকারের দাঙ্গার জন্যে জমায়ত লোকদিগকে এই আইনের ১২ ধারার নির্দ্দিষ্টমতে পৃথক্২ হইয়া যাইবার আজ্ঞা হইলে পর, যে কেহ ঐ জমায়তের মধ্যে আইসে কি থাকে, সেই ব্যক্তির কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইবার দণ্ড হইতে পারিবেক। সেই দণ্ডের মিয়াদ এক বৎসরপর্য্যন্ত হইতে পারে। কিম্বা তাহার জরীমানা, কি ঐ উভয় দণ্ড হইতে পারিবেক ইতি।

[হেতিয়ারবন্দ লোকেরদের সেইরূপ অপরাধের দণ্ড।]

৫ ধারা। যে কেহ গুলি করিবার কি কাটিবার কি খোঁচা মারিবার কোন হেতিয়ারবন্দ হইয়া, কিম্বা আঘাত করিবার হেতিয়ারের মত যে কোন বস্তুর ব্যবহার হইলে মৃত্যু ঘটিতে পারে এমত বস্তুধারী হইয়া, পূর্ব্বোক্ত ৪ ধারার নির্দ্দিষ্ট অপরাধ করে, সে ব্যক্তির কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইবার দণ্ড হইতে পারিবেক, আর ঐ দণ্ডের মিয়াদ দুই বৎসরপর্য্যন্ত হইতে পারে, কিম্বা জরীমানা, কি ঐ উভয় দণ্ড হইতে পারিবেক ইতি।

[যদি দাঙ্গা হয় তবে ঐ দাঙ্গা করিবার প্রবৃত্তি দেওনের দণ্ড।]

৬ ধারা। যদি কেহ আপনি কিম্বা অন্যের দ্বারা কোন ব্যক্তিকে দাঙ্গা করণ অপরাধ করিতে প্রবৃত্তি দেয়, তবে সে ব্যক্তি সেই অপরাধ করিলে, প্রবর্ত্তক ব্যক্তির দুই শত টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক ইতি।

[দাঙ্গাকরণিরা যদি হেতিয়ারবন্দ হয় তবে সেই অপরাধের দণ্ড।]

৭ ধারা। যদি কেহ আপনি কিম্বা অন্যের দ্বারা কোন ব্যক্তিকে দাঙ্গা করণ অপরাধ করিতে প্রবৃত্তি দেয়, তবে সে ব্যক্তি গুলি করিবার কি কাটিবার কি খোঁচা মারিবার কোন হেতিয়ারবন্দ হইয়া, কিম্বা আঘাত করিবার হেতিয়ারের মত যে কোন বস্তুর ব্যবহার হইলে মৃত্যু ঘটিতে পারে এমত বস্ত লইয়া, ঐ অপরাধ করিলে, ঐ প্রবর্ত্তক ব্যক্তির পরিশ্রমসহিত কি তাহা বিনা এক বৎসরপর্য্যন্ত কয়েদ হইবার দণ্ড হইতে পারিবেক, কিম্বা জরীমানা, কি ঐ উভয় দণ্ড হইতে পারিবেক ইতি।

[দাঙ্গার জন্যে লোক জমায়ত করণের দণ্ড।]

৮ ধারা। যে কেহ আপনি কিম্বা অন্যের দ্বারা দাঙ্গার জন্যে লোক জমায়ত করে তাহার এক সহস্র টাকার অধিক না হয় এমত জরীমানা হইতে পারিবেক ইতি।

[দাঙ্গার জন্যে হেতিয়ারবন্দ লোক জমায়ত করিবার দণ্ড।]

৯ ধারা। যে কেহ আপনি কিম্বা অন্যের দ্বারা গুলি করিবার কি কাটিবার কি খোঁচা মারিবার কোন হেতিয়ার-বন্দ, কিম্বা আঘাত করিবার হেতিয়ারের মত যে কোন বস্তুর

cutting or stabbing, or with any thing which, used as a weapon of offence, is likely to cause death, shall be punishable with imprisonment, with or without hard labour, for a term which may extend to one year, or with fine, or with both.

[Penalty on owner, &c. of the land where a riotous assembly takes place, if he does not prove notice thereof forthwith given to the Police, and that he used all the means in his power to prevent such assembly.]

X. Whenever a riotous assembly takes place on the land or premises of any zemindar, talookdar, planter, farmer, or other owner or occupier of land or premises, such zemindar, talookdar, planter, farmer, or other owner or occupier shall be punishable with fine not exceeding one thousand rupees, unless he shall prove that he or his agents or servants gave the earliest possible notice to the Police of the fact of such assembly taking place, and used all the means in his or their power to prevent such assembly taking place.

[When a breach of the peace is committed by a riotous assembly acting on behalf of an owner, &c., of land, such owner shall be liable to fine, unless it appears—That, after due precaution taken, he had no reason to believe that such assembly would take place. Or that notice was forthwith given to the Police, and that all means to prevent such assembly were used.]

XI. Whenever a breach of the peace is any where committed by a riotous assembly, if such assembly has acted on behalf, or in the interest of any person being an owner or occupier of land as aforesaid, such person shall be punishable with fine, unless he can satisfy the Court either that, after all proper precautions had been taken, he and his agents had no reason to believe that such an assembly was likely to take place; or that he or his agents or servants gave the earliest possible notice to the Police of the fact of such assembly taking place, or being about to take place, and used all the means in his or their power to prevent such assembly taking place.

[Magistrate, &c., to disperse riotous assembly, and for that purpose may command the aid of all persons present, and of the owner, &c., of the land.]

XII. When a riotous assembly takes place, the Magistrate or the Head of the Police, or the Chief Police Officer of the nearest Police Station, shall go to the spot, and shall command the persons assembled immediately to disperse. If the persons assembled do not immediately disperse, the Magistrate or other Officer shall arrest them; and for that purpose may command the aid of all persons present, and of the zemindar, talookdar, planter, farmer, or other owner or occupier of the land or premises on which the assembly may take place,

ব্যবহার হইলে মৃত্যু ঘটিতে পারে এমত বস্ত্রধারি লোকদিগকে দাঙ্গার জন্যে জমায়ত করে সে ব্যক্তি কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক, ঐ দণ্ডের মিয়াদ এক বৎসরপর্য্যন্ত হইতে পারে, কিম্বা তাহার জরীমানা, কি ঐ উভয় দণ্ড হইতে পারিবেক ইতি।

[দাঙ্গার জন্যে জমায়ত যে জমীদারপ্রভৃতির ভূমিতে হয় তিনি যদি এই প্রমাণ করিতে না পারেন যে ঐ জমায়তের সম্বাদ তৎক্ষণেই পোলীসকে দেওয়া গিয়াছিল ও সেই জমায়ত না হইবার জন্যে তিনি সাধ্যমতে উদ্যোগ করিয়াছিলেন তবে তাঁহার দণ্ড।]

১০ ধারা। যখন দাঙ্গার জন্যে জমায়ত কোন জমীদারের, কি তালুকদারের, কি নীলপ্রভৃতির চাষকরণিয়ার, কি ইজারদারের, কিম্বা জমীর কি বাড়ীর অন্য স্বামির কি দখীলকারের জমীতে কি বাড়ীতে হয় তবে ঐ জমীদারের কি তালুকদারের কি নীলপ্রভৃতি চাষকরণিয়ার কি ইজারদারের কি অন্য স্বামির কি দখীলকারের এক সহস্র টাকার অধিক না হয় এমত জরীমানা হইতে পারিবেক। কিন্তু যদি তিনি প্রমাণ করিতে পারেন যে আপনি কি তাঁহার গোমাস্তারা কি চাকরেরা ঐ জমায়ত হইবার সম্বাদ যথাসাধ্য শীঘ্র পোলীসকে দিয়াছিল, ও সেইরূপ জমায়ত না হইবার জন্যে আপনার কি তাহারদের সাধ্যমতে সকল উদ্যোগ করিয়াছিল, তবে তাঁহার সেই জরীমানা হইবেক না ইতি।

[যখন ভূমির স্বামিপ্রভৃতির তরফে দাঙ্গার জন্যে জমায়ত লোকেরা দাঙ্গাফসাদ করে তখন ঐ স্বামির জরীমানা হইতে পারিবেক। কিন্তু যদি দুষ্ট হয় যে ঐ স্বামী উপযুক্ত উপায় করিয়া জ্ঞান করিলেন যে ঐ জমায়ত হইবেক না, অথবা তাহার সম্বাদ তৎক্ষণাৎ পোলীসকে দেওয়া গিয়াছিল, ও সেই প্রকার জমায়ত না হইবার জন্যে সাধ্যমতে উদ্যোগ হইয়াছিল, তবে জরীমানার যোগ্য হইবেন না।]

১১ ধারা। যখন দাঙ্গার জন্যে জমায়তের দ্বারা কোন স্থানে দাঙ্গাফসাদ হয়, তখন যদি ঐ জমায়ত লোকেরা পূর্ব্বোক্তমতে ভূমির স্বামির কি দখীলকার কোন ব্যক্তির তরফ, কি সম্পর্কযুক্ত হইয়া কর্ম্ম করিয়াছে, তবে ঐ স্বামী কি দখীলকার জরীমানার যোগ্য হইবেন। কিন্তু যদি তিনি আদালতের এমত বোধ জন্মাইতে পারেন যে, ঐ জমায়ত নিবারণের উচিত সকল উপায় করিলে পর ঐ প্রকার জমায়ত হইবার সম্ভাবনা নাই, তাঁহার ও তাঁহার গোমাস্তারদের এইরূপ জ্ঞান করিবার হেতু ছিল, অথবা ঐ জমায়ত হইয়াছে কি হইবেক এমত সম্বাদ তিনি কি তাঁহার গোমাস্তারা কি চাকরেরা পোলীসকে যথাসাধ্য শীঘ্র দিয়াছিলেন, ও সেইরূপ জমায়ত না হইবার জন্যে আপনার কি তাহারদের সাধ্যমতে সকল উদ্যোগ করিয়াছিলেন, তবে তাঁহার ঐ জরীমানা হইবেক না ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবপ্রভৃতি দাঙ্গার জন্যে জমায়ত লোকদিগকে ছিন্নভিন্ন করিয়া দিতে পারেন, এবং সেই অভিপ্রায়ে বর্ত্তমান সকল লোক ও ভূমির স্বামিপ্রভৃতিকে সাহায্য করিবার আজ্ঞা দিতে পারেন।]

১২ ধারা। যখন দাঙ্গার জন্যে জমায়ত হয় তখন মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পোলীসের প্রধান কার্য্যকারক কিম্বা পোলীসের অতিনিকট আড্ডাতে পোলীসের যে প্রধান কর্ম্মকারক থাকেন তিনি সরেজমীনে গিয়া ঐ জমায়ত লোকদিগকে তৎক্ষণাৎ পৃথক্২ হইয়া যাইতে হুকুম করিবেন। যদি সেই জমায়ত লোকেরা তৎক্ষণাৎ পৃথক্২ হইয়া না যায়, তবে মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক তাহারদিগকে গ্রেফ্তার করিবেন। সেই কার্য্যের জন্যে তিনি বর্ত্তমান সকল লোককে এবং যাঁহার জমীতে কি বাড়ীতে সেই লোক জমায়ত হয় সেই জমীদারকে কি তালুকদারকে কি নীলকরপ্রভৃতিকে কি ইজারদারকে কি

and of the agents and servants of such owner or occupier.

[Penalty for disobedience to command of Magistrate, &c.]

XIII. Whoever being commanded in the manner prescribed in the last preceding Section to aid the Magistrate or Police Officer, neglects, without lawful excuse, to obey such command, shall be punishable with a fine not exceeding two hundred rupees.

[Magistrate may tender conditional pardon.]

XIV. Magistrates are empowered to tender pardon to persons supposed to be guilty of rioting, on condition of their giving evidence as to the circumstances of the riot, and the persons actually engaged therein or accessary thereto.

[Jurisdiction. Proviso.—Limit of Magistrate's jurisdiction. Magistrate may commit certain prisoners for trial by Session Judge.]

XV. All persons, whether British subjects or not, who shall be guilty of any offence under the preceding Sections of this Act, shall be punishable, upon conviction, by any Magistrate or Session Judge within whose local jurisdiction the offence is committed. Provided that it shall not be lawful for a Magistrate to impose any fine under this Act exceeding five hundred rupees, or to imprison an offender under this Act for a term exceeding six months. In any case in which the Magistrate considers these penalties insufficient for the offence, he may commit the prisoner for trial before the Session Judge.

[Magistrate empowered in certain cases to summon persons to show cause why they should not be bound, with or without sureties, to keep the peace.]

XVI. It shall be lawful for a Magistrate, whenever he shall receive credible information that any person, whether a British subject or not, is likely to commit a breach of the peace, or to do any act that may probably occasion a breach of the peace, to summon such person to attend at his office on a certain day to show cause why he should not be required to enter into a bond to keep the peace, with or without sureties as the Magistrate shall think fit.

[Form of summons.]

XVII. The summons shall set forth the substance of the information, the amount of the bond, and the term for which it is to be in force, and, if security is called for, the number of sureties required, and the amount in which they are to be bound respectively.

[Penalty of Bond.]

XVIII. The penalty of such bond, which shall be in the form annexed to this Act, or to the like effect, shall be fixed with a due regard to the circumstances of the case and the means of the party; and the amount in which the sureties shall be bound shall not exceed the said penalty.

অন্য স্বামি কি দখীলকারকে এবং সেই স্বামি কি দখীলকারের গোমাস্তারদিগকে কি চাকরেরদিগকে সাহায্য করিতে আজ্ঞা দিতে পারেন ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবপ্রভৃতির আজ্ঞা না মানিবার দণ্ড।]

১৩ ধারা। যে কেহ উক্ত ১২ ধারার নির্দ্দিষ্টমতে মাজিষ্ট্রেট সাহেবের কি পোলীসের কার্য্যকারকের সাহায্য করিবার আজ্ঞা পাইয়া, ন্যায্য ওজর বিনা ঐ আজ্ঞামতে কর্ম্ম করিতে ত্রুটি করে, সে ব্যক্তির দুই শত টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক ইতি।

[মাজিষ্ট্রেট সাহেব নিয়মমতে ক্ষমার প্রস্তাব করিতে পারিবেন।]

১৪ ধারা। যাহারা দাঙ্গাকরণের অপরাধী জানা হয় তাহারদের নিকটে মাজিষ্ট্রেট সাহেবেরা এই প্রস্তাব করিতে পারিবেন যে দাঙ্গাকরণের বেওরা ও যে২ ব্যক্তিরা তাহাতে নিতান্ত লিপ্ত কিম্বা তদ্বিষয়ে সহকারী আছে তাহারদের বিষয়ে সাক্ষ্য দিলে ক্ষমা পাইবা ইতি।

[এলাকা। বর্জ্জিত বিধান। মাজিষ্ট্রেট সাহেবের এলাকার সীমানা। মাজিষ্ট্রেট সাহেব কোন২ আসামীরদিগকে সেশন জজ সাহেবের দ্বারা বিচার হইবার নিমিত্তে সোপর্দ্দ করিতে পারেন।]

১৫ ধারা। ব্রিটনীয় প্রজা হউক বা না হউক যে সকল ব্যক্তি এই আইনের পূর্ব্ব২ ধারাক্রমে কোন অপরাধের দোষী হয়, তাহারদের দোষ সাব্যস্ত হইলে, যে কোন মাজিষ্ট্রেট সাহেব কি সেশন জজ সাহেবের এলাকার সীমার মধ্যে ঐ অপরাধ করা গিয়াছে তিনি তাহারদের দণ্ড করিতে পারিবেন। পরন্তু মাজিষ্ট্রেট সাহেব এই আইনানুসারে পাঁচ শত টাকার অধিক জরীমানা করিতে পারিবেন না, কিম্বা এই আইনানুসারে কোন অপরাধিকে ছয় মাসের অধিক মিয়াদে কয়েদ করিতে পারিবেন না। যে২ স্থলে মাজিষ্ট্রেট সাহেব অপরাধ বুঝিয়া ঐ২ দণ্ড লঘু জ্ঞান করেন, সেই২ স্থলে তিনি অপরাধিকে সেশন জজ সাহেবের নিকটে বিচার হইবার নিমিত্তে সোপর্দ্দ করিতে পারিবেন ইতি।

[মাজিষ্ট্রেট সাহেব কোন২ স্থলে জামিন লইয়া কিম্বা না লইয়া শান্তিরক্ষার জন্যে মুচলকা লইতে হইবেক না ইহার কারণ দর্শাইতে লোককে তলব করিতে পারেন।]

১৬ ধারা। যখন মাজিষ্ট্রেট সাহেব বিশ্বাসযোগ্য এইরূপ সম্বাদ পান যে, ব্রিটনীয় প্রজা হউক বা না হউক, কোন ব্যক্তির দাঙ্গাফসাদ করার, কিম্বা যাহাতে দাঙ্গাফসাদ হয় এমত কোন কর্ম্ম করার সম্ভাবনা, তখন মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে জামিন দিয়া কিম্বা না দিয়া ঐ ব্যক্তিকে মুচলকা লিখিয়া দিতে আজ্ঞা না হয় ইহার কারণ দর্শাইবার নিমিত্তে তিনি তাহাকে কোন নির্দ্দিষ্ট দিনে আপন কাছারীতে তলব করিতে পারিবেন ইতি।

[তলবচিঠীর পাঠ।]

১৭ ধারা। যে সম্বাদ পাওয়া গিয়াছে তাহার মর্ম্ম, ও যত টাকার মুচলকা লিখিয়া দিতে হইবেক তাহা, ও সেই মুচলকা যত কাল প্রবল থাকিবেক তাহা, আর যদি জামিনী তলব হয় তবে যত জনের জামিনীর আজ্ঞা হইবেক, ও প্রত্যেক জন যত টাকার তাইনে বদ্ধ হইবেক, এই সকল কথা ঐ তলবচিঠীর মধ্যে লেখা থাকিবেক ইতি।

[মুচলকাসম্পর্কীয় জরীমানা।]

১৮ ধারা। ঐ মুচলকা এই আইনের শেষভাগের লিখিত পাঠানুসারে কিম্বা সেই মর্ম্মেতে লেখা যাইবেক। আর যত টাকার মুচলকা লইতে হইবেক তাহা মোকদ্দমার বেওরা ও আসামীর সঙ্গতি বুঝিয়া নিরূপণ হইবেক। আর জামিনেরা যত টাকার তাইনে বদ্ধ হইবেক তাহা ঐ জরীমানার অধিক হইবেক না ইতি।

[If person summoned does not attend, Magistrate may issue warrant for his arrest. When Magistrate may issue warrant in the first instance.]

XIX. If the person summoned shall not attend on the day appointed, the Magistrate, upon proof that the summons has been served by delivery thereof to him, or by leaving it at his usual place of abode, may issue a warrant for his arrest. Provided always, that, whenever it shall appear to a Magistrate, upon the report of a Police Officer, or upon other credible information to be given on oath, the substance of which report or information shall be recorded, that there is just reason to fear the commission of a breach of the peace, which may probably be prevented by the immediate arrest of any person, it shall be lawful for the Magistrate at any time to issue a warrant for the arrest of such person.

[Personal attendance of person informed against may, if Magistrate sees good cause, be dispensed with.]

XX. A Magistrate may, if he sees sufficient cause, dispense with the personal attendance of the party informed against, and permit him to appear and enter into the required bond, or show cause against such requisition by an agent duly authorized for such purpose.

[Proceedings upon appearance of person summoned, &c.]

XXI. If the person appearing upon summons in person or by an authorized agent, or brought before a Magistrate under a warrant, controvert the information against him, the Magistrate shall proceed to try the case.

[Person informed against to be discharged if no cause shown.]

XXII. If the Magistrate shall not be satisfied that there is occasion to bind the party informed against to keep the peace, he shall discharge him.

[Magistrate empowered to take bond, &c. Penalty for non-compliance with Magistrate's order.]

XXIII. If the Magistrate shall be satisfied that it is necessary for the preservation of the peace to take a bond from such party with or without security, he shall make an order accordingly, and if the party shall fail to comply with the order, it shall be lawful for the Magistrate to commit him to Jail.

[Time mentioned in bond, &c., not to exceed one year.]

XXIV. The period for which a Magistrate may bind a person to keep the peace, with or without security, shall not exceed one year, and when a person shall be committed to Jail under the last preceding Section, he shall not be detained in confinement by authority of the Magistrate beyond the term of one year, and shall be released when-

[*Government Gazette*, 15*th May*, 1855.]

[যদি কোন ব্যক্তি তলব হইলে হাজির না হয় তবে মাজিষ্ট্রেট সাহেব তাহার উপর গ্রেফ্তারী পরওয়ানা জারী করিতে পারিবেন। মাজিষ্ট্রেট সাহেব যে স্থলে প্রথমেই পরওয়ানা জারী করিতে পারেন।]

১৯ ধারা। যে ব্যক্তিকে তলব করা যায় সে যদি নিরূপিত দিনে উপস্থিত না হয়, তবে ঐ তলবচিঠী তাহাকে দেওয়াতে কিম্বা তাহার নিত্য বাসস্থানে রাখাতে তাহার উপর জারী হইয়াছে এমত প্রমাণ হইলে, মাজিষ্ট্রেট সাহেব তাহাকে গ্রেফ্তার করিবার পরওয়ানা জারী করিতে পারিবেন। পরন্তু সর্ব্বদা জানা কর্ত্তব্য যে, যখন মাজিষ্ট্রেট সাহেব পোলীসের আমলার রিপোর্টক্রমে কিম্বা বিশ্বাসযোগ্য অন্য যে কোন সম্বাদ শপথপূর্ব্বক দেওয়া যায় তৎক্রমে বোধ করেন যে দাঙ্গা হইবার আশঙ্কা আছে, কিন্তু কোন ব্যক্তিকে তৎক্ষণাৎ গ্রেফ্তার করিলে ঐ দাঙ্গার নিবারণ হইতে পারিবেক, তখন মাজিষ্ট্রেট সাহেব কোন সময়ে ঐ ব্যক্তিকে গ্রেফ্তার করিবার পরওয়ানা জারী করিতে পারিবেন। কিন্তু উক্ত রিপোর্ট কি সম্বাদের মর্ম্ম লিখিয়া রাখিতে হইবেক ইতি।

[যাহার বিরুদ্ধে সম্বাদ দেওয়া যায় মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত কারণ দেখিলে তাহার হাজির হওয়া ক্ষমা করিতে পারেন।

২০ ধারা। যদি মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত কারণ দেখেন, তবে যে ব্যক্তির বিরুদ্ধে সম্বাদ দেওয়া গিয়াছে তাহার নিজের হাজির হওয়া ক্ষমা করিয়া, ঐ কর্ম্মের নিমিত্তে মোখ্তারকে উপযুক্ত ক্ষমতা দিয়া তাহার দ্বারা তাহাকে হাজিরী দিতে ও হুকুমমতের মুচলকা লিখিয়া দিতে কিম্বা সেইরূপ হুকুম না হওয়ার কারণ দর্শাইতে অনুমতি দিতে পারিবেন ইতি।

[যে ব্যক্তিকে তলব করা যায় সে হাজির হইলে যে কার্য্য করা যাইবেক।]

২১ ধারা। যদি কোন ব্যক্তি তলবচিঠী পাইয়া আপনি কিম্বা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত মোখ্তারের দ্বারা হাজির হয়, কিম্বা যদি তাহাকে পরওয়ানাক্রমে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত করা যায় ও তাহার বিরুদ্ধে যে সম্বাদ দেওয়া গিয়াছিল তাহা যদি সে কবুল না করে, তবে মাজিষ্ট্রেট সাহেব মোকদ্দমার বিচার করিবেন ইতি।

[যাহার বিরুদ্ধে সম্বাদ দেওয়া যায়, প্রয়োজন দর্শান না গেলে সে খালাস পাইতে পারে।]

২২ ধারা। যাহার বিরুদ্ধে সম্বাদ দেওয়া যায় তাহার স্থানে শান্তিরক্ষার জন্যে মুচলকা লইবার প্রয়োজন আছে এই বিষয় যদি মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধ না হয় তবে তিনি তাহাকে খালাস করিবেন ইতি।

[মাজিষ্ট্রেট সাহেব মুচলকাপ্রভৃতি লইতে পারেন। মাজিষ্ট্রেট সাহেবের হুকুমমতে কার্য্য না করিবার দণ্ড।]

২৩ ধারা। যদি মাজিষ্ট্রেট সাহেব হৃদ্বোধমতে জানেন যে শান্তিরক্ষার জন্যে সেই ব্যক্তির স্থানে জামিনসমেত কি জামিনবিনা মুচলকা লওয়া আবশ্যক, তবে তিনি তদনুসারে আজ্ঞা করিবেন। আর যদি সেই ব্যক্তি ঐ আজ্ঞামতে কর্ম্ম না করে, তবে মাজিষ্ট্রেট সাহেব তাহাকে জেলখানায় রাখিতে পারিবেন ইতি।

[মুচলকার লিখিত মিয়াদ এক বৎসরের অধিক হইবেক না।

২৪ ধারা। মাজিষ্ট্রেট সাহেব কোন ব্যক্তির স্থানে জামিনসমেত কি জামিন বিনা যে মিয়াদপর্য্যন্ত শান্তিরক্ষার মুচলকা লইতে পারেন তাহা এক বৎসরের অধিক হইবেক না। আর যদি উক্ত ২৩ ধারাক্রমে কোন ব্যক্তিকে জেলখানায় দেওয়া যায় তবে সে ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতানুসারে এক বৎসরের অধিক কাল কয়েদ থাকি-

ever he shall comply with the order within that term.

[Extension of time by Session Judge.]

XXV. Provided that, whenever it shall appear to a Magistrate that it is necessary for the preservation of the peace to bind a person beyond a term of one year, he may, before the expiration of the first year, record his opinion to that effect, and the grounds thereof, and may refer the case for the orders of the Session Judge, who, after examining the proceedings of the Magistrate, and making any further inquiry that he may think necessary, may, if he shall see cause, authorize the Magistrate to extend the term for a further period not exceeding one year; and if the party shall fail to give a bond, with security if required, for his keeping the peace for such further period as the Magistrate shall direct under the orders of the Session Judge, he may be kept in confinement for such further period, or until he shall give such bond within that period.

[Magistrate may discharge Bond and release prisoner.]

XXVI. A Magistrate may, if he shall see sufficient cause, discharge any bonds and securities for keeping the peace taken under this Act, and may order the release of persons confined for default in entering into such bonds or giving such securities.

[Discharge of sureties on rendering up principal.]

XXVII. Sureties for the peace shall at all times be discharged from further responsibility, on delivering up to the proper Magistrate or Police Officer the persons for whom they have become responsible.

[Procedure to enforce penalty of bond.]

XXVIII. Whenever it may be proved before the Magistrate that any such bond has been forfeited, he shall proceed to enforce the penalty of the bond by the attachment and sale of any of the property of the party bound thereby in the mode prescribed for the attachment and sale of property in satisfaction of decrees of the Civil Court; and if the penalty be not paid, and cannot be recovered by such attachment and sale, the party shall be liable to confinement, by order of the Magistrate, in the Civil Jail of the Station, during a period not exceeding six months.

[Procedure against surety.]

XXIX. Whenever it may be proved before the Magistrate that any such bond has been forfeited, if security shall have been taken, the Magistrate, at his discretion, may give notice to the sufety or sureties to pay the penalty to which they have thereby become liable, or to show cause why it should not be paid; and if no sufficient cause be shown, the Magistrate may proceed to recover the penalty from such surety or sureties in the same manner as from the principal party.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ১৫ মে।]

বেক না। আর ঐ কালের মধ্যে যে কোন সময়ে ঐ হুকুমমতে কার্য্য করে সেই সময়েই মুক্ত হইবেক ইতি।

[সেশন জজ সাহেব মিয়াদ বৃদ্ধি করিতে পারিবেন।]

২৫ ধারা। পরন্তু যদি মাজিষ্ট্রেট সাহেব বোধ করেন যে শান্তিরক্ষার জন্যে কোন ব্যক্তির স্থানে এক বৎসরের অধিক কালের মুচলকা লওয়া আবশ্যক, তবে তিনি প্রথম বৎসর অতীত হওনের পূর্ব্বে, আপনার সেই মর্ম্মের মত ও তাহার হেতু লিখিয়া, সেশন জজ সাহেবের হুকুম পাইবার জন্যে ঐ বিষয় তাঁহার নিকটে অর্পণ করিতে পারিবেন। তিনি মাজিষ্ট্রেট সাহেবের কারবারী দৃষ্টি করিলে পর, ও অধিক যে সন্ধান করা আবশ্যক জ্ঞান করেন তাহা করিলে পর, যদি কারণ দেখেন, তবে আর এক বৎসরের অধিক না হয় এমত কালপর্য্যন্ত মিয়াদ বৃদ্ধি করিতে মাজিষ্ট্রেট সাহেবকে ক্ষমতা দিতে পারিবেন। আর সেশন জজ সাহেবের হুকুমক্রমে মাজিষ্ট্রেট সাহেব অধিক যে মিয়াদের হুকুম করেন সেই মিয়াদপর্য্যন্ত যদি আসামী শান্তিরক্ষার মুচলকা না দেয়, ও হুকুম হইলে ঐ মুচলকার সহিত জামিন না দেয়, তবে তাহাকে সেই অধিক মিয়াদপর্য্যন্ত কি ঐ মিয়াদের মধ্যে যেপর্য্যন্ত মুচলকা না দেয় সেইপর্য্যন্ত কয়েদ রাখা যাইতে পারিবেক ইতি।

[মাজিষ্ট্রেট সাহেব মুচলকা রহিত করিয়া কয়েদীকে খালাস করিতে পারেন।]

২৬ ধারা। মাজিষ্ট্রেট সাহেব যদি উপযুক্ত কারণ বুঝেন, তবে এই আইনানুসারে শান্তিরক্ষার জন্যে যে কোন মুচলকা ও জামিন লওয়া যায় তাহা রহিত করিতে পারিবেন, আর যাহারা সেই মুচলকা লিখিয়া না দেওয়া কি সেই জামিন না দেওয়াপ্রযুক্ত কয়েদ হয় তাহারদিগকে মুক্ত করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[আসল ব্যক্তিকে অর্পণ করিলে জামিনেরদের মুক্ত হওন।]

২৭ ধারা। শান্তিরক্ষার নিমিত্তে জামিনেরা যে ব্যক্তিরদের জন্যে দায়ী হইয়া থাকে তাহারদিগকে উপযুক্ত মাজিষ্ট্রেট সাহেবের কি পোলীসের কার্য্যকারকের নিকটে অর্পণ করিয়া দিলে ঐ জামিনেরা সর্ব্বদাই দায়হইতে মুক্ত হইবেক ইতি।

[মুচলকার টাকা আদায়ের কার্য্য।]

২৮ ধারা। যখন সেইরূপ কোন মুচলকার অমান্য হইবার প্রমাণ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে করা যায় তখন দেওয়ানী আদালতের ডিক্রী জারীক্রমে সম্পত্তি ক্রোক ও নীলাম করিবার যে নিয়ম নির্দ্দিষ্ট হইয়াছে সেই নিয়মানুসারে তিনি, যে ব্যক্তি ঐ মুচলকাতে বদ্ধ ছিল তাহার কোন সম্পত্তি ক্রোক ও নীলাম করিয়া ঐ মুচলকার লিখিত জরীমানা আদায় করিবেন। আর যদি মুচলকার লিখিত জরীমানা না দেওয়া যায় ও সেইপ্রকার ক্রোক ও নীলামের দ্বারা সেই টাকা আদায় হইতে না পারে তবে সেই ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবের হুকুমমতে ছয় মাসের অনধিক মিয়াদে ঐ স্থানের দেওয়ানী জেলখানায় কয়েদ হইবার যোগ্য হইবেক ইতি।

[জামিনের বিরুদ্ধ কার্য্য।]

২৯ ধারা। যখন সেইরূপ কোন মুচলকা অমান্য হইবার প্রমাণ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে করা যায়, তখন যদি জামিন লওয়া গিয়াছিল তবে ঐ মুচলকা অমান্য করাপ্রযুক্ত ঐ জামিন কি জামিনেরা যে জরীমানা দিবার যোগ্য হইয়াছে সেই জরীমানার টাকা মাজিষ্ট্রেট সাহেব তাহাকে কি তাহারদিগকে দিতে কিম্বা তাহা না দিবার কারণ দর্শাইতে এত্তেলা দিবেন। আর যদি উপযুক্ত কারণ দর্শান না যায় তবে মাজিষ্ট্রেট সাহেব আসল ব্যক্তির স্থানে যে প্রকারে জরীমানার টাকা আদায় করিতে পারেন সেই প্রকারে ঐ জামিন কি জামিনেরদের স্থানে ঐ টাকা আদায় করিবার কার্য্য করিতে পারিবেন ইতি।

[Appeal.]

XXX. All sentences and orders passed under this Act shall be appealable, subject to the general provisions which regulate appeals.

[Construction of Act.]

XXXI. In the construction of this Act, the word "Magistrate" shall include a Joint Magistrate and any person lawfully exercising the powers of a Magistrate.

[Act and Regulations repealed.]

XXXII. Regulation VII. 1833 of the Bombay Code, except so far as it restricts the provisions of Section XIII. Regulation XIV. 1827; Section II. Regulation III. 1831 of the Madras Code; and Section XXIX. Regulation XII. 1827 of the Bombay Code; Act V. 1848, except so far as it repeals Section IV. Regulation IV. 1825 of the Bengal Code; Section V. Regulation VI. 1827 of the Madras Code; and Sections XVI., XXIV., XXV., XXVI., XXVII., Clause 3 Section XLIII., and Clause 4 Section XLV. Regulation XII. 1827 of the Bombay Code, in so far as they are inconsistent with the provisions of this Act, are repealed.

Form of Bond to keep the peace.

Whereas I inhabitant of have been called upon to enter into a Bond to keep the peace for the term of I hereby bind myself not to commit any act that can occasion a breach of the peace, during the said term; and in case of my making default therein, I bind myself to forfeit to Government the sum of Rupees

Dated

Form of Security to be subjoined to the Bond of the Principal.

I hereby declare myself surety for the above said that he shall not commit any act that can occasion a breach of the peace, during the said term; and in case of his making default therein, I hereby bind myself to forfeit to Government the sum of Rupees

Dated

W. Morgan,
Clerk of the Council.

[আপীল।]

৩০ ধারা। যে২ সাধারণ বিধানানুসারে আপীল হয়, সেই বিধানানুসারে এই আইনমতেও যে সকল দণ্ডাজ্ঞা ও হুকুম করা যায় তাহার উপর আপীল হইতে পারিবেক ইতি।

[আইনের অর্থ করণ।]

৩১ ধারা। এই আইনের অর্থ করণেতে "মাজিষ্ট্রেট" এই শব্দেতে জাইণ্ট মাজিষ্ট্রেট ও মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে যে কোন ব্যক্তি আইনমতে কার্য্য করেন তাঁহাকেও বুঝায় ইতি।

[যে২ আক্ট ও আইন রদ হয়।]

৩২ ধারা। বোম্বাই দেশের চলিত ১৮৩৩ সালের ৭ আইন রদ হইল কিন্তু তাহার যে অংশেতে ১৮২৭ সালের ১৪ আইনের ১৩ ধারার বিধানের সীমা নিরূপণ হইয়াছে সেই অংশ রদ হইল না। এবং মান্দ্রাজ দেশের চলিত ১৮৩১ সালের ৩আইনের ২ ধারা, ও বোম্বাই দেশের চলিত ১৮২৭সালের ১২আইনের ২৯ ধারা, ও বাঙ্গলা দেশের চলিত ১৮৪৮ সালের ৫ আইন রদ হইল, কিন্তু ঐ ৫আইনের যে অংশেতে ১৮২৫ সালের ৪ আইনের ৪ ধারা রদ হয় তাহা রদ হইল না। এবং মান্দ্রাজ দেশের চলিত ১৮২৭ সালের ৬ আইনের ৫ ধারা, এবং বোম্বাই দেশের চলিত ১৮২৭ সালের ১২ আইনের ১৬ ও ২৪ ও ২৫ ও ২৬ ও ২৭ ধারা এবং ৪৩ ধারার ৩ প্রকরণ ও ৪৫ ধারার ৪ প্রকরণ যেপর্য্যন্ত এই আইনের বিধানেতে অসঙ্গত হয় সেইপর্য্যন্ত রদ হইল ইতি।

শান্তিরক্ষার জন্যে মুচলকার পাঠ।

লিখিতং শ্রী অমুক সাকিন অমুক কস্য মুচলকাপত্রমিদং কার্য্যঞ্চাগে। যেহেতুক আমার প্রতি এত মিয়াদপর্য্যন্ত দাঙ্গা না করিবার জন্যে মুচলকা লিখিয়া দিতে হুকুম হইয়াছে এই কারণ আমি একরার করিতেছি ও লিখিয়া দিতেছি যে উক্ত মিয়াদপর্য্যন্ত আমি কোন বিরুদ্ধ কর্ম্ম করিব না। যদি করি তবে আমি এত টাকা জরীমানা সরকারে দাখিল করিব। এতদর্থে মুচলকা লিখিয়া দিলাম ইতি। সন তারিখ।

আসল ব্যক্তির মুচলকার নীচে যে জামিনীপত্র লিখিতে হইবেক তাহার পাঠ।

লিখিতং শ্রী অমুক সাকিন অমুক কস্য ফেয়ালজামিনীপত্রমিদং কার্য্যঞ্চাগে। আমি উক্ত অমুক আসামীর ফেয়ালজামিন হইয়া একরার করিতেছি যে উক্ত মিয়াদপর্য্যন্ত আসামীহইতে কোন বিরুদ্ধ কর্ম্ম হইবেক না। ও যদি আসামী এমত কর্ম্ম করে তবে আমি এত টাকা জরীমানা সরকারে দাখিল করিব। এতদর্থে ফেয়ালজামিনীপত্র লিখিয়া দিলাম ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

John Robinson, *Bengalee Translator.*

EDUCATION NOTICE.

The next meeting of the Committee appointed for the examination of Candidates for promotion and employment in the Education Department will be held at the Presidency College on the 21st, 22nd and 23rd instant.

Particulars as to the nature and extent of the examination, the number of vacancies in the Department, &c. &c., may be obtained on application

[*Government Gazette, 15th May*, 1855.]

বিদ্যাধ্যাপনের।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে পদাকাঙ্ক্ষিরদিগকে উচ্চ পদপ্রদান করণার্থে ও পদে নিযুক্ত করণার্থে তাঁহারদের পরীক্ষা লওনের জন্যে যে কমিটি নিযুক্ত হইয়াছেন তাঁহারদের আগামি বৈঠক বর্ত্তমান মাসের ২১। ২২। ২৩ তারিখে রাজধানীর কালেজে হইবেক।

পরীক্ষা যে প্রকারে হইবেক ও যে২ বিষয়ের হইবেক ও ডিপার্টমেণ্টে যে২ পদ শূন্য আছে ইত্যাদি সম্বাদ যে কেহ পাইতে চাহেন তিনি সদর ষ্ট্রীটে মাজেস লেনে সর্ব্ব সাধারণের বিদ্যাধ্যাপনের শ্রীযুত ডৈরেক্টর

at the Office of the Director of Public Instruction, Madge's Lane, Sudder Street.

W. Gordon Young,
Director of Public Instruction.

May 7th, 1855.

NOTICE.

Fort William, 4th May, 1855.

With reference to the Notice issued by the Lieutenant Governor of Bengal, under date the 21st March last, and published in the *Gazette* of the 24th and 28th Idem, regarding the introduction of Act No. XXVI. of 1850 into "the Towns "of Rogoonauthgunge and Jungypore, with their "respective Suburbs, for the purposes of making "better provision for making, repairing, cleansing, "lighting and watching the public streets, roads, "drains and tanks, and for otherwise improving "the said Towns and Suburbs," Notice is hereby given, that the time allowed in the notice aforesaid, to enable the Inhabitants of the Towns of Rogoonauthgunge and Jungypore, which are situated within the Aurungabad Sub-Division to declare themselves for, or against, the adoption of Act No. XXVI. of 1850 in those Towns, has been extended to the 10th Proximo; and all the Inhabitants of the said Towns are hereby informed, that such of them as are minded to declare themselves for, or against, the adoption of Act No. XXVI. of 1850, in the Towns of Rogoonauthgunge and Jungypore, with their respective Suburbs, for the purposes abovementioned, or any of them, may declare themselves accordingly before the Honourable A. Eden, the Civil Officer in charge of the Aurungabad Sub-Division, at any time during the usual Office hours, on or before the 10th Proximo.

W. Grey,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 7th May, 1855.

Ahmud Alee, (who has obtained a Diploma) to officiate as Moonsiff of Latoo, Zillah Sylhet.

LEAVES OF ABSENCE.

The 4th May, 1855.

Moulvie Abdool Rouf, Moonsiff of Raojan, Zillah Chittagong, for one week, on Medical Certificate.

The 7th May, 1855.

Baboo Noruttum Mullick, Moonsiff of Narainguge, Zillah Dacca, for fifteen days, on Medical Certificate.

Baboo Srikunt Sing, Moonsiff of Latoo, Zillah Sylhet, for four months, on Medical Certificate.

C. T. Buckland, *Register.*

[গবর্ণমেণ্ট গেজট। ১৮৫৫। ১৫ মে।]

সাহেবের দপ্তরখানায় দরখাস্ত করিলে অবগত হইতে পারিবেন।

ডবলিউ গর্ডন ইয়ং।
সাধারণের বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর।
১৮৫৫ সাল ৭ মে।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম।

১৮৫৫ সাল ৪ মে।

রঘুনাথগঞ্জ ও জঙ্গীপুর নগরের ও শহরতলীর সরকারী রাস্তা ও পথ ও নরদমা ও পুষ্করিণী করণ ও মেরামৎ করণ ও পরিষ্কার করণ ও আলো ও চৌকী দেওনের নিমিত্তে আরো উত্তম বিধান করণের অভিপ্রায়ে, এবং ঐ২ নগর ও শহরতলী অন্যান্য প্রকারে আরো উত্তম করণের অভিপ্রায়ে, ঐ২ নগর ও শহরতলীর মধ্যে ১৮৫০ সালের ২৬ আইন চলন হইবার বিষয়ে বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর সাহেবের গত মার্চ মাসের ২১ তারিখের জারীকরা যে বিজ্ঞাপন ঐ মাসের ২৪ ও ২৮ তারিখের গেজেটে প্রকাশ হইয়াছিল, তদুপলক্ষে ইহার দ্বারা সয়াদ দেওয়া যাইতেছে যে, আওরঙ্গাবাদ এলাকাখণ্ডের অন্তঃপাতি উক্ত রঘুনাথগঞ্জ ও জঙ্গীপুরনগরের মধ্যে ১৮৫০ সালের ২৬ আইন চলন হইবার বিষয়ে ঐ২ নগরনিবাসি লোকেরদের সম্মতি কি অসম্মতি প্রকাশ করিবার যে কাল পূর্ব্বোক্ত বিজ্ঞাপনে দেওয়া গিয়াছিল তাহা আগামি মাসের ১০ তারিখপর্য্যন্ত বৃদ্ধি হইয়াছে। আর উক্ত নগরনিবাসি সমস্ত লোককে ইহার দ্বারা জ্ঞাপন করা যাইতেছে যে পূর্ব্বোক্ত সকল কি কোন অভিপ্রায়ে উক্ত রঘুনাথগঞ্জ ও জঙ্গীপুর নগরের ও ঐ২ নগরের শহরতলীর মধ্যে ১৮৫০ সালের ২৬ আইন চলন হইবার বিষয়ে তাঁহারদের যে কেহ আপনার সম্মতি বা অসম্মতি প্রকাশ করিতে চাহেন তাঁহারা আগামি মাসের ১০ তারিখে কি তাহার পূর্ব্বে, কাছারী খোলা থাকিবার কোন সময়ে, আপনারদের মত আওরঙ্গাবাদ এলাকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত দেওয়ানী কার্য্যকারক শ্রীযুত অনরবিল এ ইডন সাহেবের নিকটে জ্ঞাপন করিতে পারিবেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ৭ মে।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত আহমদ আলি জিলা ছিলটের লাটুর মুনসেফী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৫ সাল ৪ মে।

জিলা চাটিগাঁয়ের রাওজানের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল রৌফ চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৫ সাল ৭ মে।

জিলা ঢাকার নারায়ণগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু নরোত্তম মল্লিক চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের দিনের ছুটী পাইয়াছেন।

জিলা ছিলটের লাটুর মুনসেফ শ্রীযুত বাবু শ্রীকণ্ঠ সিংহ চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি মাসের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৭৪৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৫৫ সাল ৩০ আপ্রিল।

পূর্ব্ব বর্দ্ধমানের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত টি হেষ্টিংস সাহেবকে (Mr. T. Hastings,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল ঐ মাসের ২৮ তারিখঅবধি রহিত হইয়াছে। সেই তারিখে তিনি আপন কর্ম্ম স্থানে পুনরায় পঁহুছিলেন।

ঠগী নিবারণার্থ সাধারণ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট ও বেহার মোকামের তৈনাতী সিপাহীরদের অধ্যক্ষ শ্রীযুত মেজর এচ এম নেশ্যন সাহেবকে (Major H. M. Nation,) গত ফেব্রুআরি মাসের ২১ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ২০ তারিখঅবধি রহিত হইয়াছে। ঐ তারিখে তিনি আপন কর্ম্মস্থানে পুনরায় পঁহুছিলেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৭৭৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ২৮ আপ্রিল।

শ্রীযুত পাদরি ই ষ্টরো সাহেব (Reverend E. Storrow,) কলিকাতা নগরে বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৫৫ সাল ৩০ আপ্রিল।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু উদয়চাঁদ দত্ত তমলুকে চিকিৎসকতা কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৫ সাল ২ মে।

জিলা বারাসতের দ্বিতীয় শ্রেণীর পোলীসের দারোগা শ্রীযুত বাবু দুর্গাচরণ চক্রবর্ত্তী প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৫ সাল ৩০ আপ্রিল।

বেহার জিলায় তেহতা স্থানে আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত জি ডবলিউ ব্রৌন সাহেব (Mr. G. W. Brown,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৫ সাল ২ মে।

আরাকানের কমিস্যনর সাহেবের রামড়িতে নিযুক্ত প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান সি শার্প সাহেব (Captain C. Sharp,) আপন কর্ম্মের ভার ছোট আসিষ্টাণ্ট শ্রীযুত এচ ডবলিউ বেডি সাহেবের (Mr. H. W. Beddy,) প্রতি অর্পণ করিয়া যে সেনাপতি সাহেবেরা সিবিলের কর্ম্ম করিতেছেন তাঁহারদের বিষয়ি বিধির অনুসারে এক মাসের ছুটী পাইয়াছেন। শ্রীযুত কাপ্তান শার্প সাহেবের অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত বেডি সাহেব প্রধান আসিষ্টাণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৫৫ সাল ২৫ আপ্রিল।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডবলিউ জে পামর সাহেব (Assistant Surgeon W. J. Palmer,) মিলিটারি ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৫৫ সাল ২ মে।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ই জাক্সন সাহেব (Mr. E. Jackson,) নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমন করিবার অনুমতি পাইয়াছেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারি।

---

৮০৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ২৪ আপ্রিল।

শ্রীযুত এচ সি মেটকাফ সাহেব (Mr. H. C. Metcalfe,) বিশেষ কর্ম্মোপলক্ষে যত দিন ঢাকায় থাকেন তত দিন ঐ স্থানের অতিরিক্ত জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

সরকারী কর্ম্মোপলক্ষে শ্রীযুত মেটকাফ সাহেবের (Mr. Metcalfe,) অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত ই এফ রাডক্লিফ সাহেব (Mr. E. F. Radcliffe,) কিঞ্চিৎ কাল ত্রিপুরার সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত বাবু দ্বারকানাথ রায় বিশেষ কর্ম্মোপলক্ষে যত কাল ঢাকায় থাকেন তত কাল ঐ স্থানের অতিরিক্ত প্রধান সদর আমীনের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

সরকারী কর্ম্মোপলক্ষে শ্রীযুত বাবু দ্বারকানাথ রায়ের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত মৌলবী নাএমউদ্দীন মহম্মদ কিঞ্চিৎ কাল ত্রিপুরার প্রধান সদর আমীনের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৫ সাল ২৫ আপ্রিল।

সরকারী কর্ম্মোপলক্ষে শ্রীযুত মৌলবী নাএম উদ্দীনের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত মৌলবী আলী নেওয়াজ কিঞ্চিৎ কাল ঢাকার সদর আমীনের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৫ সাল ৩০ আপ্রিল।

শ্রীযুত এফ বি ড্রমণ্ড সাহেব (Mr. F. B. Drummond,) শাহাবাদ জিলাতে দলীল দস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৫৫ সাল ৪ মে।

নীচের লিখিত মহাশয়েরা রঙ্গপুরের দাতব্য ঔষধালয়ের কার্য্য নির্ব্বাহক কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত জি ইউ ইউল সাহেব। (Mr. G. U. Yule,)

শ্রীযুত বাবু নরসিংহ মজুমদার।

শ্রীযুত বাবু কাশীচন্দ্র চৌধুরী।

১৮৫৫ সাল ৭ মে।

সরকারী কর্ম্মোপলক্ষে শ্রীযুত ডলিউ টেলর সাহেবের (Mr. W. Tayler,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এডুার্ড লাটুর সাহেব (Mr. Edward Lautour,) শাহাবাদের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৫ সাল ৩ মে।

আক্যাবে আরাকানের কমিস্যনর সাহেবের দ্বিতীয় প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ টি লা সাহেব (Mr. W. T. Law,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৫ সাল ৪ মে।

সারণের একটিং কালেক্টর শ্রীযুত সি ডি রসেল সাহেব (Mr. C. D. Russell,) গত মাসের ৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৫ সাল ৭ মে।

বড়পেটা এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত আসামের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টাণ্ট শ্রীযুত এচ ড্রাইবর সাহেব (Mr. H. Driver,) গত ফেব্রুআরি মাসের ৭ তা-

রিখে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৮২৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ১১ মে।

শ্রীযুত জে আর্ ওয়ার্ড সাহেব (Mr. J. R. Ward,) ডাকাইতী নিবারণার্থ কমিস্যনর হইবেন।

শ্রীযুত্ জে এম্ লৌইস সাহেব (Mr. J. M. Lowis,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

উক্ত দুই নিয়োগ বর্ত্তমান মাসের ৫ তারিখঅবধি চলন হইবেক।

ছুটী।

১৮৫৫ সাল ১০ মে।

বেহারের আফীনের সাবেক একটিৎ এজেণ্ট শ্রীযুত জে আর লফনন সাহেব (Mr. J. R. Loughnan,) গত জানুআরি মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত আগামি মাসের ১৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বেহার জিলায় তেহতার আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত জি ডবলিউ ব্রৌন সাহেব (Mr. G. W. Brown,) বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি যে জাহাজে সমুদ্রে গমন করিবে সেই জাহাজের প্রস্থান না করিবার তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৫ সাল ১১ মে।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ই জাকসন সাহেব (Mr. E. Jackson,) বর্ত্তমান মাসের ৫ তারিখে "হিন্দুস্থান" নামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

মঙ্গলপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এচ এস পর্টর সাহেব (Mr. H. S. Porter,) বর্ত্তমান মাসের ৫ তারিখে "হিন্দুস্থান" নামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্তিহার।

ADVERTISEMENT OF THE SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

Notice is hereby given, that the Pottahs of the undermentioned Government Grants, situated in the limits of the Soonderbuns, 24-Pergunnahs, will be put up for Public Sale at noon, on Friday, the 25th May, 1855, corresponding with 12th Joisto, 1262, B. S.

2d. The highest bidder will be entitled to them, and must immediately pay to the Commissioner of the Soonderbuns, the full amount of his purchase money, if sanctioned by the higher authorities, otherwise the money will be refunded to the party without interest, then the Pottah will be drawn up in his name, and made over to him with the confirmation of the Board of Revenue, L. P., and he will become the Grantee of the said Grant, under the condition prescribed in the Pottah.

3d. It is further notified, that the intending purchasers who may wish to see the map of the Lots, and desire to obtain any particulars connected with it, and its present state, can learn the same by attending, either personally or through their Agent, at the Office of the Commissioner at Allipore. These conditions and particulars will be proclaimed at the time of Sale.

	Estimated Beegahs.
Lieut. Hodge's No.	
Lot No. 48, ...	12,000
Ditto 49, ...	19 000

OOMAKANTH SEIN, *Commissioner.*

Soonderbuns Commissioner's Office, Allipore, the 8th May, 1855.

সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানার ইস্তাহার।

ইহার দ্বারা সৎবাদ দেওয়া যাইতেছে যে সুন্দরবনের মধ্যে কাপ্তান হাজিস সাহেব সরবিয়রের নক্শাভুক্ত নিম্ন লিখিত লাটহায়ের সাবেক পাট্টা বাজেয়াপ্ত হইবায় ঐ লাটহায়ে আলিপুর মোকামে সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানায় বর্ত্তমান বর্ষের ২৯ মে মোতাবেক বাঙ্গলা সন ১২৬২ সালের ১২ জ্যৈষ্ঠ শুক্রবার বেলা দ্বিতীয় প্রহরের সময়ে নীলাম হইবেক যে অতিউচ্চ মুল্য ডাকে তিনি তাহাই পাইবেন আর তৎক্ষণাৎ খরিদের সমুদয় টাকা কমিস্যনরকে দিতে হইবেক পরে পাট্টা তাহার নামে প্রস্তুত করিয়া বোর্ড রিবিনিউর মঞ্জুরিমতে তাহাকে দেওয়া যাইবেক পরন্তু খরিদার মজকুর পাট্টার নির্দ্দিষ্ট নিয়মানুসারে ভূমিতে দখলিকার হইয়া রাজস্ব আদায় করিবেক আরো সৎবাদ দেওয়া যাইতেছে যে খরিদ করণাকাংক্ষিত যে কেহ ঐ লাটহায়ের নক্শা দেখিতে চাহেন তিনি স্বয়ৎ কিম্বা মোক্তারতন কমিস্যনরের দফ্তরখানায় যাইয়া দেখিতে পারেন অপর নীলামের বিশেষ বেওরা নীলামের সময়ে প্রকাশ করা যাইবেক পরন্তু এই নীলাম বোর্ডে মঞ্জুর না হয় তবে খরিদার পনের টাকা বিনা সুদে ফেরত পাইবেক ইতি সন ১২৬২ সাল তারিখ ৮ মেই মোতাবেক সন ১২৬২ সাল তারিখ ২৬ বৈশাখ।

লাট	জঙ্গলজমী আন্দাজি
জেলা চব্বিশপরগনার স্বাধীন কাপ্তান হাজিস সাহেবের নক্শার লিখিত।	
৪৮ নং	১২০০০৲
ঐ নক্শার লিখিত	
৪৯ নং	১৯০০০৲

জিলা বালেশ্বর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে জেলা বালেশ্বরের নীচের লিখিত মহালাত মালগুজারীর বাকী বাবত ইঙ্গরাজী সন ১৮৫৫ সাল ২৮ মে মোতাবক উড়িয়া সন ১২৬২ সাল ১৬ জ্যৈষ্ঠ রোজ সোমবার ঐ জেলার কালেক্টরীর কাছারীতে বিনাওজর নীলামে ধরা যাইবেক সন ১৮৫৫। ৫ মে মোং সন ১২৬২ সাল ২৪ বৈশাখ।

তৃতীয় শ্রেণী মহাল মেয়াদি বন্দোবস্ত।

১৬৬। ৩১২। মৌং রাঘবপুর পঃ আয়াষ জমীদারী দামোদর মহাপাত্র ও গোপীনাথ মাইতি ও নীলকণ্ঠ মাইতি ও শিবনারায়ণ দাস নাবালক মহাফেজ সুলোচনা দাসী সদর জমা ২৭২৷৷/৪

মুস্তাজরি মহালের জামীনীনামা।

পঃ কোবদাচোর মৌং সাউডিহা ১/
মৌং সোণারুই ৮।১০।৩।

৯।১০।৩। জমী বহালি লাখরাজ সীতারাম জানা জামিনদার।

ঐ মৌং ছড়া ২।৭।১৪
মৌং সোণারুই ১।১৫।১১
মৌং চামারডিহা ৩।২।১৫

৭।১।৮ জমীর মধ্যে
বাহালি ৪।১।৯। বাজেয়াপ্তি ২।২৪।১৫ সদর জমা ৸৹
লাখরাজদার শিব সতপতি জামীনদার

V. H. Schalch, *Offg. Collector.*

জিলা কটক।

জেলা কটক তারিখ ৫ মে সন ১৮৫৫ সাল।

এতদ্বারা কাছারি কালেক্টরি মধ্যম প্রদেশ জেলা কটক সমস্ত লোকদিগের জ্ঞাত কারণ সংবাদ দেওয়া যাইতেছে যে ইঙ্গরেজী সন ১৮৪৫ সাল প্রথম আইনের ৬ ধারানুসারে কটক জেলার নীচের লিখিত মহালসকল লাগাএত কিস্তি মাহ জানওয়ারি সন ১৮৫০ সাল মোতাবক সন ১২৬২ সাল আট পণি বাকি সরকারের পাওনা আদায়ে কারণ সন ১৮৫৫ সাল মেই মাহার ২৫ তারিখ মোতাবক সন ১২৬২ সাল জ্যৈষ্ঠ মাহার ১৪ তারিখ শুক্রবার দিবসে এ জেলার কালেক্টরি কাছারিতে নীলামে বিক্রয় হইবেক। ৩০ তারিখ মাহ আপরেল সন ১৮৫৫ সাল।

দ্বিতীয় শ্রেণী মেয়াদী বন্দোবস্ত জমা ধার্য্যহওয়া মহাল।

নং ১১৯৯ তৌজি হজুরি মাহাল পঃ হরিহরপুর মৌজে দেচসর দেউলি লিখিত মালিক কপিলদাস ও শম্ভুদাস ও রামফল ভগত সদর জমা মঃ ১৯৫।১০ পাই।

নং ১২৯৩ তৌজি হজুরি মাহাল পঃ খণ্ডি মৌজে ডেগাঁওগেরহ লিখিত মালিক অচ্যুত মাহাপাত্র ও হরিবন্ধু মাহাপাত্র ও লক্ষ্মণদাস ও হরিনারায়ণ চক্রবর্ত্তী ও শম্ভুনাথ চক্রবর্ত্তী ও পরস্তরাম পরিড়া হিস্যা কিসমত ৷৷/১৭।২৫।— বিঘার সরিকদারসকল বেবাক বাকী জের বাঁটওয়ারা সুরত দাখিল করাতে তাহাদিগের হিস্যা বাদে গোপীনাথ পণ্ডিত ও শম্ভুদাস ও অন্তদাস ও রামতনু রায় ও রামফল ভগত বাকীদারসকল আপন২ হিস্যার বাকী দাখিল না করাতে তাহাদিগের কিঃ ।/২৸৬৷৷/ বিঘা নীলাম হইবেক কিন্তু দোরোবস্ত মাহালের সদর জমা মঃ ১৮৬৫ ৷/ ৪ পাই

তারিখ সন সদর।

R. P. Harrison, *Collector.*

জিলা কটক।

সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা কটক কিসমত জনুবীর নিম্ন লিখিত মহালের মালগুজারি বাকী বাবৎ ইংরাজী সন ১৮৫৫ সালের তারিখ ২৫ মে মোতাবক সন ১২৬২ সনের ১৪ তারিখ জ্যৈষ্ঠ শুক্রবার দিবস এ কিসমত কালেক্টরি কাছারিতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৫৫ সাল ৩০ আপ্রিল মোতাবক সন ১২৬২ সাল ১৯ বৈশাখ।

দ্বিতীয় শ্রেণী মহাল গয়ের মোকররী বন্দোবস্তী।

৮১ নং ৸৹ পোণ মৌজে তেইষপুর পরগনে কোটরা হাং মালিক হরিনারায়ণ চক্রবর্ত্তী কিসমত ৷৷০ পোণ ও রামচন্দ্র ব্যাস কিসমত ।০ পোণ একুন ৸৹ পোণ সদর জমা ৫৬৬৷৷৶১০৸

১৮০ নং মৌজে বেগুনিয়া পরগনে বাঞ্চাস মালিক রামকৃষ্ণ চৌধুরী কিসমত ।/৬৷৷ = ও মকুন্দ সেনাপতি কিসমত ।৬৷৷ = ও মাধব সেনাপতি কিসমত ৶ ও কাশীনাথ দাস কিসমত ।/৬৷৷ = ও মহন্ত চতুর্ভুজ রামানুজ দাস কিসমত ৶ সদর জমা ১৮৪।৩৷৷

A. S. Annand, *Collector.*

[*Government Gazette, 15th May*, 1855.]

NOTICE.

Lost or stolen the undermentioned 15 whole Bank of Bengal Notes, viz.

No.			Amount.
1959	...	...	500
1748	...	...	250
4151	...	...	50
10,454	...	...	100
10,443	...	...	100
3468	...	...	100
7320	...	...	100
8218	...	...	100
3475	...	...	100
4266	...	...	100
4182	...	...	100
3702	...	...	100
4173	...	...	100
3150	...	...	100
3618	...	...	100
			2000

S. F. Davis,
Offg. Magistrate.

বিজ্ঞাপন।

নীচের লিখিত ১৫ কেতা বাঙ্গাল বেঙ্ক নোট চুরি করা গিয়াছে কিম্বা খোওয়া গিয়াছে।

নং			মোট টাকা।
১৯৫৯	...	...	৫০০৲
১৭৪৮	...	...	২৫০৲
৪১৫১	...	...	৫০৲
১০,৪৫৪	...	...	১০০৲
১০,৪৪৩	...	...	১০০৲
৩৪৬৮	...	...	১০০৲
৭৩২০	...	...	১০০৲
৮২১৮	...	...	১০০৲
৩৪৭৫	...	...	১০০৲
৪২৬৬	...	...	১০০৲
৪১৮২	...	...	১০০৲
৩৭৭২	...	...	১০০৲
৪১৭৩	...	...	১০০৲
৩১৫০	...	...	১০০৲
৩১১৮	...	...	১০০৲
			২০০০৲

এস এফ ডেবিস।
এক্‌টিং মাজিষ্ট্রেট।

NOTICE.

List of lost or stolen Notes.

No.			Amount.
2002	...	...	15
787	...	...	15
			30

S. F. Davis,
Offg. Magistrate.

বিজ্ঞাপন।

যে সকল নোট চুরি হইয়াছে কি খোওয়া গিয়াছে তাহার ফর্দ্দ।

নং			মোট টাকা।
২০০২	...	...	১৫৲
৭৮৭	...	...	১৫৲
			৩০৲

এস এফ ডেবিস।
এক্‌টিং মাজিষ্ট্রেট।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ১৫ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

CALCUTTA PUBLIC LIBRARY

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 22, 1855.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৫ সাল ২২ মে।

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 5.

To the Criminal Authorities in the Lower Provinces.

I am directed by the Court to forward for your information copy of a Circular Order published by the Western Court regarding the purpose and operation of Act XVI. of 1850, and to request that in your Annual Criminal Report for 1855, you will especially notice the manner in which this law has been carried into effect in the district under your control.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 21st March, 1855.

(Copy.)

No. 103 of 1855.

To the Criminal Authorities in the North Western Provinces.

The mode of operation of Act XVI. 1850, has come under recent notice in connexion with the administration of Criminal Justice, and it has been observed that the provisions of that enactment are, in many districts subject to the Courts' control altogether unenforced, that, in others, if not inoperative, the Law is only very partially and capriciously acted on, and that, generally no obligation appears to be recognized of carrying out the object and intention of an enactment which, though in its terms permissive and not injunctive, is based on acknowledged principles, and, having been framed by the Legislature for practical enforcement, ought not to be ignored by those charged with the administration of the Criminal Laws.

2. From Returns prepared in the Court's Of-

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

১৮৫০ সালের ১৬ আইনের অভিপ্রায় ও কার্য্যের বিষয়ে পশ্চিম দেশের সদর আদালতের সাহেবেরা যে সরক্যুলর অর্ডর প্রকাশ করিয়াছেন তাহার নকল সদর আদালতের আজ্ঞাক্রমে তোমার বিজ্ঞাপনের জন্যে পাঠাইতেছি, ও আদেশ করিতেছি যে তোমার অধীন জিলার মধ্যে ঐ আইন যে প্রকারে প্রবল করা গিয়াছে তাহা তুমি ১৮৫৫ সালের আপন বার্ষিক ফৌজদারী রিপোর্টে বিশেষমতে লিখ।

সি টি বক্‌লাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৫ সাল ২১ মার্চ।

(নকল।)

১৮৫৫ সালের ১০৩ নম্বর।

উত্তরপশ্চিম দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

ফৌজদারী মোকদ্দমার বিচার কার্য্য নির্ব্বাহ করণ সম্পর্কে, ১৮৫০ সালের ১৬ আইনমতে যে প্রকার কার্য্য চলিতেছে তদ্বিষয়ের সম্প্রতি বিবেচনা হইয়াছে। ঐ আইনের লিখিত কথাতে যদ্যপি ঐ আইনের বিধান পালনের দৃঢ় আজ্ঞা না হইয়া অনুমতিমাত্র হইয়াছে তথাপি তাহার মূল নিয়ম সর্ব্বসম্মত বটে আর তদনুসারে কার্য্য নির্ব্বাহ হয় এই অভিপ্রায়ে ব্যবস্থাপক সাহেবেরা ঐ আইন করিয়াছেন। অতএব ফৌজদারী আইন চলন করাইবার তার যাঁহারদের প্রতি অর্পিত হইয়াছে তাঁহারদের সেই আইন হেয়জ্ঞান করা উচিত নহে। পরন্তু দৃষ্ট হইয়াছে যে সদর আদালতের অধীন অনেক জিলাতে ঐ আইনের বিধান নিতান্ত প্রবল করা হয় নাই, অন্য২ জিলাতে ঐ আইন যদিও অচলিত নহে তথাপি কেবল অংশমতে ও স্বেচ্ছাধীনরূপে তদনুসারে কার্য্য হইতেছে, আর সেই আইনের অভিপ্রায় ও কল্পনা সিদ্ধ করিতেই হইবেক ইহা সাধারণমতে স্বীকার হইতেছে দৃষ্ট হয় না।

২। ঐ আইন যে সময়ে এই প্রদেশে চলন হইতে

fice, calculated to shew the extent to which the Act referred to has been enforced from the time it came into effect in these Provinces, in the Sessions and Magisterial Courts, a great inequality of operation is manifest, the Magistrates of some districts having made no use of its provisions, while in others, as within the Delhie, Rohilkund, and Saugor, and, to a less degree within the Benares Divisions, effect has been generally, though to no large amount in money value, given to it by the Magistrate's Courts. The Sessions Courts have, in some instances, imposed large fines, but with almost no result, and some defect of machinery for carrying into execution the order of the Court in this particular must be inferred from the nearly entire failure to realize any portion of the fine so imposed.

3. With a view to urging on the local tribunals a consistent, and regular, and, at the same time, guarded enforcement of the provisions of this Law, the Court think it needful to notice what appear to be the principles on which the enactment is founded, and whether they are rightly apprehended by the mass of those who are called upon to administer it.

4. The Act is for "restitution of the value of stolen property" and applies to all kinds of misappropriation of property, empowering all Criminal Courts to add to the punishment they are competent to inflict for the offences named, "the "punishment of fines not exceeding the loss ap- "pearing to be caused to the several persons who "have suffered by such wrong" payable and distributable, in whole or in part, to, or for the benefit of, such sufferers.

5. The presumed basis of this Law is the opinion of the writers of the Indian Code (pages 9 and 10 of Note A.) "that every person who is in- "jured by an offence ought to be legally entitled "to a compensation for the injury" also "we are "inclined to think that an arrangement might be "adopted under which one trial would do the work "of two. We conceive that in every case in which "fine is part of the punishment of an offence, it "ought to be competent to the tribunal which has "tried the offender, acting under proper checks, "to award the whole, or a part, of the fine to the "sufferer, provided that the latter signifies his "willingness to receive what is so awarded in full "satisfaction of his Civil claim for reparation."

6. As has been remarked by the Government the principle of not allowing a depredator or his family to enjoy the profits of his wrong doing, and of making, as far as can be done, a prompt restitution or compensation to the sufferer, is obviously, in so far as it can be accurately applied, most essential to the satisfactory and efficient administration of Criminal justice.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৫। ২২ মে।]

লাগিল সেই সময়াবধি সেশন আদালতে ও মাজিষ্ট্রেটী আদালতে যেপর্য্যন্ত প্রবল করা গিয়াছে, ইহা দেখাইবার উপযুক্ত কএক রিটর্ণ, সদর আদালতের দপ্তরখানায় প্রস্তুত করা হইয়াছে, তাহাতে সেই আইনের প্রবলতার অত্যন্ত ন্যূনাধিক্য প্রকাশ হয়। কোন২ জিলার মাজিষ্ট্রেট সাহেবেরা ঐ আইনের বিধানমতে কার্য্য করেন নাই। অন্যান্য জিলাতে, যথা দিল্লী ও রোহিলখণ্ড ও সাগর জিলাতে তাহা সাধারণমতে প্রবল করা গিয়াছে, বারাণসী জিলাতেও হইয়াছে বটে কিন্তু কিছু ন্যূনমতে। পরন্তু মাজিষ্ট্রেট সাহেবেরদের আদালতে ঐ আইনক্রমে অধিক টাকার জরীমানার আজ্ঞা হয় নাই। সেশন আদালত কোন২ স্থলে ভারি২ জরীমানার আজ্ঞা করিয়াছেন কিন্তু তাহাতেও প্রায় ফল হয় নাই। আর সেই প্রকারে যে জরীমানার আজ্ঞা হইয়াছে তাহার প্রায় কোন অংশই আদায় হইতে না পারাতে, বোধ হয় যে সেই বিষয়ে আদালতের হুকুম সফল করিবার উপযুক্ত উপায়ের কিছু দুর্ব্বলতা আছে।

৩। নানা স্থানের আদালতকে এই আইনের বিধান সঙ্গত ও নিয়মিতরূপে অথচ সাবধানতাপূর্ব্বক প্রবল করাইবার প্রবৃত্তি দেওনের অভিপ্রায়ে সদর আদালতের সাহেবেরা জ্ঞান করেন যে, ঐ বিধানের মূল যে নিয়ম দৃষ্ট হয় তাহা ব্যক্ত করা ও যাঁহারদিগকে সেই বিধান প্রবল করিতে আজ্ঞা হইয়াছে তাঁহারদের অধিকাংশ লোক ঐ নিয়ম যথার্থমতে বুঝিয়াছেন কি না ইহার সম্বাদ লওয়া আবশ্যক।

৪। ঐ আইন "চোরা সম্পত্তির মূল্য ফিরিয়া দেওনের বিষয়ি আইন।" আর সম্পত্তি অন্যায়মতে যে কোন প্রকারে ব্যবহার হয় তাহার বিষয়ে খাটে। আর ঐ আইনেতে যে২ অপরাধ নির্দ্দিষ্ট হইয়াছে তাহার নিমিত্তে ফৌজদারী আদালত যে২ দণ্ডের আজ্ঞা করিতে পারেন তদতিরিক্ত জরীমানারও দণ্ড করিবার ক্ষমতা সেই সকল আদালতকে দেওয়া গেল। "কিন্তু ঐ অপরাধের দ্বারা নানা ব্যক্তির যে ক্ষতি হইয়াছে দৃষ্ট হয় সেই ক্ষতির অধিক জরীমানা হইবেক না।" আর ঐ জরীমানার সমুদয় টাকা কি তাহার কোন অংশ এরূপ ক্ষতিগ্রস্ত ব্যক্তিরদিগকে কি তাহারদের উপকারের জন্যে দেওয়া যাইতে কি বণ্টন হইতে পারে।

৫। অনুভব হইতেছে যে ভারতবর্ষের ব্যবস্থালেখকেরদের অভিপ্রায়ই এই আইনের মূল। বিশেষতঃ তাঁহারা (A চিহ্নিত নোটের ৯ ও ১০ পৃষ্ঠায়) এই কথা লিখিয়াছেন "অপরাধপ্রযুক্ত যে ব্যক্তি ক্ষতিগ্রস্ত হন তিনি ন্যায্যমতে ক্ষতিপূরণের স্বত্ববান হন।" আর "আমারদের এই অনুভব হইতেছে যে একি বিচারেতে দুই বিচারের কার্য্য যাহাতে সিদ্ধ হয় এমন নিয়ম স্থাপন হইতে পারে। আমারদের এই বোধ হয়, যে২ স্থলে জরীমানা কোন অপরাধের দণ্ডের একাংশ হয়, সেই২ স্থলে ক্ষতিগ্রস্ত ব্যক্তির ক্ষতিপূরণের যে দেওয়ানী দাবী থাকে সেই সম্পূর্ণ দাবীর পরিবর্ত্তে যদি তিনি ঐ জরীমানার টাকা গ্রহণ করিবেন এমত সম্মতি জানান, তবে অপরাধির বিচার যে আদালতে হয় উপযুক্ত কর্ত্তৃত্বপূর্ব্বক কর্ম্ম করত সেই আদালতের ঐ জরীমানার সমুদয় কিম্বা একাংশ টাকা ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে দিবার ক্ষমতা থাকা উচিত।"

৬। অপহারক ব্যক্তির কুকর্ম্মেতে যে লভ্য হয় তাহা তাহাকে কি তাহার পরিবারকে ভোগ করিতে না দেওন, এবং যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত ক্ষতিগ্রস্ত ব্যক্তির বস্তু অগোণে ফিরিয়া দেওন কি তাহার ক্ষতিপূরণ করণ এই মূল নিয়ম, যেপর্য্যন্ত যথার্থমতে খাটান যাইতে পারে সেইপর্য্যন্ত, ফৌজদারীসম্পর্কীয় সুবিচারের কার্য্য সদ্বোধমতে ও সফলরূপে নির্ব্বাহ করণের জন্যে সপ্রমাণই অত্যাবশ্যক, গবর্ণমেণ্টের এই কথা প্রকৃত বটে।

7. The Law, in its practical working, may be contemplated in a twofold light, in its bearing on the *Criminal*, and its possibly over-severe operation, in some instances, on *him* as well as on others, and in its effect on the interests of parties suffering wrong by his acts, how far the object of the Act is fulfilled in securing indemnification of their loss.

8. In regard to the *first* matter, its effect on the Criminal, when provision is made for a fine "not exceeding the amount of loss appearing to "have been sustained," apprehensions might, not unnaturally, be excited by the facts of the little reliance which can ordinarily be placed in the reports made, of the amount value of property stolen, and of the temptation presented by such a provision for sufferers to exaggerate their loss or even accuse men of substance falsely, involving the risk of great harm and injustice, in the hands of inconsiderate, or inexperienced officers, in regard to the discreet application of the Law.

9. It might, further, be feared that the knowledge of such a law, and of the discretionary power conferred by it, would, itself, tend to increase the laxness of estimate, or dishonest inclination noticed above, or to create it where it did not exist. It would perhaps be apprehended that even respectable persons might not regard themselves as bound to strict veracity or exactitude in their narrative of loss, where the party affected by it is one who has injured them, and is, indeed, the enemy of the community, and it would be suspected that, even if no *intentional desire* to exaggerate a loss should exist, such a result would be no improbable one in the case of rich individuals who may not actually know *what* their personal property, or amount of cash, was, or, consequently, *what* may have been abstracted.

10. Caution and discretion in exercising the powers conferred by the Act are, doubtless, suggested by these considerations, in order to the prevention of abuses, and it was pointed out in a recent Circular of the Calcutta Court* that, in applying a highly penal law like this, much care and discrimination are needed to reduce within fairly credible limits the amount of estimated loss, in compensation of which a fine is imposed, and that, consequently, where the alleged value of stolen property may be the *sole reason* for the commitment of a prisoner, such proof shall be placed on record by the Criminal Courts as may shew a reasonable probability that the loss sustained by the prosecutor really amounts to the sum specified, and charged in the indictment.

11. It may, at the same time, be doubted

* No. 10, dated 12th September, 1854.

৭। আইনের কার্য্য চলনের সম্পর্কে ঐ আইনের দুই ভাবে বিচার হইতে পারে। অর্থাৎ অপরাধির প্রতি আইনের যে ফল বর্ত্তে, এবং কোন২ স্থলে যেমন অন্যেরদের প্রতি তেমন অপরাধিরও প্রতি আইনের যে অত্যন্ত কঠিন ফল বর্ত্তিতে পারে, এই এক। এবং অপরাধির ক্রিয়ার দ্বারা যাহারদের ক্ষতি হয় তাহারদের লাভের পক্ষে ঐ আইনের যে ফল, অর্থাৎ তাহারদের নিশ্চিতরূপেই ক্ষতিপূরণের পক্ষে আইনের অভিপ্রায় যেপর্য্যন্ত সিদ্ধ হয়, এই অন্য কথা।

৮। প্রথম কথার অর্থাৎ অপরাধির প্রতি আইনের ফলের বিচার। "যে ক্ষতি হইয়াছিল দৃষ্ট হয় সেই ক্ষতির অতিরিক্ত জরীমানা হইবেক না" আইনের যখন এই বিধান হইয়াছে তখন চোরা দ্রব্যের মূল্যের বিষয়ে যে২ রিপোর্ট করা যায় তাহার প্রতি সামান্যতঃ যে অত্যল্প বিশ্বাস হইতে পারে তাহা বুঝিয়া, ও সেই প্রকার বিধান হওয়াতে ক্ষতিগ্রস্ত ব্যক্তিরদের ক্ষতি অতিরিক্তরূপে প্রকাশ করিবার, কিম্বা বিষয়ি ব্যক্তিরদের নামে মিথ্যা অভিযোগ করিবার যে প্রবৃত্তি জন্মে, এবং অবিবেচক কি অনিপুণ কার্য্যকারকেরদের দ্বারা আইন সুবিচারমতে না খাটাইবার পক্ষে যে অত্যন্ত ক্ষতি ও অন্যায় হইবার আশঙ্কা হয় তাহা বুঝিয়া, সন্দেহ জন্মিতে পারে। সেই সন্দেহ আশ্চর্য্যও নহে।

৯। তদ্ভিন্ন এই আশঙ্কা হইতে পারে যে, ঐ প্রকার আইন আছে, আর তাহাতে স্বেচ্ছাধীনমতে কার্য্য করিবার ক্ষমতার্পণ হইয়াছে, এই বিষয় জানা গেলে পূর্ব্বোক্তমতে দ্রব্যের মূল্য নিরূপণের বিষয়ে অমনোযোগ, কিম্বা অন্যায় লালসা বৃদ্ধি হইতে পারে, অথবা যে স্থলে সেই অমনোযোগ কি লালসা নাই সেই স্থলেও তাহা হইতে পারে। আরও যে ব্যক্তির জরীমানার সম্ভাবনা সে যদি সম্ভ্রান্ত কোন ব্যক্তির ক্ষতি করিয়া থাকে, কিম্বা সাধারণ লোকেরদেরও শত্রু হইয়া থাকে, তবে এমন স্থলে সম্ভ্রান্ত ব্যক্তিরদেরও নিতান্ত সত্য কথা কহিতে হইবেক কিম্বা আপনারদের ক্ষতির বিবরণ অতিঠিক কহিতে হইবেক এই প্রকারে আপনারদিগকে বদ্ধ জ্ঞান না করেন এমত সন্দেহ জন্মিতে পারে। অথবা ক্ষতি অতিরিক্তমতে ধরিবার কোন অভিপ্রায় না হইলেও, যে ধনাঢ্য ব্যক্তিরা আপনারদের কত অস্থাবর সম্পত্তি কি কত নগদ ছিল তাহা নিতান্ত জানেন না, অতএব কত চুরী হইয়াছে তাহাও স্পষ্ট জানেন না, এমত ব্যক্তিরদেরও ক্ষতিনিরূপণ অতিরিক্তমতে করা আশ্চর্য্য নহে।

১০। এই সকল কথা বিবেচনা করিলে অন্যায়মতে কার্য্য না হয় এই নিমিত্তে ঐ আইনেতে যে ক্ষমতার্পণ হইয়াছে তদনুসারে কার্য্য করিতে গেলে অতিশয় সাবধানতা ও সুবিবেচনার প্রয়োজন অবশ্য জানা যায়। আর সম্প্রতি কলিকাতার সদর আদালতের এক সরকুলর পত্রে লিখিত হইয়াছিল যে, "এই প্রকার অতিভারি দণ্ড নিরূপণের আইন কোন মোকদ্দমায় খাটাইলে, যে ক্ষতি পূরণার্থে জরীমানার হুকুম হয় সেই ক্ষতির মোট ন্যায্যমতে বিশ্বাসের যোগ্য সীমার২ খ্যার মধ্যে আনিবার জন্যে অতিশয় সতর্কতা ও সুবিবেচনার আবশ্যক, অতএব কোন মোকদ্দমায় যদি চোরা জিনিসের কথিত মূল্যভিন্ন কয়েদীকে সোপর্দ্দ করণের অন্য কারণ না থাকে তবে নালিশপত্রে যত টাকা নির্দ্দিষ্ট হইয়াছে ও যত টাকার বাবৎ নালিশ হইয়াছে ফরিয়াদীর নিতান্ত তাহারই তুল্য ক্ষতি হইয়াছে এমত যুক্তিসিদ্ধ সম্ভাবনা যাহাতে দৃষ্ট হয় তাদৃশ প্রমাণ ফৌজদারী আদালতসকল আপনারদের রিকার্ডে লিখিবেন।"

১১। পরন্তু কার্য্য করণ সময়ে, আইনের বিধানক্রম

* ১৮৫৪ সালের ১২ সেপ্টেম্বরের ১০ নম্বর।

whether, in practice, evil results of the above kind, in the abuse by prosecutors of the provisions of the Law, have been, to any extent, common or prevalent, nor can the mere *anticipation* of such consequences be any sufficient reason for Judicial Officers neglecting to carry out, on fit occasions, the intention of the enactment.

12. It would, on the other hand, be open to remark that the interests of the sufferer from misappropriation must be very imperfectly secured by a provision which may be altogether inoperative from the poverty, or be evaded and defeated by the cunning of the criminal and his friends, and the reimbursement contemplated by which must, in all or most thefts of large amount, be partial and inadequate by reason of the restricted application of the distress and sale to the "goods,"* that is, to the moveable, or personal, property, which only, it has been held, is liable to the process of distraint, whereby *houses* (among other property) are exempted.

13. Further, if any tangible property liable to distraint under this Law should be forthcoming, the difficulty arises of its being contrived to be secreted, or made away with, in the interval between the apprehension of the criminal, and the final process of distraint following upon fine after conviction; and of a consequent evasion of the Act. The attachment of any personal property of parties accused of theft, *upon apprehension*, with a view to securing the eventual indemnification of the party losing by such Act, is not a procedure warranted by this enactment.

14. It has also been doubted whether the presiding authority in a Criminal Court, proceeding under the Act, is competent to pass an order of fine, within its meaning, after decision of the case, or whether it is absolutely necessary that such order should be passed at the time of decision. The latter obligation may be thought to be implied, but is not expressly *declared* by the terms of the Act; though instances are frequent of prosecutors after a Criminal sentence has been passed, coming forward with a claim for reimbursement, and with indication of concealed or alienated property which they have discovered, belonging to the sentenced culprit.

15. With regard to the practice of the local authorities; in their appreciation of the purpose of the Law, the Court observe that much uncertainty and diversity appear to exist. Some Officers, adverting to the permissive terms of its provision, have not felt themselves under obligation to apply them in practice. Others instead of imposing the fine allowed, and leaving the result to work itself out, have been wont *first* to institute an enquiry as to the existence of property, and the means of realizing

* Section 2 of the Act.

ফরিয়াদীরদের অন্যায় আচারেতে পূর্ব্বোক্ত প্রকারের কুফল কিছু বিস্তারিতরূপে সামান্যতঃ প্রকাশ হইয়াছে কি নিত্য হইতেছে এই বিষয়ের সন্দেহ হইতে পারে। আর সেই প্রকার কুফলের অনুভবমাত্র বিচারকর্ত্তারদের সুযোগ মতে ঐ আইনের অভিপ্রায় সফল না করার প্রচুর কারণ হইতে পারে না।

১২। পরপক্ষে, অপরাধির দরিদ্রতাতে ঐ বিধান নিতান্ত ফলহীন হইতে পারে, ও অপরাধির ও তাহার বন্ধুরদের ধূর্ত্ততাদ্বারা ঐ বিধান এড়ান যাইতে কি নিষ্ফল হইতে পারে, আর ঐ আইনেতে যে ক্ষতিপূরণ করিবার অভিপ্রায় আছে তাহার জন্যে অপরাধির কেবল "সম্পত্তি" * অর্থাৎ তাহার অস্থাবর সম্পত্তি কি লওয়াজিমা ক্রোক ও নীলাম হইতে পারে, বিশেষতঃ নির্দ্ধার্য্য হইয়াছে যে কেবল সেই অস্থাবর সম্পত্তি ক্রোক হইবার যোগ্য হয়, ইহাতে তাহার ঘর ও অন্যান্য সম্পত্তি মুক্ত হইল, এইপ্রযুক্ত যে স্থলে অনেক টাকার বিষয় চুরী হইয়াছে এমত সকল কি প্রায় সকল স্থলে ঐ ক্ষতিপূরণ অংশমতে ও অপ্রচুররূপে হইতে পারে। সুতরাং সম্পত্তি অন্যায়রূপে ব্যবহার হওয়াতে যে ব্যক্তির ক্ষতি হয় তাহার উক্ত ক্ষতিপূরণ সেই বিধানক্রমে অতি অপ্রকৃতরূপে হয় এই কথাও কহা যাইতে পারে।

১৩। আরো এই আইনানুসারে যে প্রকার সম্পত্তি ক্রোক হইবার যোগ্য হয় এমত কোন সম্পত্তি যদি বা থাকে তথাপি এই কঠিন বিষয় উদয় হয় যে, অপরাধিকে গ্রেফ্তার করিবার সময়াবধি তাহার দোষ সাব্যস্ত হইয়া জরীমানার হুকুম হইলে পর ক্রোক করিবার শেষ পরওয়ানা না হওনপর্য্যন্ত যত দিন যায়, তত দিনের মধ্যে ঐ সম্পত্তি কোনক্রমে গোপন কি স্থানান্তর করা যাইতে পারে, সুতরাং তাহাতে আইন এড়ান যাইতে পারে। এই আইনানুসারে ক্ষতিগ্রস্ত ব্যক্তির উত্তরকালীন ক্ষতিপূরণ হইবার অভিপ্রায়ে, যাহার নামে চুরী করণের অভিযোগ হয় তাহাকে গ্রেফ্তার করিবার সময়ে তাহার কোন অস্থাবর সম্পত্তি ক্রোক করণের কার্য্য করিতে এই আইনেতে কোন অনুমতি নাই।

১৪। আরও, ফৌজদারী আদালতে যিনি বিচারকর্ত্তা আছেন তিনি, এই আইনানুসারে কার্য্য করিয়া, মোকদ্দমা নিষ্পত্তি করিলে পর ঐ আইনের অর্থমতে জরীমানার হুকুম করিতে পারেন, কিম্বা নিষ্পত্তি করিবার সময়েতেই তাঁহার সেই হুকুম করা নিতান্ত আবশ্যক এই বিষয়ের সন্দেহ হইয়াছে। মোকদ্দমা নিষ্পত্তি করিবার সময়েতেই সেই হুকুমকরা আবশ্যক এমত অনুভব হইতে পারে বটে, কিন্তু আইনের কথাতে তাহা স্পষ্ট প্রকাশ হয় নাই। তথাপি অনেকবার এমনও হইয়াছে যে ফৌজদারীর দণ্ডাজ্ঞা হইলে পর, ফরিয়াদীরা ক্ষতিপূরণের দাওয়া উপস্থিত করিয়াছে, আর দণ্ডগ্রস্ত অপরাধির গুপ্ত কি হস্তান্তরকরা যে সম্পত্তির সন্ধান পাইয়াছে তাহাও দর্শাইয়াছে।

১৫। নানা স্থানের কার্য্যকারকেরদের কার্য্য করিবার রীতির বিষয়। সদর আদালতের সাহেবেরা কহেন যে ঐ আইনের গুণাগুণ বোধের অতিশয় অনিশ্চিততা ও অনৈক্য দৃষ্ট হয়। কোন২ কার্য্যকারকেরা, ঐ আইনের বিধান পালনের অনুমতিমাত্র আছে বলিয়া, তদনুসারে কার্য্য করিতেই হইবেক এমত জ্ঞান করেন না। অন্য কার্য্যকারকেরা, যে জরীমানা করিবার অনুমতি হইয়াছে তাহার আজ্ঞা না করিয়া, ও তাহাতে যে ফল হইতে পারে তাহা আপনি প্রকাশ হইতে না দিয়া, অপরাধির সম্পত্তি আছে কি না ও যে জরীমানার হুকুম হইতে পারে তাহা আদায়

* আইনের ২ ধারা।

any fine which might be imposable. Arguing that where the absence of material of payment is certain or presumable, it is useless to go through the form of an award.

16. Others have spoken of the working of the Act, and their sense of the obligation they are under to enforce it, chiefly in respect to its supposed effect, or otherwise, on the repression of crime.

17. In these several instances, misapprehension, to a greater or less extent, appears to the Court to exist. Officers are bound to avail themselves of all reasonable occasions of enforcing the Laws which may be enacted for their guidance, irrespectively of a future contingency for which they are not responsible. While moreover, one of the results of such a penal Law, when equally and duly executed, might be to repress crimes against property, yet its primary intent and object appear to be the more perfect vindication of justice by not only punishing the wrong doer, but also awarding compensation for the wrong.

18. The Court consider that the foregoing remarks are sufficient at present to direct the attention of the Zillah authorities, generally, to the importance of carrying out the permissive provisions of the Law in a way calculated to avoid, on the one hand, the risk of exaggerated estimates of Loss, or false and perjured implications of innocent people, and to secure, on the other, the prompt reimbursement, as far as may be practicable, of parties who have suffered loss of property by the lawless acts of offenders. To this end, it is not enough that a fine be merely *imposed*—it must be *realized*. The Act must have a fair trial given it, and the local Officers will then possess means, which are wanting at present, of testing its practical utility and suggesting improvements or indicating defects.

(Signed) H. W. Dashwood,
Offg. Register.

Agra, the 2d January, 1855.

(True Copy,)
R. Stuart,
Asstt. Register.

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 7.

To the Civil Judges in the Lower Provinces.

I am directed by the Court to inform you that His Honor the Lieutenant Governor of Bengal has been pleased to direct that an uniform rate of 2 Annas per diem for the tulubana of peons engag-

[*Government Gazette, 22nd May, 1855.*]

করিবার বিষয় আছে কি না ইহা প্রথমে তদারক করিয়া থাকেন। ফলতঃ তাহারদের এইরূপ বিচার হয়, যে জরীমানার টাকা আদায় করিবার বিষয় নাই ইহা নিশ্চয় হইলে কিম্বা ইহার অনুভব হইতে পারিলে, জরীমানার হুকুম নিয়মমতে করণ বৃথা।

১৬। অন্য কার্য্যকারকেরা অপরাধ দমন করণার্থে ঐ আইনের কল্পিত ফলাফল বিশেষমতে লক্ষ করিয়া আইনের কার্য্য চলনের বিষয় ও তাহা প্রবল করিতে বদ্ধ আছেন তাঁহারদের এই জ্ঞানের বিষয় কহিয়াছেন।

১৭। সদর আদালতের সাহেবেরা দেখিয়াছেন যে এই২ বিষয়ে ন্যূনাধিক ভ্রম হইতেছে। উত্তর কালে যাহা হইবার সম্ভাবনা তদ্বিষয়ে দায়ী না হওয়াতে কার্য্যকারকেরদের কর্ত্তব্য যে তদ্বিষয়ের বিবেচনাও না করিয়া তাঁহারদের পালনার্থে যে আইন করা গিয়াছে তাহা উপযুক্ত সকল সময়ে প্রবল করেন। সেই প্রকার দণ্ড নিরূপণের আইন ন্যায্যমতে ও উপযুক্তরূপে প্রবল করা গেলে সম্পত্তির বিষয়ি অপরাধ দমন করা ঐ আইনের এই এক ফল হইতে পারে বটে। পরন্তু অপরাধির দণ্ড করিয়া ও তদতিরিক্ত সেই অপরাধজন্য ক্ষতিপূরণের আজ্ঞা করিয়া যথার্থ বিচার পূর্ব্বাপেক্ষা সফলরূপে করা ঐ আইনের প্রধান কল্প ও অভিপ্রায় এই ভ্রষ্ট হইতেছে।

১৮। একপক্ষে, ক্ষতি অতিরিক্তমতে নিরূপণ না হয়, কিম্বা নির্দ্দোষ ব্যক্তিরদের নামে অসত্য ও মিথ্যাশপথপূর্ব্বক অভিযোগ না হয়, ও পরপক্ষে অপরাধিরদের অন্যায় কার্য্যের দ্বারা যাহারদের সম্পত্তির ক্ষতি হইয়াছে তাহারদের যথা সাধ্যমতে অগৌণে ক্ষতিপূরণ নিতান্ত হয়, এই২ ভাবে ঐ আইনের অনুমতিরূপ বিধান সফল করিবার গুরুত্ব বিষয়ে জিলার কার্য্যকারক সাহেবেরদের সাধারণমতে মনোযোগ করাইবার নিমিত্তে সদর আদালতের সাহেবেরা পূর্ব্বোক্ত সকল কথা এইক্ষণকার জন্যে প্রচুর জ্ঞান করেন। উক্ত ক্ষতিপূরণের অভিপ্রায়ে জরীমানার কেবল হুকুম হইলে হয় না, সেই জরীমানার টাকা আদায় করা আবশ্যক। ঐ আইনমতে কার্য্য চালাইয়া তাহার বিশিষ্টরূপে পরীক্ষা করিতে হইবেক, তাহা করিলে ঐ আইনের ফলোপযোগিতা নিশ্চয় করিবার, ও আরো উত্তমরূপে কার্য্য হওনার্থে পরামর্শ দিবার, ও দোষ দর্শাইবার এইক্ষণে যে উপায় নাই এমত উপায় নানা স্থানের কার্য্যকারকেরা প্রাপ্ত হইবেন।

এচ ডবলিউ ডাশউড।
এক্টিং রেজিষ্টর।

আগ্রা।
১৮৫৫ সাল ২ জানুআরি।

(যথার্থ নকল।)
আর ষ্টুআর্ট।
আসিষ্টাণ্ট রেজিষ্টর।

John Robinson, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরদের আজ্ঞাক্রমে তোমাকে জানাইতেছি যে বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এই আজ্ঞা করিয়াছেন যে, দেওয়ানী পরওয়ানা জারী করিতে যে পেয়াদারা নিযুক্ত হয় তাহারদিগকে

ed in serving Civil process shall be adopted in all the Civil Courts in the Lower Provinces.

2. The Court request that you will be careful to satisfy yourself that the distance tables prescribed in paragraph 3, of Circular Order No. 190, of 11th March, 1842, are properly kept up and never altered, and you will have the goodness to transmit to this Office, with as little delay as possible, a complete copy of the distance tables of each Moonsiff's jurisdiction in your Zillah.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 9th April, 1855.

NOTICE.

Fort William, 4th May, 1855.

With reference to the Notice issued by the Lieutenant Governor of Bengal, under date the 21st March last, and published in the *Gazette* of the 24th and 28th Idem, regarding the introduction of Act No. XXVI. of 1850 into "the Towns "of Rogoonauthgunge and Jungypore, with their "respective Suburbs, for the purposes of making "better provision for making, repairing, cleansing, "lighting and watching the public streets, roads, "drains and tanks, and for otherwise improving "the said Towns and Suburbs," Notice is hereby given, that the time allowed in the notice aforesaid, to enable the Inhabitants of the Towns of Rogoonauthgunge and Jungypore, which are situated within the Aurungabad Sub-Division to declare themselves for, or against, the adoption of Act No. XXVI. of 1850 in those Towns, has been extended to the 10th Proximo; and all the Inhabitants of the said Towns are hereby informed, that such of them as are minded to declare themselves for, or against, the adoption of Act No. XXVI. of 1850, in the Towns of Rogoonauthgunge and Jungypore, with their respective Suburbs, for the purposes abovementioned, or any of them, may declare themselves accordingly before the Honourable A. Eden, the Civil Officer in charge of the Aurungabad Sub-Division, at any time during the usual Office hours, on or before the 10th Proximo.

W. GREY,
Secretary to the Govt. of Bengal.

NOTIFICATION.

FORT WILLIAM,

The 10th May, 1855.

Notice is hereby given, with reference to the Notification dated the 26th March last, and in accordance with Section IV. of Act XXVI. of 1850, that the Lieutenant Governor of Bengal, having taken into consideration the declarations of the Inhabitants of the Town of Comillah in the Tip-

৶ আনার হারে তলবানা দেওনের একি নিয়ম বাঙ্গলা-প্রভৃতি দেশের সমস্ত দেওয়ানী আদালতে চলন হয়।

২। সদর আদালতের সাহেবেরা আদেশ করিতেছেন যে ১৮৪২ সালের ১১ মার্চ তারিখের ১৯০ নম্বরী সরক্যুলর অর্ডরের ৩ দফাতে স্থানের দূরতার যে ফর্দ্দ নির্দ্দিষ্ট হইয়াছে তাহা উপযুক্তমতে রাখা যাইতেছে ও কখন পরিবর্ত্তন হয় না এই বিষয় তুমি স্বদোধমতে জানিতে মনোযোগ কর। আর তোমার জিলার প্রত্যেক মুনসেফের এলাকার অন্তঃপাতি গ্রামের দূরতার ফর্দ্দের সম্পূর্ণ এক নকল যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র এই দপ্তরখানায় পাঠাও।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৫ সাল ৯ আপ্রিল।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম। ১৮৫৫ সাল ৪ মে।

রঘুনাথগঞ্জ ও জঙ্গীপুর নগরের ও শহরতলীর সরকারী রাস্তা ও পথ ও নরদমা ও পুষ্করিণী করণ ও মেরামৎ করণ ও পরিষ্কার করণ ও আলো ও চৌকী দেওনের নিমিত্তে আরো উত্তম বিধান করণের অভিপ্রায়ে, এবং ঐ২ নগর ও শহরতলী অন্যান্য প্রকারে আরো উত্তম করণের অভিপ্রায়ে, ঐ২ নগর ও শহরতলীর মধ্যে ১৮৫০ সালের ২৬ আইন চলন হইবার বিষয়ে বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের গত মার্চ মাসের ২১ তারিখের জারীকরা যে বিজ্ঞাপন ঐ মাসের ২৪ ও ২৮ তারিখের গেজেটে প্রকাশ হইয়াছিল, তদুপলক্ষে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, আওরঙ্গাবাদ এলাকাখণ্ডের অন্তঃপাতি উক্ত রঘুনাথগঞ্জ ও জঙ্গীপুরনগরের মধ্যে ১৮৫০ সালের ২৬ আইন চলন হইবার বিষয়ে ঐ২ নগরনিবাসি লোকেরদের সম্মতি কি অসম্মতি প্রকাশ করিবার যে কাল পূর্ব্বোক্ত বিজ্ঞাপনে দেওয়া গিয়াছিল তাহা আগামি মাসের ১০ তারিখপর্য্যন্ত বৃদ্ধি হইয়াছে। আর উক্ত নগরনিবাসি সমস্ত লোককে ইহার দ্বারা জ্ঞাপন করা যাইতেছে যে পূর্ব্বোক্ত সকল কি কোন অভিপ্রায়ে উক্ত রঘুনাথগঞ্জ ও জঙ্গীপুর নগরের ও ঐ২ নগরের শহরতলীর মধ্যে ১৮৫০ সালের ২৬ আইন চলন হইবার বিষয়ে তাঁহারদের যে কেহ আপনার সম্মতি বা অসম্মতি প্রকাশ করিতে চাহেন তাঁহারা আগামি মাসের ১০ তারিখে কি তাহার পূর্ব্বে, কাছারী খোলা থাকিবার কোন সময়ে, আপনারদের মত আওরঙ্গাবাদ এলাকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত দেওয়ানীর কার্য্যকরিক শ্রীযুত অনরবিল এ ইডন সাহেবের নিকটে জ্ঞাপন করিতে পারিবেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম।

১৮৫৫ সাল ১০ মে।

গত মার্চ মাসের ২৬ তারিখের বিজ্ঞাপনের উপলক্ষে ও ১৮৫০ সালের ২৬ আইনের ৪ ধারানুসারে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ত্রিপুরা জিলার কমিল্লানগরে ১৮৫০ সালের ২৬ আইন চলন হইবার প্রস্তাব হওয়াতে, তদ্বিষয়ে পূর্ব্বোক্ত বিজ্ঞাপনঅনুসারে ঐ নগরনিবাসি লোকেরা যে২ মত প্রকাশ করিয়াছেন তাহা বা-

perah District, made under the Notification above mentioned, relating to the proposed introduction of Act XXVI. of 1850 into the said Town, it has appeared to him that the said Inhabitants are not in favor of that measure: wherefore Act XXVI. of 1850, will not at present be introduced into the Town of Comillah.

By Order of the Lieut. Governor of Bengal,

W. Grey,

Secretary to the Govt. of Bengal.

EDUCATION NOTICE.

The next meeting of the Committee appointed for the examination of Candidates for promotion and employment in the Education Department will be held at the Presidency College on the 21st, 22nd and 23rd instant.

Particulars as to the nature and extent of the examination, the number of vacancies in the Department, &c. &c., may be obtained on application at the Office of the Director of Public Instruction, Madge's Lane, Sudder Street.

W. Gordon Young,

Director of Public Instruction.

May 7th, 1855.

An examination of candidates for admission to the English Class of the Medical College, will be held during the second week in June next.

2nd. No candidate can be admitted under the age of 16 years.

3rd. Every applicant for admission must bring a letter of recommendation from some respectable person, certifying that he is of good character, and worthy of admission to the privilege of studying in the Medical College.

4th. The candidates must present themselves before the Secretary to the College, at least three days prior to the date of examination, with a view to their being identified as the persons really desiring admission.

5th. The candidates will be expected to pass an examination according to the Junior English Scholarship standard.

6th. The course of instruction given in the Bengal Medical College is recognized by the University of London, the Royal College of Surgeons of England, and the Worshipful Society of Apothecaries of London, the Degree, Diploma, and License of which bodies, respectively, can be obtained by any pupil who has studied in Calcutta, provided he passes through the particular course and extent of study required by each, of which every particular may be ascertained on personal application to the Secretary, Medical College.

W. Gordon Young,

Director of Public Instruction.

[*Government Gazette, 22nd May, 1855.*]

বঙ্গ দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব বিবেচনা করিয়া বোধ করেন যে উক্ত নগরনিবাসি লোকেরা ঐ প্রস্তাবিত কার্য্য বিষয়ে সম্মত নহেন। অতএব ১৮৫০ সালের ২৬ আইন এইক্ষণে কমিল্যা নগরে চলন হইবেক না।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুমক্রমে।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে পদাকাঙ্ক্ষিরদিগকে উচ্চ পদপ্রদান করণার্থে ও পদে নিযুক্ত করণার্থে তাঁহারদের পরীক্ষা লওনের জন্যে যে কমিটি নিযুক্ত হইয়াছেন তাঁহারদের আগামি বৈঠক বর্ত্তমান মাসের ২১। ২২। ২৩ তারিখে রাজধানীর কালেজে হইবেক।

পরীক্ষা যে প্রকারে হইবেক ও যে২ বিষয়ের হইবেক ও ডিপার্টমেণ্টে যে২ পদ শূন্য আছে ইত্যাদি সম্বাদ যে কেহ পাইতে চাহেন তিনি সদর ষ্ট্রীটে মাজেস লেনে সর্ব্ব সাধারণের বিদ্যাধ্যাপনের শ্রীযুত ডৈরেক্টর সাহেবের দফ্তরখানায় দরখাস্ত করিলে অবগত হইতে পারিবেন।

ডবলিউ গর্ডন ইয়ং।

সাধারণের বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর।

১৮৫৫ সাল ৭ মে।

যাঁহারা মেডিকাল কালেজের ইঙ্গরেজী সম্প্রদায়ে ভুক্ত হওনের আকাঙ্ক্ষা করেন তাঁহারদের পরীক্ষা আগামি জুন মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে হইবেক।

২। ষোল বৎসরের ন্যূনবয়স্ক কোন ব্যক্তি গ্রাহ্য হইতে পারিবেন না।

৩। ঐ সম্প্রদায়ভুক্ত হওনাকাঙ্ক্ষি প্রত্যেক জনের সদাচারিতা ও মেডিকাল কালেজে শিক্ষা করণের উপযুক্ততা প্রকাশক অনুরোধপত্র সম্ভ্রান্ত কোন ব্যক্তির স্থানে আনিতে হইবেক।

৪। ঐ সম্প্রদায়ভুক্ত হওনাকাঙ্ক্ষিরদিগকে নিশ্চয়রূপে চিনিবার নিমিত্তে, পরীক্ষার তারিখের অতিন্যূন তিন দিন পূর্ব্বে কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে তাঁহারদের উপস্থিত হইতে হইবেক।

৫। ইঙ্গরেজীর দ্বিতীয় শ্রেণীর বৃত্তিভোগিরদের যে২ বিষয়ের জ্ঞান প্রাপণের আবশ্যক সেই২ বিষয়ের পরীক্ষা ঐ সম্প্রদায়ভুক্ত হওনাকাঙ্ক্ষিরদের দিতে হইবেক।

৬। বাঙ্গলা দেশের মেডিকাল কালেজে যে ধারামতে বিদ্যা শিক্ষা হয় তাহা লণ্ডন নগরের ইউনিবর্সিটি ও ইঙ্গলণ্ডের চিকিৎসকেরদের রাজকীয় কালেজ ও লণ্ডন নগরের আপথিকেরিরদের অতি সম্ভ্রান্ত সোসাইটি স্বীকার করিয়াছেন এবং কলিকাতায় যে কোন ছাত্র শিক্ষা করেন তিনি ইঙ্গলণ্ডের পূর্ব্বোক্ত প্রত্যেক বিদ্যালয়ের নিরূপিত ধারামতে ও তাঁহারদের নির্দ্দিষ্ট বিদ্যা শিক্ষা করিলে এই বিদ্যালয়হইতে উপাধি ও যোগ্যতার পত্র ও চিকিৎসা করিবার অনুমতিপত্র পাইতে পারেন। ঐ২ বিদ্যালয়ের নিরূপিত ধারা ও বিদ্যা যে কেহ অবগত হইতে চাহেন তিনি আপনি মেডিকাল কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে উপস্থিত হইয়া প্রার্থনা করিলে অবগত হইতে পারিবেন।

ডবলিউ গর্ডন ইয়ং।

সাধারণের বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর।

NOTICE.

An examination of candidates for admission into the Bengali Class of the Medical College will be held at the Sanscrit College, on Friday, the 8th Proximo, at 10 o'clock A. M.

The test of qualification will be the same as was laid down in 1852, on the establishment of the Class, viz. "a competent knowledge of the Bengali Language so as to read and write it with facility."

The candidates must present themselves before the Secretary to the College at least three days prior to the date of examination, with a view to their being identified as the persons really desiring admission.

W. Gordon Young,
Director of Public Instruction.

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 14th May, 1855.

Baboo Bheirubchunder Mitter to be Officiating Moonsiff of Mudargunge, Zillah Mymensingh, during the Deputation of the incumbent or until further orders.

LEAVE OF ABSENCE.

The 15th May, 1855.

Baboo Omachurn Kastogree, Moonsiff of Runguneah, Zillah Chittagong, for six days.

C. T. Buckland, *Register.*

রাজকর্ম্মে নিয়োগ।

৮৫৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ১৪ মে।

শ্রীযুত বাবু কালীকিঙ্কর রায় কিছু কালপর্য্যন্ত ময়মুনসিংহের সদর আমীনের ও ঐ জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

যে সাহেব স্বীয় পদোপলক্ষে হাবড়ার দাতব্য হাসপাতালের ও ঔষধালয়ের কর্ম্ম নির্ব্বাহক কমিটির মেম্বর হন তাঁহার সঙ্গে নীচের লিখিত মহাশয়েরা কমিটিস্বরূপ নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত পাদরি এচ এচ হারিংটন সাহেব (Reverend H. H. Harrington,)।

" " কৃষ্ণমোহন বাঁড়ুয্যা।

" " গোপালচন্দ্র মিত্র।

" ডবলিউ এ মণ্টিউ সাহেব (Mr. W. A. Montriou,)।

" জে হজসন সাহেব। (Mr. J. Hodgson,)

" এ মাকনিকল সাহেব। (A. Macnicol,)

পোলীসের নীচের লিখিত দারোগারা দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ২২ মে।]

বিজ্ঞাপন।

যাঁহারা মেডিকাল কালাজের বাঙ্গলা সম্প্রদায়ভুক্ত হইবার আকাঙ্ক্ষা রাখেন তাঁহারদের পরীক্ষা আগামি মাসের ৮ তারিখ শুক্রবারে বেলা ১০ ঘণ্টা সময়ে সংস্কৃত কালেজে হইবেক।

১৮৫২ সালে ঐ সম্প্রদায় যে সময়ে স্থাপিত হইয়াছিল সেই সময়ে সেই সম্প্রদায়ভুক্ত হওনের জন্যে যেপর্য্যন্ত জ্ঞানের প্রয়োজন নিরূপণ ছিল সেইপর্য্যন্ত জ্ঞান থাকিলে ঐ সম্প্রদায়ভুক্ত হইতে পারা যায়। অর্থাৎ "বাঙ্গলা ভাষা যাহাতে অনায়াসে লিখন পঠন হইতে পারে ঐ ভাষার এমন উপযুক্ত জ্ঞান"।

যাঁহারা ঐ সম্প্রদায়ভুক্ত হইতে চাহেন তাঁহারদিগকে নিশ্চয়রূপে চিনিবার নিমিত্তে পরীক্ষার তারিখের অন্যূন তিন দিন পূর্ব্বে কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে তাঁহারদের উপস্থিত হইতে হইবেক।

ডবলিউ গর্ডন ইয়ং।
সাধারণের বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ১৪ মে।

জিলা ময়মুনসিংহের মাদারগঞ্জের মুনসেফ সরকারী কর্ম্মে অন্য স্থানে প্রেরিত হওয়াতে তাঁহার অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত বাবু ভৈরবচন্দ্র মিত্র ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৫ সাল ১৫ মে।

জিলা চাটিগাঁয়ের রঙ্গণিয়ার মুনসেফ শ্রীযুত বাবু উমাচরণ কাউগিরি ছয় দিনের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

শ্রীযুত কমল দাস..... আসাম।
" জগৎচন্দ্র রায় ..... ঢাকা।
" লোকনাথ বিশ্বাস ..... মুরশিদাবাদ।
" সৈয়দ মুজ্জাদ করীম ..... বর্দ্ধমান।
" শ্রীধর সেন ..... রঙ্গপুর।
" রামকৃষ্ণ চৌধুরী ..... কাছাড়।
" মনুলাল মকুল..... ভাগলপুর।

ছুটী।

১৮৫৫ সাল ১২ মে।

বেহার ও পাটনার অতিরিক্ত জজ শ্রীযুত ই লাটুর সাহেব (Mr. E. Lautour,) আপনার কর্ম্মের ভার বেহারের জজ সাহেবের প্রতি অর্পণ করিয়া এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৫ সাল ১৪ মে।

ময়মুনসিংহের সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত মৌলবী ইমদাদ আলী চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

মেডিকাল কালেজে ব্যবচ্ছেদ বিদ্যার অধ্যাপক শ্রীযুত ডাক্তর জে হারিসন সাহেব (Dr. J. Harrison,) আপনার কর্ম্মে উপস্থিত হইবার নিমিত্তে যে মিয়াদ পান তদতিরিক্ত আগামি জুলাই মাসের ৩১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৫ সাল ১০ মে।

সিবিলসম্পর্কীয় সিরিশ্‌তার শ্রীযুত ডবলিউ বি বকল

সাহেব (Mr. W. B. Buckle,) বর্ত্তমান মাসের ৫ তারিখে "হিন্দুস্থান" নামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৮৭৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ১২ মে।

শ্রীযুত জে এস বেল সাহেব (Mr. J. S. Bell,) কিঞ্চিৎ কালপর্য্যন্ত চব্বিশপরগনার অতিরিক্ত প্রধান সদর আমীনের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৫ সাল ১৪ মে।

শ্রীযুত এচ সি রেক্স সাহেব (Mr. H. C. Raikes,) ও শ্রীযুত বাবু পার্ব্বতীশঙ্কর মজুমদার ও শ্রীযুত বাবু উমাকান্ত মজুমদার ১৮৫০ সালের ২৬ আইনানুসারে জিলা ফরিদপুরের বেণিবহুনগর আরো উত্তম করিবার জন্যে কমিস্যনর হইবেন।

১৮৫৫ সাল ১৫ মে।

শ্রীযুত ডবলিউ টি ল সাহেবের (Mr. W. T. Law,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত টি সেপর্ড সাহেব (Mr. T. Shepherd,) আক্যাবে আরাকানের কমিস্যনর সাহেবের দ্বিতীয় প্রধান আসিস্টাণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৫ সাল ১৭ মে।

শ্রীশ্রীমতী বিক্টোরিয়া মহারাণীর ১৬ ও ১৭ বৎসরের ৯৫ অধ্যায়ের ২২ ধারার বিধানানুসারে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ই করি সাহেবকে (Mr. E. Currie,) বর্ত্তমান মাসের ১৯ তারিখঅবধি ব্যবস্থাপক কৌন্সেলের মেম্বরী পদে নিযুক্ত করিয়াছেন।

ছুটী।

১৮৫৫ সাল ১৪ মে।

শাসিরামের ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুত জে টি ওর্সলি সাহেব (Mr. J. T. Worsley,) আগামি মাসের ১৫ তারিখঅবধি কিম্বা তাহার পর যে কোন তারিখ তাঁহার কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করা যায় সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৫ সাল ১৮ মে।

বর্ত্তমান মাসের ২৪ তারিখ আগামি বৃহস্পতিবার শ্রীশ্রীমতী মহারাণীর জন্ম দিন হওয়াপ্রযুক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব আজ্ঞা করিতেছেন যে ঐ দিনে সরকারী সকল দফ্তরখানা বন্দ হয়।

ডবলিউ গ্রে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্তিহার।

ADVERTISEMENT OF THE SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

Notice is hereby given, that the Pottahs of the undermentioned Government Grants, situated in the limits of the Soonderbuns, 24-Pergunnahs, will be put up for Public Sale at noon, on Friday, the 25th May, 1855, corresponding with 12th Joisto, 1262, B. S.

2d. The highest bidder will be entitled to them, and must immediately pay to the Commissioner of the Soonderbuns, the full amount of his purchase money, if sanctioned by the higher authorities, otherwise the money will be refunded to the party without interest, then the Pottah will be drawn up in his name, and made over to him with the confirmation of the Board of Revenue, L. P., and he will become the Grantee of the said Grant, under the condition prescribed in the Pottah.

3d. It is further notified, that the intending purchasers who may wish to see the map of the Lots, and desire to obtain any particulars connected with it, and its present state, can learn the same by attending, either personally or through their Agent, at the Office of the Commissioner at Allipore. These conditions and particulars will be proclaimed at the time of Sale.

	Estimated Beegahs.
Lieut. Hodge's No.	
Lot No. 48, ...	12,000
Ditto 49, ...	19,000

OOMAKANTH SEIN, *Commissioner*.

Soonderbuns Commissioner's Office, Allipore, the 8th May, 1855.

সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানার ইস্তাহার।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে সুন্দরবনের মধ্যে কাপ্তান হাজিস সাহেব সরবিয়রের নক্শাভুক্ত নিম্ন লিখিত লাটহায়ের সাবেক পাট্টা বাজেয়াপ্ত হইবায় ঐ লাটহায়ে আলিপুর মোকামে সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানায় বর্ত্তমান বর্ষের ২৫ মে মোতাবেক বাঙ্গলা সন ১২৬২ সালের ১২ জ্যৈষ্ঠ শুক্রবার বেলা দ্বিতীয় প্রহরের

সময়ে নীলাম হইবেক যে অতিউচ্চ মূল্য ডাকে তিনি তাহাই পাইবেন আর তৎক্ষণাৎ খরিদের সমুদয় টাকা কমিস্যনরকে দিতে হইবেক পরে পাট্টা তাহার নামে প্রস্তুত করিয়া বোর্ড রিবিনিউর মঞ্জুরিমতে তাহাকে দেওয়া যাইবেক পরন্তু খরিদার মজকুর পাট্টার নির্দ্দিষ্ট নিয়মানুসারে ভূমিতে দখলিকার হইয়া রাজস্ব আদায় করিবেক আরো সৎবাদ দেওয়া যাইতেছে যে খরিদ করণাকাংক্ষিত যে কেহ ঐ লাটহায়ের নক্‌শা দেখিতে চাহেন তিনি স্বয়ং কিম্বা মোক্তারতন কমিস্যনরের দফ্তরখানায় যাইয়া দেখিতে পারেন অপর নীলামের বিশেষ বেওরা নীলামের সময়ে প্রকাশ করা যাইবেক পরন্তু এই নীলাম বোর্ডে মঞ্জুর না হয় তবে খরিদার পনের টাকা বিনা সুদে ফেরত পাইবেক ইতি সন ১৮৫৫ সাল তারিখ ৮ মেই মোতাবেক সন ১২৬২ সাল তারিখ ২৬ বৈশাখ।

লাট		জঙ্গলজমী আন্দাজি
জেলা চব্বিশপরগনার স্বাধীন কাপ্তান হাজিস সাহেবের নক্‌শার লিখিত।		
৪৮ নং	... ...	১২০০০৲
ঐ নক্‌শার লিখিত		
৪৯ নং	... ...	১৯০০০৲

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ২২ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

PUBLIC LIBRARY · CALCUTTA

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 29, 1855.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৫ সাল ২৯ মে।

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL.

THE 12TH MAY, 1855.

The following Bill was read a second time in the Legislative Council on the 5th May, 1855, and was referred to a Select Committee on the 12th idem, who are to report thereon after the 16th of August next:—

A Bill relating to the Emigration of Native Laborers to the British Colonies of Saint Lucia and Grenada.

[Preamble.]

WHEREAS it is expedient to render lawful the emigration of laborers, being Native inhabitants of the Territories in the possession and under the Government of the East India Company, to the British Colonies of Saint Lucia and Grenada, and to provide regulations for ships carrying Native Emigrants from the said Territories to either of the said Colonies; It is enacted as follows:—

[Partial repeal of Act XIV. of 1839.]

I. Act No. XIV. of 1839 in so far as it renders liable to penalties every person who shall make with any Native of India any contract for labor to be performed in the British Colonies of Saint Lucia and Grenada, or who shall knowingly aid or abet any Native of India in emigrating from the Ports of Calcutta, Madras, and Bombay respectively to the said Colonies, is repealed.

[Natives may emigrate from Calcutta, Madras, and Bombay to Saint Lucia and Grenada.]

II. After the passing of this Act, Native inhabitants of the said Territories shall be allowed to pass and to be conveyed as Emigrant laborers to Saint Lucia and Grenada respectively from the Ports of Calcutta, Madras, and Bombay respectively, but not otherwise.

আইনের মুসাবিদা।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৫ সাল ১২ মে।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৫ সালের ৫ মে তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও সেই মাসের ১২ তারিখে বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। আগামি আগষ্ট মাসের ১৬ তারিখে তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

সেণ্টলুসিয়া ও গ্রেনেডা নামক ব্রিটনীয় বসতি স্থানে এদেশীয় মজুরেরদের গমন করিবার বিষয়ি আইনের মুসাবিদা।

হেতুবাদ।

যেহেতুক সেণ্টলুসিয়া ও গ্রেনেডা নামক ব্রিটনীয় বসতি স্থানে, কোম্পানি বাহাদুরের অধিকৃত ও শাসিত দেশ নিবাসি তদ্দেশীয় লোকেরদের মজুর হইয়া গমন করণ আইনানুযায়ি করা, আর উক্ত দেশহইতে উক্ত কোন বসতিস্থানে গমনশীল এদেশীয় লোকদিগকে যে জাহাজে লইয়া যায় তাহার বিধান করা বিহিত হইয়াছে, অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[১৮৩৯ সালের ১৪ আইনের অংশমতে রদ হওন।]

১ ধারা। যে কেহ ভারতবর্ষীয় কোন ব্যক্তির সহিত সেণ্টলুসিয়া ও গ্রেনেডা নামক ব্রিটনীয় বসতিতে কর্ম্ম করিবার নিমিত্তে কোন চুক্তি করে, কিম্বা যে কেহ ভারতবর্ষীয় কোন ব্যক্তিকে কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইয়ের বন্দরহইতে উক্ত বসতিস্থানে গমন করিতে জানিয়াশুনিয়া প্রবৃত্তি দেয় কি সাহায্য করে, সে দণ্ডের যোগ্য হইবেক, এইমত বিধান ১৮৩৯ সালের ১৪ আইনের যে অংশে বোধ হয় সেই অংশ রদ হইল ইতি।

[এদেশীয় লোকেরা কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইহইতে সেণ্টলুসিয়াতে ও গ্রেনেডাতে যাইতে পারিবেক।]

২ ধারা। এই আইন জারী হইলে পর, উক্ত দেশ নিবাসি তদ্দেশীয় লোকদিগকে বিদেশ গমনশীল মজুরস্বরূপে কেবল কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের বন্দরহইতে উক্ত সেণ্টলুসিয়াতে ও গ্রেনেডাতে যাইতে, ও লইয়া যাইতে অনুমতি হইবেক, অন্য বন্দরহইতে নয় ইতি।

[Appointment and duties of Emigration Agents.]

III. At each of the three Ports aforesaid, it shall be lawful for the Government of the Presidency or place within which the Port is situated, to authorize such person or persons as may be nominated by the Governments of Saint Lucia and Grenada respectively to act as Emigration Agents at the aforesaid Ports respectively, and to exercise the powers conferred on Emigration Agents by this Act; and every such Emigration Agent shall make monthly reports to the Government to which he is subordinate of all matters transacted by him in pursuance of this Act.

[Protector of Emigrants.]

IV. The Protector of Emigrants at each of the three Ports aforesaid shall act as protector of laborers emigrating under the provisions of this Act from the aforesaid Ports respectively.

[Emigrant ships to be licensed. Fee for license. Master of ship to give bond. Penalty if ship be not licensed.]

V. It shall not be lawful to convey any Emigrant, being a Native of India, who may embark for the purpose of laboring for hire in either of the said Colonies from any of the Ports aforesaid in any ship or vessel, unless a license be obtained for carrying Emigrants in any such ship or vessel from the Government of the Presidency or place in which the Port is situated. A fee, not exceeding one Rupee per Emigrant, as may be regulated from time to time by the local Government, shall be demandable in respect of every such license, which fee shall be carried to the credit of the said Government, and the granting or withholding any such license shall be entirely discretionary with the Government; and in consideration of such license, the Master of every ship conveying, or destined to convey, Emigrants from India, shall execute a Bond binding himself and his owners in a penal sum of 10,000 Rupees to conform to the several conditions herein provided, and the said Bond shall be executed in duplicate, that it may be put in suit either at the place of execution or in the Colony to which the Emigrants are to be conveyed, and one copy shall be forwarded to the Government of such Colony to be dealt with as the case may require. And every ship or vessel in which any such Emigrant shall be conveyed without a license being obtained as aforesaid, shall be liable to be forfeited, and the Master thereof shall be liable as for a misdemeanor to a fine of 1,000 Rupees for every such Emigrant so illegally conveyed.

[Master of vessel not to receive on board any emigrants without a certificate. Certificate what to state, &c.]

VI. It shall not be lawful for the Master of any vessel licensed as abovementioned to receive on board any Emigrant laborer, as above provided, unless such laborer shall have in his possession

[বিদেশগমনের কার্য্যের এজেণ্টের নিযুক্ত হওন ও তাঁহার কর্ত্তব্য কর্ম্ম।]

৩ ধারা। উক্ত তিন বন্দরের প্রত্যেক বন্দর যে রাজধানীর কি স্থানের মধ্যে থাকে সেই রাজধানীর গবর্ণমেণ্ট, সেণ্টলুসিয়ার ও গ্রেনেডার গবর্ণমেণ্টের মনোনীত এক কি ততোধিক ব্যক্তিকে সেই২ বন্দরে দেশান্তরে গমনের কার্য্যের এজেণ্টী কর্ম্ম করিতে, এবং এই আইনের দ্বারা ঐ এজেণ্টের প্রতি যে ক্ষমতার্পণ হয় তদনুসারে কার্য্য করিতে হুকুম দিতে পারিবেন। এবং ঐ দেশান্তরে গমনের কার্য্যের প্রত্যেক এজেণ্ট যে গবর্ণমেণ্টের অধীনে থাকেন সেই গবর্ণমেণ্টের নিকটে আপনার এই আইনানুসারে করা সমস্ত কার্য্যের রিপোর্ট মাসে২ করিবেন ইতি।

[বিদেশগমনশীল ব্যক্তিরদের রক্ষক।]

৪ ধারা। পূর্ব্বোক্ত তিন বন্দরে যিনি যে বন্দরে বিদেশগমনশীল ব্যক্তিরদের রক্ষক হন তিনি, পূর্ব্বোক্ত ঐ২ বন্দরহইতে যে মজুরেরা এই আইনের বিধানমতে বিদেশে যায় তাহারদের রক্ষকস্বরূপ কার্য্য করিবেন ইতি।

[যে জাহাজে বিদেশগমনশীল মজুরেরা যায় সেই জাহাজে অনুমতিপত্র দেওয়া যাইবেক। অনুমতিপত্র পাইবার রসুম। জাহাজের অধ্যক্ষ বণ্ড লিখিয়া দিবেন। জাহাজের অনুমতিপত্র না হইলে তাহার দণ্ড।]

৫ ধারা। যে রাজধানীর মধ্যে বন্দর থাকে সেই রাজধানীর গবর্ণমেণ্টের স্থানে কোন জাহাজ দেশান্তর গমনকারি ব্যক্তিকে লইয়া যাইবার নিমিত্তে অনুমতিপত্র না পাইলে, ঐ জাহাজে উক্ত কোন বন্দরহইতে পূর্ব্বোক্ত কোন বসতিতে মজুরী করিবার নিমিত্তে ভারতবর্ষজাত দেশান্তর গমনকারি ব্যক্তিরদিগকে লইয়া যাইতে নিষেধ হইল। ঐ প্রত্যেক অনুমতিপত্রের নিমিত্তে দেশান্তর গমনকারি প্রত্যেক ব্যক্তির জন্যে সময়ে২ গবর্ণমেণ্ট যে নিয়ম করেন সেই নিয়মানুসারে অনধিক ১৲ টাকা রসুম লওয়া যাইবেক। ঐ রসুমের টাকা উক্ত গবর্ণমেণ্টের খাজানাখানাতে দাখিল হইবেক। আর ঐ প্রকার অনুমতিপত্র গবর্ণমেণ্ট আপন বিবেচনাক্রমে দিতে বা না দিতে পারেন্। এবং ঐ অনুমতিপত্র পাইবার নিমিত্তে ভারতবর্ষহইতে দেশান্তর গমনকারি ব্যক্তিরদিগকে যে প্রত্যেক জাহাজ লইয়া যায় বা লইয়া যাওনার্থে ভাড়া হয় ঐ প্রত্যেক জাহাজের অধ্যক্ষ এক বণ্ড অর্থাৎ তমঃসুক লিখিয়া দিবেন, ও সেই বণ্ডে এমত লেখা থাকিবেক যে, ঐ জাহাজের অধ্যক্ষ কিম্বা তাহার মালিক এই আইনের লিখিত নানা নিয়মের মতাচরণ না করিলে ১০,০০০৲ দশ হাজার টাকা জরীমানা দিবেন। এবং যে স্থানে ঐ বণ্ডে দস্তখৎ হয় সেই স্থানে, অথবা যে বসতিতে ঐ মজুরেরা যাইবেক সেই বসতিতে, ঐ বণ্ড দৃষ্টে নালিশ হইবার নিমিত্তে ঐ প্রকার দুইখান বণ্ডে দস্তখৎ করিতে হইবেক, তাহার একখান ঐ বসতির গবর্ণমেণ্টের নিকটে পাঠান যাইবেক এবং তাঁহারা তাহা লইয়া যাহা আবশ্যক বোধ করেন তাহাই করিবেন। এবং যে সকল জাহাজের পূর্ব্বোক্তমতে অনুমতিপত্র না দেওয়া গিয়া থাকে তাহাতে যদি জাহাজাধ্যক্ষ দেশান্তর গমনকারি কোন ব্যক্তিকে লইয়া যান, তবে ঐ জাহাজ জব্দ হইবেক, এবং জাহাজের অধ্যক্ষ দেশান্তর গমনকারি যত ব্যক্তিকে ঐরূপ বেআইনীমতে লইয়া যান, তাহারদের জনপ্রতি হাজার টাকা করিয়া জরীমানা দিবেন ইতি।

[জাহাজের অধ্যক্ষ সর্টিফিকটবিনা কোন মজুরকে জাহাজে লইবেন না। ঐ সর্টিফিকটে যে কথাপ্রভৃতি থাকিবেক।]

৬ ধারা। দেশান্তর গমনকারি যে২ মজুরের নিকটে ঐ বন্দরের দেশান্তরে গমনকার্য্যের এজেণ্ট সাহেবের দেওয়া ও মজুরেরদের রক্ষকের দস্তখৎকরা সর্টিফিকট কিম্বা পাস না থাকে এবং সে ব্যক্তি তাহা দেখাইতে না

and show a certificate or pass, to be given to him by the Emigration Agent of the Port, countersigned by the Protector of Emigrants, stating his name, and the name of his father, and his age, and certifying that, having appeared before such Agent, he has declared his willingness to proceed to work for hire in the Colony to which such vessel is bound, and has been engaged by him as an Emigrant to such Colony on the part of the Government thereof.

[Before Port-clearance, Master of ship to obtain certificate from Emigration Agent stating—]

VII. Before any ship or vessel, so licensed to carry Emigrant laborers as above provided, shall be cleared out from any of the aforesaid Ports for either of the said Colonies, it shall be necessary for the Master of such ship or vessel, provided any Emigrant of the description aforesaid shall embark therein, to obtain from the Emigration Agent, so nominated and authorized at such Port as aforesaid, a certificate, under the hand of such Agent, to the effect following, that is to say:

[That the third Article in the Schedule has been complied with. Proviso. Inquiries therein specified to be public.]

First.—That such Agent has, by personal communication, done what is required on the part of such Agent by the third Article of the Schedule hereunto annexed; provided always, that every such Agent shall make the inquiries specified in such Schedule in an open Court or public office, to which all persons shall have admission.

[That the directions in the Schedule as to health, &c., have been complied with.]

Second.—That all the directions contained in the fourth, fifth, sixth, and seventh Articles of the said Schedule, for ensuring the health and safety of passengers, have been duly complied with.

[That the Government rules touching Medical attendance, clothing, &c., have been complied with.]

Third.—That (in addition to the directions contained in the said Schedule) such rules have been complied with as the Governor General in Council shall from time to time frame, touching the medical attendance and medical stores, and the proper clothing to be provided, the species of provisions suited to native habits, the number of women that should accompany the Emigrants, or other matters.

[Probable lengths of voyage. Time of sailing.]

VIII. The probable lengths of the voyages to Saint Lucia and Grenada from the Ports aforesaid respectively, shall, for the purposes of this Act, be deemed to be—

From the Port of Calcutta, twenty weeks.

From the Port of Madras, nineteen weeks.

From the Port of Bombay, nineteen weeks; and that no ship or vessel carrying Emigrant laborers to Saint Lucia or Grenada, shall sail from Calcutta, Madras, or Bombay at any other time than

পারে এমত মজুরেরদিগকে উক্ত প্রকারের অনুমতিপত্রপ্রাপ্ত জাহাজের অধ্যক্ষ আপন জাহাজে লইতে পারিবেন না। ঐ সর্টিফিকটের মধ্যে ঐ মজুরের নাম ও তাহার পিতার নাম ও তাহার বয়ঃক্রম লেখা থাকিবেক এবং তাহাতে আরো ইহা লেখা যাইবেক যে ঐ মজুর ঐ এজেণ্ট সাহেবের সম্মুখে উপস্থিত হইয়া জাহাজ যে বসতিতে যাইতেছে তথায় বেতনের জন্যে খাটিবার নিমিত্তে যাইতে আপনার ইচ্ছা জানাইয়াছে, আর ঐ সাহেব ঐ বসতির গবর্ণমেণ্টের পক্ষে তাহাকে ঐ বসতিতে গমনশীল মজুরস্বরূপ নিযুক্ত করিয়াছেন ইতি।

[বন্দরহইতে যাইবার ছাড়চিঠী পাইবার পূর্ব্বে জাহাজের অধ্যক্ষ দেশান্তরে গমনের কার্য্যের এজেণ্ট সাহেবের স্থানে সর্টিফিকট লইবেন। তাহার লিখিত কথা।]

৭ ধারা। পূর্ব্বোক্তমতে দেশান্তর গমনকারি মজুরেরদিগকে লইয়া যাইতে যে জাহাজকে অনুমতিপত্র দেওয়া যায় সেই জাহাজ পূর্ব্বোক্ত কোন বন্দরহইতে উক্ত কোন বসতিতে যাত্রা করণের পূর্ব্বে যদ্যপি সেই প্রকার দেশান্তর গমনকারি কোন ব্যক্তি তাহাতে আরোহিণ করিয়া থাকে তবে ঐ জাহাজের অধ্যক্ষের আবশ্যক যে ঐ বন্দরে নিযুক্তহওয়া ও ক্ষমতাপ্রাপ্ত দেশান্তরে গমনের কার্য্যের এজেণ্ট সাহেবের দস্তখৎকর এই মজমুনে এক সর্টিফিকটপ্রাপ্ত হন অর্থাৎ

[তফসীলের লিখিত ৩ দফামতে কার্য্য হইয়াছে। বর্জিত বিধি। তাহার লিখিত তদারক প্রকাশরূপে হইবেক।]

প্রথম। এই আইনের শেষে লিখিত তফসীলের ৩ দফায় ঐ এজেণ্টের প্রতি যাহা করিতে হুকুম হইয়াছে তাহা তিনি স্বয়ং জিজ্ঞাসাবাদের দ্বারা করিয়াছেন। পরন্তু ঐ তফসীলে যে তহকীক করিতে হুকুম আছে তাহা ঐ এজেণ্ট সর্ব্বদাই কোন খোলা আদালতে অথবা সরকারী যে দপ্তরখানায় সকল লোকের গমনাগমন হইতে পারে সেই দপ্তরখানায় করিবেন।

[স্বাস্থ্যপ্রভৃতির বিষয়ে তফসীলে যে আজ্ঞা হইয়াছে তদনুসারে কার্য্য হইল।]

দ্বিতীয়। উক্ত তফসীলের ৪। ৫। ৬ এবং ৭ দফাতে চড়নদারেরদের স্বাস্থ্য ও নির্ব্বিঘ্নে থাকিবার বিষয়ে যে সকল হুকুম আছে তাহার প্রকৃতরূপে মতাচরণ হইয়াছে।

[চিকিৎসা ও বস্ত্রপ্রভৃতির বিষয়ে গবর্ণমেণ্টের যে বিধি হইয়াছে তদনুসারে কার্য্য হইল।]

তৃতীয়। ঐ তফসীলের নির্দ্দিষ্ট হুকুমের অতিরিক্ত চিকিৎসক নিযুক্ত করণ ও ঔষধাদি ও উপযুক্ত বস্ত্র সঙ্গে দেওনের বিষয়ে এবং দেশের ব্যবহার বুঝিয়া উপযুক্ত প্রকার আহারীয় দ্রব্যাদি যোগাইবার বিষয়ে এবং দেশান্তর গমনকারি ব্যক্তিরদের সঙ্গে যত স্ত্রীলোক যাইবেক তাহার সংখ্যার বিষয়ে এবং অন্যান্য বিষয়ে সময়ে২ শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে যে২ বিধি করেন তাহার প্রতিপালন হইয়াছে ইতি।

[ঐ২ বসতিতে পঁহুছিতে অনুমান যত দিন লাগে। জাহাজের প্রস্থান করিবার সময়।]

৮ ধারা। পূর্ব্বোক্ত এক২ বন্দরহইতে সেণ্ট লুসিয়াতে ও গ্রেনেডাতে পঁহুছিতে যত দিন লাগিবেক অনুমান হয় তাহা, এই আইনের অভিপ্রায় সিদ্ধ করিবার জন্যে এইমতে নিরূপণ হইবেক অর্থাৎ।

কলিকাতার বন্দরহইতে বিশ সপ্তাহ।

মান্দ্রাজের বন্দরহইতে উনিশ সপ্তাহ।

বোম্বাইয়ের বন্দরহইতে উনিশ সপ্তাহ। আর যে কোন জাহাজে বিদেশগমনশীল মজুরদিগকে সেণ্ট লুসিয়াতে কি গ্রেনেডাতে লইয়া যায় সেই জাহাজ কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইহইতে আগষ্ট মাসের ৩১ তারিখঅবধি

between the 31st day of August and the 1st day of March next thereafter ensuing.

[Master to deliver list to Emigration Agent.]

IX. Before any ship or vessel shall be cleared out from any of the aforesaid Ports for Saint Lucia or Grenada, it shall be necessary for the Master thereof to deliver to the Emigration Agent, so nominated and authorized at such Port as aforesaid, the list specified in Article 10 of the said Schedule, and to obtain such duplicate thereof as is required by the said Article.

[Penalty for clearing ship without complying with rules.]

X. If the Master of any ship or vessel shall, at any of the Ports aforesaid, take on board such ship or vessel any Emigrant laborer of the description aforesaid, and shall clear such ship or vessel for Saint Lucia or Grenada without having fully complied with every particular herein required previously to clearance, he shall be liable, on conviction before any Magistrate or Justice of the Peace, to a penalty not exceeding two hundred Rupees for every Emigrant laborer so taken on board his ship or vessel.

[Penalty for taking on board, after clearance, Emigrants not entered in list.]

XI. If the Master of any ship or vessel shall, after having cleared such ship or vessel at any such Port as aforesaid for Saint Lucia or Grenada, take on board any such Emigrant laborer as aforesaid, without having entered such Emigrant laborer in such list as aforesaid, or without having obtained such duplicate as aforesaid containing the entry of such emigrant, prior to clearance, he shall be liable, on conviction before any Magistrate or Justice of the Peace, to a penalty not exceeding five hundred Rupees for every emigrant so taken on board his ship or vessel

[Penalty for fraudulent acts whereby certificate becomes inapplicable to the altered state of the vessel.]

XII. If any Master of any ship or vessel cleared for Saint Lucia or Grenada as aforesaid, shall, after having obtained such certificate as aforesaid, fraudulently do, or suffer to be done, any act or thing whereby such certificate shall become inapplicable to the altered state of the ship or vessel, its passengers, or other matters to which such certificate relates, such Master shall be liable, on conviction, to a penalty not exceeding five thousand Rupees beside incurring a forfeiture of any bond executed in consideration of any license obtained for the vessel as originally described.

[Custom House Officers and Pilots to exercise, for the purposes of this Act, certain powers vested in the former for the prevention of smuggling.]

XIII. All the powers vested by Law in the Officers of Customs in regard to the searching and

তাহার পর মার্চ মাসের ১ তারিখপর্য্যন্ত কোন সময়ে যাইবেক। অন্য সময়ে যাইতে পারিবেক না ইতি।

জাহাজের অধ্যক্ষ দেশান্তরে গমনের কার্য্যের এজেণ্ট সাহেবকে ফর্দ্দ দিবেন।]

৯ ধারা। পূর্ব্বোক্ত কোন বন্দরহইতে সেণ্ট লুসিয়াতে কি গ্রেনেডাতে যাইবার নিমিত্তে কোন জাহাজ রুক্ত হওনের পূর্ব্বে ঐ জাহাজের অধ্যক্ষের আবশ্যক যে উক্ত তফসীলের ১০ দফায় যে ফর্দ্দের বিষয় লেখা আছে তাহা ঐ বন্দরে নিযুক্তহওয়া এবং ক্ষমতাপ্রাপ্ত দেশান্তরে গমনের কার্য্যের এজেণ্ট সাহেবকে দেন। এবং ঐ ১০ দফায় যেরূপ হুকুম আছে সেইরূপে ঐ ফর্দ্দের এক নকল লন্ ইতি।

[বিধিমতে কার্য্য না করিয়া জাহাজ রুক্ত করিবার দণ্ড।]

১০ ধারা। জাহাজ রুক্ত হওনের পূর্ব্বে যে সকল কার্য্য করিতে এই আইনের পূর্ব্ব ভাগে হুকুম আছে তাহার সম্পূর্ণরূপে মতাচরণ না করিয়া যদ্যপি কোন জাহাজের অধ্যক্ষ পূর্ব্বোক্ত কোন বন্দরে উক্ত প্রকার দেশান্তর গমনকারি মজুরকে ঐ জাহাজে লন ও সেণ্ট লুসিয়াতে কি গ্রেনেডাতে গমনার্থে জাহাজ রুক্ত করেন তবে যে প্রত্যেক দেশান্তর গমনকারি মজুরকে এইরূপে জাহাজে লন তাহার নিমিত্তে মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীসের সম্মুখে তাঁহার দোষ প্রমাণ হইলে তিনি ২০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

[জাহাজ রুক্ত হইবার ছাড়চিঠী লইবার পরে ফর্দ্দেতে অলিখিত মজুরদিগকে জাহাজে লওনের দণ্ড।]

১১ ধারা। যদি কোন জাহাজের অধ্যক্ষ পূর্ব্বোক্ত কোন বন্দরহইতে সেণ্ট লুসিয়াতে কি গ্রেনেডাতে গমনার্থে জাহাজ রুক্ত করণের পর ঐ জাহাজে ঐ প্রকার দেশান্তর গমনকারি কোন মজুরকে লন, এবং যদি জাহাজ রুক্ত হওনের পূর্ব্বে দেশান্তর গমনকারি ঐ মজুরের নাম পূর্ব্বোক্ত ফর্দ্দের মধ্যে লেখা না গিয়া থাকে, কিম্বা যাহাতে ঐ দেশান্তর গমনকারি ব্যক্তির নাম লেখা আছে অধ্যক্ষ পূর্ব্বোক্তমতের সেই নকল না পান, তবে ঐ জাহাজাধ্যক্ষের ঐ অপরাধ কোন মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীসের সমক্ষে প্রমাণ হইলে জাহাজে সেইরূপে যত মজুরকে লন তাহার প্রত্যেকের নিমিত্তে ৫০০৲ টাকার অনধিক জরীমানা হইবেক ইতি।

[চাতুরীর যে কোন কার্য্য হইলে সর্টিফিকট জাহাজের পরিবর্ত্তিত অবস্থায় খাটিতে পারে না সেই কার্য্যের দণ্ড।]

১২ ধারা। যদি পূর্ব্বোক্তমতে সেণ্ট লুসিয়াতে কি গ্রেনেডাতে গমনার্থে রুক্তহওয়া কোন জাহাজের অধ্যক্ষ পূর্ব্বোক্ত মত সর্টিফিকট পাইলে পর প্রবঞ্চনা করিয়া এমত কোন কর্ম্ম স্বয়ং করেন বা অন্যকে করিতে দেন যে তাহার দ্বারা ঐ জাহাজের বা চড়নদারের কি ঐ সর্টিফিকটসম্পর্কীয় অন্যান্য বিষয়ের অন্যাবস্থা হওয়াতে ঐ সর্টিফিকট আর তাহাতে খাটিতে না পারে তবে ঐ জাহাজের অধ্যক্ষের অপরাধ প্রমাণ হইলে ৫০০০৲ টাকার ঊর্দ্ধ না হয় তিনি এমত জরীমানার যোগ্য হইবেন এবং তদতিরিক্ত ঐ জাহাজের নিমিত্তে পূর্ব্বের নির্দ্দিষ্ট যে অনুমতিপত্র পাইয়া থাকেন তাহার সম্পর্কে যে বণ্ড লিখিয়া দিয়াছিলেন তাহার মধ্যের লিখিত জরীমানা দেওনের যোগ্য হইবেন ইতি।

[মামুল চুরী না হইবার নিমিত্তে হাসিলের কার্য্যকারকদিগকে যে ক্ষমতা দেওয়া গেল তাহার কএক ক্ষমতামতে হাসিলের কার্য্যকারকেরা ও আড়কাটি সাহেবেরা এই আইনের অভিপ্রায় সিদ্ধ করিবার জন্যে কার্য্য করিবেন।]

১৩ ধারা। মামুল না দিয়া জাহাজে জিনিস উঠাওনের নিবারণার্থে জাহাজের তালাশী লওন এবং আটক করণ

detention of ships or vessels, or otherwise for the prevention of smuggling on board thereof, may be exercised by such Officers for the prevention of the illegal embarkation of such emigrants as aforesaid on board ships or vessels bound for Saint Lucia or Grenada, and of other offences against this Act; and all Pilots in the Service of the East India Company shall be invested with the same powers, and be charged with the same duties as Preventive Officers of Customs in this behalf.

[Custom House Officers and Pilots at Calcutta to countersign papers. To muster crew and passengers and Emigrants. Report of Emigrants on board. Penalty.]

XIV. Whenever a vessel shall clear from Calcutta for Saint Lucia or Grenada with Emigrant laborers duly embarked thereon, the Customs Officer on board such vessel shall countersign the pass or certificate brought on board such vessel by every such Emigrant laborer, and shall keep a register of every such Emigrant laborer as may come on board. And such Customs Officer shall remain on board such vessel until she shall arrive in Saugor Roads, and shall not come away until a muster of the crew and passengers and Emigrant laborers has been made in his presence, and in that of the Pilot in charge of the vessel, and after the Customs Officer has taken muster and quitted the vessel, the Pilot shall continue to exercise the duties indicated in Section XIII. of this Act; and it shall be lawful for him, if he shall deem it necessary, to require the Master or Commander to take a general muster of the crew and passengers and Emigrant laborers on board, and to sign a muster roll so taken. And every such Custom House Officer and Pilot shall make a complete report of the Emigrant laborers on board of any ship at the time of his quitting the same, and such report shall contain a declaration that, to the best of the declarant's belief, no additional Emigrant laborers have been received on board since obtaining the certificate, and that nothing else has been done or omitted to be done in the ship or vessel contrary to the provisions of this Act; and every such report or muster, if any, shall be transmitted without delay to the Emigration Agent of the Port. And any Custom House Officer or Pilot who shall wilfully make a false, erroneous, or incomplete report of the Emigrant laborers on board of any ship, or who shall connive at the unauthorized embarkation of any such Emigrant laborers, shall be liable, besides dismissal, to a fine of five hundred Rupees, commutable, if not paid, to imprisonment in the Calcutta Jail for six months, and the penalty shall be adjudged in like manner as similar penalties are adjudged for offences committed in respect to the Customs Revenue.

[*Government Gazette*, 29*th May*, 1855.]

শের বিষয়ে হাসিলের কার্য্যকারকদিগকে আইনমতে যে সকল ক্ষমতা দেওয়া গিয়াছে সেণ্ট লুসিয়াতে কি গ্রেনেডাতে গমনশীল জাহাজের উপর উক্ত প্রকার দেশান্তর গমনকারি ব্যক্তিদিগকে বেআইনীরূপে জাহাজ আরোহণের নিবারণ জন্য ঐ২ কার্য্যকারক সেই ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন। আরো এই বিষয়ে হাসিলের কার্য্যকারকেরদের প্রতি যে কার্য্যের ভারার্পণ হইল এবং তাঁহারদিগকে যে ক্ষমতা দেওয়া গেল কোম্পানি বাহাদুরের সকল আড়কাটিরও সেইরূপ ক্ষমতা ও ভার হইবেক ইতি।

[হাসিলের কার্য্যকারক ও আড়কাটি সাহেবেরা কলিকাতায় কোন কাগজপত্রে দস্তখৎ করিবেন। ও মল্লারদের ও চড়নদারেরদের ও মজুরেরদের গণতি করিবেন। জাহাজস্থ মজুরেরদের বিষয়ের রিপোর্ট। দণ্ড।]

১৪ ধারা। রীতিমতে আরোহণহওয়া দেশান্তর গমনকারি মজুরেরদিগকে লইয়া যদি কোন জাহাজ সেণ্ট লুসিয়াতে কি গ্রেনেডাতে গমনার্থে কলিকাতাহইতে রুক্ত হয় তবে ঐ জাহাজে নিযুক্ত হাসিলের কার্য্যকারকের উচিত যে ঐ বিদেশ গমনকারি মজুর যে পাস অথবা সর্টিফিকট লইয়া জাহাজে আইসে তাহাতে দস্তখৎ করেন এবং ঐরূপ দেশান্তর গমনকারি যত মজুর জাহাজে উঠে তাহারদের এক রেজিষ্টর রাখেন। এবং ঐ জাহাজ সাগরে না পঁহুছনপর্য্যন্ত ঐ হাসিলের কার্য্যকারক জাহাজে থাকিবেন এবং আপনার সম্মুখে ও জাহাজের আড়কাটির সম্মুখে জাহাজের মল্লাপ্রভৃতি ও চড়নদারেরদের ও দেশান্তর গমনশীল মজুরেরদের গণতি না হওয়াপর্য্যন্ত জাহাজহইতে চলিয়া যাইবেন না এবং হাসিলের কার্য্যকারক ঐ গণতি করিয়া জাহাজ ছাড়িবার পরে আড়কাটি এই আইনের ১৩ ধারার নির্দ্দিষ্ট কার্য্য নির্ব্বাহ করিতে থাকিবেন। এবং তাঁহার এমত ক্ষমতা থাকিবেক যে আবশ্যক বোধ করিলে ঐ জাহাজে দেশান্তর গমনকারি যত মজুর থাকে তাহারদের এবং মল্লাপ্রভৃতি ও চড়নদারেরদের গণতি করিতে জাহাজের অধ্যক্ষকে হুকুম করেন এবং ঐ গণতির ফর্দ্দে দস্তখৎ করেন। এবং হাসিলের এইমত প্রত্যেক কার্য্যকারক ও আড়কাটি যে সময়ে জাহাজ ছাড়িয়া আসিবেন সেই সময়ে ঐ জাহাজের উপর দেশান্তর গমনকারি যত মজুর ছিল তাহারদের বিষয়ের সম্পূর্ণ রিপোর্ট করিবেন এবং ঐ রিপোর্টে এমত কথা লিখিবেন যে আমার জ্ঞাতসারপর্য্যন্ত আমি কহিতে পারি যে সর্টিফিকট প্রাপ্ত হওনের পর জাহাজে দেশান্তর গমনকারি অতিরিক্ত কোন মজুর লওয়া যায় নাই এবং এই আইনের বিধানের বিপরীত কোন কার্য্য করা যায় নাই কিম্বা যাহা করিতে হুকুম আছে তাহার ত্রুটি হয় নাই এবং এইমত রিপোর্ট এবং গণতি হইলে সেই গণতির ফর্দ্দ ঐ বন্দরের দেশান্তরে গমনের কার্য্যের এজেণ্ট সাহেবের নিকটে অবিলম্বে পাঠাইবেন। এবং হাসিলের যে কোন কার্য্যকারক কিম্বা আড়কাটি জানিয়াশুনিয়া ঐ জাহাজের উপর দেশান্তর গমনকারি মজুরেরদের মিথ্যা বা অশুদ্ধ কিম্বা অসম্পূর্ণ রিপোর্ট করেন অথবা বেআইনীমতে দেশান্তর গমনকারি মজুরেরদিগের আরোহণ করণের বিষয় জানিয়াশুনিয়া চুপ করিয়া থাকেন সেই কার্য্যকারক বা আড়কাটি কর্ম্মহইতে তগীর হওনের যোগ্য হইবেন এবং তদতিরিক্ত ৫০০৲ টাকা জরীমানা দেওনের যোগ্য হইবেন এবং যদি ঐ জরীমানার টাকা না দেওয়া যায় তবে কলিকাতার জেলখানায় ছয় মাস মিয়াদে কয়েদের যোগ্য হইবেন এবং হাসিলের রাজস্বের বিষয়ের অপরাধ হইলে যেরূপ দণ্ড নিরূপণ হয় সেইরূপে এই অপরাধের বিষয়েও দণ্ড নিরূপণ হইবেক ইতি।

[Punishment for forgery of document required by this Act.]

XV. If any person shall forge, or shall use, knowing it to be forged, any document required by this Act, such person shall be liable to be imprisoned for any period not exceeding seven years.

[Penalties how to be enforced.]

XVI. All the several penalties to which the Masters of ships or vessels are liable by this Act, shall be enforced by information laid before any Justice of the Peace at the instance of the Emigration Agent or of any Officer appointed for the purpose by the Government of the Presidency or place, or may be enforced by putting in suit the Bond given by the Master, if such Bond has been given in consideration of the license granted to the ship.

[Act when to take effect.]

XVII. This Act shall take effect as to the said Colonies respectively from the day when the Governor General of India in Council, or in his absence the President in Council, shall notify in the *Calcutta Gazette* that such Regulations have been provided, and such measures taken, as he may deem necessary for the protection of such Emigrants during their residence in such Colony, and in respect of their return to India.

SCHEDULE.

[Appointment of Emigration Agent.]

1. The Governors of Saint Lucia and Grenada may, from time to time, nominate such persons as they shall see fit to act as Emigration Agents at Calcutta, Madras, and Bombay.

[Remuneration.]

2. The remuneration to be given to any such Agent in India shall not depend upon or be regulated by the number of Emigrants sent by him, but shall be in the nature of an annual salary.

[Duty.]

3. Every such Emigration Agent shall ascertain, by personal communication with every Emigrant previously to his or her embarkation from the port or place for which such Agent shall have been appointed, that such Emigrant has not been induced to emigrate by any fraud, false or unreasonable expectation, and is aware of the distance of the Colony to which he or she is about to emigrate from the place where he or she is about to embark, and such Agent shall explain the real advantages likely to be derived by such Emigrant from a removal to such Colony, at the same time cautioning such Emigrant against unreasonable and unwarrantable expectations; and such Agent shall also ascertain that every such Emigrant is in good health and not incapacitated from labor by old age, bodily infirmity, or disease.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ২৯ মে।]

[এই আইনেতে যে দলীলের হুকুম হয় তাহা জাল করিলে যে দণ্ড হইবেক তাহা।]

১৫ ধারা। যদি কোন ব্যক্তি এই আইনের হুকুমকরা কোন দলীলদস্তাবেজ জাল করে অথবা জাল হইয়াছে জানিয়া তাহা লইয়া ব্যবহার করে তবে সে ব্যক্তি সাত বৎসরের অনধিক কালপর্য্যন্ত কয়েদের যোগ্য হইবেক ইতি।

[জরীমানার টাকা যেরূপে আদায় হইবেক।]

১৬ ধারা। দেশান্তর গমনের কার্য্যের এজেণ্ট সাহেব অথবা তৎস্থানের কি রাজধানীর গবর্ণমেণ্ট সেই কর্ম্মের নিমিত্তে যে কোন কর্ম্মকারককে নিযুক্ত করেন তিনি কোন জুষ্টিস অফ দি পীসের নিকটে এজহার করিলে জাহাজের অধ্যক্ষেরা এই আইনের দ্বারা যে২ দণ্ডের যোগ্য হন সেই২ দণ্ডের হুকুম জারী হইবেক অথবা ঐ জাহাজাধ্যক্ষ যে বণ্ড লিখিয়া দিয়া থাকেন তাহা যদি জাহাজকে দেওয়া অনুমতিপত্রের নিমিত্তে লেখা গিয়া থাকে তবে সেই বণ্ড ধরিয়া নালিশ করণের দ্বারা এই আইনের নিরূপিত দণ্ডের হুকুম জারী হইবেক ইতি।

[আইন যে সময়ে চলন হইবেক।]

১৭ ধারা। সেই২ বসতিতে মজুরেরদের বাস করণ কালে তাহারদের সুরক্ষার জন্যে ও ভারতবর্ষে তাহারদের ফিরিয়া আসিবার বিষয়ে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কিম্বা তাঁহার অবর্ত্তমানে হজুর কৌন্সেলের শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব যে২ বিধান ও যে২ নিয়ম আবশ্যক জ্ঞান করেন সেই২ বিধান নির্দ্দিষ্ট হইয়াছে ও সেই২ নিয়ম করা গিয়াছে এই কথা তিনি যে দিনে কলিকাতা গেজেটে প্রকাশ করেন সেই দিনঅবধি উক্ত বসতি স্থানের বিষয়ে এই আইন চলন হইবেক ইতি।

তফসীল।

[দেশান্তর গমনের কার্য্যের এজেণ্ট নিযুক্ত করণ।]

১। সেণ্ট লুসিয়ার ও গ্রেনেডার শ্রীযুত গবরনর সাহেবেরা যে ব্যক্তিরদিগকে উপযুক্ত বোধ করেন তাঁহারদিগকে কলিকাতায় ও মান্দ্রাজে ও বোম্বাইতে দেশান্তর গমনের কার্য্যের এজেণ্টী কর্ম্মে সময়ে২ নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[বেতন।]

২। ভারতবর্ষের মধ্যে যে২ ব্যক্তি এইরূপে এজেণ্টী কর্ম্মে নিযুক্ত হন্ তাঁহারা গমনকারি যত ব্যক্তিকে পাঠান্ তাহারদের সংখ্যানুসারে মেহনতানা পাইবেন না কিন্তু সালিয়ানা বেতন পাইবেন ইতি।

[তাঁহার কর্ত্তব্য কর্ম্ম।]

৩। এইমত দেশান্তর গমনকারি ব্যক্তিরদের প্রত্যেক এজেণ্ট সাহেব যে বন্দরে বা স্থানে নিযুক্ত হন্ সেই বন্দর বা স্থানহইতে গমনকারি প্রত্যেক পুরুষ বা স্ত্রীর সঙ্গে নিজে কথাবার্ত্তার দ্বারা এই নিশ্চয় করিবেন যে ঐ দেশান্তর গমনকারি ব্যক্তিকে ছলচক্রান্তে কিম্বা মিথ্যা ও অসঙ্গত আশার দ্বারা দেশান্তরে গমনের প্রবোধ দেওয়া যায় নাহি এবং ঐ পুরুষ বা স্ত্রী যে স্থানহইতে গমন করিতে উদ্যত আছে সেই স্থানহইতে যে বসতিতে গমন করিবেক তাহা কত দূর ইহা নিতান্ত অবগত আছে। এবং ঐ গমনকারি ব্যক্তিরদের সেই বসতিতে গমনে যে২ উপকার নিতান্ত হইতে পারে তাহা ঐ এজেণ্ট সাহেব তাহারদিগকে বুঝাইয়া দিবেন এবং ঐ গমনকারি ব্যক্তিরদিগকে অসঙ্গত এবং মিথ্যা প্রত্যাশা করিতে নিবারণ করিবেন। এবং ঐ গমনকারি ব্যক্তি বিলক্ষণ সুস্থ এবং বার্দ্ধক্যপ্রযুক্ত কিম্বা শারীরিক দৌর্ব্বল্য অথবা পীড়াপ্রযুক্ত পরিশ্রম করিতে অক্ষম নহে ইহা তিনি নিশ্চয় অবগত হইবেন ইতি।

[Number of passengers.]

4. It shall not be lawful to ship on board of any ship or vessel carrying Emigrants from India to either of the Colonies aforesaid, any number of passengers exceeding the proportion of one person for every two tons of the registered burthen of such ship or vessel; and no such ship or vessel carrying Emigrants, and having more than one deck, shall have less than the height of five feet and six inches at the least between decks; and in case such ship or vessel shall have only one deck, a platform shall be laid beneath such deck, and in such manner as to afford a space of the height of five feet and six inches at the least, and such platform shall not be so laid as that the lower beams shall project above the same; and no such ship or vessel shall have more than two tiers of berths; and no such ship or vessel shall carry passengers on any such voyage to any of the Colonies aforesaid, unless there shall be an interval of six inches at least between the deck or platform and the floor of the lower tier, throughout the whole extent thereof; and whatever may be the tonnage of the ship or vessel, no greater number of passengers shall be taken on board of such ship or vessel than shall be after the rate of one such person for every seventy-two cubic feet of space between decks, or between the deck and platform, unoccupied by goods or stores, not being the personal luggage of such person.

[যত ব্যক্তি যাইবেক।]

৪। ভারতবর্ষহইতে পূর্ব্বোক্ত কোন বসতিতে গমনকারি ব্যক্তিরদিগকে লইয়া যাইবার নিমিত্তে যে জাহাজ ভাড়া হয় ঐ জাহাজের রেজিষ্টরীহওয়া পরিমাণদুষ্টে দুই২ টনের হিসাবে এক২ ব্যক্তির অধিক তাহাতে লইয়া যাইতে নিষেধ হইল। এবং গমনকারি ব্যক্তিরদিগকে লইয়া যাইবার নিমিত্তে যে প্রত্যেক জাহাজ নিযুক্ত হয় সেই জাহাজে যদি এক তালার অধিক থাকে তবে দুই তালার মধ্যে সাড়ে পাঁচ ফুটের কম ব্যবধান থাকিবেক না। এবং যদি ঐ জাহাজের কেবল এক তালা থাকে তবে ঐ তালার নীচে এক কাষ্ঠের মেজ্যা করিতে হইবেক এবং ঐ মেজ্যাঅবধি তালাপর্য্যন্ত সাড়ে পাঁচ ফুটের কম ব্যবধান থাকিবেক না এবং ঐ মেজ্যা এমত তৈয়ার করিতে হইবেক না যে তাহার তালার কড়িকাষ্ঠ তাহার উপর রাখা যায়। এবং এইমত কোন জাহাজে শুইবার নিমিত্তে দুই থাক মাচানের অধিক থাকিবেক না এবং জাহাজের নীচের তালা অথবা মেজ্যার উপর যে নীচস্থ থাক থাকে সেই থাক এবং ঐ মেজ্যা কিম্বা তালার মধ্যে সমস্ত জাহাজ ব্যাপিয়া ছয় বুরুল ব্যবধান না থাকিলে কোন জাহাজ চড়নদারেরদিগকে পূর্ব্বোক্ত কোন বসতিতে লইয়া যাইতে পারিবেক না। এবং জাহাজের যত পরিমাণ হউক তাহার উভয় তালার মধ্যে অথবা তালার ও মেজ্যার মধ্যে কালিতে বাহাত্তর ফুট প্রত্যেক গমনকারি ব্যক্তির নিমিত্তে নির্দ্দিষ্ট করিতে হইবেক এবং সেই স্থানের মধ্যে ঐ চড়নদার ব্যক্তির লওয়াজেমা দ্রব্যছাড়া কোন মাল কি দ্রব্যাদি থাকিবেক না এবং ঐ বাহাত্তর ফুট হিসাব করিয়া যত চড়নদারের স্থান হয় তাহার অধিক চড়নদার সেই জাহাজে যাইবেক না ইতি।

[Children.]

5. In the computation of the number of passengers within the meaning of these Regulations, two children under the age of ten years shall be considered as equal to, and shall be reckoned as, one person only.

[বালক।]

৫। এই বিধানের অর্থের মধ্যে চড়নদারেরদের সংখ্যা হিসাব করণেতে দশ বৎসরের ন্যূন দুই বালক এক পুরুষের তুল্য গণ্য করা যাইবেক ইতি।

[Provisions.]

6. There shall be actually laden on board of every ship or vessel conveying Emigrants into either of the Colonies aforesaid, at the time of departure of such ship or vessel from the port at which such laborers shall be embarked, good and wholesome provisions for the use and consumption of the said passengers, over and above the victualling of the crew, to the amount or in the proportion following: that is to say, a supply of water to the amount of five gallons for every week of the computed voyage for every passenger on board such ship or vessel, such water being carried in tanks or sweet casks; and a supply of rice, bread, biscuit, flour, oatmeal, or bread stuffs to the amount of seven pounds weight to every week of the computed voyage for every such passenger. Provided always, that, when any such ship or vessel shall be destined to call at a port or place in the course of her voyage, for the purpose of filling up her water-casks, a supply of water at the rate beforementioned for every week of an average voyage to such port or place of calling, shall be deemed to be a compliance with this Regulation; and provided that the preceding Regulation regarding food shall

[আহারীয় দ্রব্য।]

৬। যে জাহাজ এইরূপে দেশান্তর গমনকারি ব্যক্তিরদিগকে পূর্ব্বোক্ত কোন বসতিতে লইয়া যায় যে বন্দর বা স্থানে ঐ মজুরেরা জাহাজে আরোহণ করে সেই বন্দর বা স্থানহইতে ঐ জাহাজ রুক্ত হওনের সময়ে জাহাজীয় ব্যক্তিরদের আহারের অতিরিক্ত চড়নদারেরদের ব্যবহার ও ব্যয়ের কারণ নীচের লিখিত নিরিখঅনুসারে উত্তম এবং স্বাস্থ্যজনক আহারীয় দ্রব্য ঐ জাহাজে দিতে হইবেক অর্থাৎ ঐ জাহাজের সমুদ্রপথে থাকনের আন্দাজী সময় হিসাব করিয়া ঐ জাহাজের প্রত্যেক চড়নদারের নিমিত্তে প্রত্যেক সপ্তাহে পাঁচ২ গ্যালন অর্থাৎ কুড়ি সের করিয়া জল এবং ঐ জল জলাশয়েতে অথবা উত্তম পীপাতে রাখিতে হইবেক এবং আন্দাজী সমুদ্রপথে থাকনের প্রত্যেক সপ্তাহের হিসাবে প্রত্যেক চড়নদারের নিমিত্তে সাত পৌণ্ড অর্থাৎ সাড়ে তিন সেরের হিসাবে চাউল কি রুটি অথবা বিস্কুট কি গোম কিম্বা ওটমিল অথবা অন্য আহারীয় দ্রব্য জাহাজে লইতে হইবেক। কিন্তু যদি ঐ জাহাজের পথিমধ্যে কোন বন্দর বা স্থানে আপনার জলের পীপা পূর্ণ করিবার নিমিত্তে লাগান করিবার কল্প হয় তবে ঐ বন্দর বা স্থানে গমন করিতে আন্দাজী যত কাল লাগে তাহার প্রত্যেক সপ্তাহের নিমিত্তে উপরের উক্ত নিরিখঅনুসারে জল লইলে এই বিধানের অভিপ্রায় সিদ্ধ হইল জান করিতে হইবেক। এবং যদ্যপি এইমত দর্শান যায় যে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের বিশেষ অনুমতিক্রমে উপরের

be deemed to have been complied with in any case when it shall be made to appear that, by the special authority of the Governor General of India in Council, any other articles of food were substituted for the articles above enumerated, as being, in his judgment, equivalent thereto.

[Survey of ship.]

7. Before any such ship or vessel shall be cleared out on any such voyage, the Emigration Agent appointed for the port or place from which such ship or vessel shall be cleared out shall survey, or cause to be surveyed by some competent person, the provisions and water hereinbefore required to be on board for the consumption of passengers, and shall ascertain that the same are in good and sweet condition, and also that, over and above the same, there is on board an ample supply of water and stores for the victualling of the crew of the ship or vessel, and shall also ascertain that such ship or vessel is generally reputed seaworthy, and that the directions hereinbefore contained for ensuring the health and safety of the passengers have been complied with, and shall grant a certificate thereof, under his hand, to the Master of such ship or vessel.

[Master to furnish provisions.]

8. The Master of every ship or vessel conveying Emigrants to Saint Lucia or Grenada shall be bound to provide for and furnish to every such Emigrant, and his wife and children, a sufficient quantity of good and wholesome provisions for his, her, and their daily maintenance during such voyage, and during the space of forty-eight hours next after the arrival of such ship or vessel at the place of destination.

[Copies of rules.]

9. Two copies of these Regulations, and two copies of a translation thereof in the Bengalee language, or such other language as the Government may direct, authenticated by the signature of the Emigration Agent at the port or place at which such Emigrants shall embark, shall be delivered to the Master by such Agent, at the time of clearance, and shall be kept on board of every ship or vessel carrying such Emigrants as aforesaid, during the whole voyage, and one of such copies or translations shall, upon request made at reasonable times to the Master of the ship or vessel, be produced to any passenger for his perusal.

[List of Emigrants.]

10. The Master of every ship or vessel carrying Emigrants from India to either of the Colonies aforesaid shall, before clearing out such ship or vessel, deliver to such Emigration Agent, at the port or place from which such vessel is cleared out, a list in writing, together with a duplicate of the same, specifying, as accurately as may be, the names, ages, and occupations of all and every the Emigrants on board such ship or vessel, and such Agent shall thereupon deliver to the said Master the counterpart of such list signed by such Agent;

উক্ত আহারীয় দ্রব্যের পরিবর্ত্তে সেই২ পরিমাণের অন্য কোন প্রকার আহারীয় দ্রব্য নিরূপণ হয় তবে আহারীয় দ্রব্যের বিষয়ে উক্ত বিধানে যে হুকুম আছে তাহার অভিপ্রায় সিদ্ধ হইল বোধ করিতে হইবেক ইতি।

[জাহাজের তদারক।]

৭। এইরূপে কোন জাহাজ রওনের পূর্ব্বে যে বন্দর বা স্থানহইতে ঐ জাহাজ এইরূপে রওনা হয় সেই বন্দর বা স্থানে দেশান্তর গমনের কার্য্যের যে এজেণ্ট সাহেব নিযুক্ত হন্ তাঁহার উচিত যে ঐ জাহাজের চড়নদারের নিমিত্তে পূর্ব্বোক্ত দফায় যে আহারীয় দ্রব্য এবং জল জাহাজে লইতে হুকুম আছে সেই দ্রব্য ও জলের তদারক আপনি করেন অথবা কোন উপযুক্ত ব্যক্তির দ্বারা তদারক করান এবং ঐ দ্রব্য যে উত্তম ও স্বাস্থ্যজনক ইহা নিশ্চয় অবগত হন এবং চড়নদারেরদের ঐ দ্রব্যাদির অতিরিক্ত জাহাজীয় লোকেরদের নিমিত্তে যথোচিত জল ও আহারীয় দ্রব্য আছে এবং ঐ জাহাজ সামান্যতঃ সমুদ্রপথে যাইবার যোগ্য এবং চড়নদারেরদের স্বাস্থ্য ও নির্বিঘ্নে থাকনের বিষয়ে পূর্ব্বোক্ত বিধানে যে সকল নিয়ম আছে তাহার মতাচরণ হইয়াছে কি না ইহা নিশ্চয় করিয়া জানেন এবং তদ্বিষয়ে আপনার দস্তখৎ করা এক সর্টিফিকট ঐ জাহাজের অধ্যক্ষকে দেন ইতি।

[জাহাজের অধ্যক্ষ আহারীয় দ্রব্য দিবেন।]

৮। যে সকল জাহাজ এইরূপে দেশান্তর গমনকারি ব্যক্তিরদিগকে সেণ্টলুসিয়াতে কিম্বা গ্রেনেডাতে লইয়া যায় তাহার অধ্যক্ষের প্রতি হুকুম হইল যে যাত্রাকালে এবং লক্ষিত স্থানে জাহাজ পঁহুছিলে পর ৪৮ ঘণ্টাপর্য্যন্ত গমনকারি প্রত্যেক ব্যক্তি ও তাহার স্ত্রী ও সন্তানকে দৈনিক আহারের নিমিত্ত উত্তম ও স্বাস্থ্যজনক ভক্ষ্য দ্রব্য প্রচুরমতে যোগাইয়া দেন্ ইতি।

[বিধানের নকল]

৯। যে বন্দর বা স্থানে এরূপ দেশান্তর গমনকারি ব্যক্তিরা জাহাজে চড়ে সেই স্থানের দেশান্তর গমনের কার্য্যের এজেণ্ট সাহেব এই বিধানের দুই খান নকলে ও তাহার বাঙ্গলা ভাষার কিম্বা গবর্ণমেণ্ট অন্য যে কোন ভাষা আজ্ঞা করেন তাহার তরজমার দুই কেতায় দস্তখৎ করিয়া জাহাজ রওনের সময়ে তাঁহার অধ্যক্ষকে দিবেন, এবং ঐ দুই নকল দেশান্তর গমনকারি ব্যক্তিরা যে জাহাজে গমন করে সেই জাহাজের গমন করিবার সম্পূর্ণ কাল ঐ জাহাজে থাকিবেক, এবং ঐ জাহাজের কোন এক জন চড়নদার উপযুক্ত সময়ে ঐ জাহাজের অধ্যক্ষের স্থানে ঐ বিধির একখান নকল কি তরজমা পাঠ করিবার নিমিত্তে চাহিলে তিনি তাহা তাহাকে দিবেন ইতি।

[মজুরেরদের ফর্দ্দ।]

১০। যে প্রত্যেক জাহাজ ভারতবর্ষহইতে দেশান্তর গমনকারি ব্যক্তিরদিগকে পূর্ব্বোক্ত কোন বসতিতে লইয়া যায় তাহার অধ্যক্ষের উচিত যে ঐ জাহাজ রওনের পূর্ব্বে যে বন্দর বা স্থানহইতে রওনা হয় সেই বন্দর বা স্থানের দেশান্তরগমনের কার্য্যের এজেণ্ট সাহেবকে ঐ জাহাজের উপর প্রত্যেক দেশান্তর গমনকারি ব্যক্তির নাম ও বয়স্ ও ব্যবসায়ের দুইখান ফর্দ্দ যথাসাধ্য ঠিক করিয়া লিখিয়া দেন। এবং ঐ এজেণ্ট সাহেবের উচিত যে তাহার এক ফর্দ্দে আপনি দস্তখৎ করিয়া তাহা ঐ জাহাজের অধ্যক্ষকে দেন। এবং ঐ জাহাজ লক্ষিত স্থানে পঁহুছিল এবং ঐ জাহাজহইতে কোন দেশান্তর

and the said Master shall, on the arrival of such ship or vessel at the place of destination, and previous to the disembarkation of any such Emigrants, give notice of the arrival of such ship or vessel, and deliver the said counterpart of such list to the Protector of Emigrants appointed, or to be appointed, at the Colony at which the said ship or vessel may have arrived.

[Rules not applicable to ships of war.]

11. Provided always that nothing in these Regulations contained shall apply to any ship or vessel in the service of the Lords Commissioners of the Admiralty, or to any of Her Majesty's Ships of War.

W. Morgan,
Clerk of the Council.

EDUCATION NOTICE.

An examination of candidates for admission to the English Class of the Medical College, will be held during the second week in June next.

2nd. No candidate can be admitted under the age of 16 years.

3rd. Every applicant for admission must bring a letter of recommendation from some respectable person, certifying that he is of good character, and worthy of admission to the privilege of studying in the Medical College.

4th. The candidates must present themselves before the Secretary to the College, at least three days prior to the date of examination, with a view to their being identified as the persons really desiring admission.

5th. The candidates will be expected to pass an examination according to the Junior English Scholarship standard.

6th. The course of instruction given in the Bengal Medical College is recognized by the University of London, the Royal College of Surgeons of England, and the Worshipful Society of Apothecaries of London, the Degree, Diploma, and License of which bodies, respectively, can be obtained by any pupil who has studied in Calcutta, provided he passes through the particular course and extent of study required by each, of which every particular may be ascertained on personal application to the Secretary, Medical College.

W. Gordon Young,
Director of Public Instruction.

NOTICE.

An examination of candidates for admission into the Bengali Class of the Medical College will be held at the Sanscrit College, on Friday, the 8th Proximo, at 10 o'clock A. M.

The test of qualification will be the same as was laid down in 1852, on the establishment of the Class, viz. "a competent knowledge of the Bengali

গমনকারি ব্যক্তির নামিবার পূর্ব্বে ঐ জাহাজাধ্যক্ষ ঐ জাহাজের পঁহুছনের সংবাদ এবং ঐ এজেণ্ট সাহেবের দস্তখৎকরা পূর্ব্বোক্ত ফর্দ্দ ঐ জাহাজ যে বসতিতে পঁহুছে সেই বসতিতে আগত বিদেশীয়েরদের যে রক্ষক সাহেব নিযুক্ত হন কি হইবেন তাঁহাকে দিবেন।

[এই সকল বিধি যুদ্ধ জাহাজে খাটে না।]

১১। কিন্তু আদমিরালটির শ্রীযুক্ত লার্ড কমিস্যনর সাহেবেরদের অধীন নিযুক্ত কোন জাহাজ অথবা শ্রীশ্রীমতী মহারাণীর কোন যুদ্ধ জাহাজের বিষয়ে এই বিধানের কোন কথা খাটিবেক না ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

John Robinson, *Bengalee Translator.*

বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

যাঁহারা মেডিকাল কালেজের ইঙ্গরেজী সম্প্রদায়ে ভুক্ত হওনের আকাঙ্ক্ষা করেন তাঁহারদের পরীক্ষা আগামি জুন মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে হইবেক।

২। ষোল বৎসরের ন্যূনবয়স্ক কোন ব্যক্তি গ্রাহ্য হইতে পারিবেন না।

৩। ঐ সম্প্রদায়ভুক্ত হওনাকাঙ্ক্ষি প্রত্যেক জনের সদাচারিতা ও মেডিকাল কালেজে শিক্ষা করণের উপযুক্ততা প্রকাশক অনুরোধপত্র সম্ভ্রান্ত কোন ব্যক্তির স্থানে আনিতে হইবেক।

৪। ঐ সম্প্রদায়ভুক্ত হওনাকাঙ্ক্ষিরদিগকে নিশ্চয়রূপে চিনিবার নিমিত্তে, পরীক্ষার তারিখের অতিন্যূন তিন দিন পূর্ব্বে কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে তাঁহারদের উপস্থিত হইতে হইবেক।

৫। ইঙ্গরেজীর দ্বিতীয় শ্রেণীর বৃত্তিভোগিরদের যে২ বিষয়ের জ্ঞান প্রাপণের আবশ্যক সেই২ বিষয়ের পরীক্ষা ঐ সম্প্রদায়ভুক্ত হওনাকাঙ্ক্ষিরদের দিতে হইবেক।

৬। বাঙ্গলা দেশের মেডিকাল কালেজে যে ধারামতে বিদ্যা শিক্ষা হয় তাহা লণ্ডন নগরের ইউনিবর্সিটি ও ইঙ্গলণ্ডের চিকিৎসকেরদের রাজকীয় কালেজ ও লণ্ডন নগরের আপথিকেরিরদের অতি সম্ভ্রান্ত সোসাইটি স্বীকার করিয়াছেন এবং কলিকাতায় যে কোন ছাত্র শিক্ষা করেন তিনি ইঙ্গলণ্ডের পূর্ব্বোক্ত প্রত্যেক বিদ্যালয়ের নিরূপিত ধারামতে ও তাঁহারদের নির্দ্দিষ্ট বিদ্যা শিক্ষা করিলে ঐ২ বিদ্যালয়হইতে উপাধি ও যোগ্যতার পত্র ও চিকিৎসা করিবার অনুমতিপত্র পাইতে পারেন। ঐ২ বিদ্যালয়ের নিরূপিত ধারা ও বিদ্যা যে কেহ অবগত হইতে চাহেন তিনি আপনি মেডিকাল কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে উপস্থিত হইয়া প্রার্থনা করিলে অবগত হইতে পারিবেন।

ডবলিউ গর্ডন ইয়ং।
সাধারণের বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর।

বিজ্ঞাপন।

যাঁহারা মেডিকাল কালেজের বাঙ্গলা সম্প্রদায়ভুক্ত হইবার আকাঙ্ক্ষা রাখেন তাঁহারদের পরীক্ষা আগামি মাসের ৮ তারিখ শুক্রবারে বেলা ১০ ঘণ্টা সময়ে সংস্কৃত কালেজে হইবেক।

১৮৫২ সালে ঐ সম্প্রদায় যে সময়ে স্থাপিত হইয়াছিল সেই সময়ে সেই সম্প্রদায়ভুক্ত হওনের জন্যে যেপর্য্যন্ত জ্ঞানের প্রয়োজন নিরূপণ ছিল সেইপর্য্যন্ত জ্ঞান থা-

Language so as to read and write it with facility."

The candidates must present themselves before the Secretary to the College at least three days prior to the date of examination, with a view to their being identified as the persons really desiring admission.

W. Gordon Young,
Director of Public Instruction.

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 21st May, 1855.

Syed Abdoollah, Moonsiff of Dhurmpore, Zillah Jessore, for one month.

Moulvie Abdool Rouf, Moonsiff of Raojan, Zillah Chittagong, for one week.

C. T. Buckland, *Register.*

রাজকর্ম্মে নিয়োগ।

৯০১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ১৮ মে।

নীচের লিখিত মহাশয়েরা হুগলীতে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত সি এস বেলাই সাহেব (Mr. C. S. Belli.)
„ জে আর ওয়ার্ড সাহেব (Mr. J. R. Ward.)
„ মৌলবী আবদুল লতীফ।

১৮৫৫ সাল ১৯ মে।

শ্রীযুত ডবলিউ ডাম্পিয়র সাহেব (Mr. W. Dampier,) বোর্ড রেবিনিউর মেম্বর হইবেন।

শ্রীযুত এচ ষ্টেনফোর্থ সাহেব (Mr. H. Stainforth,) পাটনা এলাকার রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনর হইবেন কিন্তু যেপর্য্যন্ত শ্রীযুত এ স্কন্স সাহেব (Mr. A. Sconce,) তাঁহার বর্দ্ধমান কর্ম্ম গ্রহণ না করেন সেইপর্য্যন্ত চাটিগাঁ এলাকার কমিস্যনরের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত ডবলিউ এচ এলিয়ট সাহেব (Mr. W. H. Elliott,) চাটিগাঁ এলাকার রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত বর্দ্ধমান এলাকার কমিস্যনরের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব (Mr. G. F. Cockburn,) কলিকাতার প্রধান মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত ডবলিউ এচ ব্রডহর্ষ্ট সাহেব (Mr. W. H. Brodhurst,) মেদিনীপুরের কালেক্টর হইবেন।

শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেব (Mr. J. S. Spankie,) বাঁকুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত এচ সি রিচার্ডসন সাহেব (Mr. H. C. Richardson,) পূর্ব্ব বর্দ্ধমানের মাজিষ্ট্রেট হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত ভাগলপুরের মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ২৯ মে।]

কিলে ঐ সম্প্রদায়ভুক্ত হইতে পারা যায়। অর্থাৎ "বাঙ্গলা ভাষা যাহাতে অনায়াসে লিখন পঠন হইতে পারে ঐ ভাষার এমন উপযুক্ত জ্ঞান"।

যাঁহারা ঐ সম্প্রদায়ভুক্ত হইতে চাহেন তাঁহারদিগকে নিশ্চয়রূপে চিনিবার নিমিত্তে পরীক্ষার তারিখের অন্যূন তিন দিন পূর্ব্বে কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে তাঁহারদের উপস্থিত হইতে হইবেক।

ডবলিউ গর্ডন ইয়ং।
সাধারণের বিদ্যাধ্যাপনের ডৈরেক্টর।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৫ সাল ২১ মে।

জিলা যশোহরের ধর্ম্মপুরের মুনসেফ শ্রীযুত সৈয়দ আবদুল্লা এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা চাটিগাঁয়ের রাউজানের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল রৌফ এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

শ্রীযুত এচ বি লাফর্ড সাহেব (Mr. H. B. Lawford,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত ডবলিউ টেলর সাহেব (Mr. W. Tayler,) সরকারী কর্ম্মেতে অন্য স্থানে প্রেরিত হওয়াতে তাঁহার অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত আর জে লফনান সাহেব (Mr. R. J. Loughnan,) শাহাবাদের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৫ সাল ২১ মে।

শ্রীযুত ই ড্রমণ্ড সাহেব (Mr. E. Drummond,) শাহাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত মৌলবী ওয়াজউল্লা রাজশাহীর ফতওয়াদায়ক হইবেন।

শ্রীযুত এচ ওটস সাহেব (Mr. H. Oatts,) যশোহরের গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫৫ সাল ২১ মে।

কটকের ও সম্বলপুরের থান্তার সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট বি ওয়াইল্ড সাহেব (Lieutenant B. Wyld,) এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৫ সাল ২১মে।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ডবলিউ আর বেষ্ট সাহেব (Mr. W. R. Best,) বর্ত্তমান মাসের ৫ তারিখে "টুডর" নামক জাহাজে ভারতবর্ষহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৬৫৫ নম্বর।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
১৮৫৫ সাল ১৯ মে।

বিজ্ঞাপন।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের

নীচের লিখিত বিজ্ঞাপন সকল লোককে জানাইবার নিমিত্তে পুনরায় প্রকাশ হইতেছে।

১৮৫৫ সাল ১৭ মে।

শ্রীশ্রীমতী বিক্টোরিয়া মহারাণীর ১৬ ও ১৭ বৎসরের ৯৫ অধ্যায়ের ২২ ধারার বিধানমতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ই করি সাহেবকে (Mr. E. Currie,) বর্ত্তমান মাসের ১৯ তারিখঅবধি ব্যবস্থাপক কৌন্সেলের মেম্বরী পদে নিযুক্ত করিয়াছেন।

হজুর কৌন্সেলে শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ব্যবস্থাপক কৌন্সেল।
১৮৫৫ সাল ১৯ মে।

বিজ্ঞাপন।

শ্রীযুত আন্দ্রু জান মাফট মিল্‌স সাহেব (Andrew John Moffatt Mills, Esq.,) ভারতবর্ষের কৌন্সেলের ব্যবস্থাপক কৌন্সেলরী কর্ম্মে ইস্তাফা দেওয়াতে ও বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল লেপ্টেনেণ্ট গবরনর সাহেব শ্রীযুত এড্বার্ড করি সাহেবকে (Edward Currie, Esq.,) ঐ রাজধানীতে উক্ত কৌন্সেলের ব্যবস্থাপক কৌন্সেলরস্বরূপ নিযুক্ত করাতে উক্ত শ্রীযুত এড্বার্ড করি সাহেব অদ্য শপথ করণপূর্ব্বক কৌন্সেলে স্বীয় আসন গ্রহণ করেন।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা শ্রীহট্ট।

ইহার দ্বারায় সৎবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে শ্রীহট্ট জিলার নীচের লিখিত মহালসকল ১৮৫৫ ইংরেজীর ১৮ এপরিল তারিখপর্য্যন্তের বাকী রাজস্ব আদায়নিমিত্তক ১৮৫৫ ইংরেজীর ১১ জুন মোং ১২৬২ বাঙ্গালার ২৯ জ্যৈষ্ঠ রোজ সোমবার উক্ত জেলার কালেক্টর সাহেবের কাছারিতে প্রকাশ্যরূপে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৫৫ ইং মাহে ১৪ মেই।

প্রথম শ্রেণী চিরস্থায়ি বন্দোবস্তী মহাল।

মৎ দসসনা
পৎ খীত্তা
১৩ নৎ তাৎ ছরদার খা রেজষ্টরিহওয়া মালিক জানুরাম দাস সদর জমা ৮।/১
পৎ ঐ
২১ নৎ তাৎ বাণীরাম রেজষ্টরিহওয়া মালিক মাৎ হাজির সদর জমা ৯৶০
পৎ ঐ
২২ নৎ তাৎ বাণীপত্তুরা রেজষ্টরিহওয়া মালিক ইদন বিবি সদর জমা ৩৩৷৷৶৪
পৎ ঢাকা দক্ষিণ
৬৫ নৎ তাৎ হরিনাথ দত্ত রেজষ্টরিহওয়া মালিক রামসুন্দর দত্ত গএরহ সদর জমা ১৪৷৮
পৎ ঐ
৭১ নৎ তাৎ দুর্জ্জভরামদেব রেজষ্টরিহওয়া মালিক ভবানীপ্রসাদ দত্ত সদর জমা ৫০৷৶৯
পৎ ঐ
৭২ নৎ তাৎ যদু চক্রবর্ত্তী রেজষ্টরিহওয়া মালিক শ্যামানন্দ শর্ম্মা সদর জমা ২৭৷৷৪
পৎ ঐ
৩৭০ নৎ তাৎ হিদয়রাম রেজষ্টরিহওয়া মালিক হিদয়রাম সদর জমা ৯৷৷/৭
পৎ ফরুকাবাদ
২৪৭ নৎ তাৎ হাজিমবারক রেজষ্টরিহওয়া মালিক হামীদ আলী সদর জমা ৮।/১
পৎ ঐ
২৪৮ নৎ তাৎ সাকির মাহামুদ রেজষ্টরিহওয়া মালিক দিদার মাহামুদ সদর জমা ৮৷৷৶১১
পৎ বেঙ্গা
১৩৪ নৎ তাৎ মাছিম খা রেজষ্টরিহওয়া মালিক শ্যামসুন্দর দাস সদর জমা ৩০৷৷৶৬
পৎ ঐ
২৮০ নৎ তাৎ অমৃতরাম রেজষ্টরিহওয়া মালিক অমৃতরাম সদর জমা ৩০৷৷৶৬
পৎ ঐ
৩২২ নৎ তাৎ বিনোদরাম রেজষ্টরিহওয়া মালিক হাফিজ মাহামুদ গএরহ সদর জমা ৩৫।৶৭
মৎ বাজেইআপ্তী
পৎ ঢাকা দক্ষিণ
২৭২৯ নৎ ৩ নৎ ব্রহ্মোত্তর জগদীশ চক্রবর্ত্তী
১ নৎ কাশীশ্বর শর্ম্মা রেজষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ১।৪
পৎ ঐ
৩৪৬৬ নৎ ২ নৎ ব্রৎ রাধাকৃষ্ণ চক্রবর্ত্তী
২ নৎ কাশীশ্বর শর্ম্মা রেজষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ১।৶৮
পৎ ঐ
২৬৯৮ নৎ ১৩ নৎ ব্রহ্মোত্তরদিগর জগন্নাথ চক্রবর্ত্তী
৪ নৎ কাশীশ্বর শর্ম্মা রেজষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ।৷০
পৎ পঞ্চখণ্ডকালা
১৬ নৎ তাৎ রঘুরাম পাল রেজষ্টরিহওয়া মালিক সদানন্দ গএরহ সদর জমা ২৪৲

পং নজনা
৬৯২ নং তাং শ্যামসুন্দর রেজষ্টরিহওয়া মালিক হুলাসরাম দেব গএরহ সদর জমা ১৬ ।৵১০
পং বরমচাল
২ নং তাং কান্তগোবিন্দ রায় ছিং গোবিন্দ রায় রেজষ্টরিহওয়া মালিক নিজ গএরহ সদর জমা ১২০৸/৭
পং রাজুশীং চাপড়
৩ নং তাং মাং আনছর রেজষ্টরিহওয়া মালিক বিনোদরাম গএরহ সদর জমা ৪৩/৬
পং কৌড়িয়া
৬ নং তাং রাজকৃষ্ণ রেজষ্টরিহওয়া মালিক আদিন মাহামুদ সদর জমা ১৯৬৸৬
পং ঐ
৩৯ নং তাং বিনোদরাম.গোপাল রেজষ্টরিহওয়া মালিক বিষ্ণুরাম গএরহ সদর জমা ১৪৬৸১১
পং ঐ
৭৯ নং তাং মনোহরপুর রেজষ্টরিহওয়া মালিক আবদুল আলি সদর জমা ১৪৷৷১
পং ঐ
১০৩ নং তাং সোণারাম রেজষ্টরিহওয়া মালিক চুবাইদেব গএরহ সদর জমা ৯৸০
পং ঐ
১০৪ নং তাং জমসেরপুর রেজষ্টরিহওয়া মালিক গোপীচরণ দাস গএরহ সদর জমা ১৫ ।৵৯
পং ঐ
২৪৭ নং তাং সদানন্দ রেজষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ৯৷৷/৭
পং ঐ
৩০৮ নং তাং জয়নারায়ণ রেজষ্টরিহওয়া মালিক দুর্লভ রায় গএরহ সদর জমা ২৩৮৷৷৵৬
পং ঐ
৩১২ নং তাং দুর্গাচরণ রেজষ্টরিহওয়া মালিক কৃষ্ণপ্রসাদ গএরহ সদর জমা ১৬৫/১১
পং ঐ
৩১৬ নং তাং কৃষ্ণমোহন রেজষ্টরিহওয়া মালিক রামমোহন গএরহ সদর জমা ৪৪ ।৵
পং ঐ
৩৩২ নং তাং মাং হাজি রেজষ্টরিহওয়া মালিক গৌরহরি আদিত্য সদর জমা ১১৬ ।৩
পং ঐ
৩৩৬ নং তাং মামা রামধর রেজষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ৯৷৷/৭
পং ঐ
৩৫১ নং তাং বিনোদরাম রেজষ্টরিহওয়া মালিক বিজয়রাম গএরহ সদর জমা ১৬৷৷৵৩
পং হাওলী শোনাইতা
৩ নং তাং সিদ্ধরাম রায় রেজষ্টরিহওয়া মালিক দাইম খা সদর জমা ২৩৷৷৵১১
পং ঐ
১২৮ নং তাং জানুরাম রেজষ্টরিহওয়া মালিক ব্রজগোবিন্দধর সদর জমা ১৯ ।৵৭
পং ইছাকলশ
২৪ নং তাং গঙ্গাদুর্গা রেজষ্টরিহওয়া মালিক প্রাণকৃষ্ণ সদর জমা ১১৷৷৵৯
পং হাওলী সিঙ্গচাপড়
৪ নং তাং বৈদ্যনাথ প্রতাপ রেজষ্টরিহওয়া মালিক হরিমঙ্গল গএরহ সদর জমা ২৮৵৭
পং মুক্তাব বালিয়াচুঙ্গ
৪ নং তাং আছনুরজা জমিদার রেজষ্টরিহওয়া মালিক কৃষ্ণচরণ দাস সদর জমা ৭৪২৵০
পং কিসমত আওয়াজান
১২৬ নং তাং মাং হাশীম রেজষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ১৩৷৷৵৫
পং আগনা
মং হানাবাদি
১ নং তাং রাজকৃষ্ণ শর্ম্মা ও গণেশ্বর শর্ম্মা ও রাজগোবিন্দ দেব রেজষ্টরিহওয়া মালিক কাশীনাথ দত্ত গএরহ সদর জমা ৮৬৵৪
পং কৌড়িয়া
মং বাজেআপ্তি
২৮৭৫ নং দেবউত্তর বংশীবদন ও কালীচরণ
১ নং দুর্গাপ্রসাদ দেব রেজষ্টরিহওয়া মালিক দুর্গাপ্রসাদ দেব সদর জমা ৩ ৷২
পং ঐ
২৯২৯ নং ৪৫ নং ব্রহ্মউত্তর মুক্তারাম ভট্ট
৪ নং গোপীনাথ ভট্ট রেজষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ৩ ।৵৬
৫ নং বেণুরাম চঙ্গ রেজষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ৸২
৬ নং চিন্তারাম চঙ্গ রেজষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ২ ।৵৬
পং জলশুকা
৪১ নং তাং জয়রাম রেজষ্টরিহওয়া মালিক পাণ্ডবরাম দেব সদর জমা ৬৸/৩
পং হাওলী সএসতি
১ নং তাং জয়দেব রাম রেজষ্টরিহওয়া মালিক রামচন্দ্র গুপ্ত সদর জমা ৪৬৷৷৵৬
পং ঐ
৬ নং তাং রামগোপাল রায় রেজষ্টরিহওয়া মালিক বিনোদরাম চৌধুরী সদর জমা ৮২৵২

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৫৫ । ২৯ মে ।]

পং হাওলী সএসতি
৮ নং তাং সমপদরাম রেজষ্টরিহওয়া মালিক রাজকৃষ্ণ রায় সদর জমা ৪০ ।/১
পং ঐ
১১ নং তাং রাধামাধব রায় রেজষ্টরিহওয়া মালিক দেবীপ্রসাদ রায় সদর জমা ১৮৷৷/০
পং ঐ
২৩ নং তাং চান্দরাম দত্ত রেজষ্টরিহওয়া মালিক রামচন্দ্র দত্ত সদর জমা ২৮৷৷/৫
পং ঐ
৩৯০ নং তাং আবদুল নতিব রেজষ্টরিহওয়া মালিক মাং রুজা সদর জমা ৪৫৷৷/৫
পং দুলালী
১ নং তাং রাজেন্দ্র দাস রেজষ্টরিহওয়া মালিক রাজকিশোর দেব সদর জমা ৯০ ।/৩
পং ঐ
৫ নং তাং জয়দেব রায় রেজষ্টরিহওয়া মালিক গোকুলানন্দ রায় গএরহ সদর জমা ২৮৸১০
পং ঐ
৬ নং তাং হরিদেব রায় রেজষ্টরিহওয়া মালিক অপূর্ব্বাদাসী গএরহ সদর জমা ৫৮৸১
পং ঐ
৭ নং তাং মুকুটরাম রেজষ্টরিহওয়া মালিক হরগোবিন্দ রায় গএরহ সদর জমা ৮৫৸২
পং ঐ
৮ নং তাং শুকদেব রায় রেজষ্টরিহওয়া মালিক অনুপ রায় গএরহ সদর জমা ৬২৷৷৯
পং ঐ
২০ নং তাং গঙ্গাহরি রেজষ্টরিহওয়া মালিক রামপ্রসাদ দাস বৈষ্ণব সদর জমা ১৮১ ।/৪
পং হরিনগর
১ নং তাং বিশ্বনাথ রায় রেজষ্টরিহওয়া মালিক গোপীনাথ রায় গএরহ সদর জমা ৬৪৸৮
পং ঐ
৩ নং তাং বিজয়রাম রেজষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ৭ ।/৬
পং ঐ
৪ নং তাং শিবরাম রেজষ্টরিহওয়া মালিক শামরাম গুপ্ত গএরহ সদর জমা ৩১৸৭
পং ঐ
২৩ নং তাং গোবিন্দ রায় রেজষ্টরিহওয়া মালিক অপূর্ব্বাদাসী গএরহ সদর জমা ৯৷৷/৭
পং অরঙ্গপুর
৮০ নং তাং তোতারাম রেজষ্টরিহওয়া মালিক শামাপ্রসাদ সদর জমা ৭৮
পং বোওয়ালজুড়
৪ নং তাং রূপরায় হিস্যা মুকুটরাম রেজষ্টরিহওয়া মালিক বলরাম ঘোষ সদর জমা ১১৩৷৷/৪
পং মুক্তারপুর
১১ নং তাং রামকান্ত নন্দী ও মাং মুনাইম ও মাং নকি ও মাং তকি ও মাং আলী রেজষ্টরিহওয়া মালিক আমদরজা সদর জমা ২৬৸১
পং কজাকাবাদ
১৫১ নং তাং মাং ছমি রেজষ্টরিহওয়া মালিক আনওর মাং সদর জমা ২০৷৷৸১
পং ইটা
২২৫ নং তাং জুবওয়াব গীব রেজষ্টরিহওয়া মালিক রামচন্দ্র দত্ত সদর জমা ১১৸২
পং আলীনগর
৬৩ নং তাং মধুসূদন রেজষ্টরিহওয়া মালিক রামচন্দ্র দত্ত সদর জমা ৫৫ ।/৫
পং ইন্দেশ্বর
২৮ নং তাং রাঘবরাম রেজষ্টরিহওয়া মালিক নীলকৃষ্ণ দেব সদর জমা ২০ ৷৷০
পং ইটা মৌবাপুর
৫ নং তাং রাজচন্দ্র রায় রেজষ্টরিহওয়া মালিক রাজকৃষ্ণ শর্ম্মা সদর জমা ৸৫
পং চৌওয়ালিশ
২৩ নং তাং জীবনরাম রেজষ্টরিহওয়া মালিক জয়গোপাল গুপ্ত গএরহ সদর জমা ৬৪ ।৸১০
পং ঐ
৫২ নং তাং লক্ষ্মীজনার্দ্দন রেজষ্টরিহওয়া মালিক হরকৃষ্ণ নাগ গএরহ সদর জমা ৪৫৸১০
পং চৌতলী
১ নং তাং অব্রজ মাং রেজষ্টরিহওয়া মালিক মাং নুর গএরহ সদর জমা ৫০৸৪
পং ঐ
৩ নং তাং মাং রহিম রেজষ্টরিহওয়া মালিক তোতারাম সোম সদর জমা ৪৩ ।১১
পং ঐ
৪ নং তাং মাং বাগল রেজষ্টরিহওয়া মালিক মাং মোছা সদর জমা ৫৩৷৷৯
পং ঐ
৯ নং তাং কার্ত্তিকরাম রেজষ্টরিহওয় মালিক রসুল বক্স সদর জমা ১৫৸৪
পং ঐ
১০ নং তাং গমাশ নগর রেজষ্টরিহওয়া মালিক সরূপচন্দ্র সোম সদর জমা ৫২ ৷৷০
পং কিং সাতগাও
৪ নং তাং সাহেবরাম রেজষ্টরিহওয়া মালিক নীলকণ্ঠ চৌধুরী সদর জমা ২৭ ।১১

মৎ রাজেআপ্তি
পৎ বালীশিরা
২৬২৮ নৎ ৩৭ নৎ ব্রহ্মোত্তর দুর্গাচরণ
১ নৎ রাজচন্দ্র দত্ত রেজষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ৭/৯
পৎ বেজুড়া
২৩২ নৎ তাৎ রতন দাস রেজষ্টরিহওয়া মালিক বিষ্ণুরাম গএরহ সদর জমা ১৭ ১৬
পৎ ঐ
৩৭৩ নৎ তাৎ দিৎ মাৎ আমি রেজষ্টরিহওয়া মালিক গুরুপ্রসাদ দেব সদর জমা ২৵৯
পৎ ঐ
৪০০ নৎ তাৎ বাঞ্ছারাম রেজষ্টরিহওয়া মালিক গুরুপ্রসাদ দেব সদর জমা ৭৸৵৪
পৎ ঐ
৫১৬ নৎ তাৎ চক পল্টা গোকুল রেজষ্টরিহওয়া মালিক উচ্ছবরাম গএরহ সদর জমা ৫॥৯
পৎ তরফ
৮ নৎ তাৎ আতাউল্লা রেজষ্টরিহওয়া মালিক সৈদ নইমউল্লা সদর জমা ৯০৸১০
পৎ ঐ
৫৭৫ নৎ তাৎ গোলামী রেজষ্টরিহওয়া মালিক বরাল পরগনা সদর জমা ৫৶২
পৎ ঐ
৫৭৯ নৎ তাৎ তকি রেজান হামিদ রেজষ্টরিহওয়া মালিক জয়গোবিন্দ রায় সদর জমা ৩২ ৷৵৫
পৎ ঐ
৭৪৮ নৎ তাৎ বিষ্ণুনছি হিৎ নছিরাম রেজষ্টরিহওয়া মালিক শ্রীকৃষ্ণ সেন গএরহ সদর জমা ৩৫ ১৩
পৎ ঐ
১০৫০ নৎ তাৎ সৈদ মাৎ নাতিব হিৎ সৈদ আজিমউল্লা ও সৈদ নইমউল্লা রেজষ্টরিরওয়া মালিক ধর্ম্মনারায়ণ পাল সদর জমা ৪৯॥৬
ঐ নৎ হিৎ হবেব খুরশেদ কবজদ আলী রেজষ্টরিহওয়া মালিক খুরশেদ আলী সদর জমা ৪৬৸৵১০
পৎ ঐ
১১২০ নৎ তাৎ শুভারাম বেপারী রেজষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ২০॥/৭
পৎ ঐ
১১২১ নৎ জৎ হরিরাম বেপারী রেজষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ৪৯ ॥৬
পৎ কএজাবাদ
১ নৎ তাৎ মাৎ সাকিব গোলাম আছগর রেজষ্টরিহওয়া মালিক গোলাম মহদিগৎ সদর জমা ২৯ ১৩
পৎ গদা হাবলিনয়
২৩ নৎ তাৎ রাঘবকৃষ্ণ রাম রাধাত্রিলোক রেজষ্টরিহওয়া মালিক বাদউল্লা গৎ সদর জমা ৫৩ ৷৵৫
৯০ মৎ নক্সই মহালমাত্র

M. SHAWE, *Collector.*

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of CHARLES BLISSETT MELVILLE JACOBS, an Insolvent.

On Saturday, the 5th day of May instant, upon an application of the Assignee in this matter, It was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 640-1-8 in his hands, pay a dividend at the rate of Co.'s Rs. 8 per Cent. (which will amount to the sum of Co.'s Rs. 546-12-3,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 23d May, 1855.

কলিকাতা যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন চার্লস ব্লিসেট মেলবিল জেকবস সাহেবের বিষয়ে।

আসৈনি সাহেব বর্ত্তমান মে মাসের ৫ তারিখ শনিবারে প্রার্থনা করিলে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইবামাত্রে তাঁহার হাতে কোম্পানির যে ৬৪০/৮ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শতকরা ৮৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৫৪৬৷৩ কোৎ টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনির দফ্তরখানা। কলিকাতা ১৮৫৫ সাল ২৩ মে।

The like notice in the matter of GOBERDHONE MULLICK, an Insolvent, wherein it was ordered that out of the sum of Co.'s Rs. 2276-10-9, a Dividend at the rate of 1 Re. 8 As. per Cent. (amounting to Rs. 1657-8-3,) be paid.

যোত্রহীন গোবর্দ্ধন মল্লিকের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইল যে কোৎ ২২৭৬॥৵৯ টাকাহইতে শতকরা ১৷৷০ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১৬৫৭৷৷৩ টাকা দেওয়া যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ২৯ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 799 ৭৯৯) (৪০৫)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 5, 1855.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৫ সাল ৫ জুন।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 25th May, 1855.

Baboo Nittyanund Gangolee, to officiate as Additional Moonsiff of Dacca.

LEAVE OF ABSENCE.

The 25th May, 1855.

Baboo Govind Chund Bose, Acting Additional Moonsiff of Dacca, for one month and a half.

C. T. BUCKLAND, *Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ২৫ মে।

শ্রীযুত বাবু নিত্যানন্দ গাঙ্গুলী ঢাকার অতিরিক্ত মুনসেফের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৫ সাল ২৫ মে।

ঢাকার এক্‌টিং অতিরিক্ত মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দচাঁদ বসু দেড় মাসের ছুটী পাইয়াছেন।

সি টি বক্‌লাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৯১৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ১৪ মে।

শ্রীযুত জে আর আণ্ডরসন সাহেব (Mr. J. R. Anderson,) জিলা সারণে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫৫ সাল ২১ মে।

পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত সি জেন্‌কিন্স সাহেব (Mr. C. Jenkins,) আপন কর্ম্মস্থানে পঁহুছিবার মিয়াদের অতিরিক্ত পনেরো দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৫ সাল ১৪ মে।

জিলা ঢাকার নওয়াবগঞ্জ থানা মাণিকগঞ্জ এলাকাথণ্ড হইতে খারিজ হইয়া ঢাকার নিজ মাজিষ্ট্রেট সাহেবের অধীন করা গিয়াছে।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৯৪১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ২৫ আপ্রিল।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের স্থানে যে আজ্ঞা পাওয়া গিয়াছে তদনুসারে শ্রীযুত ডাক্তর টি তামসন সাহেব (Dr. T. Thomson,) বর্ত্তমান মাসের ১৭ তারিখঅবধি কোম্পানির বাগানের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন। আর শ্রীযুত ডাক্তর তামসন সাহেব সেই তারিখঅবধি মেডিকাল কালেজে উদ্ভিদ্বিদ্যার অধ্যাপকতা কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

১৮৫৫ সাল ২৮ মে।

শ্রীযুত মৌলবী নায়েমুদ্দীন মহম্মদের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঢাকার এক্‌টিং সদর আমীন শ্রীযুত মৌলবী আলি নেওয়াজ ঐ জিলার সদর মোকামের মুনসেফী কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ঈশ্বরচন্দ্র গাঙ্গুলী গত

মার্চ মাসের ২৬ তারিখঅবধি হাবড়ার দাতব্য হাসপাতালে ও ঔষধালয়ে নিযুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৫ সাল ২৫ মে।

তৃতীয় অর্থাৎ পূর্ব্ব এলাকার জরিপের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব (Mr. C. H. Campbell,) আপনার কর্ম্মের ভার শ্রীযুত এচ মসপ্রাট সাহেবের (Mr. H. Muspratt,) প্রতি অর্পণ করিয়া এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত মসপ্রাট সাহেব তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৫ সাল ২৬ মে।

মেডিকাল কালেজে ব্যবচ্ছেদবিদ্যার আসিষ্টাণ্ট প্রকাশক শ্রীযুত বাবু চন্দ্রকুমার দে স্বীয় কর্ম্মোপলক্ষে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

১৮৫৫ সাল ২৮ মে।

বেহারের ও পাটনার অতিরিক্ত জজ শ্রীযুত ই লাটুর সাহেব (Mr. E. Lautour,) ছুটীবিষয়ক নূতন বিধির ৬ ধারানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৫ সাল ২৯ মে।

কামরূপে আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান ই এ রৌলাট সাহেব, (Captain E. A. Rowlatt,) সিবিল কর্ম্মে নিযুক্ত সেনাপতি সাহেবেরদের বিষয়ে যে বিধি খাটে তদনুসারে স্বীয় কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটী পাইয়াছেন। শ্রীযুত কাপ্তান রৌলাট সাহেবের অনুপস্থানপর্য্যন্ত দ্বিতীয় আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট টি লাম সাহেব (Lieutenant T. Lamb,) কামরূপ এলাকার কর্ম্মের ভার গ্রহণ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৫৫ সাল ২৫ মে।

শাসিরামের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জে টি ওর্সলি সাহেবকে (Mr. J. T. Worseley,) বর্ত্তমান মাসের ১৪ তারিখের হুকুমক্রমে যে ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

---

৯৪২ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৫৫ সাল ২৮ মে।

পরীক্ষক বোর্ডের সাহেবেরদের রিপোর্টমতে নীচের লিখিত আসিষ্টাণ্ট সাহেবেরা গবর্ণমেণ্টের ১৮৫১ সালের ২১ নবেম্বর তারিখের নির্দ্ধারণের নির্দ্দিষ্ট পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

প্রথম শ্রেণীর পরীক্ষা।

শ্রীযুত এম ব্রডহর্ষ্ট সাহেব (Mr. M. Brodhurst.)

দ্বিতীয় শ্রেণীর পরীক্ষা।

শ্রীযুত এচ সি ওএক সাহেব (Mr. H. C. Wake.)

শ্রীযুত ডবলিউ ওয়াটরফিল্ড সাহেব (Mr. W. Waterfield.)

শ্রীযুত সি ই চাপমান সাহেব (Mr. C. E. Chapman.)

শ্রীযুত ডবলিউ জে হর্শল সাহেব (Mr. W. J. Herschel.)

শ্রীযুত আর জে উইগ্রাম সাহেব (Mr. R. J. Wigram.)

শ্রীযুত এচ এ কাক্রেল সাহেব (Mr. H. A. Cockerell.)

শ্রীযুত এ বি পামর সাহেব (Mr. A. V. Palmer.)

নিয়োগ।

১৮৫৫ সাল ২৮ মে।

নীচের লিখিত আসিষ্টাণ্ট সাহেবেরদের নামের পার্শ্বে যে২ জিলা লেখা আছে সেই২ জিলাতে তাঁহারা ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের ও ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত এচ সি ওএক সাহেব (Mr. H. C. Wake,) ... ... সারণ।

শ্রীযুত ডবলিউ ওয়াটরফিল্ড সাহেব (Mr. W. Waterfield,) ... চব্বিশপরগনা।

শ্রীযুত সি ই চাপমান সাহেব (Mr. C. E. Chapman,) ... ... ভাগলপুর।

শ্রীযুত ডবলিউ জে হর্শল সাহেব (Mr. W. J. Herschel,) ... রাজশাহী।

শ্রীযুত ডবলিউ জে উইগ্রাম সাহেব (Mr. W. J. Wigram,) ... হাবড়া।

শ্রীযুত এচ এ কাক্রেল সাহেব (Mr. H. A. Cockerell,) ... ... নদীয়া।

শ্রীযুত এ বি পামর সাহেব (Mr. A. V. Palmer,) ... ... পাটনা।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৯৬০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ২৮ মে।

নীচের লিখিত মহাশয়েরা বীরভূম ও ছিলট মোকামে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

বীরভূমে।

শ্রীযুত বাবু বিনোদরাম সেন।

ছিলটে।

শ্রীযুত লেপ্টেনেণ্ট জে জে একফর্ড সাহেব (Lieut. J. J. Eckford.)

শ্রীযুত সি পি ওয়াইট সাহেব (Mr. C. P. White.)

শ্রীযুত ডবলিউ এচ সুইটলাণ্ড সাহেব (Mr. W. H. Sweetland.)

১৮৫৫ সাল ৩০ মে।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত শ্যামাচরণ সরকারের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত বাবু দামড়ী তেওয়ারী পুরীর দাতব্য ঔষধালয়ের সব-আসিষ্টাণ্ট চিকিৎসকের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৫ সাল ৩১ মে।

সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে বি আলেন সাহেব (Mr. J. B. Allen,) গয়ানগর আরো উত্তম করিবার কমিটির মেম্বর হইবেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

OPIUM.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

আফিম।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৫ সাল তারিখ ১১ জুন সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৩। ৫৪ সালের পয়দায়শী আফিমের ষষ্ঠ নীলাম হইবেক এবং ঐ নীলামে ৪৪৪০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	৩০৪৫
বানারসের পয়দায়শী আফিম	১৩৯৫
জুমলা সিন্দুক	৪৪৪০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫৪ সালের ৬ ডিসেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৫ সালের ১৬ এবং ২৬ জুন এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিষরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব-ট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরি রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৫ সালের ১৬ জুন শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসি সববে কিস্মতের পূরা টাকার দরুণ কোন ট্রেজুরি রসিদ সন ১৮৫৫ সালের ২৬ জুন মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় ইম সন নীচের লিখিত মেকদার সন ১৮৫৩। ৫৪ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক। আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন ইতি।

					বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৫৫ সালের	১০ জুলাই	মঙ্গলবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	১০ আগষ্ট	শুক্রবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	১০ সেপ্টেম্বর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	১১ অক্টোবর	বৃহস্পতিবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	১২ নবম্বর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৪৫	১৩৯৫	৪৪৪০
ঐ	১০ ডিসেম্বর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	৩০৫০	১৪২৯	৪৪৭৯
					১৮২৭৫	৮৪০৪	২৬৬৭৯

বিশেষ হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৫৫ সাল তারিখ ২৩ মে।

এচ বি বেলি। এক্টিং ছোট সেক্রেটারী।

মাসকাবারী হিসাব মৌজুদ নমক মায় ৪ পরসেণ্ট গোলা শুক্তি বাবৎ লাগাদ ৩১ মে সন ১৮৫৫ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলায়।

এজেন্সীর নাম।	সন ১২৫৬ সাল ইং- রাজি ১৮৪৯। ৫০ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪। ৫৫ সাল	মৌজুদ নমকের একুন।
হিজলী।							
পাঙ্গা নমক ঘাটরসুলপুর।	০	০	০	০	০	৮৮,৬১৮/	৮৮,৬১৮/
ঐ ঐ কৃষ্ণনগর।	০	০	০	০	২,১৪৪৸৬॥	৯০,৫০৮/	৯২,৬৫২৸৬॥
ঐ ঐ রামনগর।	০	০	০	০	৩,৫৪৯।০	৫৬,০৫৭/	৫৯,৬০৬।০
ঐ ঐ উত্তর কালীনগর।	০	০	০	০	০	১,২৬,৬৩৩/	১,২৬,৬৩৩/
ঐ ঐ পুরীঘাটা।	০	০	০	০	১২,৫০৭/	৪৭,৯৭৩/	৬০,৪৮০/
একুন।	০	০	০	০	১৮,২০১/৬॥	৪,০৯,৭৮৯/	৪,২৭,৯৯০/৬॥
তমলুক।							
পাঙ্গা নমক ঘাট নারায়ণপুর।	০	০	০	০	৪,৩১৫৸২॥৶	২২,৪৯০/	২৬,৮০৫৸২॥৶
একুন।	০	০	০	০	৪,৩১৫৸২॥৶	২২,৪৯০/	২৬,৮০৫৸২॥৶
চট্টগ্রাম।							
পাঙ্গা নমক নেজামপুর ঘাট ডোমখালি।	০	০	০	০	০	০	০
ঐ আরাকিন ঐ	০	০	০	০	০	০	০
ঐ সদর ঘাট এজেন্সী।	০	০	০	০	০	২৸৫	২৸৫
ঐ ঐ আরাকিন।	০	০	০	০	০	০	০
একুন।	০	০	০	০	০	২৸৫	২৸৫

[Government Gazette, 5th June, 1855.]

এজেন্সীর নাম।	সন ১২৫৭ সাল ইং- রাজি ১৮৪৯। ৫০ সাল এবং পূর্ব্ব সনহায়ের।	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪। ৫৫ সাল	মৌজুদ নমকের একুন।
শালিখা।							
পাঙ্গা নমক কটক।	০	০	০	০	০	৩৬২ ১১	৩৬২ ১১
ঐ ঐ বালেশ্বর।	০	০	০	০	২,৪৩১/	৭২/	২,৫০৩/
ঐ ঐ খোরদা।	০	০	০	০	১,৪২৭/	০	১,৪২৭/
ঐ ঐ চিলকা।	০	০	০	৩৪/	১,০২৭/	০	১,০৬১/
ঐ হিজলী রামনগর।	০	০	০	০	০	০	০
ঐ রসুলপুর।	০	০	০	০	০	০	০
ঐ ২৪ পরগনা নারায়ণপুর নমক।	৩,৪১,৯৯৫৮২	০	০	০	০	০	৩,৪১,৯৯৫৮২
ঐ ঐ ডাইমন হার্‌বর।	৬,৯৭,১৬/	০	০	০	০	০	৬৯,৭১৬/
ঐ সাগর।	০	০	০	০	০	০	০
মান্দ্রাজ পরমিট নেমক।	০	০	০	০	০	২,৮৪,৯৫২/	২,৮৪,৯৫২/
চিলকা কুরকচ।	০	০	০	০	১,০১,৬৫৯/	০	১,০১,৬৫৯/
একুন।	৪,১১,৭১১৮২	০	০	৩৪/	১,০৬,৫৪৪/	২,৮৫,৩৮৬ ১১	৮,০৩,৬৭৬/৩
আরাকিন।							
পাঙ্গা ঘাট কৈকফু।	০	০	০	০	৪,১৪৬৮৭	০	৪,১৪৬৮৭
একুন।	০	০	০	০	৪,১৪৬৮৭	০	৪,১৪৬৮৭
মোট একুন	৪,১১,৭১১৮২	০	০	৩৪/	১,৩৩,২০৭৮৬/	৭,১৭,৩৩৮/৬	১২,৬২,৬২১ ১৪/

এচ বি বেলি। । একটিং ছোট সেক্রেটারী।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা চব্বিশপরগনা।

ইহা দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশপরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকী বাবত ইংরাজি সন ১৮৫৫ সালের ২৬ জুন মোতাবেক বাঙ্গলা সন ১২৬২ সাল ১৩ আষাঢ় রোজ মঙ্গলবার ঐ জেলার কালেক্টরি কাছারিতে বিনাওজর রিসেল নিলাম ধরা যাইবেক ইংরাজি সন ১৮৫৫ সাল তারিখ ১ জুন মোতাবেক সন ১২৬২ সাল তারিখ ১৮ জ্যৈষ্ঠ।

প্রথম শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

১২৭৭ ।৩৮ নং পঃ কলিকাতা মৌং বেলঘরিয়া তালুক ক্ষেত্রনাথ চট্টোপাধ্যায় সদর জমা ৶

১২৭৭ ।৪২ নং পঃ কলিকাতা মৌং বেলঘরিয়া তালুক মধুসূদন ভট্টাচার্য্য সদর জমা ।৶৬

E. T. TREVOR, *Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ৫ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

PUBLICK LIBRARY CALCUTTA

গবর্নমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 12, 1855.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৫ সাল ১২ জুন।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 1st June, 1855.

Abool Munsoor, (who has obtained a diploma,) to be Moonsiff of Olipore, Zillah Rungpore.

Baboo Sheeboo Das Mookerjea, (who has obtained a diploma,) to officiate as Moonsiff of Kalloopole, Zillah Jessore, until further orders.

The 4th June, 1855.

Baboo Modhoosoodun Ghose, Moonsiff of Cowcolly to be Moonsiff of Bowfal, and Baboo Brijmohun Dutt, Moonsiff of Bowfal, to be Moonsiff of Cowcolly, Zillah Backergunge.

LEAVES OF ABSENCE.

The 1st June, 1855.

The leave of absence, granted to Syud Abdoollah, Moonsiff of Dhurmpore, Zillah Jessore, 21st ultimo, is hereby cancelled.

The 4th June, 1855.

Moulvie Mooteeoorruhman, Moonsiff of Buddeakhalee, Zillah Rungpore, for a fortnight.

Baboo Gourchunder Muzoomdar, Moonsiff of Tallah, Zillah Jessore, for one month, in extension of the leave granted him on the 14th April last.

C. T. Buckland, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ১ জুন।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত আবুল মনসুর রঙ্গপুরে ওলিপুরের মুনসেফ হইবেন।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু শিবদাস মুখুয্যা অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা যশোহরের কালুপোলের মুনসেফের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৫ সাল ৪ জুন।

জিলা বাকরগঞ্জে কাওখালির মুনসেফ শ্রীযুত বাবু মধুসূদন ঘোষ বহুফলের মুনসেফ হইবেন ও বহুফলের মুনসেফ শ্রীযুত বাবু ব্রজমোহন দত্ত কাওখালির মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৫ সাল ১ জুন।

জিলা যশোহরের ধর্ম্মপুরের মুনসেফ শ্রীযুত সৈয়দ আবদুল্লাকে গত মাসের ২১ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা ইহার দ্বারা রহিত হইল।

১৮৫৫ সাল ৪ জুন।

জিলা রঙ্গপুরের বদিয়াখালীর মুনসেফ শ্রীযুত মৌলবী মতিউররহমান দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা যশোহরের টাল্লার মুনসেফ শ্রীযুত বাবু গৌরচন্দ্র মজুমদার গত আপ্রিল মাসের ১৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৯৯৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ৩১ মে।

শ্রীযুত এফ লৌথ সাহেব ও শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেব (Messrs. F. Lowth and R. J. Richardson,) বীরভূমে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

১৮৫৫ সাল ১ জুন।

শ্রীযুত জে সটলিফ সাহেব (Mr. J. Sutcliffe, B. A.,) রাজধানীর কালেজের প্রিন্সিপল ও ভূমি পরিমাপক বিদ্যার অধ্যাপক হইবেন।

শ্রীযুত ডবলিউ গ্রাপেল সাহেব (Mr. W. Grapel, M. A.,) ইঙ্গরেজী ভাষার ও গ্রন্থের অধ্যাপক এবং আইনের দ্বিতীয় অধ্যাপক হইবেন।

শ্রীযুত আর জোন্স সাহেব (Mr. R. Jones,) বিবেকশাস্ত্র ও তর্কবিদ্যার অধ্যাপক হইবেন।

শ্রীযুত ডবলিউ থিয়োবাল্ড সাহেব (Mr. W. Theobald,) আইনের প্রধান অধ্যাপক হইবেন।

শ্রীযুত বাবু রামচন্দ্র মিত্র বঙ্গভাষার গ্রন্থের অধ্যাপক হইবেন।

শ্রীযুত জে এস রীস সাহেব (Mr. J. S. Rees,) ভূমিপরিমাপক বিদ্যার সহকারি অধ্যাপক হইবেন।

শ্রীযুত আর হাণ্ড সাহেব (Mr. R. Hand,) ইঙ্গরেজী ভাষার ও গ্রন্থের সহকারি অধ্যাপক হইবেন।

শ্রীযুত জে সাণ্ডর্স সাহেব (Mr J. Sanders,) পুরাবৃত্ত বিবরণের ও রাজ্য চালাইবার নিয়মের সহকারি অধ্যাপক হইবেন।

শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র দত্ত কিছু কালের জন্যে কলিকাতার কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৫ সাল ৪ জুন।

শ্রীযুত ডবলিউ লাএফ রাবিন্সন সাহেব (Mr. W. LeF. Robinson,) রঙ্গপুরের মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট হইবেন। এবং ঐ জিলাতে জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতামতে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৫৫ সাল ১ জুন।

কলিকাতার কালেক্টর শ্রীযুত এফ এ লশিংটন সাহেব (Mr. F. A. Lushington,) স্বীয় কর্ম্মোপলক্ষে নয় মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৫ সাল ২ জুন।

গত মাসের ২১ তারিখে শ্রীযুত ই ড্রমণ্ড সাহেবের (Mr. E. Drummond,) শাহাবাদে যে নিয়োগ হইয়াছিল তাহা ইহার দ্বারা রহিত হইল। ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১০১৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৫ সাল ৩১ মে।

নীচের লিখিত সাহেবেরা মালদহে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত জে এফ হেজর সাহেব (Mr. J. F. Hedger.)

শ্রীযুত ডবলিউ কমিং সাহেব (Mr. W. Cumming.)

শ্রীযুত ই ড্রমণ্ড সাহেব (Mr. E. Drummond.)

১৮৫৫ সাল ৬ জুন।

ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুত মুনশী দবীরুদ্দীন ঢাকা জিলাতে মাজিস্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়া মুনশীগঞ্জ এলাকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইবেন।

শ্রীযুত এম ব্রডহর্ষ্ট সাহেব (Mr. M. Brodhurst,) কিছু কালের নিমিত্তে বড়ী এলাকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইবেন এবং হাজারীবাগ জিলাতে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের ও ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতামতে কার্য্য করিবেন।

ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুত টি টুইডি সাহেব (Mr. T. Tweedie,) হাজারীবাগ জিলাতে মাজিস্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়া বড়ী এলাকাখণ্ডের কর্ম্মের ভার গ্রহণ করিবেন।

বাকরগঞ্জে ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এচ রাইলি সাহেব (Mr. J. H. Reilly,) ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিস্ট্রেটও হইবেন এবং ঐ জিলাতে ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনমতে মাজিস্ট্রেট সাহেবের আসিস্টাণ্টের বিশেষ ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৫৫ সাল ৮ জুন।

শ্রীযুত আর জে উইগ্রাম সাহেব (Mr. R. J. Wigram,) মেদিনীপুরের মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট হইবেন এবং ঐ জিলাতে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের ও ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতামতে কার্য্য করিবেন।

বিজ্ঞাপন।

১৮৫৫ সাল ৫ জুন।

ফরক্কাবাদ থানার দেওয়ানী ও ফৌজদারী এলাকা ভাগলপুর জিলাহইতে মুরশিদাবাদ জিলায় খারিজদাখিল হইবার অনুমতি হইয়াছে।

১০১৮ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৫৫ সাল ৮ জুন।

পরীক্ষক বোর্ডের রিপোর্টমতে নীচের লিখিত আসিস্টাণ্ট সাহেবেরা গবর্ণমেণ্টের ১৮৫১ সালের ২১ নবেম্বর তারিখের নির্দ্ধারণের নির্দ্দিষ্ট পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

প্রথম শ্রেণীর।

শ্রীযুত অনরবিল এ ইডন সাহেব। (Hon'ble A. Eden.)

দ্বিতীয় শ্রেণীর।

শ্রীযুত আর এচ আলেকজাণ্ডর সাহেব। (Mr. R. H. Alexander.)

নিয়োগ।

১৮৫৫ সাল ৮ জুন।

শ্রীযুত আর এচ আলেকজাণ্ডর সাহেব (Mr. R. H. Alexander,) নওয়াখালী জিলাতে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের ও ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

NOTIFICATION.

JUDICIAL.

Fort William, 8th June, 1855.

At the recommendation of the Commissioner of Circuit for the Chittagong Division, the Lieutenant Governor of Bengal has been pleased to present a Sword to Matadeen Tewary, Nazir of the Foujdarry Court at Noakholly, in token of the sense entertained by this Government of his meritorious conduct as a Public Officer.

A. W. RUSSELL,
Under Secy. to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

জুডিসিয়ল।

ফোর্ট উলিয়ম। ১৮৫৫ সাল ৮ জুন।

নওয়াখালীতে ফৌজদারী আদালতের নাজির শ্রীযুত মাতাদীন তেওয়ারী সরকারী কার্য্যকারকস্বরূপ অতিপ্রশংসিতরূপে কার্য্য করিয়াছেন তদ্বিষয়ে এই গবর্ণমেণ্টের কৃতজ্ঞতার চিহ্নস্বরূপ বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব চাটিগাঁ এলাকার দায়েরসায়েরীর কমিস্যনর সাহেবের পরামর্শমতে, উক্ত শ্রীযুত মাতাদীন তেওয়ারীকে এক তলওয়ার প্রদান করিয়াছেন।

এ ডবলিউ রসেল।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা মুরশিদাবাদ।

ইস্তহার দেওয়া যাইতেছে জেলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্নের লিখিত মহাল প্রকাশ্য ও অব্যর্থরূপে এই কালেক্টরিতে ছানি নীলামে উপস্থিত হইবেক বৃহস্পতিবার ২১ জুন সন ১৮৫৫ সাল ৮ আষাঢ় সন ১২৬২ সাল।

১ জেগা মহাল কাএমি বন্দোবস্ত।

নং ১৪৮৫ মাহাল হজুরি চর ঘনশ্যাম পাকাখোসালপুর পরগনে কোঙরপ্রতাপ সদর জমা ১০৩।৶১

R. ABERCROMBIE, *Collector.*

জিলা মেদিনীপুর।

ইস্তাহারনামা।

ইহার দ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ১৬ ধারার মর্ম্মানুসার জেলা মেদিনীপুরের মোতালক নীচের লিখিত মহাল সকল সন ১৮৫৫ সালের ২৮ মার্চ তারিখের দেন বাকী খাজানা আদায় কারণ সন ১৮৫৫ সালের ২৩ জুন তারিখে জেলা মুজুকুরের কালেক্টর সাহেবের কাছারীতে প্রকাশ্যমতে নিশ্চয় নীলামে ধরা যাইবেক ইতি। সন ১৮৫৫ সাল তারিখ ১ জুন মোং সন ১২৬২ সাল তারিখ ১৯ জ্যৈষ্ঠ মোং সন ১২৬২ সাল তারিখ ২০ জ্যৈষ্ঠ।

প্রথম শ্রেণী দাএমি বন্দোবস্তী মহাল।

৭৬ নং রেজেষ্টরী মহাল পশ্চিম সুকুত্যা পং কাশীজোড়া তালুক শ্রীমতী কমলমণি দেব্যা তস্কীস ৩০৪৶৫৸

দ্বিতীয় শ্রেণী দাএমি বন্দোবস্ত না হওয়া মহাল।

২৪৫৭ নং রেজেষ্টরী মহাল জগন্নাথচক মৌজে পায়রাকান্দী পং মাজনামুঠা তালুক জগন্নাথ পাল তস্কীস ২৬।৵০

W. H. BRODHURST, *Collector.*

জিলা পূরণিয়া।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ১৬ ধারামতে জিলা পূরণিয়ার নীচের লিখিত মহাল ১৮৫৫ সালের ২০ জুন মোতাবেক বাঙ্গলা ১২৬২ সালের ৭ জ্যৈষ্ঠ বুধবারে ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে পুনশ্চ নীলাম হইবেক।

দ্বিতীয় শ্রেণী। ১০০৲ টাকার অনধিক জমার মোকররী বন্দোবস্তহওয়া মহাল।

৫৫৩ নম্বর। মৌজা দহগমা পরগনা ফতেপুরসিংহিয়া। লিখিত মালিক গিরিবরনারায়ণ। সদর জমা ২১৷৶১।

তৃতীয় শ্রেণী। কিঞ্চিৎ কালের নিমিত্তে কি সরাসরীমতে বন্দোবস্তহওয়া কি ইজারা দেওয়া মহাল।

২২৬ নম্বর। মৌজা শোয়ারগাঁ পরগনা সুলতানপুর। লিখিত মালিক রাণী লজ্জাবতী। সদর জমা ৮/০ টাকা

পূরণিয়ার কালেক্টরী। ১৮৫৫ সাল ১ জুন।

G. G. BALFOUR, *Offg. Collector.*

[*Government Gazette, 12th June,* 1855.]

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

বিনীতিপুরঃসর নিবেদনং ইঙ্গরাজী প্রসিদ্ধ পুস্তকহইতে সংগ্রহপূর্ব্বক গৌড়ীয় সাধু ভাষায় বাষ্পীয় কলের পুরাবৃত্ত ও নির্ম্মাণ প্রকার ইত্যাদি এবং রেলওয়ের আদ্যোপান্ত উপাখ্যান ও তাহা যে২ স্থানের নিকট দিয়া চলিয়াছে সেই২ স্থানের বিবরণ। এবং হাওড়াঅবধি রাণীগঞ্জপর্য্যন্তের মানচিত্র ও হাওড়াপ্রভৃতির ইষ্টেসনের ও রেলওয়ের পুল ও পাঁড়ুয়া ইত্যাদি যে সমস্ত মসজিদ মন্দির অট্টালিকাদি আছে তাহার প্রতিরূপ। হাওড়াঅবধি অপরাপর ইষ্টেসনের দূরাদূরত্ব ও ভাড়া এবং বাষ্পীয় শকটে গমনাগমনের সময় ও ঐ গাড়িতে যে সকল দ্রব্যাদি চলিবেক তাহার প্রকার ও ভাড়ার বিবরণপ্রকাশক বাষ্পীয় কল ও ভারতবর্ষীয় রেলওয়েনামক পুস্তক ন্যূনাধিক ৩০০ পৃষ্ঠায় উত্তমাক্ষরে উত্তম কাগজে শ্রীরামপুর তমোহর যন্ত্রে প্রকাশ হইতেছে মহাশয়গণ স্ব২ গুণগ্রামে গ্রন্থকারের উৎসাহবর্দ্ধন ও পরিশ্রম সাফল্যার্থ গ্রাহকশ্রেণীতে স্ব২ নাম লিখিয়া চরিতার্থ করুন ইতি।

পুস্তকের মূল্য স্বাক্ষরকারির প্রতি ১৷৷০ টাকা তদ্ভিন্নের পক্ষে ২৲ টাকা নির্দ্ধার্য্য হইয়াছে। গ্রাহক মহাশয়েরা উক্ত যন্ত্রালয়ে পুস্তক প্রাপ্ত হইবেন।

যন্ত্রাধ্যক্ষের নিবেদন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ১২ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

CALCUTTA PUBLIC LIBRARY

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 19, 1855.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৫ সাল ১৯ জুন।

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL.

THE 9TH JUNE, 1855.

THE following Bill, as settled in Comm[illegible] the whole Council on the 9th [illegible], 1855, is re-published for general infor[illegible] :—

A Bill for the more easy recovery of small debts and demands.

[Preamble.]

WHEREAS it is expedient to provide for the more easy recovery of small debts and demands in the Territories in the possession and under the Government of the East India Company; It is enacted as follows:—

[Moonsiff's Courts to be Small Cause Courts for the trial of summary actions.]

I. In each of the Presidencies of Fort William in Bengal, Fort St. George, and Bombay, every Moonsiff's Court shall be a Court of Small Causes for the trial of summary actions, and shall exercise summary jurisdiction under the following rules.

[Description of claims to be cognizable by Small Cause Courts. Proviso.]

II. All claims for money due, whether on Bond or other contract, or for rent, or for personal property, or for the value of such property, or for damages, when the debt, damage, or demand does not exceed in amount or value the sum of Fifty Rupees, shall be tried summarily in a Court of Small Causes; provided that a summary action in such Court shall not lie in any of the following cases:—

1*st*.—On balance of partnership account, unless the balance shall have been struck by the parties or their agents.

2*nd*.—For a share or part of a share under an

আইনের মুসাবিদা।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৫ সাল ৯ জুন।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৫ সালের ৯ জুন তারিখে কৌন্সেলের সমস্ত সাহেবের সম্মুখে নির্দ্ধার্য্য হইল তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে পুনরায় প্রকাশ করা যাইতেছে।

অল্প২ কর্জ্জ ও দাওয়া আরো সহজরূপে আদায় করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

যেহেতুক কোম্পানি বাহাদুরের অধিকৃত ও শাসিত দেশের মধ্যে অল্প২ কর্জ্জ ও দাওয়া আরো সহজরূপে আদায় করিবার বিধানকরা বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[মুনসেফের আদালত সরাসরী নালিশের বিচারার্থে ক্ষুদ্র মোকদ্দমার আদালত হইবেক।]

১ ধারা। বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম ও ফোর্ট সেণ্ট জর্জ ও বোম্বাই রাজধানীর মধ্যে প্রত্যেক মুনসেফের আদালত দাওয়ার সরাসরী নালিশের বিচারার্থে ক্ষুদ্র মোকদ্দমার আদালত হইবেক এবং নীচের লিখিত বিধানমতে সরাসরী ক্ষমতাক্রমে কার্য্য করিবেন ইতি।

[ক্ষুদ্র মোকদ্দমার আদালতে যে২ প্রকার দাওয়া গ্রাহ্য হইতে পারে। বর্জ্জিত বিধান।]

২ ধারা। তমঃসুক কি অন্য বন্দোবস্তক্রমে কিম্বা ভাড়ার জন্যে কিম্বা অস্থাবর সম্পত্তির জন্যে অথবা ঐ সম্পত্তির মূল্যের জন্যে কি ক্ষতিপূরণের জন্যে যে সকল টাকা পাওনা হয় সেই কর্জ্জ কি ক্ষতিপূরণের টাকা কি দাওয়া পঞ্চাশ টাকার অধিক সংখ্যার কি মূল্যের না হইলে সেই পাওনা টাকার বাবৎ সকল দাওয়ার বিচার ক্ষুদ্র মোকদ্দমার আদালতে সরাসরীমতে হইবেক। পরন্তু নীচের লিখিত কোন বিষয়ের সরাসরী নালিশ সেই আদালতে হইবেক না।

প্রথম। যৌতার কর্ম্মের হিসাবের বাকী যদি উভয় পক্ষের কি তাহারদের গোমাস্তারদের দ্বারা নির্দ্দিষ্ট না হইয়াছে তবে সেই বাকীর বাবৎ নালিশ।

দ্বিতীয়। কেহ উইল না করিয়া মরিলে তাহার সম্পা-

intestacy, or a legacy or part of a legacy under a will.

3rd.—For any claim relating to arrears or exactions of rent, or to alleged illegal distraints for rent, for which claim, or for any part whereof, a summary suit could have been brought before an Officer of Government in the Revenue Department, if commenced in due time.

4th.—For the recovery of damages on account of alleged personal injuries, unless special damage of a pecuniary nature shall have resulted from such injury.

5th.—For any claim which, irrespectively of the amount thereof, is not according to law cognizable by a Moonsiff in his ordinary jurisdiction.

[Jurisdiction of the Courts.]

III. No person whatever shall, by reason of place of birth, or by reason of descent, be excepted from the jurisdiction of any Court of Small Causes constituted under this Act, and any such Court shall be competent to hear and determine all claims cognizable by such Court, when the cause of action shall have arisen, or the defendant at the time of the commencement of the suit shall reside as a fixed inhabitant, within the local limits of the jurisdiction of such Court; provided that, if an action be brought against several defendants, of whom one shall be resident as a fixed inhabitant, within the local limits of the jurisdiction of the Court within the jurisdiction of which the cause of action shall have arisen, the action shall be brought in that Court.

[Claims which can be tried under this Act not to be cognizable in any other Court. Proviso.]

IV. Claims which can be tried in a summary action in a Small Cause Court under Section II. of this Act shall not be cognizable in any other Court or in any other manner; but nothing in this Act shall be held to take away the jurisdiction which a Magistrate, or a person exercising the powers of a Magistrate, or an Assistant or a Deputy Magistrate can now exercise in regard to debts or other claims of a Civil nature, or the jurisdiction which can be exercised by village Moonsiffs or village or district Punchayets under the provisions of the Madras Code, or by Punchayet under Regulation VII. of 1827 of the Bombay Code, or by Military Courts of Request, or by a single Officer duly authorized and appointed under the Rules in force in the Presidencies of Fort St. George and Bombay respectively, for the trial of small suits in Military Bazars, in Cantonments, and stations occupied by the troops of those Presidencies respectively, or by Punchayets in regard to suits against Military persons, according to the Rules in force under the Presidency of Fort St. George.

[Minors may prosecute suits under this Act.]

V. A minor may prosecute a suit under this Act

স্থির অংশের কি সেই অংশের কোন ভাগের বাবৎ, কিম্বা উইলক্রমে দত্ত কোন টাকার সমুদয় কি তাহার একাংশের বাবৎ নালিশ।

তৃতীয়। বাকী খাজানার কি খাজানা বলপূর্ব্বক লওনের বিষয়ি, কিম্বা খাজানার জন্যে কথিত বেআইনীমতে ক্রোক করণসম্পর্কীয় যে কোন দাওয়ার কি তাহার যে কোন অংশের বিষয়ে সরাসরী মোকদ্দমা উপযুক্ত সময়ে আরম্ভ হইলে রাজস্বের ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকের সম্মুখে হইতে পারিত এমত কোন দাওয়ার বাবৎ নালিশ।

চতুর্থ। ব্যক্তির প্রতি কথিত যে হানির দ্বারা টাকাসম্পর্কীয় বিশেষ ক্ষতি না হইয়াছে এমত হানির জন্যে ক্ষতিপূরণের নালিশ।

পঞ্চম। দাওয়ার মূল্যের বিবেচনা না করিয়া যে কোন দাওয়া মুনসেফের সাধারণ এলাকায় আইনমতে তাঁহার বিচার্য্য না হয় এমত কোন দাওয়ার বাবৎ নালিশ ইতি।

[আদালতের এলাকা।]

৩ ধারা। কোন ব্যক্তি জন্মস্থান কি বংশপ্রযুক্ত এই আইনানুসারে স্থাপিত ক্ষুদ্র মোকদ্দমার কোন আদালতের অনধীন হইবেক না। আর যখন মোকদ্দমার হেতু ঐ আদালতের এলাকার মধ্যে প্রথম হয়, কিম্বা যখন আসামী মোকদ্দমার আরম্ভের সময়ে ঐ আদালতের এলাকার সীমাসরহদ্দের মধ্যে নিশ্চিত বাশেন্দাস্বরূপ বাস করে, তখন সেই প্রকার কোন আদালত ঐ আদালতের বিচার্য্য সকল দাওয়া শুনিতে ও নিষ্পত্তি করিতে পারিবেন। পরন্তু জানা কর্ত্তব্য যে, যদি অনেক আসামীর নামে একি নালিশ হয়, আর ঐ মোকদ্দমার হেতু যে আদালতের এলাকার মধ্যে প্রথম হয় সেই আদালতের এলাকার সীমাসরহদ্দের মধ্যে ঐ আসামীদের এক জন নিশ্চিত বাশেন্দাস্বরূপ বাস করে, তবে ঐ মোকদ্দমা সেই আদালতে উপস্থিত করিতে হইবেক ইতি।

[এই আইনানুসারে যে দাওয়ার বিচার হইতে পারে তাহা অন্য কোন আদালতের বিচার্য্য হইবেক না। বর্জ্জিত বিধান।]

৪ ধারা। এই আইনের ২ ধারাক্রমে ক্ষুদ্র মোকদ্দমার আদালতে সরাসরী নালিশমতে যে কোন দাওয়ার বিচার হইতে পারে তাহা অন্য কোন আদালতে বা অন্য কোন প্রকারে বিচার্য্য হইবেক না। পরন্তু এই আইনের কোন কথাতে, মাজিষ্ট্রেট সাহেব কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্যকারক কোন ব্যক্তি কিম্বা আসিষ্টাণ্ট কি ডেপুটী মাজিষ্ট্রেট দেওয়ানী প্রকারের কর্জ্জ কি অন্য দাওয়ার বিষয়ে যে ক্ষমতামতে এক্ষণে কার্য্য করিতে পারেন তাহা, কিম্বা মান্দ্রাজ দেশের চলিত আইনের বিধানমতে গ্রামের মুনসেফেরা কিম্বা গ্রামের কি জিলার পঞ্চায়তেরা, কিম্বা বোম্বাই দেশের চলিত ১৮২৭ সালের ৭ আইনানুযায়ি পঞ্চায়ত যে ক্ষমতামতে কার্য্য করিতে পারেন তাহা, কিম্বা সৈন্যসম্পর্কীয় কোর্ট রিক্বেষ্ট, অথবা মান্দ্রাজ ও বোম্বাইয়ের সৈন্যসম্পর্কীয় বাজারে ও ছাউনি স্থানে এবং ঐ২ রাজধানীর সৈন্যেরা যে২ স্থানে থাকে সেই২ স্থানে ক্ষুদ্র মোকদ্দমার বিচারার্থে ঐ২ রাজধানীর চলিত বিধানমতে উপযুক্তমতে ক্ষমতাপ্রাপ্ত ও নিযুক্তহওয়া একি জন সেনাপতি সাহেব, কিম্বা মান্দ্রাজ রাজধানীর চলিত বিধানমতে সৈন্যসম্পর্কীয় ব্যক্তিদের বিরুদ্ধে মোকদ্দমার বিষয়ে পঞ্চায়ত, যে২ ক্ষমতামতে কার্য্য করিতে পারেন তাহা রহিত হইল, এমত জ্ঞান করিতে হইবেক না ইতি।

[এই আইনানুসারে নাবালগেরা মোকদ্দমা চালাইতে পারে।]

৫ ধারা। নাবালগের রক্ষক কি অতিনিকট কুটুম্ব

upon any contract entered into with him, or for any wrong for which he might have sued under this Act if of full age, without being represented by his guardian or next friend, in the same manner as if he were of full age. Provided that no release, compromise, or acquittal by the minor be valid without the consent of the Court.

[Seal of the Court. Court to be a Court of record, and to be subject generally to the Zillah Judge and Sudder Court.]

VI. Every Court holden under this Act shall use a Seal bearing the following inscription in English and in the language of the Court— "Court of Small Causes of ————;" and every such Court shall be a Court of record, and shall be subject to the general control and orders of the Judge of the district and of the Sudder Court.

[No cause of action to be divided, but plaintiff may abandon excess.]

VII. A plaintiff shall not divide any cause of action for the sake of bringing two or more summary actions under this Act; but a plaintiff having a cause of action for more than the amount cognizable by the Court, may abandon the excess, which abandonment shall be stated in the plaint and shall for ever bar any claim to such excess.

[Stamped paper, according to a table of rates given, to be used for plaint, except by Native Officers and Soldiers.]

VIII. The plaint in a summary action under this Act, except in actions by Native Officers and Soldiers, which, under the provisions of Act No. XV. of 1845, may be instituted on unstamped paper, shall be engrossed on paper bearing a stamp or stamps proportioned to the amount sued for, according to the rates in the following Table:—

	Rs.	*As.*	*P.*
If the amount of debt or damage, or the value of the property claimed, shall not exceed 5 Rupees, ...	0	4	0
If the same shall exceed 5 Rupees, and not exceed 10 Rupees, ...	0	8	0
If the same shall exceed 10 Rupees, and not exceed 15 Rupees, ...	0	12	0
If the same shall exceed 15 Rupees, and not exceed 20 Rupees, ...	1	0	0
If the same shall exceed 20 Rupees, and not exceed 25 Rupees, ...	1	4	0
If the same shall exceed 25 Rupees, and not exceed 30 Rupees, ...	1	8	0
If the same shall exceed 30 Rupees, and not exceed 35 Rupees, ...	1	12	0
If the same shall exceed 35 Rupees, and not exceed 40 Rupees, ...	2	0	0
If the same shall exceed 40 Rupees, and not exceed 45 Rupees, ...	2	4	0
If the same shall exceed 45 Rupees, and not exceed 50 Rupees, ...	2	8	0

[*Government Gazette*, 19*th June*, 1855.] 3 J 2

তাহার স্থলাভিষিক্ত না হইলেও, সেই নাবালগ আপনি সম্পূর্ণবয়স্ক হইলে যেরূপ করিতে পারিত সেইরূপে, তাহার সঙ্গে যে কোন করার করা গিয়াছে তৎক্রমে, কিম্বা যে কোন ক্ষতির বিষয়ে সম্পূর্ণবয়স্ক হইলে এই আইনানুসারে নালিশ করিতে পারিত এমত কোন ক্ষতির বাবৎ, এই আইনানুসারে মোকদ্দমা করিতে পারিবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে ঐ আদালতের অনুমতি না হইলে ঐ নাবালগের করা কোন লাদাবীপত্র কি রফানামা কি ফারখৎ সিদ্ধ হইবেক না ইতি।

[আদালতের মোহর। আদালত কোর্ট রিকার্ড হইবেক ও সাধারণমতে জিলার জজ সাহেবের ও সদর আদালতের অধীন হইবেক।]

৬ ধারা। এই আইনানুসারে যে প্রত্যেক আদালত স্থাপন হয় সেই আদালত এক২ মোহর ব্যবহার করিবেন। ঐ মোহরে ইঙ্গরেজী ভাষাতে ও আদালতের ভাষাতে এই কথা খোদা থাকিবেক "অমুক স্থানের ক্ষুদ্র মোকদ্দমার আদালত"। আর এইমত প্রত্যেক আদালত কোর্ট রিকার্ড হইবেক। আর জিলার জজ সাহেবের ও সদর আদালতের সাধারণ কর্ত্তৃত্বের ও আজ্ঞার অধীন থাকিবেক ইতি।

[নালিশের হেতুর বিভাগ হইবেক না কিন্তু ফরিয়াদী অতিরিক্ত টাকা ত্যাগ করিতে পারে।]

৭ ধারা। ফরিয়াদী এই আইনানুসারে দুই কিম্বা ততোধিক সরাসরী মোকদ্দমা উপস্থিত করিবার জন্যে মোকদ্দমার কোন বিষয় খণ্ড২ করিবেক না। কিন্তু এই আদালতে যত টাকার মোকদ্দমা বিচার্য্য হয় তাহার অধিক টাকার নালিশের বিষয় থাকিলে ফরিয়াদী ঐ অধিক টাকা ত্যাগ করিতে পারে। ঐ ত্যাগ করণের কথা নালিশের আরজীতে লেখা থাকিবেক ও তাহার পরে সেই অধিক টাকার কোন দাওয়া হইতে পারিবেক না ইতি।

[দেশীয় হুদ্দাদার ও সিপাহীভিন্ন অন্য ব্যক্তিরদের নালিশপত্রের নিমিত্তে নির্দ্দিষ্ট হারের ফর্দ্দঅনুসারে ইষ্টাম্প কাগজ ব্যবহার হইবেক।]

৮ ধারা। দেশীয় হুদ্দাদারেরদের ও সিপাহীরদের নালিশ ১৮৪৫ সালের ১৫ আইনের বিধানমতে ইষ্টাম্প না হওয়া কাগজে হইতে পারে। তদ্ভিন্ন এই আইনক্রমে সরাসরী মোকদ্দমাতে নালিশের আরজী নীচের লিখিত ফর্দ্দমতে যত টাকার বাবৎ নালিশ হয় তদনুসারে এক কি অনেক ইষ্টাম্পের কাগজে লেখা থাকিবেক ইতি।

যদি কর্জ্জ টাকা কি ক্ষতি কি দাওয়াকরা সম্পত্তির মূল্য ৫৲ টাকার অধিক না হয় তবে ১০

যদি ৫৲ টাকার অধিক ও ১০৲ টাকার অনধিক হয় তবে ৷৷০

যদি ১০৲ টাকার অধিক ও ১৫৲ টাকার অনধিক হয় তবে ৷৷০

যদি ১৫৲ টাকার অধিক ও ২০৲ টাকার অনধিক হয় তবে ... ... ১৲

যদি ২০৲ টাকার অধিক ও ২৫৲ টাকার অনধিক হয় তবে ১৷৷০

যদি ২৫৲ টাকার অধিক ও ৩০৲ টাকার অনধিক হয় তবে ১৷৷০

যদি ৩০৲ টাকার অধিক ও ৩৫৲ টাকার অনধিক হয় তবে ১৷৷০

যদি ৩৫৲ টাকার অধিক ও ৪০৲ টাকার অনধিক হয় তবে ... ... ২৲

যদি ৪০৲ টাকার অধিক ও ৪৫৲ টাকার অনধিক হয় তবে ২৷০

যদি ৪৫৲ টাকার অধিক ও ৫০৲ টাকার অনধিক হয় তবে ২৷৷০

Provided that nothing in this Act shall render it necessary for any plaint to be written on stamped paper when the amount of debt or damage shall not exceed one rupee, nor shall render a stamp necessary in any place not now subject to a stamp law.

[When plaint on plain paper may be received. Subsequent procedure for recovery of costs.]

IX. *Clause* 1.—The Court, if satisfied of the inability of the plaintiff to pay the value of the stamp prescribed for plaints, may receive such plaint on plain paper.

Clause 2.—On the conclusion of the suit, the whole of the costs which would have been incurred by the plaintiff, had he been admitted to sue as a pauper, shall be ascertained and entered in the decree.

Clause 3.—If the decree is in favor of the plaintiff, the costs, or such part of them as the Court may decree, shall be recovered from the defendant for the benefit of the Government and other parties entitled thereto.

Clause 4.—If the decree is against the plaintiff, the defendant, if payment of costs is awarded, may proceed against the plaintiff under the ordinary rules for the enforcement of decrees.

[No other stamp duty to be required in suits under this Act not exceeding 50 Rs., but general Stamp Regulations to be applicable in suits exceeding that amount.]

X. In a suit instituted under this Act for a sum not exceeding Fifty Rupees, no stamp shall be required in respect of any petition or other proceeding connected with the suit, or with the execution of any order or judgment passed therein, or for copies of any papers, other than the stamp duty hereinbefore required on the plaint. In suits for an amount exceeding Fifty Rupees, the general Stamp Regulations in force in the several Presidencies shall be applicable.

[Mode of instituting a suit under this Act.]

XI.—In order to the institution of a suit under this Act, a plaintiff may state his claim to a Judge verbally; in which case it shall be reduced into writing in the language of the Court, by the Judge himself, or by an Officer of the Court in his presence and under his personal superintendence, upon stamped paper to be provided by the plaintiff for that purpose; or the plaintiff or his authorized agent may present to the Judge a plaint in the vernacular language of the Court.

[Form of plaint.]

XII. The plaint, whether taken down in writing in the Court, or presented in writing, shall state briefly the name, designation, and residence of the plaintiff, and also, if known, the name, designation, and residence of the defendant, the substance and value of the claim, and the date of the cause of action, according to one of the forms

পরন্তু এই আইনের কোন কথাপ্রযুক্ত, কর্জের কি ক্ষতির মূল্য ১৲ টাকার অধিক না হইলে নালিশের আরজী ইষ্টাম্প কাগজে লিখিবার আবশ্যক হইবেক না, কিম্বা যে কোন স্থান এক্ষণে ইষ্টাম্পের আইনের অধীন নহে সেই স্থানে ইষ্টাম্পের আবশ্যক হইবেক না ইতি।

[যে স্থলে নালিশ শাদা কাগজে গ্রাহ্য হইতে পারে। তাহার পরে খরচ আদায় করিবার কার্য্য

৯ ধারা। ১ প্রকরণ।—নালিশের আরজীর জন্যে ইষ্টাম্পের যে মূল্য নির্দ্দিষ্ট হইয়াছে তাহা ফরিয়াদী দিতে পারে না ইহা যদি আদালত সন্তোষমতে জানেন তবে ঐ আরজী শাদা কাগজে গ্রাহ্য করিতে পারিবেন।

২ প্রকরণ।—মোকদ্দমা সমাপ্ত হইলে পর, ফরিয়াদী পাপরস্বরূপ নালিশ করিবার অনুমতি পাইলে তাহার যত খরচ দিতে হইত সেই সমুদয় খরচ নিরূপণ করা যাইবেক ও ডিক্রীতে লেখা যাইবেক।

৩ প্রকরণ।—যদি ফরিয়াদীর পক্ষে ডিক্রী হয়, তবে ঐ খরচ কিম্বা তাহার যে অংশ আদালত ডিক্রী করেন সেই অংশ, গবর্ণমেণ্টের এবং যে ব্যক্তিদের তাহাতে স্বত্ব থাকে তাহারদের উপকারার্থে, আসামীর স্থানে আদায় হইবেক।

৪ প্রকরণ।—যদি ফরিয়াদীর বিরুদ্ধে ডিক্রী হয়, তবে খরচ দিবার হুকুম হইলে, আসামী ডিক্রী জারী করিবার সাধারণ বিধিমতে ফরিয়াদীর বিরুদ্ধে কার্য্য চালাইতে পারিবেক ইতি।

[এই আইনানুসারে ৫০৲ টাকার অনধিক মোকদ্দমাতে ইষ্টাম্পের অন্য কোন রসুমের আবশ্যক হইবেক না কিন্তু ৫০৲ টাকার অধিক মূল্যের মোকদ্দমাতে ইষ্টাম্পের সাধারণ আইন খাটিবেক।]

১০ ধারা। এই আইনানুসারে ৫০৲ টাকার অনধিক টাকার যে মোকদ্দমা উপস্থিত করা যায় তাহাতে উপরের লিখিতমতে নালিশের আরজীর যে ইষ্টাম্পের মামুল লাগে তদ্ভিন্ন, মোকদ্দমাসম্পর্কীয় কিম্বা সেই মোকদ্দমাতে কোন হুকুম কি ডিক্রী জারীসম্পর্কীয় কোন দরখাস্তের কি অন্য কারকারীর বিষয়ে কিম্বা কোন কাগজের নকলের নিমিত্তে কোন ইষ্টাম্পের আবশ্যক হইবেক না। ৫০৲ টাকার অধিক মূল্যের মোকদ্দমাতে, ইষ্টাম্পের যে সাধারণ আইন নানা রাজধানীতে চলন আছে তাহা খাটিবেক ইতি।

[এই আইনানুসারে মোকদ্দমা যে প্রকারে উপস্থিত করিতে হইবেক।]

১১ ধারা। এই আইনানুসারে মোকদ্দমা উপস্থিত করিবার জন্যে ফরিয়াদী বিচারকর্ত্তার নিকটে মুখে আপনার দাওয়া জানাইতে পারিবেক। তাহা করিলে তাহার কথা লিখিবার নিমিত্তে ফরিয়াদীর ইষ্টাম্প কাগজ দিতে হইবেক, সেই কাগজে বিচারকর্ত্তা আপনি কিম্বা তাঁহার সাক্ষাতে ও নিজ তত্ত্বাধীনে আদালতের কোন আমলা ঐ কথা আদালতের ভাষাতে লিখিয়া লইবেন। অথবা ফরিয়াদী কিম্বা তাহার ক্ষমতাপ্রাপ্ত মোখ্তার আদালতের চলন ভাষাতে নালিশের আরজী বিচারকর্ত্তাকে দিতে পারিবেক ইতি।

[আরজীর পাঠ।]

১২ ধারা। ঐ আরজী আদালতে লিখিয়া লওয়া যাউক কিম্বা লিখিত হইয়া আদালতে উপস্থিত করা যাউক, সেই আরজীর মধ্যে A চিহ্নিত ক্রোড়পত্রের লিখিত পাঠের কোন এক পাঠানুসারে কিম্বা তাহার মর্ম্মানুসারে, ফরিয়াদীর নাম ও খ্যাতি ও বাসস্থান, আর যদি আসামীর নাম ও খ্যাতি ও বাসস্থান জানা যায় তবে তাহা,